নেদায়ে তাওহীদ

আবু উমার আল-মুহাজির

মুফতী, মুহাদ্দিস, গবেষক, অনুবাদক
পরিচালক : মাদরাসাতুশ্ শাইখ আব্দুল্লাহ আয্যাম তাকাব্বালাহুল্লাহ
যাত্রাবাড়ী, ঢাকা, বাংলাদেশ।

প্রকাশনায়

আল-মুহাজিরূন পাবলিকেশন্স

প্রথম প্রকাশ:

নভেম্বর ২০১৮ ইং

দ্বিতীয় প্রকাশঃ

এপ্রিল ২০১৯ ইং

বর্ধিত ও পরিমার্জিত সংস্করণ

আল-ইহদা

এক. আমার শ্রদ্ধেয় বাবার জন্য। যিনি আমার দ্বারা দুনিয়া অর্জনের ফিকির না করে 'কিশোর আমাকে' সেই নব্বইর দশকে দেশের শীর্ষস্থানীয় এক কওমী মাদরাসায় ভর্তি করিয়ে দিয়ে ছিলেন। শিক্ষা জীবনে তো উত্তমরূপে আমার যাবতীয় প্রয়োজন পূরণ করেছেনই, কর্ম জীবনেও আমার প্রতি পূর্ণমাত্রায় সহযোগিতার হস্ত প্রসারিত করেছেন। ফলশ্রুতিতে, দুনিয়ার পেরাশানী থেকে মুক্ত হয়ে দ্বীনের পথে চলা এবং দ্বীনের কাজ করা আল্লাহ তাআলা আমার জন্য আসান করে দিয়েছেন।

বিগত বছরাধিক কাল যাবত আমার বাবা অসুস্থ। এখন বিছানাই তাঁর ২৪ঘণ্টার সঙ্গী। পার্শ্বপরিবর্তনের জন্যও আরেক জনের সাহায্যের প্রয়োজন হয়। প্রিয় পাঠক! আপনার কাছে দুআর নিবেদন, যেন আল্লাহ তাআলা আমার বাবাকে সুস্থতার নেয়ামত দান করেন এবং যেন তিনি সহীহ ঈমান ও বিশুদ্ধ তাওহীদ নিয়ে তাঁর রবের সাথে মিলিত হতে পারেন।

দুই. ঐ সব মুজাহিদ ভাইদের জন্য যারা পৃথিবীর এই কঠিনতম পরিস্থিতিতে বিরোধীদের বিরোধিতা এবং নিন্দুকদের নিন্দা উপেক্ষা করে অতি সংগোপনে রব্বে কারীমের ভালবাসায় দ্বীন ও উম্মাহর জন্য নিজেদের সুখ-শান্তি, আরাম-আয়েশ ও জান-মাল কুরবান করে যাচ্ছেন। তাদের কেউ কেউ তো ইতিমধ্যে রব্বে কারীমের সান্যিধ্যে চলেগেছেন, আর কেউ যাওয়ার অপেক্ষায় প্রহর গুণছেন। আল্লাহ তাআলা তাঁদের মেহনত এবং শাহাদাতকে কবুল করেন। আমাদেরকের তাদের পদাংক অনুসরণের তাওফীক দান করেন। আমীন।

আবু উমার আল-মুহাজির
মার্চ-২০১৯ইং

দ্বিতীয় প্রকাশনের শুরুর কথা

আলহামদুলিল্লাহ। তাওহীদ ও জিহাদ বিষয়ক সংকলন ‘তাওহীদের আহবান’ পাঠক মহলে ব্যাপক সাড়া ফেলেছে। কিতাব ছাপার দু’মাসের মাথায় স্টক ফুড়িয়ে গিয়েছে। বিভিন্ন মহল থেকে কিতাবটি পুনরায় প্রকাশের আবেদন জানানো হচ্ছিল। কিন্তু বিষেশ কিছু জটিলতার কারণে তা সম্ভব হয়ে ওঠেনি।

বর্তমানে পরিস্থিতি অনুকূল থাকায় আল্লাহ সুবহানাহু তাআলার রহমতে আপনাদের পরিচিত **‘তাওহীদের আহবান’কে-ই এবার ‘নেদায়ে তাওহীদ’** নামে আপনাদের হাতে তুলে দিলাম। নিরাপত্তাজনিত বিশেষ কারণে কিতাবের প্রচ্ছদ, নাম ও লেখকের নাম-ঠিকানা পরিবর্তন করা হয়েছে। তাছাড়া দালিলিক আলোচনাও আগের তুলনায় অনেক সমৃদ্ধ করা হয়েছে। এক্ষেত্রে ‘মাসায়েলে আরবাআ’ নামক বিশেষ সংকলন থেকে অনেক উপকৃত হয়েছি। আল্লাহ তাআলা ‘মাসায়েলে আরবাআ’ সংশ্লিষ্ট সকলকে দ্বীনের ই’লা ও বুলান্দীর জন্য কবুল করেন। তাছাড়া ‘আমাদের মাদরাসায় জিহাদ চলবে না’ শিরোনামে একটি প্রবন্ধ বৃদ্ধি করা হয়েছে। তাই কিতাবের পরিসর আগের তুলনায় বেশ খানিকটা বেড়ে গিয়েছে। আর দারুল হারবে জুমআ বিষয়ক মাসআলাটি এড়িয়ে গিয়েছি।

প্রিয় পাঠক! কিতাবটি নিজে সংগ্রহ করুন, পড়ুন এবং আরেকজনকে এক কপি হাদিয়া দিন। আখেরাতের সম্বল মনে করে দেশময় কিতাবটি ছড়িয়ে দিন।

এই কিতাব আল্লাহ সুবহানাহুর জন্য ওয়াকফ করা হল। পৃথিবীর যেকোনো মুসলিম ভাই কোনো রকম পরিবর্তন–পরিবর্ধন ছাড়া এই কিতাব ছেপে কিংবা ফটোকপি করে বিতরনের অধিকার রাখে। আল্লাহ তাআলা কিতাবটিকে ব্যাপকভাবে কবুল করেন। উম্মতের জাগরনের ওসীলা বানান। আমীন।

আবু উমার আল-মুহাজির

মার্চ-২০১৯ ইং

প্রথম প্রকাশের শুরুর কথা

بسم الله الرحمن الرحيم

الحمد لله رب العالمين ، والصلاة والسلام على أشرف الأنبياء والمرسلين ، نبينا محمدٍ عليه وعلى آله وصحبه أتم الصلاة والتسليم ، أما بعد :

মানুষ নামের দু'পেয়া হায়েনা ও নেকড়ের আঘাতে ছিন্ন-বিচ্ছিন্ন, ক্ষতবিক্ষত, রক্তাত্ব এক 'শরীরের' নাম মুসলিম উম্মাহ। বঞ্চিত ও লাঞ্ছিত এক মানবগোষ্ঠীর নাম মুসলিম উম্মাহ। ক্ষুধার্ত, দুর্বল, সহায়-সম্বলহীন, ভিটেমাটি থেকে উচ্ছেদকৃত এক জনগোষ্ঠীর নাম আজ মুসলিম উম্মাহ। একবিংশ শতাব্দিতে দাঁড়িয়ে আমাকে অতি কষ্টের সাথে সেই জাতির উত্তরসূরীদের নির্মম চিত্র তুলে ধরতে হচ্ছে যাদের পূর্বসূরীগণ অতিঅল্প সময়ে খুব সামান্য রণসামগ্রী নিয়ে তখনকার দুই সুপার পাওয়ার কায়সার-কেসরার গর্ব-অহংকার ধুলিস্মাৎ করে দিয়েছিলেন। রোম-পারস্যের রাজপ্রাসাদে কালিমা খচিত পতাকা উড়িয়েছিলেন। খুব সামান্য সময়ের ব্যবধানে যারা অর্ধ পৃথিবীর নিয়ন্ত্রণ হাতে নিয়ে নিয়ন্ত্রিত ভূমিতে আদল ও ইনসাফের চাষাবাদ করেছিলেন। যে ভূমিতে অমুসলিমরাও শতভাগ নিরাপত্তার সাথে বসবাস করত। যেখানে ছিল না কোনো জুলম, অন্যায়, অনাচার। ছিল না কোনো হাহাকার ও আর্তচিৎকার। ছিল শুধু শান্তি, সম্প্রীতি, উন্নতি, অগ্রগতি ও নিরাপত্তা। আর ছিল শুধু প্রাপ্তি ও তৃপ্তি।

কিন্তু হায়! মুসলিম উম্মাহর এই চিত্র আজ অতীত স্মৃতিকথা। এসবই রূপকথার গল্পের রূপ ধারণ করেছে। নির্মম বাস্তবতা তো ওটাই যার চিত্র আমরা অংকন করেছি। আজ মুসলমান জাতিই পৃথিবীর সবচাইতে নিপীড়িত ও নির্যাতিত এক জাতি। সমস্ত অমুসলিম জাতি আজ মুসলিমদের বিরুদ্ধে বিভিন্ন নামে বিভিন্নভাবে একতাবদ্ধ হচ্ছে। মুসলিমদেরকে দুনিয়া থেকে নিশ্চিহ্ন করে দেয়ার পাঁয়তাড়া করছে। কিন্তু মুসলিমদের এ নিয়ে কোনো মাথা ব্যথা নেই। নেই কোনো অনুভব-অনুভূতি। তারা শত শত দলে উপদলে বিভক্ত হয়ে নিজেদের মধ্যে কাঁদা ছোড়াছুড়িতে ব্যস্ত। প্রত্যেক দলই নিজেকে হক্কানী দাবি করে অন্যদেরকে না-হক বলে প্রত্যাখ্যান করছে। কেউ 'তাওহীদের' ভিত্তিতে একতাবদ্ধ হওয়ার প্রয়োজন অনুভব করছে না।

এহেন পরিস্থিতিতে এমন কিছু মৌলিক নীতিমালার আলোচনা অত্যাবশ্যক হয়ে দাঁড়িয়েছে যার ভিত্তিতে প্রত্যেক মুসলিমই নিজেকে ও নিজের ঈমানকে যাঁচাই করার সুযোগ পাবে। প্রত্যেকেই এ কথা যাঁচাই করে দেখতে পারবে যে, সেকি 'মুক্তি প্রাপ্ত একটি দল' আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ এর মধ্যে রয়েছে নাকি

সে নিজের লালনকৃত আকীদা ও পালনকৃত মানহাজের কারণে মুক্তি প্রাপ্ত দল থেকে বের হয়ে, নিজের অজান্তেই গোমরাহী ও পথভ্রষ্টতার শিকার হয়েছে। এই ছাকুনির মাধ্যমে যারা প্রকৃত মুক্তিপ্রাপ্ত দল আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ প্রমাণিত হবে, তারা যেন মুসলিম উম্মাহর এই ক্রান্তিলগ্নে ঈমান ও তাওহীদের ভিত্তিতে একতাবদ্ধ হয়ে আল্লাহর শত্রুদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারে, মুসলিমদের জান-মাল, ইজ্জত-আব্রু লুণ্ঠনকারী আল্লাহর শত্রু কাফের-মুরতাদ ও তাদের দোসরদেরকে তাদের যথোচিত পাওনা বুঝিয়ে দিতে পারে, সে জন্য আমাদের এই সামান্য প্রয়াস।

عن عبد الله بن عمرو قال قال رسول الله صلى الله عليه و سلم ليأتين على أمتي ما أتى على بني إسرائيل حذو النعل بالنعل حتى إن كان منهم من أتى أمه علانية لكان في أمتي من يصنع ذلك وإن بني إسرائيل تفرقت على ثنتين وسبعين ملة وتفترق أمتي على ثلاث وسبعين ملة كلهم في النار إلا ملة واحدة قالوا ومن هي يا رسول الله قال ما أنا عليه وأصحابي

হযরত আব্দুল্লাহ বিন আমর রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, বনী ইসরাঈলের সমস্ত অবস্থা আমার উম্মতের উপর হুবাহু আপতিত হবে। এমনকি বনী ইসরাঈলের কেউ যদি তার মায়ের সাথে প্রকাশ্যে ব্যভিচারে লিপ্ত হয়, তাহলে আমার উম্মতের মধ্যেও এমন কেউ থাকবে যে ঐ কাজ করবে। নিশ্চয়ই বনী ইসরাঈল বাহাত্তর দলে বিভক্ত হয়েছিল, আর আমার উম্মত তেহাত্তর দলে বিভক্ত হবে। এক দল ছাড়া সবদলই জাহান্নামে যাবে। সাহাবায়ে কেরাম রাযি. জিজ্ঞেস করলেন, মুক্তিপ্রাপ্ত দল কোনটি হে আল্লাহর রাসূল? নবীজী সা. বললেন, 'মা-আনা আলাইহি ওয়াআসহাবী'/ আমি ও আমার সাহাবাগণ যে আকীদা-মানহাজ এর উপর আছি, যারা তার উপর থাকবে কেবল তারাই মুক্তি পাবে।" (সুনানে তিরমিযী হাদীস নং-২৬৪১, হাদীসটি হাসান পর্যায়ের)

মুসলিম উম্মাহর চলমান বাস্তবতা এই হাদীসটির সত্যতা সাব্যস্ত করার জন্য যথেষ্ট। মুসলিম উম্মাহ দ্বীন ও ধর্মকে কেন্দ্র করে ইতিমধ্যে তেহাত্তরেরও অধিক ফেরকায় বিভক্ত হয়ে পড়েছে। হাদীস দ্বারা স্পষ্টভাবে প্রমাণিত হচ্ছে, এই দলগুলোর মধ্য থেকে যে দলটি নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর আকীদা-মানহাজ তথা নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর ঈমান-আকীদা এবং কর্মপন্থার উপর প্রতিষ্ঠিত থাকবে শুধু তারাই মুক্তি পাবে। এই হিসাবে মুক্তিপ্রাপ্ত দলটিকে 'আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ' বলা হয়। কারণ, যারা 'আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ' শুধু তারাই বাস্তবিক ও সঠিক

অর্থে নবীজী সা. ও এবং সাহাবায়ে কেরাম রাযি. এর আকীদা মানহাজের উপর আমল করে থাকে। সাহাবায়ে কেরাম রাযি.কে শুধু তারাই সত্যের মাপকাঠি মনে করে থাকে। জামা'আতুস সাহাবার অনুসরণ মূলত তারাই করে থাকে।

যে বা যারাই নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর পোষণকৃত ঈমান-আকীদা ও কর্মপন্থা থেকে সরে দাঁড়াবে তারা পথভ্রষ্ট হয়ে যাবে। তারাই জাহান্নামের অধিবাসী হবে। এ কথা সবার উপর সমানভাবে প্রযোজ্য। আহলুসসুন্নাহ দাবিদারও কেউ যদি নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর আকীদা-মানহাজ থেকে সরে দাঁড়ায়, তাহলে সে স্বয়ংক্রিয়ভাবে আহলুসসুন্নাহ থেকে বের হয়ে আহলুন্নার এর অন্তর্ভুক্ত হয়ে যাবে।

পূর্ণাঙ্গরূপে নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর আকীদা-মানহাজ অনুসরণ করা ব্যতীত আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ এর মধ্যে শামিল হওয়ার কোনো উপায় নেই। আমরা যারা নিজেদেরকে আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ এর অন্তর্ভুক্ত মনে করে থাকি তাদের খুব সতর্কতার সাথে যাঁচাই-বাছাই করে দেখা উচিত যে, আমরা প্রকৃতপক্ষে আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ এর অন্তর্ভুক্ত হওয়ার উপযুক্ত কিনা? আমরা বাস্তব জীবনে যে আকীদা-মানহাজ মেনে চলছি তা প্রকৃতপক্ষে নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর আকীদা-মানহাজ কিনা? আমরা নিজেদের অলক্ষ্যেই এমন কোনো আকীদা-মানহাজ লালন করতে শুরু করছি না তো যা আমাদেরকে আহলুসসুন্নাহ থেকে বের করে আহলুন্নার এর অন্তর্ভুক্ত করে দিবে?

জাহান্নাম থেকে যদি আমরা বাঁচতে চাই, তাহলে আমাদেরকে বারবার এই বিষয়টি যাচাই করে দেখতে হবে যে, আমি বর্তমানে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে যে আকীদা লালন করছি নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. সেসব বিষয়ে এই আকীদা লালন করতেন কিনা? আমি যেভাবে দ্বীন পালন করছি এবং দ্বীন কায়েমের জন্য যে পথ ও পন্থা গ্রহণ করেছি নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম সেভাবে দ্বীন পালন করেছেন কিনা এবং আমার গৃহিত পন্থায় তাঁরা দ্বীন কায়েম করেছেন কিনা? এসব প্রশ্নের উত্তর যদি হা-বাচক হয়, তাহলে আল্লাহ তাআলার শোকর আদায় করা উচিত। আর যদি না-বাচক হয়, তাহলে এখন থেকেই সর্তক হওয়া উচিত। নিজের আখেরাতের স্বার্থেই নিজেকে পরিবর্তন করা উচিত। আমার পোষণকৃত আকীদার যতটুকু ভুল ততটুকু বাদ দিয়ে সহীহ আকীদা আমাকে গ্রহণ করতে হবে। দ্বীন পালন ও কায়েমের পথে আমার অনুসৃত মানহাজ বা কর্মপন্থার সাথে নবীজী সা. এবং সাহাবায়ে কেরামের মানহাজ ও কর্মপন্থার যতটুকু অমিল রয়েছে ততটুকু

পরিবর্তন করে আমাকে শতভাগ সাহাবায়ে কেরাম রাযি. এর মানহাজকে আঁকড়ে ধরতে হবে। দ্বীন পালন ও দ্বীন কায়েমের সর্ব স্তরে, সর্বক্ষেত্রে নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি.ই আমার মডেল ও আদর্শ বলে বিবেচিত হবে। এসব গুরুত্বপূর্ণ ক্ষেত্রে 'মাসূর' তরীকা থেকে সরে গিয়ে কাফের ফাসেকদের আবিষ্কৃত, কিংবা নিজেদের উদ্ভাবিত নতুন কোনো পথ ও পন্থা কোনো অবস্থাতেই গ্রহণ করার কোনো সুযোগ নেই। মনে রাখতে হবে এই উম্মাহর প্রথম অংশ যে তরীকায় মেহনত করে সফল হয়েছে, শেষ অংশও একই তরীকায় মেহনত করে সফল হবে। আকীদা-মানহাজের ক্ষেত্রে কারো সাথে কোনো শিথীলতার আশ্রয় নেওয়ার সুযোগ নেই। কারণ, আকীদা-মানহাজের উপরই এই উম্মাহ একতাবদ্ধ হবে। তাই আমাদের আকীদা-মানহাজ এমন স্বচ্ছ-শুভ্র হওয়া লাগবে নবীজী সা. যেমন স্বচ্ছ-শুভ্র রেখে গিয়েছিলেন। কাল ও মহাকালের পরিবর্তন ও বিবর্তনে অনেক কিছু পরিবর্তন হতে পারে কিন্তু কোনো অবস্থাতেই আকীদা-মানহাজ পরিবর্তন হতে দেয়া যাবে না, এর পরিবর্তন মেনে নেয়া যাবে না। আকীদা-মানহাজের বিষয়টি এতই স্পর্শকাতর যে, নবীজী সা. এবং সাহাবায়ে কেরাম রাযি. এর আকীদা-মানহাজ থেকে আমরা সামান্য একটু সরে দাঁড়ালেই দুনিয়া ও আখেরাত উভয় জাহানের ধ্বংস আমাদের জন্য নির্ধারিত হয়ে যাবে।

বক্ষমাণ গ্রন্থে আমরা শরীয়তের দলীলের আলোকে আহলুসসুন্নাহওয়াল জামাআহ এর এমন কিছু আকীদা-মানহাজ নিয়ে আলোচনা করব, যে আকীদা-মানহাজকে এদেশের প্রকৃত আহলুস সুন্নাহদাবিদার এবং আহলুস সুন্নাহর প্রতিনিধিত্বকারীগণও আজ ভুলতে বসেছে এবং উপেক্ষা করতে শুরু করেছে। আল্লাহ তাআলা আমাদের প্রত্যেককে নিজেকে যাচাই করত নবীজী সা. এর রেখে যাওয়া স্বচ্ছ-শুভ্র আকীদা-মানহাজের দিকে ফিরে যাওয়ার তাওফীক দান করেন এবং জাহান্নামের আগুন থেকে নিজেকে ও অন্যদেরকে বাঁচানোর তাওফীক দান করেন। আমীন।

বক্ষমাণ গ্রন্থের কয়েকটি অধ্যায় 'দাওয়াহ ইলাল্লাহ' ফোরামে বিভিন্ন সময়ে প্রকাশিত বিবিধ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও প্রবন্ধ থেকে গ্রহণ করা হয়েছে। যাদের লেখা থেকে গ্রহণ করা হয়েছে তাদের নাম আমার জানা নেই। তাই লেখাগুলোকে তাদের সাথে সম্পর্যুক্ত করতে পারিনি। তবে দুআ করি যাদের লেখা থেকে উপকৃত হয়েছি, আল্লাহ তাআলা যেন দুনিয়া ও আখেরাতে তাদেরকে উত্তম বিনিময় দান করেন। আমীন।

....

কিতাবটি প্রকাশের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন প্রিয়জন বিভিন্নভাবে আমাকে সহযোগিতা করেছেন। কেউ বুদ্ধি-পরামর্শ দিয়ে, কেউ শ্রম দিয়ে, কেউ অর্থ দিয়ে। আল্লাহ তাআলা তাদের সকলকে 'দাওয়াত ও জিহাদে'র জন্য কবুল করুন। শাহাদাতের নেয়ামত দ্বারা সম্মানিত করুন। সহীহ ঈমান নিয়ে দুনিয়া ত্যাগ করার তাওফীক দান করুন। আমীন।

আবু উমার আল-মুহাজির

অক্টবর-২০১৮ ইং

সূচিপত্র

ঈমান ও ঈমান ভঙ্গের কারণ

চার মাযহাবের ফকীহগণের ফতওয়া

কিয়াস থেকে দলীল

প্রাসঙ্গিক কিছু গুরুত্বপূর্ণ মাসাইল

বিবিধ গুরুত্বপূর্ণ বিষয়

জ্বিন ও মানব সৃষ্টির উদ্দেশ্য তাওহীদ বাস্তবায়ন করা

আল্লাহ তাআলা জ্বিন ও মানব সৃষ্টি করেছেন নিরংকুশভাবে তাঁর ইবাদত করার জন্য। ইরশাদ হচ্ছে,

{ وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنسَ إِلَّا لِيَعْبُدُونِ }

'আমি জ্বিন ও মানবকে সৃষ্টি করেছি শুধুই আমার ইবাদতের জন্য'। তাফসীর কারকগণ বলেছেন, এখানে ইবাদাতের অর্থ হল, তাওহীদ। অর্থাৎ মানুষ ও জ্বিন সৃষ্টি করা হয়েছে আল্লাহর তাওহীদ ও একত্ববাদ বাস্তবায়ন করার জন্য (তাফসীরে কুরতুবী, যারিয়াত:৫৬, তাফসীরে সমরকন্দী, সূরা যারিয়াত:৫৬)। অতএব, আমরা বিশ্বাস, কর্ম ও কথা সবদিক থেকেই তাওহীদ বাস্তবায়নের জন্য আদিষ্ট। আমরা আমাদের জীবনের সর্বক্ষেত্রে তাওহীদের দাবি মেনে চলতে এবং তাওহীদের দাবি প্রতিষ্ঠিত করতে আদিষ্ট। তাই ব্যক্তি জীবন থেকে শুরু করে আলমী জীবন সর্বত্রই তাওহীদের দাবি মেনে চলতে হবে এবং তাওহীদকে প্রতিষ্ঠিত করতে হবে। তাওহীদের দাবি বাস্তবায়ন না করা পর্যন্ত আমরা কেউই আল্লাহর বান্দা হতে পারব না এবং আমাদের দ্বারা মানব সৃষ্টির উদ্দেশ্যও অর্জিত হবে না। মানব সৃষ্টির উদ্দেশ্যই যদি আমাদের দ্বারা অর্জিত না হয়, সেক্ষেত্রে আমাদেরকে এক ভয়ানক অশুভ পরিণতির জন্য অপেক্ষা করতে হবে। গতানুগতিকভাবে আমি আমার জীবনটা কাটিয়ে দিলাম, কিন্তু আমার ঈমান ও তাওহীদ সহীহ হচ্ছে কিনা সেটা একটিবারের জন্যও ভেবে দেখার সুযোগ হল না, এর চেয়ে দুর্ভাগ্য ও আফসুসের কথা আর কী হতে পারে!

তাওহীদকে আঁকড়ে ধরার উপর ঈমানের শুদ্ধতা নির্ভর করে। তাই তাওহীদকে জানতে হবে, তাওহীদকে মানতে হবে। যার দ্বারা তাওহীদের কোনো দাবিই আদায় হয় না, যে অহরহ তাওহীদ পরিপন্থী কাজ করে বেড়ায়, সে নিজেকে মুসলিম দাবি করলেও আসলে সে মুসলিম নয়, সে দৈনিক পাঁচওয়াক্ত নামাযসহ তাহাজ্জুদ পড়লেও মুমিন বলে গণ্য হবে না। তাই তাওহীদ জানা ও মানা একটি অপরিহার্য বিষয়। তাওহীদের ইলম অর্জন করা ফরযে আইন। এ ফরযের প্রতি কোনোরূপ অবহেলা করার সুযোগ নেই। তাই আসুন তাওহীদ জানি, তাওহীদ মানি এবং ব্যক্তি জীবন থেকে নিয়ে শুরু করে সর্বত্র তাওহীদকে প্রতিষ্ঠিত করি।

তাওহীদের পরিচয় ও প্রকারভেদ

তাওহীদের অর্থ হল, আল্লাহ তাআলাকে তাঁর যাবতীয় হকসহ পৃথক করা, আল্লাহ তাআলার গুণাগুণগুলো আল্লাহ তাআলার জন্যই নির্ধারণ করা, অন্য কাউকে আল্লাহ তাআলার কোনো গুণ বা কর্মের মধ্যে শরীক না করা।

আহলে ইলমগণ তাওহীদকে তিন প্রকারে বিভক্ত করেছেন:

১. তাওহীদুররুবূ বিয়্যাহ: অর্থাৎ রব হওয়ার ক্ষেত্রে আল্লাহ তাআলার তাওহীদ/ একত্ববাদকে স্বীকার করা। রুবূবিয়্যাত এর ক্ষেত্রে তাঁর সাথে কাউকে শরীক না করা। যেমন, আসমান-যমীনের অধিপতী হিসাবে আল্লাহ তাআলাকে মেনে নেয়া। রাযেক, খালেক, মালেক, জীবনদানকারী, মৃত্যুদানকারী হিসাবে আল্লাহ তাআলাকে স্বীকার করে নেয়া; এসব বিষয়ে আল্লাহ তাআলার সাথে অন্য কাউকে শরীক না করা। অতীতের অনেক কাফের সম্প্রদায়ও তাওহীদের এই প্রকারকে স্বীকার করত। তখনকার মক্কার মুশরিকরাও এই প্রকারের তাওহীদকে স্বীকার করত। যেমন ইরশাদ হচ্ছে,

قُلْ مَن يَرْزُقُكُم مِّنَ السَّمَاء وَالأَرْضِ أَمَّن يَمْلِكُ السَّمْعَ والأَبْصَارَ وَمَن يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيَّتَ مِنَ الْحَيِّ وَمَن يُدَبِّرُ الأَمْرَ فَسَيَقُولُونَ اللّهُ فَقُلْ أَفَلاَ تَتَّقُونَ} [يونس:٣١].

'তুমি জিজ্ঞেস কর, কে রুযী দান করে তোমাদেরকে আসমান থেকে ও যমীন থেকে, কিংবা কে তোমাদের কান ও চোখের মালিক? তাছাড়া কে জীবিতকে মৃতের ভেতর থেকে বের করেন এবং কেইবা মৃতকে জীবিতের মধ্য থেকে বের করেন? কে করেন কর্ম সম্পাদনের ব্যবস্থাপনা? তখন তারা বলে উঠবে, আল্লাহ! তখন তুমি বলো তারপরেও ভয় করছ না?' (সূরা ইউসুফ:৩১)

বিশুদ্ধ ঈমানের জন্য প্রথম শর্ত হচ্ছে, তাওহীদুর রুবূবিয়্যাহকে স্বীকার করা।

তাগুত বর্জন ব্যতীত ঈমানদার হওয়া যায় না

২. তাওহীদুল উলূহিয়্যাহ: অর্থাৎ ইলাহ বা ইবাদাতের যোগ্য ও হুকুমদাতা হিসাবে শুধু আল্লাহকে স্বীকার করা। ইবাদাতমূলক যত কর্ম-কাণ্ড রয়েছে সব একনিষ্ঠভাবে আল্লাহর জন্য নির্ধারণ করা, কোনো ইবাদাতের ক্ষেত্রে আল্লাহর সাথে অন্য কাউকে শরীক না করা এবং আল্লাহ ব্যতীত অন্য কারো ইবাদত না করা। হুকুমদাতা হিসাবে আল্লাহকে মানা, আল্লাহর হুকুমের সংঘর্ষিক অন্য কারো হুকুম না মানা। যেমন; দুআ করতে হলে শুধু আল্লাহর কাছেই দুআ করা, ভয় শুধু আল্লাহকেই পাওয়া, আশা শুধু আল্লাহ তাআর দরবারেই করা। হুকুম ও হুকুমাত শুধু আল্লাহরই মানা। ইরশাদ হচ্ছে,

{ يَا أَيُّهَا النَّاسُ اعْبُدُواْ رَبَّكُمُ الَّذِي خَلَقَكُمْ وَالَّذِينَ مِن قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ }

'হে লোক সকল! তোমরা তোমাদের ঐ প্রভূর ইবাদত কর যিনি তোমাদেরকে এবং তোমাদের পূর্ববর্তীগণকে সৃষ্টি করেছেন, যেন তোমরা মুত্তাকী হতে পার।' (আল বাকারা:২১)

মূলত: এই প্রকারের তাওহীদের দাওয়াত নিয়েই আল্লাহ তাআলা রাসূলগণকে আ. দুনিয়াতে পাঠিয়েছেন। ইরশাদ হচ্ছে,

{ وَمَا أَرْسَلْنَا مِن قَبْلِكَ مِن رَّسُولٍ إِلاَّ نُوحِي إِلَيْهِ أَنَّهُ لاَ إِلَهَ إِلاَّ أَنَاْ فَاعْبُدُونِ }

'আপনার পূর্বে আমি যে রাসূলই প্রেরণ করেছি, তার কাছে এই মর্মে ওহী পাঠিয়েছি যে, আমি ব্যতীত অন্য কোন উপাস্য নেই। সুতরাং আমারই এবাদত কর।' (আল-আম্বিয়া:২৫)

আরো ইরশাদ হচ্ছে,

{ وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولاً أَنِ اعْبُدُواْ اللّهَ وَاجْتَنِبُواْ الطَّاغُوتَ }

'আমি প্রত্যেক উম্মতের মধ্যেই রাসূল প্রেরণ করেছি এই মর্মে যে, তোমরা আল্লাহর এবাদত কর এবং তাগুত বর্জন কর।' (নাহল:৬)

কালিমার রুকন

তাওহীদের এই প্রকারই তখনকার মুশরিকরা অস্বীকার করেছিল। আর এই তাওহীদকে অস্বীকার করার কারণেই আল্লাহ তাআলা তাদেরকে কাফের বলে আখ্যায়িত করেছেন। কালিমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ' দ্বারা মূলত এই তাওহীদকেই সাব্যস্ত করা হয়েছে।

'লা-ইলাহা ইল্লাল্লাহ' এর মধ্যে দুইটি বিষয় রয়েছে। এক. লা-ইলাহা (কোনো উপাস্য নেই) বলে আল্লাহ ব্যতীত যাদের ইবাদত করা হয় তাদের সকলকে অস্বীকার করা হয়েছে। দুই. ইল্লাল্লাহ (আল্লাহ ব্যতীত) দ্বারা যাবতীয় ইবাদাতকে শুধু আল্লাহর জন্য স্বীকার করা হয়েছে এবং সাব্যস্ত করা হয়েছে। অস্বীকার করা এবং স্বীকার করা **এই দুইটি হল কালিমার রুকন**। অস্বীকার ব্যতীত স্বীকার ধর্তব্য নয়, এমনিভাবে স্বীকার ব্যতীত অস্বীকারও গ্রহণযোগ্য নয়। এই কথাটাই আল্লাহ তাআলা বিভিন্ন আয়াতে আরো স্পষ্টরূপে বর্ণনা করেছেন। বর্ণিত হচ্ছে,

لا إِكْرَاهَ فِي الدِّينِ قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى لا انْفِصَامَ لَهَا وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ .

'দ্বীন কবুলের ব্যাপারে কোন জবরদস্তি বা বাধ্য-বাধকতা নেই। নিঃসন্দেহে হেদায়াত গোমরাহী থেকে পৃথক হয়ে গেছে। এখন যারা তাগুতকে অস্বীকার করবে এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করবে, সে ধারণ করবে এমন সুদৃঢ় হাতল যা বিচ্ছিন্ন হওয়ার নয়। আর আল্লাহ সবই শুনেন এবং জানেন।' (বাকারা:২৫৬)

পূর্বে বর্ণিত সূরা নাহল এর ৩৬ নং আয়াতেও আল্লাহ তাআলা তাগুতকে অস্বীকার করে আল্লাহর ইবাদাত করতে বলেছেন। সূরা যুমার এর ১৭ নং আয়াতে বর্ণিত হচ্ছে,

وَالَّذِينَ اجْتَنَبُوا الطَّاغُوتَ أَنْ يَعْبُدُوهَا وَأَنَابُوا إِلَى اللَّهِ لَهُمُ الْبُشْرَى فَبَشِّرْ عِبَادِ

'যারা তাগুতের ইবাদাতকে অস্বীকার করবে এবং আল্লাহ তাআলার দিকে ফিরে আসবে তাদের জন্য রয়েছে সুসংবাদ, অতএব, আপনি আমার বান্দাকে সুসংবাদ দিন।'

এসব আয়াত দ্বারা সাব্যস্ত হল, সহীহ ঈমান গ্রহণের জন্য তাগুতের ইবাদতকে অস্বীকার করে শুধু আল্লাহ তাআলার জন্য ইবাদাতকে স্বীকার করতে হবে। কেউ যদি আল্লাহর ইবাদত করে কিন্তু তাগুত থেকে সম্পর্ক ছিন্ন না করে, তাহলে সে ঈমানদার বলে বিবেচিত হবে না। এখন প্রশ্ন হল 'তাগুত' কী? তাগুত কাকে বলে? তাগুত এবং তাগুতের ইবাদাত অস্বীকার করার দ্বারা আল্লাহ তাআলা কী বুঝিয়েছেন?

তাগুতের সংজ্ঞা

ইমাম তবারী (রহ.) তাগূতের সংজ্ঞায় বলেন:

والصواب من القول عندي في"الطاغوت"، أنه كل ذي طغيان على الله، فعبد من دونه، إما بقهر منه لمن عبده، وإما بطاعة ممن عبده له، وإنسانا كان ذلك المعبود، أو شيطانا، أو وثنا، أو صنما، أو كائنا ما كان من شيء.

'আমার মতে তাগূতের সঠিক সংজ্ঞা হল: সেই হল তাগুত যে আল্লাহ তাআলার অবাধ্য হয়। ফলে আল্লাহ তাআলাকে ব্যতিরেকে তারই উপসনা করা হয়, হয়ত তার পক্ষ থেকে উপাসনাকারীকে বাধ্য করার কারণে অথবা উপসনাকারীর তার প্রতি আনুগত্য থাকার কারণে। সেই উপাস্য হতে পারে মানুষ অথবা শয়তান, মূর্তি অথবা ভিন্ন কোন পূজনীয় বস্তু বা অন্য যে কোন বস্তু। [তাফসীরে তবারী, খণ্ড:৩, পৃষ্টা:২১]

আল্লামা ইবনুল কাইয়্যিম (রহ.) তাগূতের ব্যাখ্যায় বলেন:

....

الطاغوت كل ما تجاوز به العبد حده من معبود أو متبوع أو مطاع فطاغوت كل قوم من يتحاكمون إليه غير الله ورسوله ، أو يعبدونه من دون الله ، أو يتبعونه على غير بصيرة من الله ، أو يطيعونه فيما لا يعلمون أنه طاعة لله (إعلام الموقعين ١/٥٠).

তাগুত হল: উপাস্য, অনুসরণীয় কিংবা মান্যবরদের মধ্য থেকে যার ব্যাপারে আল্লাহ তাআলার নির্ধারিত সীমা লঙ্ঘন করা হয় (এবং সে এর উপর রাজি থাকে)।

সুতরাং প্রত্যেক সম্প্রদায়ের মধ্যে তাগুত হল সেই ব্যক্তি, লোকেরা আল্লাহ তাআলা ও তার রাসূলের বিপরীত যার কাছে বিচার প্রর্থনা করে, আল্লাহ তাআলাকে ছেড়ে যার উপাসনা করে অথবা আল্লাহ রাব্বুল আলামীনের (বিধানের) প্রতি ভ্রুক্ষেপ না করে যার আনুসরণ করে বা এমন বিষয়ে তার আনুগত্য করে যে বিষয়ে তারা জানে না যে, এটাই আল্লাহর আনুগত্য। [ই'লামুল মুআক্কিয়ীন, খণ্ড:১, পৃষ্টা:৫০]

তাগুতের সংজ্ঞা দ্বারা যা বুঝাগেল

তাগুতের সংজ্ঞা দ্বারা এ বিষয়টি স্পষ্টভাবে বুঝা গেল যে, আল্লাহ তাআলা ও তার রাসূলের বিপরীত যার কাছে বিচার প্রর্থনা করা হয়, আল্লাহ তাআলা ব্যতিরেকে যার উপাসনা করা হয়, আল্লাহর অবাধ্যতায় যাকে মান্য করা হয় সেই তাগুত। আল কুরআনে আল্লাহ তাআলা এই অর্থে তাগুত শব্দ ব্যবহার করেছেন। ইরশাদ হচ্ছে,

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا.

'আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবি করে যে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে তার উপর তারা ঈমান এনেছে, ইহা সত্ত্বেও তারা তাগুতের কাছে বিচার প্রর্থনার ইচ্ছা পোষণ করছে। অথচ তাদের প্রতি নির্দেশ ছিল, যাতে তারা তাকে (তাগুতকে) অস্বীকার করে। ' (সূরা-নিসা, আয়াত:৬০)

আল্লামা ইবনে কাসীর (রহ.) এই আয়াতের ব্যাখ্যায় বলেন:

هذا إنكار من الله، عز وجل، على من يدعي الإيمان بما أنزل الله على رسوله وعلى الأنبياء الأقدمين، وهو مع ذلك يريد التحاكم في فصل الخصومات إلى غير كتاب

الله وسنة رسوله، كما ذكر في سبب نزول هذه الآية: أنها في رجل من الأنصار ورجل من اليهود تخاصما، فجعل اليهودي يقول: بيني وبينك محمد. وذاك يقول: بيني وبينك كعب بن الأشرف. وقيل: في جماعة من المنافقين، ممن أظهروا الإسلام، أرادوا أن يتحاكموا إلى حكام الجاهلية. وقيل غير ذلك، والآية أعم من ذلك كله، فإنها ذامة لمن عدل عن الكتاب والسنة، وتحاكموا إلى ما سواهما من الباطل، وهو المراد بالطاغوت هاهنا؛

'এ আয়াতটি আল্লাহ তাআলার পক্ষ থেকে এমন ব্যক্তির দাবিকে মিথ্যা প্রতিপন্ন করছে, যে দাবি করে, আল্লাহ তাআলা তার রাসূলের উপর ও পূর্ববর্তী আম্বিয়াদের উপর যা অবর্তীণ করেছেন সে তার প্রতি বিশ্বাস স্থাপন করেছে অথচ সে বিবাদমান বিষয়াদিতে কিতাবুল্লাহ ও সুন্নাহকে ছেড়ে ভিন্ন কোন কিছুর কাছে বিচার ফায়সালা চায়। এ আয়াতের সাবাবে নুযূলে যেমনটি বর্ণিত হয়েছে, একজন আনসারী ও একজন ইয়াহুদী পরস্পর বিবাদে জড়িয়ে পড়ল। ইয়াহুদী বললো: তোমার ও আমার মাঝে ফায়সালা করবে মুহাম্মাদ। আনসারী বললো: তোমার ও আমার মাঝে ফায়সালা করবে কা'আব বিন আশরাফ। আরো বলা হয়ে থাকে: আয়াতটি অবর্তীণ হয়েছে এমন একদল মুনাফিকের ব্যাপারে যারা বাহ্যিকভাবে ইসলাম জাহের করতো আর জাহিলিয়্যিয়াতের বিধান দিয়ে ফায়সালাকারী বিচারকদের কাছে বিচার প্রর্থনার ইচ্ছা পোষন করতো। কেউ আবার অন্য মত ব্যক্ত করেছেন। বস্তুত আয়তটি এ ধরনের সকল ব্যাখ্যার চেয়ে ব্যাপক। কেননা আয়াতটি প্রত্যেক এমন ব্যক্তিকে তিরষ্কার করছে, যে কুরআন সুন্নাহ থেকে ফিরে যায় এবং এ দুটি ব্যতিরেকে অন্য কোন বাতিলের কাছে বিচার প্রর্থনা করে। [আর যার কাছে বিচার প্রর্থনা করে] এ আয়াতে তাগুত দ্বার সেই উদ্দেশ্য। [তাফসীরে ইবনে কাছীর, খণ্ড:২,পৃষ্টা:৩৪৬]

আয়াতটি স্পষ্ট করছে যে, যে ব্যক্তি আল্লাহ তাআলার বিধানকে পিছনে ফেলে ভিন্ন কোন বিধান দ্বারা বিচার ফায়সালা করে সে তাগুত। আর যারা এখানেই ক্ষ্যান্ত থাকেনা বরং মহান রবের বিধানগুলোকে পরিবর্তন করে নিজেরাই বিধান রচনা করে, রাষ্ট্রে সে বিধানই বাস্তবায়ন করে, আল্লাহর বান্দাদেরকে সে বিধান মানতে বাধ্য করে। তার বিধান না মেনে আল্লাহ তাআলার বিধান মানলে শাস্তি প্রদান করে। তাদের ব্যাপারে সম্মানিত পাঠকগণ কি বলবেন?! তারা কি তাগুত না কি আকবারুত তাওয়াগীত?!!

মোট কথা, তাগুতের সংজ্ঞা দ্বারা এ কথা বুঝা গেল যে, আল্লাহকে বাদ দিয়ে যাদের ইবাদত করা হয়, আল্লাহর বিপরীতে যাদেরকে মান্য করা হয় তারাই তাগুত। যেমন: মূর্তী, কাহেন (ভবিষ্যৎবক্তা), দরবারী আলেম যে নিজের

ইলম দ্বারা মানুষকে বিভ্রান্তিতে ফেলে এবং এমন সব শাসক ও বিচারক যারা কুরআন-সুন্নাহর আইনের বিপরীত বিচার-ফায়সালা করে। মানুষকে কুরআন-সুন্নাহর বিরোধী আইন মানতে বাধ্য করে। সূদের প্রচলন ঘটায়। মদ ও যিনার লাইসেন্স দেয়। কুরআনে বর্ণিত দণ্ডবিধি প্রয়োগ করা থেকে বিরত থাকে। বরং কুরআন-সুন্নাহর আইনকে মধ্যযুগীয় বরবর আইন বলে তামাশা করে। এদের প্রত্যেকে তাগুতের অন্তর্ভুক্ত। সহীহ ঈমানের জন্য যেহেতু তাগুতকে বর্জন করা শর্ত তাই উপরিউক্ত সব ধরণের তাগুত থেকে সম্পর্ক ছিন্ন করতে হবে। তাদের প্রত্যেকের বিরোধিতা করতে হবে, তাদের প্রতি অন্তরে বিদ্বেষ পোষণ করতে হবে। তাদের সাথে এমন কোনো আচরণ করা যাবে না যা দ্বারা বুঝে আসে যে আপনি তার প্রতি সন্তুষ্ট, বরং স্পষ্ট ভাষায় তাদের থেকে সম্পর্ক ছিন্নের ঘোষণা দিতে হবে যেমন ঘোষণা দিয়েছিলেন জাতির পিতা হযরত ইবরাহীম আ.। ইরশাদ হচ্ছে:

{ قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَاء مِنكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِن دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاء أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ } [الممتحنة : ٤]

‘তোমাদের জন্যে ইবরাহীম ও তাঁর সঙ্গীগণের মধ্যে চমৎকার আদর্শ রয়েছে। তারা তাদের সম্প্রদায়কে বলেছিল: তোমাদের সাথে এবং তোমরা আল্লাহর পরিবর্তে যার এবাদত কর, তার সাথে আমাদের কোন সম্পর্ক নেই। আমরা তোমাদের মানি না। তোমরা এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করলে তোমাদের মধ্যে ও আমাদের মধ্যে চিরশত্রুতা থাকবে। ’ (মুমতাহিনা:৪)

দ্বীন-ইসলামের হাকীকত

এই প্রকারের তাওহীদ তথা তাওহীদুল উলূহিয়্যাহ-ই হল দ্বীন-ইসলামের হাকীকত। সব প্রকারের তাগুতকে বর্জন করে শুধুমাত্র আল্লাহর দাসত্ব গ্রহণ করাই এই তাওহীদের শিক্ষা। নবীজী সা. এই তাওহীদেরই প্রচার করে গেছেন। সাহাবায়ে কেরাম রাযি. এই তাওহীদেই বিশ্বাসী ছিলেন। তাগুতকে বর্জন করে, জাহেলী শাসন ব্যবস্থাকে অস্বীকার করে আল্লাহর প্রতি ঈমান আনয়নের ঘোষণার কারণেই মূলত তখনকার মক্কার মুশরিকরা নবীজী সা. এবং সাহাবা রাযি. এর উপর অবর্ণনীয় নির্যাতন চালিয়ে ছিল। আজও যদি কেউ কালিমাকে ঐ অর্থে বুঝে যে অর্থে সাহাবায়ে কেরাম রাযি. বুঝে ছিলেন, ঐ তাওহীদ গ্রহণ করে যে তাওহীদ সাহাবা রাযি. গ্রহণ করে ছিলেন, তাহলে তার হালতও ঠিক তেমনি হবে যেমন হয়ে ছিল সাহাবায়ে কেরাম রাযি. এর হালত।

তাবলীগী ভাইদের কাছে আবেদন

তাবলীগী ভাইদের কাছে আবেদন, আপনারা কালিমার আলোচনার সময় কালিমার রুকন নিয়ে আলোচনা করুন। আপনাদের কালিমার আলোচনা শুধু তাওহীদুর রবূবিয়্যাহকে কেন্দ্র করে হয়ে থাকে। তাওহীদুল উলূহিয়্যার ব্যাপারে আপনারা কোনো কথাই বলেন না। অথচ তাওহীদুল উলূহিয়্যাহ বা তাগুতের সাথে সম্পর্ক ছিন্ন করা ছাড়া, তাগুতের বিরোধিতা করা ব্যতীরেকে ঈমান পরিশুদ্ধ হবে না, গ্রহণযোগ্য হবে না, এই বিষয়টি আপনারা বয়ানের মধ্যে বলুন এবং তাগুত বর্জনের ঐরূপ ঘোষণা দিন যেরূপ ঘোষণা হযরত ইবরাহীম আ. দিয়েছিলেন।

তাওহীদুল উলূহিয়্যাহ এর দাওয়াত দেওয়া ছাড়া নবীওয়ালা কিংবা সাহাবাওয়ালা কাজের দাবি করা বোকামি বৈ কিছু নয়। সাহাবায়ে কেরাম রাযি. কালিমার দাওয়াত দিয়ে কাফের কর্তৃক নির্যাতনের শিকার হতেন, কিন্তু আপনারা এখন দারুল হরবে গিয়েও কালিমার দাওয়াত দিচ্ছেন অথচ আপনাদেরকে কিছুই বলা হচ্ছে না! এর রহস্য কী জানেন? আপনারা ঐ তাওহীদের দাওয়াত দিচ্ছেন না যে তাওহীদের দাওয়াত সাহাবায়ে কেরাম রাযি. দিয়েছেন। আপনারা কালিমাকে ঐ অর্থে বুঝছেন না যে অর্থে সাহাবায়ে কেরাম বুঝে ছিলেন। সাহাবায়ে কেরাম রাযি. যে তাওহীদের বিশ্বাস লালন করতেন আপনারা সেই বিশ্বাস লালন করেন না। অতএব, যদি এমন ঈমান চান যে ঈমান আপনাকে পরকালে মুক্তি দিবে, তাহলে তাগুতের সাথে সম্পর্ক ছিন্ন করতে হবে, তাগুতের বিরোধিতা করতে হবে, তাগুতকে ধ্বংসের জন্য দাঁড়াতে হবে। তাগুতকে বর্জন করতে হবে। আল্লাহ তাআলা আমাদেরকে তাওফীক দান করুন। আমীন।

৩. তাওহীদের তৃতীয় প্রকার হল, তাওহীদুল আসমা ওয়াসসিফাত: অর্থাৎ আল্লাহ তাআলার বিষেশ নামসমূহ এবং গুণসমূহ যথাযথভাবে আল্লাহর জন্য সাব্যস্ত করা। এখানেও দু'টি বিষয়ের প্রতি খেয়াল রাখতে হবে।

১. কুরআন-সুন্নাহর ভিতর আল্লাহর যত আসমা ও সিফাত উল্লেখ করা হয়েছে তা সব যথাযথভাবে আল্লাহর জন্য সাব্যস্ত করাএবং স্বীকার করা ২. সাদৃস্যতাকে অস্বীকার করা। অর্থাৎ কোনো কিছু বা কেউ আল্লাহ তাআলার মত হতে পারে- এটাকে অস্বীকার করা। "কুরআন ও হাদীসে আল্লাহর অন্তর, চোখ, হাত ইত্যাদি মর্মে যেসব আয়াত ও হাদীস পাওয়া যায়, সে ব্যাপারে এই বিশ্বাস পোষণ করা যে, এগুলো সব আল্লাহ তাআলার সিফাত। আল্লাহ তাআলার শান মোতাবেক এই সিফাতগুলো তার জন্য সাব্যস্ত।"

কালিমায়ে তাওহীদ এই তিন প্রকারের তাওহীদের সমন্বয়ের নাম। কেউ কালিমা পড়ে, নিজেকে মুসলিম দাবি করে কিন্তু এই তিন প্রকারের তাওহীদের কোনো এক প্রকারকে অস্বীকার করে, অথবা স্বীকার করা থেকে বিরত থাকে, তাহলে সে মূলত মুসলিম নয়, মুমিন নয়, বরং সে কাফের, মুশরিক। তার ঈমান তাকে আখেরাতে মুক্তি দিবে না। দুনিয়াতেও সে ঐ আধূরা ঈমানের কারণে মুমিন বলে বিবেচিত হবে না। আল্লাহ তাআলা আমাদের সকলকে সহীহ তাওহীদবাদী মুসলিম হওয়ার তাওফীক দান করুন। আমীন। (এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য দেখুন: আকীদাতুত তায়েফাতুল মানসূরাহ পৃ.২-৬)

শিরক

তাওহীদের আলোচনার পাশাপাশি তাওহীদের বিপরীত বিষয় শিরক এর আলোচনা না করা হলে আলোচ্য বিষয়টা অসম্পূর্ণ থেকে যায়। তাই আমরা এখানে শিরকের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনার প্রয়াস পাব ইনশাআল্লাহ।

শিরকে সংজ্ঞা ও প্রকারসমূহ

শিরকের সরল সংজ্ঞা হল, গাইরুল্লাহকে আল্লাহ তাআলার কোনো বৈশিষ্টের মধ্যে শরীক করা।

শিরক প্রধানত দুই প্রকার: ১. শিরকে আকবার ২. শিরকে আসগার।

১. শিরকে আকবার: এমন শিরক যে শিরককারীকে আল্লাহ তাআলা তাওবা ছাড়া কখনো ক্ষমা করবেন না। বরং সে যদি শিরকে লিপ্ত অবস্থায় মৃত্যু বরণ করে, তাহলে তাকে চিরকাল জাহান্নামের আগুনে রেখে দিবেন। ইরশাদ হচ্ছে,

{ إِنَّ اللهَ لاَ يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَن يَشَاء } [النساء : ٤٨] ، وقال تعالى : { إِنَّهُ مَن يُشْرِكْ بِاللهِ فَقَدْ حَرَّمَ اللهُ عَلَيهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ }

'নিশ্চয় আল্লাহ তাআলা তাঁর সাথে শিরকের গুনাহ ক্ষমা করেন না, তবে শিরক ব্যতীত অন্যান্য গুনাহ যাকে ইচ্ছা তাকে ক্ষমা করে দেন।' (নিসা:৪৮) আরো ইরশাদ হচ্ছে, 'যে আল্লাহ তাআলার সাথে শিরক করবে (সে জেনে রাখুক) আল্লাহ তার উপর জান্নাত হারাম করে দিয়েছেন, আর তার ঠিকানা হল জাহান্নাম।' (মায়েদা:৭২)

শিরকে আকবার মৌলিকভাবে চার প্রকার:

১. দুআর মধ্যে শিরক করা: আল্লাহ তাআলা ব্যতীত অন্য কারো কাছে (যেমন, মাজার, পীর ইত্যাদির কাছে) দুআ করা। আল্লাহ তাআলা বলেন,

: { وَمَن يَدْعُ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ لَا بُرْهَانَ لَهُ بِهِ فَإِنَّمَا حِسَابُهُ عِندَ رَبِّهِ إِنَّهُ لَا يُفْلِحُ الْكَافِرُونَ }

'যে কেউ আল্লাহর সাথে অন্য এমন উপাস্যকে ডাকে, তার কাছে যার সনদ নেই, তার হিসাব তার পালনকর্তার কাছে আছে। নিশ্চয় কাফেররা সফলকাম হবে না।' (আল মুমিনূন:১১৭)

শাইখ, উস্তাদ বা পীরের অন্ধ অনুসরণ নয়

২. শিরকের দ্বিতীয় প্রকার হল, আনুগত্যের মধ্যে শিরক করা: অর্থাৎ আল্লাহর অবাধ্যতায় পীর, ধর্মগুরু, শাসক, উলামায়েসূ বা এজাতীয় অন্য কাউকে মান্য করা। কোনো ক্ষেত্রে আল্লাহ তাআলার হুকুম স্পষ্ট হওয়া সত্ত্বেও নিজের পীর, শায়েখ,শাসক বা ধর্মগুরুর আনুগত্য করত ঐ হুকুম পালন না করা। যেমন কারো কাছে কুরআন-সুন্নাহর দলীলের আলোকে একথা স্পষ্টভাবে প্রতীয়মাণ হল যে, বর্তমানে তার উপর জিহাদ ফরযে আইন হয়েছে। কিন্তু তার পীর/শাইখ, উস্তাদ বা শাসক তাকে এ ব্যাপারে নিরুৎসাহিত করছে এবং তাকে জিহাদের পথে অগ্রসর হতে নিষেধ করছে। এমতাবস্থায় এই লোকটি যদি পীর/শাইখ বা শাসকের কথামত জিহাদ পরিত্যাগ করে, জিহাদের পথে অগ্রসর না হয়, তাহলে সে আল্লাহর হুকুমের উপর পীর, শাইখ বা শাসকের কথাকে প্রাধান্য দিল এবং আল্লাহর অবাধ্যতায় তাদের আনুগত্য করল। তখন এই ব্যক্তির দ্বারা আনুগত্যের মধ্যকার শিরক পাওয়া গেল। ফলে সে ইসলামের গণ্ডি থেকে বের হয়ে মুশরিকে পরিণত হল। আল্লাহ তাআলা খ্রিষ্টানদের ব্যাপারে বলছেন,

اِتخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ وَالْمَسِيحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا إِلَهًا وَاحِدًا لَا إِلَهَ إِلَّا هُوَ سُبْحَانَهُ عَمَّا يُشْرِكُونَ.

'তারা আল্লাহ ব্যতিরেকে তাদের পণ্ডিত ও সংসার-বিরাগীদেরকে রবরূপে গ্রহণ করেছে এবং মরিয়ম-পুত্র মাসীহকেও। অথচ তাদেরকে আদেশ দেয়া হয়ে ছিল শুধু মাত্র এক ইলাহ্র ইবাদতের জন্য, যিনি ছাড়া কোন উপাস্য নেই, তারা যে শরীক সাব্যস্ত করে তা থেকে তিনি পবিত্র। [সূরা তাওবা: ৩১]

....

উপরোক্ত আয়াতটি থেকে স্বাভাবিকভাবে একটি জিনিষ বুঝে আসে না যে কী ভাবে– **“তারা আল্লাহ ব্যতিরেকে তাদের পণ্ডিত ও সংসার-বিরাগীদেরকে রবরূপে গ্রহণ করেছে।”** অথচ তারা তাদেরকে রব বলে বিশ্বাস বা স্বীকার করত না ও তাদের ইবাদতও করত না। বরং তারা আল্লাহকেই রব বলে স্বীকার করত ও তাঁরই ইবাদত করত।

হাদীস শরীফে এসেছে ইমাম বুখারী (রহ.) বর্ণনা করেন:

عن عدي بن حاتم قال أتيت رسول الله ﷺ وفي عنقي صليب فقال يا عدي اطرح هذا الوثن من عنقك فطرحته فانتهيت إليه وهو يقرأ في سورة براءة اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله فقلت إنا لسنا نعبدهم قال النبي ﷺ يحرمون ما أحل الله فتحرمون ويحلون ما حرم الله فتستحلون قلت بلى قال فتلك عبادتهم.

‘আদী ইবনে হাতেম রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন: আমি গলায় একটি ক্রুশ ঝুলন্ত অবস্থায় রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এলে তিনি বললেন, হে আদী! এই মূর্তিটি তুমি তোমার গলা থেকে ছুঁড়ে ফেল। ফলে আমি তা খুলে ফেললাম, অতঃপর রাসূলুল্লাহ (সা) এর নিকটে এসে দেখতে পেলাম, তিনি সূরা তাওবা তিলাওয়াত করছেন: **“তারা আল্লাহ ব্যতিরেকে তাদের পণ্ডিত ও সংসার-বিরাগীদেরকে রবরূপে গ্রহণ করেছে”** আমি বললাম, আমরা তো তাদের ইবাদত করতাম না। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আল্লাহ তাআলা যা হালাল করেছেন তারা তা হারাম করত আর তোমরাও তা হারাম মানতে এবং আল্লাহ তাআলা যা হারাম করেছেন তারা তা হালাল করত আর তোমরাও তাকে হালাল ভাবতে? আমি বললাম, হ্যাঁ এমনটিই হত। তিনি বললেন, এটিই তাদের ইবাদত। [তারিখুল কাবীর লিল ইমাম বুখারী ৭ম খণ্ড ৪৭১ নম্বর হাদীস; সুনানে তিরমিযি: ৩০৯৫; মু‘জামুল কাবীর লিত তাবারানী: ১৭/৯২/২১৮,২১৯; সুনানুল কুবরা লিল বায়হাকী: ২০৩৫০, সনদ: হাসান সহীহ)]

সূরা আহযাবে ইরশাদ হচ্ছে,

يَوْمَ تُقَلَّبُ وُجُوهُهُمْ فِي النَّارِ يَقُولُونَ يَا لَيْتَنَا أَطَعْنَا اللَّهَ وَأَطَعْنَا الرَّسُولا . وَقَالُوا رَبَّنَا إِنَّا أَطَعْنَا سَادَتَنَا وَكُبَرَاءَنَا فَأَضَلُّونَا السَّبِيلا . رَبَّنَا آتِهِمْ ضِعْفَيْنِ مِنَ الْعَذَابِ وَالْعَنْهُمْ لَعْنًا كَبِيرًا .

‘যেদিন অগ্নিতে তাদের মুখমণ্ডল ওলট পালট করা হবে; সেদিন তারা বলবে, হায় আমরা যদি আল্লাহর আনুগত্য করতাম ও রাসূলের আনুগত্য করতাম! তারা আরও বলবে, হে আমাদের পালনকর্তা, আমরা আমাদের **নেতা ও**

বড়দের কথা মেনেছিলাম, অতঃপর তারা আমাদের পথভ্রষ্ট করেছিল। হে আমাদের পালনকর্তা! তাদেরকে দ্বিগুণ শাস্তি দিন এবং তাদেরকে মহা অভিসম্পাত করুন।' (সূরা আহাযাব:৬৬-৬৮)

প্রিয় পাঠক! নিজেকে নিয়ে ভেবে দেখুন। উপরিউক্ত আয়াতগুলো আপনার উপর প্রযোজ্য হয়ে যাচ্ছে না তো?! শরীয়তের কোনো হুকুম স্পষ্টভাবে জানা ও বুঝার পরও শুধু শাইখ, উস্তাদ,পীর বা শাসকের মান্যতার বাহানা দিয়ে ঐ হুকুমটিকে এড়িয়ে যাচ্ছেন না তো? জেনে রাখুন 'সৃষ্টি কর্তার অবাধ্যতায় কোনো মাখলুকের কথা মান্য করা হারাম।' আল্লাহ তাআলা আপনাকে সুস্থ বুদ্ধি দিয়েছেন এবং চিন্তা-ভাবনা করার যোগ্যতাও দিয়েছেন, আর চিন্তা-ফিকির করার হুকুমও দিয়েছেন, তথাপি স্পষ্টরূপে আল্লাহর অবাধ্যতায় পীর/ শাইখের আনুগত্য করছেন কেন? নিজের ঈমানকে হেফাজত করুন। নিজেকে জাহান্নামের আগুন থেকে বাঁচান। যে শাইখ বা পীরের কথায়/ অপব্যাখ্যার ফাঁদে পড়ে আপনি আজ আল্লাহর হুকুম পালন থেকে বিরত রয়েছেন, যে শাসকের দোহাই দিয়ে আপনি আল্লাহর হুকুম পালনে দ্বিধা করছেন, কাল কিয়ামাতের ময়দানে তারা আপনার কোনো কাজেই আসবে না। অতএব, উঠুন সব সংশয় ঝেরে ফেলে আল্লাহর দ্বীন কায়েমের জন্য 'দাওয়াত ও জিহাদে'র পথে অগ্রসর হোন। আল্লাহ তাআলা আমাদের সকলকে কবুল করুন। তাওফীক দান করুন।

শাইখ, উস্তাদ বা পীরের অন্ধ অনুসরণ কখনো কাম্য নয়। তারা কেউ শরীয়ত প্রণেতা নয় যে, তারা যা বলবে তা শরীয়তের বিরোধী হওয়া সত্ত্বেও মানতে হবে। তারা যদি এমন কোনো কথা বলে যা সঠিক হওয়ার ব্যাপারে আপনার খটকা লাগে, তাহলে তার কাছে দলীল দাবি করুন। দলীল পেশ করার পরও যদি আপনার অন্তর আশ্বস্ত না হয়, তাহলে আরো দু'চারজন রব্বানী আলেমের সাথে ঐ ব্যাপারে কথা বলুন। আপনার শাইখ, উস্তাদ বা পীর যদি হক্কানী-রব্বানী আলেম হয়ে থাকেন, তাহলে দলীলদাবি করলে তিনি মোটেও রাগ করবেন না; অসন্তুষ্ট হবেন না। বরং তিনি দলীল দিয়ে আপনার ইলমী পিপাসা নিবারণের চেষ্টা করবেন। আপনার অশান্ত মন শান্ত করার ফিকির করবেন। আপনি তার কাছে দলীল চাওয়ার কারণে যদি তিনি রাগন্বিত হন, আপনার উপর রুষ্ট হন, চোখ রাঙ্গান, বেয়াদব বলে আপনাকে তাড়িয়ে দেন, তাহলে আপনি নিশ্চিত জেনে রাখুন আপনার এই উস্তাদ, শাইখ বা পীর হক্কানী-রব্বানীর লেবাসে একজন ভণ্ড-প্রতারক। আপনি যদি আপনার আখেরাতকে ধ্বংস করতে না চান, তাহলে তার কাছ থেকে শত মাইল দূরত্ব অবলম্বন

করুন এবং হক্কানী-রব্বানী, দুনিয়াবিমুখ, আখেরাতপ্রেমী একজন আলেমে দ্বীন অন্বেষণ করে তার শিষ্যত্ব গ্রহণ করুন।

হাল যমানার মুরুব্বীদেরকে আদর্শরূপে গ্রহণ করবেন না

হাল যমানার পীর-মাশায়েখ, উস্তাদ/শাইখ, ইসলাহী মুরুব্বীদেরকে নিজের আদর্শরূপে গ্রহণ করবেন না। তাদের কাছ থেকে শরীয়তের দলীল মুয়াফিক ভাল যা কিছু পাবেন ততটুকু গ্রহণ করুন। কুরআন-সুন্নাহর দলীল ছাড়া তারা যা কিছু বলে তা পরিহার করুন। আর নবীজী সা., খুলাফায়ে রাশেদীন, সাহাবায়ে কেরাম রাযি. ও খাইরুল কুরূনের সালাফে সালেহীনদেরকে নিজের আদর্শরূপে গ্রহণ করুন। হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাযি. বলেছেন,

(مَن كانَ مُسْتَنًّا ، فَلْيَسْتَنَّ بمن قد ماتَ ، فإنَّ الحيَّ لا تُؤمَنُ عليه الفِتْنَةُ ، أولئك أصحابُ محمد ـ ﷺ ـ ، كانوا أفضلَ هذه الأمة : أبرَّها قلوبًا ، وأعمقَها علمًا ، وأقلَّها تكلُّفًا ، اختارهم الله لصحبة نبيِّه ، ولإقامة دِينه ، فاعرِفوا لهم فضلَهم ، واتبعُوهم على أثرهم ، وتمسَّكوا بما استَطَعْتُم من أخلاقِهم وسيَرِهم ، فإنهم كانوا على الهُدَى المستقيم)

'কেউ যদি কাউকে আদর্শরূপে গ্রহণ করতে চায়, সে যেন মৃতদেরকে আদর্শরূপে গ্রহণ করে, কেননা জীবিত ব্যক্তি ফেতনায় নিপতিত হওয়া থেকে নিরাপদ নয়। ঐ যে মুহাম্মাদ সা. এর সাহাবাগণ তারা এই উম্মতের শ্রে'ব্যক্তিবর্গ, অন্তরের পবিত্রতা এবং ইলমের গভীরতায় তাঁরা অন্যদের তুলনায় অনেক বেশি অগ্রসর, তারা লৌকিকতা মুক্ত। আল্লাহ তাআলা তাঁদেরকে নিজ নবীর সুহবাতের জন্য এবং নিজ দ্বীন কায়েমের জন্য নির্বাচিত করেছেন। তোমরা তাদের আদর্শ অনুসরণ কর, তাঁদের আখলাক-চরিত্র যতটা সম্ভব গ্রহণ কর। কারণ তাঁরা আমৃত্যু হেদায়াতের উপর অটল-অবিচল ছিলেন।' (জামিউ বয়ানিল ইলমি ওয়া ফাযলিহী হাদীস নং-১৮১০, এই উক্তি সম্পর্কে বিস্তারিত তথ্য নিম্নে উল্লেখ করা হল।[১])

---

[১]. والأثر رواه ابن عبد البر في "جامع بيان العلم وفضله" (٩٤٧/٢-رقم ١٨١٠) ، وفي إسناده ضعف ، إلا أنه أثر مشهور متداول في مصنفات أهل السنة ، ومعناه صحيح مستقر عندهم .
فإن المراد به : أنه من كان سالكا طريقا إلى ربه ، فلا يسلك طريقا ابتدأه هو ، ولا يقلد في دينه من هو مثله من الأحياء ؛ لأنه الحي لا يدرى بم يختم الله به ، فيقلد في دينه رجلا ، إن كان اليوم على الهدى والسنة ، فلعله أن يختم له بغير ذلك . وإنما المأمون أن يتابع في سيره إلى ربه طريق السلف الصالح : أصحاب النبي ﷺ ،

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাযি. এর উপর আল্লাহ তাআলা বিশেষভাবে রহমত নাযিল করুন। তাঁর মর্যাদা আরো বুলান্দ করুন। তিনি আমাদের জন্য অত্যন্ত দামী দিকনির্দেশনা দিয়ে গেছেন। দ্বীনের ব্যাপারে যদি কাউকে অনুসরণ করতেই হয় তাহলে সাহাবায়ে কেরাম রাযি. এর অনুসরণ করুন। তাঁদের সম্পর্কে লিখিত কিতাবগুলো বারবার অধ্যায়ন করুন ('সুওয়ারুন মিন

الذين قد ماتوا ، ولم يعد يخشى عليهم من الفتنة .
قال الإمام نصر بن إبراهيم المقدسي رحمه الله ، بعد ما روى هذا الأثر عن ابن مسعود وابن عمر رضي الله عنهما :
"وهذا الذي ذكره ابن مسعود وعبد الله بن عمر رضي الله عنهم ، فقد أخبر الله تعالى عنهم بأكثر منه في غير موضع ، وأزال الشبه عنهم . وكذلك أخبر به الرسول ﷺ ، وأمر بالرجوع إليهم ، والأخذ عنهم ، والعمل بقولهم ، مع علمه بما يكون في هذا الزمان من البدع ، واختلاف الأهواء ، ولم يأمر بأن يتمسك بغير كتاب الله ، وسنة نبيه ، وسنة أصحابه ، رضوان الله تعالى عليهم ، ونهانا عما ابتدع خارجا عن ذلك ، وعما جاوز ما كان عليه هو وأصحابه .
فواجب علينا قبول أمره فيما أمر ، وترك ما نهى عنه وزجر .
وعلى هذا الأمر كان العلماء والأئمة فيما سلف ، إلى أن حدث من البدع ما حدث "
انتهى من "الحجة على تارك المحجة" ، لنصر المقدسي (١٥٩/١) .
وقال شيخ الإسلام ابن تيمية رحمه الله :
"وَمِنْ الْمَعْلُومِ بِالضَّرُورَةِ لِمَنْ تَدَبَّرَ الْكِتَابَ وَالسُّنَّةَ وَمَا اتَّفَقَ عَلَيْهِ أَهْلُ السُّنَّةِ وَالْجَمَاعَةِ مِنْ جَمِيعِ الطَّوَائِفِ: أَنَّ خَيْرَ قُرُونِ هَذِهِ الْأُمَّةِ - فِي الْأَعْمَالِ وَالْأَقْوَالِ وَالِاعْتِقَادِ وَغَيْرِهَا مِنْ كُلِّ فَضِيلَةٍ أَنَّ خَيْرَهَا -: الْقَرْنُ الْأَوَّلُ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ كَمَا ثَبَتَ ذَلِكَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ غَيْرِ وَجْهٍ وَأَنَّهُمْ أَفْضَلُ مِنْ الْخَلَفِ فِي كُلِّ فَضِيلَةٍ: مِنْ عِلْمٍ وَعَمَلٍ وَإِيمَانٍ وَعَقْلٍ وَدِينٍ وَبَيَانٍ وَعِبَادَةٍ وَأَنَّهُمْ أَوْلَى بِالْبَيَانِ لِكُلِّ مُشْكِلٍ. هَذَا لَا يَدْفَعُهُ إلَّا مَنْ كَابَرَ الْمَعْلُومَ بِالضَّرُورَةِ مِنْ دِينِ الْإِسْلَامِ وَأَضَلَّهُ اللَّهُ عَلَى عِلْمٍ؛ كَمَا قَالَ عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ .. " انتهى من "مجموع الفتاوى" (١٥٧/٤)
وقال الإمام الشاطبي رحمه الله :
"وَالْآثَارُ فِي هَذَا الْمَعْنَى كَثِيرَةٌ جَمِيعُهَا يَدُلُّ عَلَى الِاقْتِدَاءِ بِهِمْ وَالِاتِّبَاعِ لِطَرِيقِهِمْ عَلَى كُلِّ حَالٍ، وَهُوَ طَرِيقُ النَّجَاةِ حَسْبَمَا نَبَّهَ عَلَيْهِ حَدِيثُ الْفِرَقِ فِي قَوْلِهِ: "مَا أَنَا عليه وأصحابي" " . انتهى من "الاعتصام" (٣٠٧/٣) . وينظر : "مرقاة المفاتيح" ، للملا علي القاري (٣٧٤/١)والله أعلم.

হায়াতিস সাহাবাহ’ লেখক: আব্দুর রহমান রফআত পাশা অনুবাদ ‘সাহাবীদের ঈমান দীপ্ত জীবন’ রাহনুমা প্রকাশনী, ইসলামী টাওয়ার, বাংলাবাজার, এই কিতাবটি আলেম-গাইরে আলেম নির্বিশেষে সকলের পড়া উচিত)। তাদের আচার-আখলাক গ্রহণ করুন। দুনিয়াকে তাঁরা কতটুকু মূল্যায়ণ করতেন তা দেখুন, আর আখেরাতের জন্য তাঁরা কী পরিমাণ পাগল ছিলেন তাও জানুন। নিজেকে তাঁদের মত গড়ার মানসিকতা নিয়ে অগ্রসর হতে থাকুন। আল্লাহ তাআলা তাওফীক দান করুন।

প্রিয় পাঠক! নিজের দ্বীনের ব্যাপারে হাল যমানার কোনো বিশেষ ব্যক্তির উপর নির্ভর করবেন না।

ইমাম আহমাদ রহ. বলেছেন,

الثِّقةُ بالأشخاصِ ضلالٌ، والرُّكونُ إلى الآراءِ ابتداعٌ

‘ব্যক্তির উপর নির্ভর করা পথভ্রষ্টতা, আর যুক্তির উপর নির্ভর করা বিদআত’। (দারউত তাআরুয:৪/১৩৩, ইবনে তাইমিয়া রহ.)

কোনো রব্বানী আলেমরও উচিত নয়, নিজের ছাত্র, মুরীদ ও মুসল্লীদেরকে নিজ ব্যক্তি সত্তার অন্ধ অনুসারী বানানো। বরং উচিত হল, কুরআন-সুন্নাহ ও খায়রুল কুরুনের সালাফুস সালেহীনের আদর্শ আঁকড়ে ধরতে উৎসাহিত করা। কেউ তাকে অন্ধের মত অনুসরণ করতে চাইলে এর সুযোগ দেয়া ঠিক নয়। কারণ, আগামী কাল সে কী অবস্থায় পতিত হবে তা সে জানে না, তার খাতেমা কি ঈমানের উপর হবে নাকি কুফরের উপর হবে তার কোনো নিশ্চয়তা নেই। তাই কোনো আলেমের যদি এমন কিছু ভক্তবৃন্দ তৈরি হয়ে যায়, যারা সর্বাবস্থায় অন্ধের মত তার অনুসরণ করে, তাহলে আল্লাহ না করুন, ঐ আলেম যদি গোমরাহীতে পতিত হয়; সে যদি ঈমান বিধ্বংসী কোনো কাজ করে বসে, দুনিয়ার তুচ্ছ মূল্যের বিনিময়ে ঈমানকে বেঁচে দেয়, তাহলে তার অনুসারীরাও গোমরাহীতে পতিত হবে এবং ঈমান বিধ্বংসী কাজ ও ঈমান বিকানোর ক্ষেত্রে তার অনুসরণ করতে থাকবে। আর এভাবে একজন আলেমের কারণে হাজারো মানুষ ঈমান হারা হয়ে যাবে।

দ্বীন যেহেতু কল্যাণকামিতার নাম, তাই একজন হক্কানী-রব্বানী আলেমের দায়িত্ব হল, মানুষকে কুরআন-সুন্নাহ আঁকড়ে ধরতে উৎসাহিত করা এবং ভক্ত বৃন্দকে এ কথা বারবার বলে দেয়া যে, ভাই! আমি একজন মানুষ। আমার থেকে যেকোনো সময় ভুল-ভ্রান্তি হতে পারে। আজ আমি হকের উপর আছি, আগামী কাল আমি পথভ্রষ্টও হয়ে যেতে পারি। তাই আপনারা কুরআন-সুন্নাহর

স্পষ্ট দলীল-প্রমাণ ব্যতীত আমার কোনো কথা গ্রহণ করবেন না। আমাকে অন্ধের মত অনুসরণ করবেন না। আমার থেকে সংশয় সৃষ্টিকারী কোনো বিষয় যদি আপনাদের দৃষ্টিগোচর হয়, তাহলে সেক্ষেত্রে আপনারা আমার অনুসরণ না করে আরো দু'চারজন রব্বানী আলেমের সাথে আলোচনা করে সংশয় দূর করত আমল করুন। এই কর্মপন্থায় আপনাদের ঈমান ও আখেরাত সুরক্ষিত থাকবে। আমিও আপনাদের ব্যাপারে জবাবদিহিতা থেকে মুক্ত থাকব। আমার কারণে আপনারা পথভ্রষ্ট হবেন না ইনশাআল্লাহ।

মাযহাবের ইমামগণের সর্তকতা

দেখুন মাযহাবের ইমামগণ কত সর্তক ছিলেন। তাঁদের অনুসারীরা যেন তাঁদের কারণে কোনোরূপ পথভ্রষ্টতার শিকার না হয়, সে জন্য তারা বারবার অনুসারীদেরকে সর্তক করেছেন।

ইমাম আবূ হানীফা রহ. বলেছেন,

(إذا قلت قولا يخالف كتاب الله تعالى وخبر الرسول ﷺ فاتركوا قولي) الفلاني في الإيقاظ ص ٥٠)

'যদি আমি এমন কথা বলে ফেলি যা আল্লাহর কিতাব কিংবা নবীজী সা. এর হাদীসের বিপরীত হয়ে যায়, তাহলে তোমরা আমার কথা পরিহার কর' (আল ঈকায পৃ.৫০)

ইমাম মালেক রহ. বলেছেন,

(إنما أنا بشر أخطئ وأصيب فانظروا في رأيي فكل ما وافق الكتاب والسنة فخذوه وكل ما لم يوافق الكتاب والسنة فاتركوه) . (ابن عبد البر في الجامع ٢ / ٣٢)

'নিশ্চয়ই আমি একজন মানুষ। আমার কোনো সিদ্ধান্ত ভুল হয়, কোনো সিদ্ধান্ত সঠিক হয়। অতএব, আমার মতামত তোমরা যাচাই করে দেখবে। যা কিছু কিতাব-সুন্নাহর মুওয়াফেক হবে তা গ্রহণ করবে, আর যা কিছু কিতাব-সুন্নাহর মুওয়াফেক হবে না, তা পরিত্যাগ করবে'। (জামেউ বয়ানিল ইলমি ওয়া ফাযলিহি:২/৩২)

ইমাম শাফেয়ী রহ. বলেছেন,

(أجمع المسلمون على أن من استبان له سنة عن رسول الله ﷺ لم يحل له أن يدعها لقول أحد) . (الفلاني ص ٦٨)

....

'এ ব্যাপারে মুসলিমদের মধ্যে ইজমা সংগঠিত হয়েছে যে, কোনো বিষয়ে যদি নবীজী সা. থেকে হাদীস পাওয়া যায়, তাহলে কারো কথার কারণে সেই হাদীস পরিত্যাগ করা জায়েয নেই।' (আল ঈকায পৃ.৬৮)

হযরত আবূ বকর সিদ্দীক রাযি. এর সর্তকতা

এই উম্মতের সর্ব শ্রে'ব্যক্তি হযরত আবূ বকর সিদ্দীক রাযি. যখন খেলাফতের দায়িত্ব হাতে নিলেন, তখন তিনি প্রথম খুতবায় বা অভিষেক ভাষণে অত্যন্ত মূল্যবান কিছু কথা বলেছিলেন। পাঠকের জন্য আমরা তাঁর কথাগুলো উল্লেখ করা ভাল মনে করলাম। খুতবার শুরুতে হামদও সানার পর তিনি বললেন:

أَيُّها الناسُ فَإِني قد وُلِّيتُ عليكم ولست بخيركم فإِنْ أَحْسَنْتُ فَأَعِينُونِي وإِنْ أَسَأْتُ فَقَوِّمُوني.الصِدْقُ أمانةٌ والكَذِبُ خِيَانَةٌ . والضعيفُ فيكم قويٌّ عندي حتى أرجعَ إليه حقَّه إن شاء الله، والقويّ فيكم ضعيفٌ عندي حتى آخذَ الحقَّ منه إن شاء الله. لا يَدَعُ قومٌ الجِهادَ في سبيل الله إلا خَذَلَهم اللَّهُ بالذُلِّ ولا تَشِيعُ الفاحشةُ في قومٍ إلا عَمَّهم اللَّهُ بِالبلاءِ. أَطِيعُوني ما أَطَعْتُ اللَّهَ ورسولَه فإِذا عَصَيْت اللَّهَ ورسولَه فلا طاعةَ لي عليكم. قُومُوا إلى صلاتكم يَرْحَمْكُمُ الله .سيرة ابن هشام : ٢٤٠/٤، عيون الأخبار لابن قتيبة : ٢/ ٢٣٤.

'হে লোক সকল! আমাকে তোমাদের যিম্মাদারী অর্পণ করা হয়েছে, অথচ আমি তোমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি নই। যদি আমি ভাল কাজ করি তাহলে তোমরা আমাকে সহযোগিতা করবে। **আর যদি আমি কোনো ভুল করি, তাহলে তোমরা আমাকে সংশোধন করে দিবে।** সত্য বলা আমানত, মিথ্যা বলা খেয়ানত। তোমাদের দুর্বল ব্যক্তিও আমার নিকট শক্তিশালী বলে বিবেচিত হবে যতক্ষণ না আমি তার প্রাপ্য তাকে বুঝিয়ে দেই, আর তোমাদের দাপটী ব্যক্তিও আমার নিকট দুর্বল বলে বিবেচিত হবে, যতক্ষণ না আমি তার থেকে অন্যের প্রাপ্য উদ্ধার করে নেই ইনশাআল্লাহ। কোনো কওম যখন আল্লহর রাহের জিহাদ পরিত্যাগ করে তখন আল্লাহ তাআলা তাদেরকে লাঞ্ছিত ও অপদস্থ করেন। আর কোনো কওমের মধ্যে যখন অশ্লীলতা ছড়িয়ে পড়ে তখন আল্লাহ তাআলা তাদেরকে ব্যাপকভাবে বিপদে আক্রান্ত করেন। **আমি যতক্ষণ পর্যন্ত আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করব ততক্ষণ পর্যন্ত তোমরা আমার আনুগত্য করবে, আর যদি আমি আল্লাহ ও তাঁর রাসূলের অবাধ্য হই, তাহলে আমার আনুগত্য তোমাদের দায়িত্ব নয়।** নামাযের জন্য দাঁড়াও, আল্লাহ তাআলা তোমাদের উপর রহম করুন।' (সীরাতে ইবনে হিশাম:৪/২৪০, উয়ূনুল আখবার:২/২৩৪)

অন্য কোনো মুসলিম যেন আমার কারণে বিভ্রান্ত না হয়, পথ না হারায়, আমি যেন অন্য কারো পথভ্রষ্টতার কারণ না হই, সে জন্য এই উম্মাহর সর্বশ্রেষ্ঠ ব্যক্তি এবং মাযহাবের ইমামগণ কত গুরুত্বপূর্ণ কথা বলে গিয়েছেন। আমরা উলামায়ে কেরাম এই আদর্শকে পরিত্যাগ করেছি। কোনো শাইখ/ উস্তাদ বা পীর-মাশাইখের মুখে এজাতীয় জবাবদিহিতা মূলক কথা আজ শোনা যায় না। চিহ্নিত ভণ্ডদের কথা বাদই দিলাম, হক্কানী দাবিদার অধিকাংশ পীর-মাশায়েখও নিজের 'অন্ধ অনুসারী'র সংখ্যা বাড়ানোর ফিকিরে আছেন। যার 'অন্ধ অনুসারী'র সংখ্যা যত বেশি তাকে ততবেশি সফল ব্যক্তি মনে করা হচ্ছে। আল্লাহ তাআলা আমাদেরকে মাফ করুন। সালাফে সালেহীনের আদর্শ ও কর্মপন্থা আঁকড়ে ধরার তাওফীক দান করুন।

যেহেতু মান্যতার শিরক নিয়ে আলোচনা চলছে। আর পীর-মাশাইখদেরকেও মান্য করা হয়, তাই হক্কানী রব্বানী পীর-মাশায়েখ বা সাদেকীন কারা তাদের নিয়ে আলোচনা করাও উপযুক্ত মনে হল।

সাদেকীন কারা

আল্লাহ তাআলা আমাদেরকে মুত্তাকী হতে বলেছেন এবং তাকওয়া হাসিলের জন্য সাদেকীনদের সংসর্গ অবলম্বন করতে বলেছেন। ইরশাদ হচ্ছে,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ.

'হে ঈমানদারগণ, আল্লাহকে ভয় কর এবং সাদেকীনের সাথে থাক।' (সূরা তাওবা:১১৯)

সূরা তাওবার এই আয়াতের বর্ণনা দিয়েই হাল-যমানার পীর-মাশায়েখ ও ইসলাহী মুরুব্বীগণ নিজ নিজ অধীনস্তদেরকে নিজেদের সংসর্গ গ্রহণ করতে উৎসাহিত করে থাকেন এবং ভাব-ভঙ্গিমায় এটা বুঝিয়ে থাকেন যে, তারাই এই যামানার সত্যবাদী বা কুরআনে বর্ণিত সাদেকীন। তাই তাদের সুহবত অবলম্বন ছাড়া ইসলাহ নসীব হবে না। আসুন আমরা প্রথমে এই আয়াতে 'সাদেকীন' এর ব্যাখ্যায় কী বর্ণিত হয়েছে তা দেখি। এরপর কুরআনের বিভিন্ন আয়াতে কাদেরকে সাদেকীন বলা হয়েছে তাও দেখব ইনশা আল্লাহ।

সাদেকীনের ব্যাখ্যা:

ইমাম কুরতুবী রহ. সাদেকীনের ব্যাখ্যায় বলেছেন, তোমরা সাদেকীনদের সাথে থাক এর অর্থ হল, যারা নবীজী সা. এর সাথে তাবুক যুদ্ধে বের হয়েছিল

তাদের সাথে থাক; মুনাফিক (যারা তাবুক যুদ্ধে বের হয়নি) তাদের সাথে থেক না। অর্থাৎ তোমরা সাদেকীনদের পথের উপর অটল-অবিচল থেক।

উল্লেখ্য, এই আয়াতে সাদেকীন দ্বারা কারা উদ্দেশ্য এ ব্যাপারে বেশ কিছু মতামত রয়েছে।

১. কেউ বলেছেন, সাদেকীন দ্বারা উদ্দেশ্য হল, আম্বিয়া আ. গণ।

২. কেউ বলেছেন, সাদেকীন দ্বারা উদ্দেশ্য হল, সূরা বাকারার ১৭৭ নং আয়াতে যাদের গুণাগুণ বর্ণনা করা হয়েছে তারা (এই আয়াতের আলোচনা সামনে আসছে)।

৩. কেউ বলেছেন, সাদেকীন দ্বারা উদ্দেশ্য হল, মক্কার মুহাজিরদের মধ্যে যারা ফকীর ছিল তারা।

৪. কেউ বলেছেন, সাদেকীন দ্বারা উদ্দেশ্য হল, যাদের জাহের বাতেন এক সমান। অর্থাৎ যারা মুনাফেকী থেকে মুক্ত।

৫. কেউ বলেছেন, সাদেকীন দ্বারা উদ্দেশ্য হল, হযরত আবূ বকর, উমর, উসমান রাযি.।

৬. কেউ বলেছেন, সাদেকীন দ্বারা উদ্দেশ্য হল, ঐ তিনজন সাহাবী যারা শয়তানের ধোঁকায় পড়ে তাবুকের জিহাদে যাননি, কিন্তু পরবর্তীতে নবীজী সা. এর কাছে সত্য সত্য নিজেদের দোষ স্বীকার করে ছিলেন, তাওবা-ইস্তিগফার করে ছিলেন অতঃপর এক পর্যায়ে আল্লাহ তাআলা তাদেরকে ক্ষমা করে দিয়ে ছিলেন। (তাফসীরে কুরতুবী, তাফসীরে তবারী, ইবনে কাসীর)।

এবার আসুন আল্লাহ তাআলা আল কুরআনে যেসব ব্যক্তিবর্গকে সাদেকীন বলে ঘোষণা করেছেন তাদেরকে খুঁজে দেখি। খুঁজে দেখি আল্লাহ তাআলা যে ধরনের সাদেকীনের সুহবত অবলম্বন করতে বলেছেন, তারা কারা? তাদের আখলাক-চরিত্র কেমন হবে? তাদের গুণাগুণ কী হবে?

ইরশাদ হচ্ছে,

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ.

'তারাই মুমিন, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনার পর সন্দেহ পোষণ করে না এবং **আল্লাহর পথে প্রাণ ও ধন-সম্পদ দ্বারা জিহাদ করে।** তারাই সত্যনিষ্ঠ/ সাদেকীন।' (সূরা হুজুরাত:১৫)

কারা গনীমতের মালের ভাগ পাবে তাদের আলোচনা করতে গিয়ে ইরশাদ হচ্ছে,

لِلْفُقَرَاءِ الْمُهَاجِرِينَ الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ وَأَمْوَالِهِمْ يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللَّهِ وَرِضْوَانًا وَيَنْصُرُونَ اللَّهَ وَرَسُولَهُ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ.

‘এই ধন-সম্পদ দেশত্যাগী নিঃস্বদের জন্যে, যারা আল্লাহর অনুগ্রহ ও সন্তুষ্টিলাভের অন্বেষণে এবং **আল্লাহ ও তাঁর রাসূলের সাহায্যার্থে নিজেদের বাস্তুভিটা ও ধন-সম্পদ থেকে বহিষ্কৃত হয়েছে।** তারাই সত্যবাদী।’ (আলহাশর:৮)

ইমাম কুরতুবী রহ. বলেছেন, **তারা আল্লাহ ও তাঁর রাসূলকে সাহায্য করে,** এর দ্বারা উদ্দেশ্য হল, তারা জিহাদ ফী সাবীলিল্লাহতে আল্লাহ ও তাঁর রাসূলকে সাহায্য করে; আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষে লড়াই করে। (তাফসীরে কুরতুবী, সূরা হাশর, আয়াত:৮)

আরো ইরশাদ হচ্ছে,

لَيْسَ الْبِرَّ أَنْ تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ وَآتَى الْمَالَ عَلَى حُبِّهِ ذَوِي الْقُرْبَى وَالْيَتَامَى وَالْمَسَاكِينَ وَابْنَ السَّبِيلِ وَالسَّائِلِينَ وَفِي الرِّقَابِ وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُوا وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاءِ وَالضَّرَّاءِ وَحِينَ الْبَأْسِ أُولَئِكَ الَّذِينَ صَدَقُوا وَأُولَئِكَ هُمُ الْمُتَّقُونَ.

‘সৎকর্ম শুধু এই নয় যে, পূর্ব কিংবা পশ্চিম দিকে মুখ করবে, বরং বড় সৎকাজ হল এই যে, ঈমান আনবে আল্লাহর উপর, কিয়ামত দিবসের উপর, ফেরেশতাদের উপর এবং সমস্ত নবী-রাসূলগণের উপর, আর সম্পদ ব্যয় করবে তাঁরই মহব্বতে আত্মীয়-স্বজন, এতীম-মিসকীন, মুসাফির-ভিক্ষুক ও মুক্তিকামী ক্রীতদাসদের জন্যে। আর যারা নামায প্রতিষ্ঠা করে, যাকাত দান করে এবং যারা কৃত প্রতিজ্ঞা সম্পাদনকারী এবং অভাবে, রোগে-শোকে ও **যুদ্ধের সময় ধৈর্য্যধারণকারী** তারাই হল সত্যাশ্রয়ী (সাদেকীন), আর তারাই পরহেযগার।’ (আল বাকারা:১৭৭)

ইবনে কাসীর রহ. বলেন,

وحين البأس   أي : في حال القتال والتقاء الأعداء

“‘হীনাল বাআস’ দ্বারা উদ্দেশ্য হল, তারা যুদ্ধের সময় এবং শত্রুবাহিনীর সম্মুখীন হওয়ার সময় ধৈর্য ধারণ করে।” (তাফসীরে ইবনে কাসীর)

আল-কুরআনে সাদেকীনদের পরিচয় সম্বলিত আমার জানামতে এই তিনটি আয়াতই আছে। এই তিনটি আয়াতে সাদেকীনদের যেসব গুণাগুণের কথা উল্লেখ করা হয়েছে তা আমি সংক্ষেপে নিম্নে পেশ করছি:

১. তারা আল্লাহর উপর ঈমান রাখে।

২. তারা রাসূল সা. এর উপর ঈমান রাখে এবং সাথে সাথে ঐ সব বিষয়েও ঈমান রাখে যেসব বিষয়ে ঈমান আনয়ন না করলে মুমিন হওয়া যায় না, যেমন: আসমানী কিতাব, কিয়ামত দিবস, রাসূলগণ ইত্যাদি।

৩. তারা পোখ্‌তা ঈমানদার; ঈমান আনয়নের পর তারা সমান্যতম সন্দেহ পোষণ করে না।

৪. তারা আল্লাহর পথে নিজের জান দিয়ে জিহাদ করে।

৫. তারা আল্লাহর পথে নিজের ধন-সম্পদ দিয়ে জিহাদ করে।

৬. তারা কুরআন-সুন্নাহ প্রতিষ্ঠার জন্য কাফেরদের সাথে যুদ্ধে লিপ্ত হওয়ার পর যুদ্ধের বিভিন্ন পরীক্ষামূলক হালতের উপর ধৈর্য ধারণ করে।

৭. তারা দ্বীনের জন্য এত বেশি কুরবানী পেশ করে যে, প্রয়োজনে নিজের দেশ, ধন-সম্পদ ও ঘর-বাড়ি ছেড়ে দিয়ে এমন জায়গায় চলে যায়, যেখানে গিয়ে পরিপূর্ণভাবে আল্লাহর দ্বীন পালন করতে পারবে।

৮. তারা আত্মীয়-স্বজন, মুসাফির, কৃতদাসের মুক্তির ক্ষেত্রে এবং এতীম-মিসকীনদেরকে নিজের ধন-সম্পদ দান করে।

৯. সালাত কায়েম করে। যাকাত প্রদান করে।

১০. অভাবে, রোগে, শোকে ও বিপদাপদে ধৈর্য ধারণ করে।

এই আয়াত তিনটির উপর গভীরভাবে চিন্তা-ফিকির করলে সাদেকীনদের আরো কিছু বৈশিষ্ট্য বের করা যাবে। আমি সংক্ষেপ করণার্থে এ কয়টির উপরই ক্ষান্ত করলাম। এবার আসুন মিলিয়ে দেখি। হাল যমানার ঐ সব পীর-মাশায়েখ যাদেরকে তাদের ভক্তগণ সাদেকীন এর আসনে বসিয়েছে এবং তারাও উক্ত অবস্থার উপর সন্তুষ্টি জাহের করেছেন, তাদের মধ্যে কুরআনে উল্লেখিত সাদেকীনদের সবগুলো গুণ পাওয়া যায় কিনা? হ্যাঁ, তাদের মধ্যে বেশ কিছু গুণ পাওয়া যায়, যেমন, আল্লাহ, আল্লাহর রাসূল, আখেরাত, হিসাব নিকাশ, ফিরিশতা ইত্যাদি বিষয়ে ঈমান আনয়ন। আবার কিছু গুণ পাওয়া যায় না। যেমন, জান-মাল দ্বারা জিহাদে অংশ গ্রহণের গুণ তাদের মধ্যে পাওয়া যায় না। অথচ তিনটি আয়াতের প্রত্যেকটির মধ্যেই জিহাদের গুণটিকে উল্লেখ

করা হয়েছে যা অন্যান্য গুণগুলোর বেলায় হয়নি। জিহাদ ফরযে কিফায়া থাকা অবস্থাতেও কিফায়ার দাবি পূর্ণ না হওয়া পর্যন্ত জান-মাল দ্বারা জিহাদে শরীক হতে হবে, অন্যথায় ঈমানের পূর্ণতা অর্জন হবে না এবং সাদেকীনদের অন্তর্ভুক্তও হওয়া যাবে না। কেননা কিফায়ার দাবি পূর্ণ না হওয়া পর্যন্ত জিহাদ ফরযে আইন থাকে। তাছাড়া বর্তমানে তো বিভিন্ন কারণে বিশ্ব মুসলিমদের উপর জিহাদ ফরযে আইন হয়ে রয়েছে। এই অবস্থায় যদি পীর-মাশায়েখগণ জিহাদে শরীক না হন, জান-মাল দ্বারা জিহাদ না করেন, যুদ্ধের ময়দানে ধৈর্যের সবক হাসিল না করেন, কিংবা অন্তত: যারা জিহাদের ময়দানে কাজ করছে, তাদের পক্ষে ফাতওয়া দিয়ে সমর্থন না যোগান এবং সাধ্যানুযায়ী মালী সহায়তা না করেন, তাহলে তারা কীভাবে সাদেকীনের অন্তর্ভুক্ত হতে পারেন? কোনো ফরয আমল ছেড়ে দিলে কি কবীরা গুনাহ হয় না? আর কবীরা গুনাহকারী এবং কবীরা গুনাহে লিপ্ত ব্যক্তি, বিশেষত যার ঐ গুনাহ সম্পর্কে কোনো অনুভূতিই নাই এবং সে ঐ গুনাহকে গুনাহ-ই মনে করে না, এরূপ ব্যক্তি কোনোভাবেই সাদেকীনের অন্তর্ভুক্ত হতে পারে না। কবীরা গুনাহ থেকে খালেস তাওবা করা ছাড়া কোনো ব্যক্তি আল্লাহওয়ালা হতে পারে না।

এখন প্রশ্ন হতে পারে, তাকওয়া হাসিলের জন্য যেহেতু আল্লাহ তাআলা সাদেকীনদের সঙ্গ অবলম্বন করতে বলেছেন, তাই অবশ্যই সাদেকীনদের অস্তিত্ব পৃথিবীতে থাকবে, যদি আমাদের চোখে দেখা পীর-মাশায়েখগণ সাদেকীন না হয়ে থাকেন, তাহলে সাদেকীন কারা?

এর উত্তর হল, সাদেকীনের ব্যাখ্যায় তাফসীরের কিতাবে যেসব ব্যক্তিবর্গের কথা উল্লেখ করা হয়েছে এবং কুরআনে সাদেকীন হওয়ার জন্য যেসব সিফাত উল্লেখ করা হয়েছে সেসব সিফাত বা গুণাগুণ যাদের ভিতর পাওয়া যাবে তারাই সাদেকীন। বর্তমান যমানায় ঐ সব মুত্তাকী, পরহেযগার মুজাহিদ উলামাগণ সাদেকীনের অন্তর্ভুক্ত যারা পৃথীবির বিভিন্ন ফ্রন্টে আল্লাহর শত্রুদের বিরুদ্ধে নিজ জান-মাল দ্বারা জিহাদে অবতীর্ণ হয়েছেন। কুফুরী শক্তিকে ধ্বংস করে পৃথীবিময় আল্লাহর দ্বীনকে বিজয়ী করার জন্য, আল্লাহর কালিমাকে বুলান্দ করার জন্য নিজের মান-সম্মান, ঘর-বাড়ী, পরিবার-পরিজন, ধন-সম্পদ, সুখ-স্বাচ্ছন্দ সব কিছু ত্যাগ করে মরু ভূমি, বন-জঙ্গল ও পাহাড়-পর্বতে ফকীরানা জীবন-যাপন করছেন। শত্রুর উপর একের পর এক আঘাত হেনে শত্রুর দম্ভকে চূর্ণবিচূর্ণ করে দিচ্ছেন; কুফরের ঝাণ্ডাকে পদদলিত করছেন। উম্মাহর জন্য নিজেকে উৎসর্গ করে দিয়েছেন। যেদিক থেকেই মজলুমানের আহ! ধ্বনি ভেসে আসছে সেদিকেই তিনি ছুটে যাচ্ছেন, তাঁরাই হল প্রকৃত সাদেকীন। তাঁদের সংসর্গ অবলম্বনের আদেশই আল্লাহ তাআলা

দিয়েছেন। তাদের সুহবতে থাকলেই অতিঅল্প সময়ে তাকওয়া, ইখলাসসহ আত্মশুদ্ধির অন্যান্য বিষয়গুলো খুব সহজে হাসিল হবে ইনশাআল্লাহ। তাই আসুন আর অপেক্ষা কীসের! তাঁদেরকে খুঁজে বেড়াই। তাঁদের সুহবতে থাকার জন্য মনে প্রাণে প্রস্তুত হই।

৩. শিরকের তৃতীয় প্রকার হল, শিরকুল মুহাব্বাহঃ অর্থাৎ মুহাব্বতের মধ্যে শিরক করা। ইরশাদ হচ্ছে,

وَمِنَ النَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ اللهِ أَندَاداً يُحِبُّونَهُمْ كَحُبِّ اللهِ وَالَّذِينَ آمَنُواْ أَشَدُّ حُبًّا لِّلّهِ

'আর কোনো কোনো লোক এমনও রয়েছে যারা আল্লাহকে রেখে অন্যান্যকে আল্লাহর সমকক্ষ সাব্যস্ত করে এবং তাদের প্রতি তেমনি ভালবাসা পোষণ করে, যেমন আল্লাহর প্রতি ভালবাসা হয়ে থাকে। কিন্তু যারা ঈমানদার তারা আল্লাহকে প্রচণ্ড ভালবাসে।' (আলবাকারা:১৬৫)

মুহাব্বত চার ধরনেরঃ

ইবনুল কাইয়্যিম রহ. বলেছেন, মুহাব্বত চার ধরনের। প্রত্যেক প্রকারের পার্থক্য জানা উচিত। অন্যথায় গোমরাহীর আশংকা রয়েছে।

ক. আল্লাহকে মুহাব্বত করা। (শুধু আল্লাহকে মুহাব্বত মুক্তির জন্য যথেষ্ট নয়। কারণ, মুশরিকীন এবং ইয়াহুদী-নাসারাগণও আল্লাহকে মুহাব্বত করে, কিন্তু তাদের এই মুহাব্বত তাদের মুক্তির জন্য যথেষ্ট হবে না।)

খ. আল্লাহ তাআলা যা কিছু ভালবাসেন তা ভালবাসা, তিনি যা কিছু পছন্দ করেন তা পছন্দ করা। এই প্রকারের মুহাব্বতই মানুষকে ইসলামে দাখেল করে। আর এই মুহাব্বতের অনুপস্থিতি মানুষকে কাফেরে পরিণত করে।

গ. আল্লাহর জন্য ভালবাসা। দ্বিতীয় প্রকারের ভালবাসা/ মুহাব্বত তৈরি হলে তৃতীয় প্রকার এমনিতেই তৈরি হয়ে যায়। এই প্রকারের মুহাব্বত দ্বিতীয় প্রকারের মুহাব্বতের আবশ্যকীয় অংশ।

ঘ. আল্লাহর সাথে অন্য কাউকে ভালবাসা। আল্লাহকে যেমন ভালবাসা হয় অন্য কাউকে ঠিক তেমন বা তার চেয়ে বেশি ভালবাসা। এটাই হল শিরকী মুহাব্বত। যেকেউ আল্লাহর সাথে অন্যকাউকে বা অন্য কিছুকে ভালবাসবে সে মুশরিক হয়ে যাবে। কারণ, তখনকার মুশরিকরা আল্লাহর সমকক্ষ স্থির করে তাদেরকে আল্লাহর মতই ভালবাসত। আল্লাহ তাআলা এই ভালবাসার কারণে তাদেরকে মুশরিক বলেছেন।

৪. শিরকে আকবারের ৪র্থ প্রকার হল নিয়তের মধ্যে শিরক করাঃ

অর্থাৎ কোনো আমল দ্বারা আল্লাহর সন্তুষ্টি আশা করা ব্যতীত অন্যকারো সন্তুষ্টি আশা করা; শুধু অন্যকারো সন্তুষ্টি অর্জনের জন্যই আমলটা করা। এই প্রকারের শিরক কারো থেকে পাওয়া গেলে তার ঈমান-আমল গ্রহণ করা হবে না। ইরশাদ হচ্ছে,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ لاَ تُبْطِلُواْ صَدَقَاتِكُم بِالْمَنِّ وَالأذَى كَالَّذِي يُنفِقُ مَالَهُ رِئَاء النَّاسِ وَلاَ يُؤْمِنُ بِاللّهِ وَالْيَوْمِ الآخِرِ فَمَثَلُهُ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَأَصَابَهُ وَابِلٌ فَتَرَكَهُ صَلْدًا لاَّ يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّمَّا كَسَبُواْ وَاللّهُ لاَ يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ.

'হে ঈমানদারগণ! তোমরা অনুগ্রহের কথা প্রকাশ করে এবং কষ্ট দিয়ে নিজেদের দান খয়রাত বরবাদ করো না, সে ব্যক্তির মত যে নিজের ধন-সম্পদ লোক দেখানোর উদ্দেশ্যে ব্যয় করে এবং আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে না। অতএব, এ ব্যাক্তির দৃষ্টান্ত একটি মসৃণ পাথরের মত যার উপর কিছু মাটি পড়েছিল। অতঃপর এর উপর প্রবল বৃষ্টি বর্ষিত হলো, অনন্তর তাকে সম্পূর্ণ পরিষ্কার করে দিল। তারা ঐ বস্তুর কোন সওয়াব পায় না, যা তারা উপার্জন করেছে। আল্লাহ কাফের সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না।' (আল বাকারা:২৬৪)

তাছাড়া আল্লাহ তাআলা কুরআনের বহু আয়াতে, একটিনষ্ঠভাবে শুধু তারই বন্দেগী করতে বলেছেন। আর সহীহ হাদীসে ইরশাদ হচ্ছে, 'শুরাকাদের মধ্যে আমি শিরক থেকে সবচেয়ে বেশি অমুখাপেক্ষী, যে ব্যক্তি এমন কোনো আমল করল যার মধ্যে সে আমার সাথে অন্য কাউকে শরীক করল, তাহলে আমি তাকে এবং তার শিরককে পরিত্যাগ করব।' (সহীহ মুসলিম হাদীস নং-২৯৮৫, আকীদাতুত তায়েফাতুল মানসূরাহ পৃ.৮)

বি.দ্র. নিয়তের মধ্যে শিরকের অনেক স্তর ও প্রকার আছে। এর মধ্যে কিছু প্রকার আছে শুধু শিরকে আসগার তথা রিয়ার মধ্যে সীমাবদ্ধ। যেমন: আমল শুরু করার সময় আল্লাহর সন্তুষ্টি উদ্দেশ্য ছিল কিন্তু শুরু করার পর লোক দেখানো ভাব চলে আসল, তাহলে এটা হবে রিয়া। আর কিছু প্রকার আছে যা বৈধ। যেমন: কেউ রোযা রাখল সাওয়াব অর্জন এবং সুস্থতা ধরে রাখার জন্য। আর যে প্রকারটি শিরকে আকবার তথা যার কারণে মুমিন ব্যক্তি মুশরিকে পরিণত হয় তাহল, কোনো একটি আমল শুরু করার পূর্ব থেকেই আল্লাহ ব্যতীত অন্য কারো সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে করা এবং উক্ত আমল দ্বারা বিন্দু মাত্র আল্লাহর সন্তুষ্টি আশা না করা।

ঈমান ও ঈমান ভঙ্গের কারণ

ঈমানের সংজ্ঞাঃ

....
ঈমানের সংজ্ঞায় জুমহুর সালাফগণ ও ইমাম আবূ হানীফা রহ. এর মধ্যে দ্বিমত বিদ্যমান। ইমাম আব্দুল আয আল-হানাফী (রহ.) বলেন :

ذهب مالك و الشافعي و أحمد و الأوزاعي و إسحق بن راهويه وسائر أهل الحديث وأهل المدينة رحمهم الله وأهل الظاهر وجماعة من المتكلمين : إلى أنه تصديق بالجنان وإقرار باللسان وعمل بالأركان وذهب كثير من أصحابنا إلى ما ذكره الطحاوي رحمه الله : أنه الإقرار باللسان والتصديق بالجنان ومنهم من يقول : إن الإقرار باللسان ركن زائد ليس بأصلي وإلى هذا ذهب أبو منصور الماتريدي رحمه الله ويروى عن أبي حنيفة رضي الله عنه (شرح العقيدة الطحاوية)

'ইমাম মালেক, শাফিঈ, আওযাঈ, ইসহাক বিন রাহবিয়া (রহ.) এবং সকল মুহাদ্দিস, মদিনাবাসিগণ, জাহিরীগণ ও অনেক তর্কশাস্ত্রবিদের মত হল, 'ঈমান হল অন্তরে সত্যায়ন, মুখে স্বীকারোক্তি ও অঙ্গ-প্রত্যঙ্গ দ্বারা আমলের নাম।' তবে আমাদের মাযহাবের অনুসারীদের মধ্য থেকে অনেকে ইমাম ত্বহাবী (রহ.) এর মত গ্রহণ করেছেন যে, 'ঈমান হল, আন্তরিক সত্যায়ন ও মৌখিক স্বীকারোক্তি।' আর কারো কারো মত হল, 'মৌখিক স্বীকারোক্তি একটি অতিরিক্ত রুকন; মৌলিক নয়।' এই মতটি গ্রহণ করেছেন, আবূ মানসুর আল-মাতূরিদী (রহ.)। তিনি এটি ইমাম আবূ হানীফা (রহ.) থেকে বর্ণনা করেছেন।'

ইমাম আবূ হানীফা (রহ.)-এর উপরোক্ত মতের উপর ভিত্তি করে অনেককে বলতে শুনা যায়, 'কেউ যদি শুধু অন্তরে আল্লাহকে এক বলে জানে ও মুহাম্মাদ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে তাঁর প্রেরিত রাসূল মনে করে, তাহলেই সে ঈমানদার বলে গণ্য হবে। যদিও সারা জীবন মৌখিকভাবে স্বীকারোক্তি না দেয়, কোন আমল না করে, তথাপি একদিন না এক দিন জান্নাতে প্রবেশ করবে।' যারা এই মত ব্যক্ত করে থাকে তারা মূলত অজ্ঞ। ইমাম আবূ হানীফা (রহ.) এর উক্তি উপলব্ধি করার মত জ্ঞান তারা রাখে না। তার কথার মর্মার্থ কখনই এমনটি নয়। ইমাম আবূ হানীফা (রহ.) এর মত হল, মৌখিক স্বীকারোক্তি ও আমল ঈমানের অংশ নয় তবে ঈমানের জন্য আবশ্যক। অর্থাৎ ঈমান বলা হয় ঐ বিশ্বাসকে যা সামর্থ্য থাকার শর্তে মৌখিক স্বীকারোক্তি ও আমলকে আবশ্যক করে। ('সামর্থ্য থাকার শর্তে' বলা হয়েছে, কারণ যার মৌখিক স্বীকারোক্তীর সামর্থ্য নেই যেমন বোবা, তার জন্য মৌখিক স্বীকারোক্তী শর্ত নয়।) যদি কেউ অন্তর দ্বারা জানে আল্লাহ এক এবং মুহাম্মাদ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর প্রেরিত রাসূল, কিন্তু এই জ্ঞান তাঁকে আল্লাহর সামনে মৌখিকভাবে ও কার্যক্রমের মাধ্যমে আত্মসমর্পণে বাধ্য না করে, তাহলে এটিকে ঈমান বলা হয় না, কেননা ঈমান বলা হয় গভীর ও সুদৃঢ়

বিশ্বাসকে। শুধুমাত্র কোন বিষয় জানা থাকাকে নয়। আর কারো যদি আল্লাহর প্রতি দৃঢ় বিশ্বাস থাকে, তাহলে সে তাঁকে মানতে বাধ্য। ফলে তখন অঙ্গপ্রত্যঙ্গ দ্বারা তার বিশ্বাসের বহি:প্রকাশ ঘটবেই।

মূলত ইমাম আবূ হানীফা (রহ.) ও আহলুস সুন্নাহর অন্যান্য ইমামদের মাঝে ঈমানের সংজ্ঞায় যে পার্থক্য, সেটি সূক্ষ্ম শাব্দিক একটি পার্থক্য যা অনেকেই বুঝতে সক্ষম হয় না। উপরোক্ত পার্থক্য বুঝার জন্য একটি দৃষ্টান্ত হল, কোন এক ব্যক্তি মূর্তির সামনে স্বেচ্ছায় সিজদাহ করল। ইমাম আবূ হানীফা (রহ.) সহ অন্যান্য সকল ইমামগণ বলবেন, সে কাফের হয়ে গেছে। এ ব্যাপারে আহলুস-সুন্নাহর মাঝে কোন দ্বিমত বিদ্যমান নেই। এখন যদি অন্যান্য ইমামগণকে জিজ্ঞাসা করা হয়, সে কেন কাফের হল? তারা বলবেন, সে এমন একটি কাজ করেছে যা ঈমানের বিপরীত, তাই সে কাফের হয়ে গেছে। আর ইমাম আবূ হানীফা (রহ.) কে জিজ্ঞাসা করলে বলবেন, লোকটি কাফের হয়ে গেছে কেননা তার অন্তরে ঈমান নেই। যদি ঈমান থাকত সে কখনই মূর্তিকে সিজদাহ করত না। মূর্তির সামনে সিজদাই প্রমাণ করে তাঁর অন্তর ঈমান শূন্য। (শরহুআকীদাতিত তহাবিয়্যাহ, ইমাম আব্দুল আয আল-হানাফী)

এই বিষয়টি ভালোভাবে অনুধাবন করা উচিৎ। কেননা ঈমানের অর্থ যদি হয় শুধু অন্তর দ্বারা জানা, তাহলে আবূ তালিব মুমিন হবে না কেন ? রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে বাস্তবেই আল্লাহর রাসূল এটি সে ভালোভাবেই জানত এবং বুঝত, কিন্তু প্রবৃত্তি ও বংশীয় অহমিকার কারণে সে আল্লাহর সামনে আত্মসমর্পণ করেনি, তাই সে কাফের বলেই গণ্য হবে। দ্বীনের এত উপকার করা স্বত্ত্বেও জাহান্নামী বলে বিবেচিত হবে। একইভাবে, ঐ সময় অনেক ইয়াহুদি ছিল যারা রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সত্য, তাঁর আনীত বিধানাবলি সত্য এটা ভালোভাবেই জানত। তারা নিজ নিকটাত্মীয়দেরকে রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আনুগত্যের পরামর্শ দিত, কিন্তু প্রবৃত্তির তাড়নায় নিজেরা তাকে মেনে নেয়নি। আল্লাহ তাআলা তাদের ব্যাপারে বলেছেন :**"আমি যাদেরকে কিতাব দিয়েছি তারা নিজ সন্তানদের ন্যায় তাঁকে চেনে কিন্তু তাদের একটি দল জানা সত্ত্বেও সত্যকে গোপন করে।"** তারা মুহাম্মাদ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আল্লাহর প্রেরিত রাসূল হিসাবে সেভাবে চিনত যেভাবে নিজ সন্তানদেরকে চিনে। তথাপি তারা মুমিন হতে পারেনি। বরং তারা কাফের। চির জাহান্নামী। তাই বিষয়টি ভালোভাবে অনুধাবন করা উচিৎ।

মুসলিম দাবিদার ব্যক্তিকে কি কখনো কাফের আখ্যায়িত করা যাবে?

ঈমান ভঙ্গ হয়ে যাওয়া এবং কাউকে তাকফীর বা কাফের আখ্যায়িত করার ব্যাপারে দু'টি দল বাড়াবাড়ি ও ছাড়াছাড়ির আশ্রয় গ্রহণ করেছে। খারেজীগণ (যাদেরকে নবীজী সা. জাহান্নামের কুকুর বলে আখ্যায়িত করেছেন) এ ক্ষেত্রে চরমপন্থা অবলম্বন করেছে। ফলে তারা কবীরা গুনাহের কারণে মুমিনকে কাফের বলে আখ্যায়িত করে। যেমন, কেউ যদি যিনা করে কিংবা মদ পান করে তাহলে এই গুনাহের কারণে তারা মুসলিম ব্যক্তিকে কাফের বলে আখ্যায়িত করে।

আর মুরজিয়াগণ এক্ষেত্রে অত্যন্ত শিথীলপন্থা গ্রহণ করেছে। ফলে তারা কোনো আমলের কারণে কাউকে কাফের বলে না যতক্ষণ না কেউ অন্তর থেকে ইসলামকে অস্বীকার করে। তাই তারা কোনো মুসলিম ব্যক্তি মূর্তীকে সিজদা করলেও তাকে কাফের বলে না, কোনো মুসলিম ব্যক্তি আল্লাহ কিংবা আল্লাহর রাসূল সা.কে গালি দিলে তাকে কাফের বলে না। তারা মনে করে জুহুদে কলবী 'অন্তরনিহিত অস্বীকার' ব্যতীত কেউ কাফের হয় না। আল্লাহ তাআলা আমাদেরকে চরম পন্থা এবং শিথীলপন্থা উভয় পন্থা থেকেই হেফাজত করেন। আমীন।

আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ কি কাউকে তাকফীর করে?

আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ তাকফীরের ক্ষেত্রে মধ্য পন্থা অবলম্বন করেছে। তারা শুধু গুনাহের কারণে কাউকে তাকফীর করে না, আবার কাফের হওয়ার জন্য 'অন্তরনিহিত অস্বীকার'কেও শর্ত মনে করে না। ফলে তারা যিনা ও চুরীর মত কবীরা গুনাহের কারণে কাউকে কাফের বলে না। পক্ষান্তরে কারো কাছ থেকে যদি স্পষ্ট কুফুরী কাজ পাওয়া যায় তাহলে তাকে কাফের আখ্যায়িত করার জন্য 'জুহুদে কলবীর' অপেক্ষাও করে না। অতএব, কেউ যদি মূর্তীকে সিজদা করে, তাহলে সে আল্লাহলুসসুন্নাহ ওয়াল জামাআহ-এর ইমামগণের মতে কাফের হয়ে যাবে। এমনিভাবে যদি কেউ আল্লাহ কিংবা আল্লাহর রাসূল সা. কে গালি দেয় তাহলে সেও কাফের হয়ে যাবে। তাকে কাফের আখ্যায়িত করার জন্য তার অন্তরের বিশ্বাসের যাচাইয়ের কোনো প্রয়োজন নেই। অর্থাৎ কোনো ব্যক্তি নিজেকে মুসলিম দাবি করে, সে ইসলামের বিভিন্ন হুকুমও আদায় করে, যেমন, নামায পড়ে, রোযা রাখে, যাকাত দেয়, কুরআন তিলাওয়াত করে,আবার এই লোকটি গণতন্ত্রকে বিশ্বাস করে, দেশে গণতন্ত্র কায়েমের জন্য নিজের জান-মাল উৎসর্গ করে, শরয়ী আইনকে অপছন্দ করে, শরয়ী শাসনকে মধ্যযুগীয় অন্ধকার শাসন কলে বিশ্বাস করে, তাহলে এই লোকটি দৈনিক শতবার নিজেকে মুসলিমদাবি করলেও সে মূলত মুসলিম নয়।

সে আল্লাহর কাছে এবং শরীয়তের আইনে কোনো জায়গায় মুসলিম বলে বিবেচিত হবে না। কারণ, তার থেকে কুফুরীর মত সর্ববিধ্বংসী গুনাহ প্রকাশ পেয়েছে। আহলুসসুন্নাহ সাধারণ কবীরাগুনাহের কারণে কাউকে কাফের বলে না, কিন্তু কুফুরী পর্যায়ের কবীরা গুনাহ কারো থেকে প্রকাশ পেলে তাকে কাফের বলতে দ্বিধাও করে না। এটাই হল আহলুসসুন্নাহ ওয়াল জামাআতের আকীদা; এটাই হল মধ্যপন্থা। আল্লাহ তাআলা আমাদেরকে তাকফীরের ক্ষেত্রে মধ্য পন্থা গ্রহণের তাওফীক দান করুন। (বিস্তারিত দেখুন: আকীদাতুত তায়েফাতিল মানসূরাহ পৃ.১২)

আমরা মুরজিয়া হয়ে যাচ্ছি নাতো?

প্রিয় পাঠক! উপরের আলোচনা দ্বারা একথা প্রতীয়মাণ হল যে, তাকফীরের জন্য জুহুদে কলবীকে শর্ত গণ্য করে পথভ্রষ্ট মুরজিয়া সম্প্রদায়। আর আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ-এর নিকট তাকফীরের জন্য 'জুহুদে কলবী' শর্ত নয়। ফলে কাউকে বাহ্যিকভাবে কুফুরী কাজে লিপ্ত দেখলে তাকে কাফের বলে আখ্যায়িত করা যাবে। বরং করতে হবে। যেন অন্যান্য মানুষ তার অনিষ্টতা থেকে এবং কুফুরী থেকে বাঁচতে পারে। অথচ আমাদের উলামায়ে কেরাম এ ব্যাপারে সতর্ক হতে হতে মুরজিয়াদের অবস্থানে পৌঁছে যাচ্ছেন। এমনকি তাদের অনেককে বলতেও শোনা যায়, 'ওমুকের অন্তরের অবস্থা না জেনে কীভাবে কাফের বলা যায়!'

কিছু কিছু মুফতীদের অবস্থা আরো হাস্যকর। কোনো একজন মুফতী সাহেবকে জিজ্ঞেস করা হল, কেউ যদি আল্লাহর রাসূল সা.কে গালি দেয়, আল-কুরআনকে ডাস্টবিনে ফেলে দেয় তাহলে সে কাফের হবে কিনা? তিনি উত্তর দিলেন, হ্যাঁ, এটা কুফুরী কাজ, কেউ এমন কাজ করলে সে কাফের হয়ে যাবে। এরপর তাকেই জিজ্ঞেস করা হল, গাবতলার বাসিন্দা কামরুলের ছেলে ভিমরুল ঐ কুফুরী কাজ করেছে এখন তাকে কাফের বলে আখ্যায়িত করা যাবে কিনা? তিনি বললেন, দেখ! যদিও কাজটা কুফুরী কিন্তু একজন মুসলমানের ছেলেকে হুট করে কাফের বলে ফেলা যায় না! তাই এ ব্যাপারে চুপ থাকাই ভাল।

কী চমৎকার জবাব! কাফেরকে কাফের বলতে ভয় পাচ্ছে। কাফেরকে কাফের না বলা সতর্কতা মনে করছে। শাতেমুর রাসূলের ব্যাপারে সদয় আচরণ করছে। আচ্ছা! আল্লাহ তাআলা কি কাফেরদেরকে কাফের বলে আখ্যায়িত করেন নি? সূরা আল-কাফেরুন খুলে দেখুন। আল্লাহর হাবীব কি

কাফেরদেরকে কাফের বলার ক্ষেত্রে সর্তকতার নামে তাদেরকে কাফের বলা থেকে বিরত ছিলেন? সীরাতের কিতাবগুলো একটু খুলে দেখুন। সালাফুস সালেহীন কি কোনো মুসলিম থেকে কুফুরী কাজ প্রকাশ পেলে তাকে কাফের বলে ফতওয়া দেননি? পরবর্তী উলামাগণও কি এমনটি করেন নি? মনসূর হাল্লাজকে তো তখনকার মুফতীতের ফতওয়ার ভিত্তিতেই মুরতাদ হিসাবে হত্যা করা হয়েছিল। তাহলে এত ভয় কেন? তাকফীরের ক্ষেত্রে সত্য উচ্চরণের এই ভয়টাই আমাদেরকে মুরজিয়া বানিয়ে দিচ্ছে। আমরা নব্য মুরজিয়া; মুরজিয়াদের নতুন ভার্সন। কোনো কাফেরকেও আমরা এখন কাফের বলতে ভয় পাই, পাছে যদি তার কলবে গোপন ঈমান থাকে!!

ভাল করে জেনে রাখুন, কারো কাছ থেকে 'কুফরে বাওয়াহ' প্রকাশ্য কুফর প্রকাশ পেলে তাকে তাকফীর করার জন্য অন্তরের অবস্থা জানা আহলুসসুন্নাহ ওয়াল জামাআহ এর মতে শর্ত নয়। এ শর্ত পথভ্রষ্ট মুরজিয়াদের। তাই আমরা যারা নিজেদেরকে হক্কানী মনে করি, জাতির রাহবার হিসাবে নিজেদেরকে প্রকাশ করি, তারা যেন তাকফীরের ক্ষেত্রে মুরজিয়াদের শিথীলপন্থা অবলম্বন থেকে বিরত থাকি। আর তাকফীর, নাওয়াকেযে ঈমান (ঈমান ভঙ্গের কারণ), তাওহীদ, তাগুত এজাতীয় অতীবগুরুত্বপূর্ণ বিষয়ে উম্মাহকে সঠিক দিকনির্দেশনা দান করি।

আজতো আমরা আমীন জোরে বলা হবে নাকি আস্তে বলা হবে, হাত কতটুকু উঠাতে হবে, সিজদায় কীভাবে যেতে হবে এজাতীয় গুরুত্বহীন বিষয় নিয়ে ঘন্টার পর ঘন্টা বক্তৃতা করি, কিন্তু তাওহীদ কাকে বলে? ঈমানের জন্য কী কী শর্ত? তাগুত বর্জন ছাড়া ঈমান সহীহ হবে কিনা? কী কী কারণে ঈমান ভেঙ্গে যায়? কোন কোন কারণে ইসলামের দাবীদার ব্যক্তিও মুরতাদে পরিণত হয়? এ জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করার মত সময় আমাদের হয় না। অথচ সহীহ ঈমান ছাড়া, সহীহ তাওহীদ লালন করা ব্যতীত এবং তাগুত বর্জন ব্যতীত কেউ আখেরাতে মুক্তি পাবে না। বরং চিরকাল জাহান্নামের আগুনে জ্বলতে হবে।

তাই আসুন! ঈমান, ইসলাম, তাওহীদ, তাগুত, নাওয়াকেযে ইসলাম ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বেশি বেশি আলোচনা করি, উম্মাহকে বাঁচাই, নিজেও বাঁচি, নিজের মুক্তির একটা পথ তৈরি করি। শিক্ষা প্রতিষ্ঠানে শুরুর দিকেই ছাত্রদেরকে এসব গুরুত্বপূর্ণ বিষয়গুলো সংক্ষেপে শিক্ষা দেই। তাদের ঈমান রক্ষার ব্যবস্থা করি। আল্লাহ তাআলা আমাদেরকে তাওফীক দান করুন। আমীন।

৯৯টি কুফর আর একটি নেক আমল

বর্তমান সমাজে একটি কথা প্রচলিত আছে। কেউ যদি ৯৯ টি কুফরী কাজ করে আর একটি এমন কাজ করে যা প্রমাণ বহন করে যে সে মুসলিম, তাহলে তাকে কাফের বলা যাবে না। এর দ্বারা তারা উদ্দেশ্য নিয়ে থাকে, যারা নামায পড়ে, রোযা রাখে, কিন্তু মাজারে সিজদা করে, মৃত ব্যক্তির নিকটে সাহায্য প্রার্থনা করে, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আ'লিমুল গায়েব (সকল অদৃশ্য জ্ঞানের অধিকারী) বলে দাবি করে, তাদেরকে কাফের বলা যাবে না।

এ মতটি কুরআন-সুন্নাহর সাথে সাংঘর্ষিক, সাহাবায়ে-কেরাম, তাবেয়ীন এবং তাবয়েতাবেয়ীনের মতের সম্পূর্ণ বিপরীত। কেননা নবীজী সা. এর ইন্তিকালের পর ইরতিদাদের ফেতনার সময় সাহাবায়ে কেরাম রাযি. ঐক্যমতের ভিত্তিতে ঐ সমস্ত ব্যাক্তিদেরকে মুরতাদ ফতওয়া দিয়ে ছিলেন, যারা ইসলামের সকল বিধান পালন করত কিন্তু শুধুমাত্র যাকাতের বিধান পালনে অস্বীকৃতি জানিয়েছিল। তাদের কাছ থেকে ৯৯টি ভাল কাজ পাওয়া গিয়েছিল আর মাত্র একটি কুফুরী কাজ পাওয়া গিয়েছিল। তাসত্ত্বেও সাহাবায়ে কেরাম রাযি. তাদেরকে শুধু কাফের-মুরতাদ আখ্যায়িত করেই ক্ষান্ত হননি

বরং তাদের বিরুদ্ধে যুদ্ধ করে তাদেরকে ধ্বংস করে দিয়েছিলেন। এই হল, সাহাবায়ে কেরাম রাযি. এর মানহাজ।

অনেকে বলে থাকেন, উপরোক্ত মতটি ইমাম আবূ হানীফা (রহ.) এর। অথচ ইমাম আবূ হানীফা (রহ.) ঐ ব্যক্তিদেরকে কাফের আখ্যায়িত করেছেন যারা আল্লাহর সকল বিধান মানত, নামায পড়ত, রোযা রাখত, হজ্জ করত, যাকাত দিত, কিন্তু শুধুমাত্র বলত 'কুরআন মাখলুক'। ইবনু আবী হাতেম বর্ণনা করেন:

قال ابن أبي حاتم الحافظ ثنا أحمد بن محمد بن مسلم ثنا على ابن الحسن الكراعي قال: قال أبو يوسف: ناظرت أبا حنيفة ستة أشهر فاتفق رأينا على أن من قال: القرآن مخلوق فهو كافر

'ইমাম আবূ ইউসুফ (রহ.) বলেছেন, আমি ইমাম আবূ হানীফার সাথে ৬ মাস বাহাস (পর্যালোচনা) করেছি, অতঃপর আমরা এ বিষয়ে একমত পোষণ করেছি যে, যে ব্যক্তি বলবে 'কুরআন মাখলুক' সে কাফের। (ইমাম বায়হাকী (রহ.) সহীহ সনদে এই আছারটি উল্লেখ করেছেন।)

আহমদ বিন কাসেম বিন আতিয়্যাহ্ বলেন :

قال أحمد بن القاسم بن عطية : سمعت أبا سليمان الجوزجاني يقول: سمعت محمد ابن الحسن يقول: والله لا أصلي خلف من يقول: القرآن مخلوق؛ ولا استفتي إلا أمرت بالإعادة.

'ইমাম মুহাম্মাদ (রহ.) বলেছেন, আল্লাহর শপথ আমি ঐ ব্যক্তির পিছনে নামায পড়ি না যে বলে কুরআন মাখলূক। (কেউ পড়লে) তাঁকে পুনরায় পড়ার আদেশ দিয়ে ফতওয়া প্রদান করি।' (শরহু উসূলি ইতিকাদি আহলিস সুন্নাহ ওয়াল জামাআহ, লালকায়ী)

সুতরাং উপরোক্ত মতটি যেভাবে বর্ণনা করা হয় তা আবূ হানীফা (রহ.) এর মত হতে পারে না। আর যদি ধরেও নেই যে, এটি ইমাম আবূ হানীফা রহ. এরই উক্তি, তাহলে যে অর্থে এটি ব্যবহার করা হয়ে থাকে, সে অর্থে এটি সঠিক নয়।

এর সঠিক অর্থ হবে, কেউ যদি এমন একশটি কাজ করে, যার ৯৯টি কাজই **অস্পষ্টভাবে** কুফরের উপর প্রমাণ বহন করে, কিন্তু একটি কাজ তাকে স্পষ্টরূপে মুমিন হিসাবে সাব্যস্ত করে, তাহলে তাকে কাফের বলা যাবে না। কেননা ইসলাম হল ইয়াক্বীনী বিষয় যা সংশয় দ্বারা দূরীভূত হয় না। আর কারো কাছ থেকে যদি মাত্র একটি 'কুফরে বাওয়াহ' বা **স্পষ্ট কুফুরী** কাজ পাওয়া যায়, আবার তার থেকে স্পষ্ট কিছু নেক আমলও পাওয়া যায়, তখন স্পষ্ট কুফুরীকে স্পষ্ট নেক আমলের উপর প্রাধান্য দেয়া হবে। ফলে তাকে স্পষ্ট কুফুরীর কারণে কাফের বলে আখ্যায়িত করা হবে। এক্ষেত্রে তার নেক আমল (যেমন, নামায, রোযা) তার তাকফীরের ক্ষেত্রে প্রতিবন্ধক হবে না। ভালর সাথে খারাপ মিশ্রিত হলে, পবিত্র বস্তুর সাথে সামান্য অপবিত্র বস্তু মিশ্রিত হলে যেমন ফলাফল খারাপ ও নাপাকের পক্ষে যায়, তেমনি নেক আমলের সাথে স্পষ্ট কুফরী মিশ্রিত হলে, ফলাফল কুফরীর দিকেই ধাবিত হবে। দশ কেজি দুধের ভিতর এক ফোটা পেশাব পতিত হলে যেমন সম্পূর্ণ দুধ নাপাক বলে গণ্য হয়, তেমনি হাজারো নেক আমলের সাথে একটি মাত্র স্পষ্ট কুফরী কাজ করে বসলে, নেক আমলগুলো নষ্ট হয়ে যাবে, ঈমান ধ্বংস হয়ে যাবে। লোকটি মুরতাদে পরিণত হবে। (এবিষয়ে আরো বিস্তারিত জানতে দেখুন, ইকফারুল মুলহিদীন, আল্লামা আনওয়ারশাহ কাশ্মীরী রহ.। 'ওরা কাফের কেন' শিরোনামে কিতাবটির বঙ্গানুবাদও পাওয়া যায়।)

ঈমান ভঙ্গের কিছু মৌলিক কারণ

যেহেতু ঈমান ভঙ্গের বিষয়ে আলোচনা চলছে, তাই ঈমান ভঙ্গের আরো কয়েকটি কারণ সংক্ষিপ্তভাবে উল্লেখ করা হল:

১. আল্লাহর ইবাদাতের ক্ষেত্রে কাউকে শরীক করা। যেমন: আল্লাহ ব্যতীত কাউকে সেজদা করা, মাজারে গিয়ে মাজারওয়ালার কাছে কিছু চাওয়া।

২. আল্লাহ এবং বান্দার মাঝে মাধ্যম স্থির করা। যেমন: নিজে সরাসরি কোনো কিছু আল্লাহর দরবারে না চেয়ে পীরের মাধ্যম ধরে চাওয়া। একথা মনে করা যে, নিজে চাইলে পাওয়া যাবে না, পীর চেয়ে দিলে পাওয়া যাবে।

৩. কাফের-মুশরিকদেরকে কাফের মনে না করা, অথবা তাদের কুফুরীর ব্যাপারে সন্দেহ করা বা তাদের ধর্মকে সঠিক মনে করা। যেমন, এমন আকীদা পোষণ করা যে, বর্তমানে ইসলাম ব্যতীত অন্য ধর্ম পালন করেও জান্নাতে যাওয়া যাবে।

৪. রাসূল সা. এর আনীত সংবিধানের চেয়ে অন্য কোনো সংবিধানকে পূর্ণাঙ্গ মনে করা কিংবা অন্য কোনো সংবিধানকে ইসলামের সংবিধান থেকে উত্তম মনে করা। যেমন: বর্তমান যুগে ইসলামের বিধানকে অচল মনে করা। ইসলামের বিধানকে বর্বর বলে আখ্যায়িত করা, আর মানব রচিত সংবিধানকে উত্তম ও যুগোপযোগী মনে করা।

৫. ইসলামের কোনো বিধানকে আন্তরিকভাবে অপছন্দ করা যদিও বাহ্যিকভাবে ইসলামের উপর আমল করা হোক না কেন। যেমন, পর্দার হুকুমকে অপছন্দ করা কিংবা উপযুক্ত ব্যক্তির একাধিক বিবাহকে অপছন্দ করা। এমনিভাবে জিহাদকে অপছন্দ করা। জিহাদের প্রতি বিদ্বেষ পোষণ করা।

৬. দ্বীনের কোনো বিষয় নিয়ে উপহাস করা। যেমন: দাড়ি, টুপি বা মেসওয়াক নিয়ে হাসি-ঠাট্টা বিদ্রূপ করা।

৭. যাদু করা বা কুফুরী কালাম করা।

৮. ইসলামের বিপক্ষে বা মুজাহিদদের বিপক্ষে কাফেরদেরকে সাহায্য করা। অতএব, যে বা যারা মুজাহিদদের বিপক্ষে কাফেরদেরকে সাহায্য করবে তারা কাফের হয়ে যাবে।

৯. কাউকে শরীয়তের উর্ধ্বে মনে করা। যেমন, মারেফতের ধুয়া তুলে নিজেকে ইসলামের হুকুম আহকামের উর্ধ্বে মনে করা। বাতেনীভাবে নামায-রোযা আদায়ের কথা বলা।

১০. দ্বীন থেকে বিমুখ থাকা, দ্বীনের জরুরী বিষয়গুলো শিখতে না চাওয়া, দ্বীনের আলোচনা থেকে দূরে সরে যাওয়া। দ্বীনের হুকুম-আহকামকে বোঝা মনে করা। মৌলিকভাবে দ্বীনকে অপছন্দ করা।

উপরে উল্লেখিত প্রত্যেকটি কারণ এমন, যার একটি যদি কারো মধ্যে পাওয়া যায়, তাহলে তার ঈমান ভেঙ্গে যাবে; সে কাফের-মুরতাদ হয়ে যাবে। ঐ অবস্থায় তার কোনো ইবাদত কবুল হবে না। ঐ হালতে মৃত্যু হলে চিরকাল জাহান্নামে থাকতে হবে।

অজ্ঞতার কারণে যদি কারো থেকে এ জাতীয় কোনো অন্যায় হয়ে গিয়ে থাকে, তাহলে দ্রুত তাওবা করে নতুন করে কালিমা পড়ে ঈমান আনতে হবে। আল্লাহ তাআলা আমাদের সকলকে সহীহ ঈমান নিয়ে তাঁর সম্মুখে উপস্থিত হওয়ার তাওফীক দান করুন। আমীন।

(প্রমাণপঞ্জী: আকীদাতুত তহাবী, শরহে আকাইদ,আকীদাতুল ওয়াসেতিয়্যাহ, কিতাবুত তাওহীদ, কেফায়াতুল মুস্তাযীদ শরহু কিতাবিত তাওহীদ)

আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের গুরুত্বপূর্ণ কয়েকটি আকীদা:

১. আহলুসসুন্নাহওয়াল জামাআহ ন্যায় পরায়ন মুসলিম শাসকের আনুগত্যকে জরুরী মনে করে। মুসলিম শাসক যদি ফাসেকও হয় তথাপি তার ইমামতিতে নামায এবং তার নেতৃত্বে জিহাদকে জরুরী মনে করে।

মুসলিম দেশসমূহের শাসকদের হুকুম

৩. আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ কাফের ব্যক্তিকে মুসলিমদের শাসক নিযুক্ত করা বৈধ মনে করে না। কোনো মুসলিমকে শাসক নিযুক্ত করার পর যদি সে কাফের হয়ে যায়, তাহলে জিহাদের মাধ্যমে তাকে উৎখাত করে একজন আদেল তথা ন্যায়পরায়ন, মুত্তাকী-পরহেযগার মুসলিমকে শাসক নিযুক্ত করা ওয়াজিব মনে করে। তাৎক্ষণিকভাবে কাফের শাসকের বিরুদ্ধে জিহাদ করা সম্ভব না হলে, জিহাদের প্রস্তুতিকে জরুরী জ্ঞান করে।

আল্লাহর জন্য বন্ধুত্ব এবং আল্লাহর জন্য শত্রুতা

৪. আল্লাহর জন্য বন্ধুত্ব এবং আল্লাহর জন্য শত্রুতা আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ- এর এমন একটি আকীদা যা আজ মুসলিমরা ভুলে যেতে বসেছে। মুসলিমের বন্ধুত্বের ভিত্তি হল, ঈমান। যে বে-ঈমান, কাফের এবং আল্লাহকে অস্বীকারকারী তার সাথে মুসলিমের কোনোরূপ বন্ধুত্ব হতে

পারে না। বরং কাফেরদের প্রতি প্রকৃত মুসলিমের চরম ঘৃণা-বিদ্বেষ ও শত্রুতা থাকা আবশ্যক। আল্লাহ তাআলা কুরআনের একাধিক আয়াতে এ মর্মে আদেশ জারি করেছেন, যেন কোনো মুসলিম ব্যক্তি মুসলিম ব্যাতীত অন্য কাউকে বন্ধুরূপে গ্রহণ না করে। সাথে সাথে একথাও বলে দিয়েছেন যে, যদি কেউ মুসলিম ব্যাতীত অন্য কাউকে বন্ধুরূপে গ্রহণ করে, তাহলে সে তাদেরই একজন বলে গণ্য হবে। কেউ যদি কাফেরদের সাথে চুক্তি বা বন্ধুত্বের কারণে কোনো মুসলিমের বিরুদ্ধে তাদেরকে সহযোগিতা করে; মুসলিমকে গ্রেফতার করতে কিংবা হত্যা করতে কাফেরদেরকে সাহায্য করে, তাহলে সে কাফের হয়ে যাবে।

এখন আসুন আমরা কুরআন-সুন্নাহর আলোকে একটু যাচাই করে দেখি যে, বর্তমান বিশ্বে মুসলিম দেশসমূহে যেসব শাসকগণ শাসনকার্য পরিচালনা করছেন, তারা কি ইসলামের সীমার ভিতর আছেন নাকি ইসলামের সীমা অতিক্রম করে কুফরের সীমায় প্রবেশ করত কাফেরে পরিণত হয়ে মুসলিম উম্মাহকে শাসনের হক হারিয়ে ফেলেছেন। আমাদের তাহকীক মতে বর্তমান বিশ্বের মুসলিম দেশসমূহের শাসকগণ নিম্ন বর্ণিত কারণে কাফের-মুরতাদে পরিণত হয়েছে, যদিও তারা নিজেদেরকে মুসলিম বলে দাবি করে এবং ইসলামের অনেক বিবিবিধানও পালন করে তবুও তারা কাফের ও মুরতাদ।

বর্তমান মুসলিম দেশসমূহের শাসকদের কাফের হওয়ার কারণগুলো নিম্নরূপঃ

- ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা করা, ধর্ম যার যার রাষ্ট্র সবার স্লোগান তোলা, এবং ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র গঠনের সিদ্ধান্ত গ্রহণের কারণে তারা কাফের।
- কুরআন-সুন্নাহ বিরোধী আইন প্রণয়ন করার কারণে তারা কাফের।
- কুরআন-সুন্নাহ ছেড়ে দিয়ে বিভিন্ন ক্ষেত্রে বিধর্মীদের তৈরিকৃত আইনের অনুসরণ করার কারণে তারা কাফের।
- গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ এবং ধর্ম নিরপেক্ষতাকে সংবিধানের মূল ভিত্তি করার কারণে তারা কাফের।
- কুরআন-সুন্নাহর আইন ছেড়ে পাশ্চত্য বিধর্মীদের তৈরিকৃত নীতিমালা দ্বারা বিচারকার্য পরিচালনা করার কারণে তারা কাফের।
- আল্লাহ তাআলা যেসব বস্তুকে হারাম করেছেন (যেমন,সূদ, যিনা, মদপান) রাষ্ট্রীয়ভাবে তার অনুমোদন দেওয়া, রাষ্ট্রীয়ভাবে সেসবের পৃষ্ঠপোষকতা করা এবং প্রচার-প্রসার করার কারণে তারা কাফের।
- আল্লাহ তাআলা যেসব বস্তুকে হালাল করেছেন, (যেমন বাল্য বিবাহ, জিহাদ) সেসব বস্তুকে নিষিদ্ধ করার কারণে তারা কাফের।

- সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে মুজাহিদগণের বিরুদ্ধে কাফেরদেরকে সহযোগিতা করার কারণে তারা কাফের।
- মুজাহিদদেরকে ধরে ধরে ভারত, আমেরিকা, ইসরাঈলসহ অন্যান্য কাফেরদের হাতে হস্তান্তর করা এবং কাফেরদের সাথে বন্ধুত্ব করার কারণে তারা কাফের।
- পবিত্র জিহাদের হুকুমকে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ নামে আখ্যায়িত করার কারণে এবং পাঠ্যপুস্তককে জিহাদ মুক্ত করার ঘোষণা দেয়ার কারণে তারা কাফের।
- মুজাহিদীনে ইসলামকে ঘৃণা ভরে জঙ্গী ও সন্ত্রাসী ট্যাগ দেয়ার কারণে তারা কাফের।
- আল্লাহ ও আল্লাহর রাসূলের দুশমন থাবা বাবা (রাজীব) এবং তার অন্যান সহচরদিগকে হত্যাকারী মুজাহিদগণকে বিচারের কাঠগড়ায় দাঁড় করিয়ে দোষী সাব্যস্ত করত ফাঁসি ও অন্যান্য দণ্ডে দণ্ডিত করার অপরাধে তারা কাফের।
- হেফাজতের ১৩ দফাকে নাকোচ করা, ১৩ দফাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করা এবং ১৩ দফার দাবীদার মুসলিমদের উপর রাতের আধাঁরে অকথ্য নির্যাতন চালিয়ে হত্যা করার অপরাধে তারা কাফের।
- হিন্দুদের পূজায় অংশগ্রহণ করা এবং পূঁজা উপলক্ষে তাদেরকে শুভেচ্ছা জ্ঞাপন করার কারণে তারা কাফের।
- সর্বোপরি জিহাদকে অপছন্দ করা, জিহাদের প্রতি বিদ্বেষ রাখা, যারা আল্লাহর রাজ কায়েমের জন্য জিহাদ করতে চায় তাদেরকে আটক করে নির্যাতন ও হত্যা করার কারণে তারা কাফের।
- মুসলিমদেরকে কুরআন-সুন্নাহ বিরোধী আইন-কানূন মানতে বাধ্য করার অপরাধে তারা কাফের।
- জাতিসংঘ নামক কুফুরী সংঘের অন্তর্ভুক্ত হয়ে তাদের উদ্দেশ্যের সাথে একমত পোষণ করা এবং তাদের উদ্দেশ্য সাধনের পথ মসৃণ করে দেয়া ও বিভিন্ন ইস্যুতে তাদের কাছে বিচার প্রার্থনা করার কারণে তারা কাফের।
- উপরে আমরা বর্তমান মুসলিম বিশ্বের শাসকগণ কী কী কারণে কাফের শুধু তার কারণগুলো উল্লেখ করলাম। নিম্নে এ বিষয়ে কুরআন-সুন্নাহ ও ইজমা কিয়াস থেকে দলীল পেশ করছি।

কুরআন থেকে দলীল

দলীল নং- ১

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ.

হে মুমিনগণ! তোমরা ইয়াহুদী ও খ্রিষ্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। **আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।** নিশ্চয়ই আল্লাহ যালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না। [সূরা মায়েদা: ৫১]

ইমাম তবারী (রহ.) উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন:

من تولى اليهود والنصارى من دون المؤمنين فإنه منهم, أي من أهل دينهم وملتهم , فإنه لا يتولى متول أحد إلا وهو به وبدينه وما هو عليه راض وإذا رضيه ورضي دينه فقد عادى ما خالفه وسخط وصار حكمه حكمه.

'যে ব্যক্তি মুসলিমদের ব্যতিরেকে ইয়াহুদী-খ্রিষ্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে নিশ্চয়ই সে তাদের অন্তর্ভুক্ত হবে। অর্থাৎ তাদের দ্বীন ও মিল্লাতের অন্তর্ভুক্ত হবে। কারণ, কেউ কাউকে ততক্ষণ পর্যন্ত বন্ধুরূপে গ্রহণ করতে পারে না যতক্ষণ পর্যন্ত না সে উক্ত ব্যক্তির দ্বীন ও অবস্থার উপর সন্তুষ্ট হয়। যখন সে তার উপর এবং তার দ্বীনের উপর সন্তুষ্ট হবে তখন তার বিপরীত সবকিছুর ব্যাপারে বিরোধিতা ও অসন্তুষ্টি প্রকাশ করবে। সুতরাং দুজনের হুকুম একই হবে। [তাফসীরুত তবারী, খণ্ড:১, পৃষ্টা:২৭৭]

আল্লামা শাওকানী (রহ.) উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন:

{ وَمَن يَتَوَلَّهُمْ مِّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ } أي : فإنه من جملتهم وفي عدادهم وهو وعيد شديد فإن المعصية الموجبة للكفر هي التي قد بلغت إلى غاية ليس وراءها غاية . وقوله : { إِنَّ الله لاَ يَهْدِى القوم الظالمين } تعليل للجملة التي قبلها : أي أن وقوعهم في الكفر هو بسبب عدم هدايته سبحانه لمن ظلم نفسه بما يوجب الكفر كمن يوالى الكافرين .

"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।" অর্থাৎ সে তাদের মধ্য থেকে এবং তাদেরই দলভুক্ত হবে। এটি একটি কঠিন হুশিয়ারী কেননা এটা এমন গুনাহ যা কুফরকে আবশ্যক করে এবং একটি চূড়ান্ত সীমারেখা যার পর আর কোন সীমা বাকী থাকে না।

“নিশ্চয়ই আল্লাহ যালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না।” আয়াতের এই অংশটি পূর্বের অংশের কারণ বর্ণনা করছে। অর্থাৎ তাদের কুফরের মাঝে পতিত হওয়ার কারণ হল, যে নিজের প্রতি জুলম করে আল্লাহ তাআলা তাকে এমন বিষয়ে পথ প্রদর্শন করেন না যা কুফরকে অবধারিত করে (অর্থাৎ তাকে কুফরী থেকে বেঁচে থাকার শক্তি প্রদান করেন না)। যেমন ঐ ব্যক্তি, যে কাফেরদের সাথে বন্ধুত্ব স্থাপন করে। [তাফসীরু ফাতহিল কাদীর, খণ্ড:২ পৃষ্টা:৭৩]

আল্লামা কুরতূবী উপরোক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন:

(ومن يتولهم منكم) أي يعضدهم على المسلمين (فإنه منهم) بين تعالى أن حكمه كحكمهم، وهو يمنع إثبات الميراث للمسلم من المرتد، وكان الذي تولاهم ابن أبي ثم هذا الحكم باق إلى يوم القيامة في قطع الموالاة،

“আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে”- অর্থাৎ মুসলিমদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করবে।“নিশ্চয়ই সে তাদেরই একজন”- আল্লাহ তাআলা স্পষ্ট ভাবে বর্ণনা করেছেন তাদের যেই হুকুম তারও ঐ একই হুকুম। এই আয়াতটি মুসলিমের জন্য মুরতাদের মিরাছ তথা উত্তরাধিকার নিষিদ্ধ ঘোষণা করে। যে ব্যক্তি ইয়াহুদী-খ্রিষ্টানদেরকে ভালোবেসে ছিল, সে হল ইবনে উবাই, তবে বন্ধুত্ব ছিন্নের ক্ষেত্রে এই হুকুমটি কিয়ামত পর্যন্ত অবধারিত হয়ে গেছে। [তাফসীরে কুরতুবী, খণ্ড:৬, পৃষ্টা: ২১৭]

আর التولي বা পরস্পর বন্ধুত্ব ও সম্পর্কের সর্বোচ্চ মাধ্যম হল মুসলিমদের বিরুদ্ধে তাদেরকে জান-মাল দিয়ে সাহায্য করা। তথ্য দিয়ে, অস্ত্র যুগিয়ে অথবা সম্মান জানিয়ে তাদের পক্ষাবলম্বন করা। যেমনটি শায়েখ উসামা বিন লাদেন (রহ.) বলেন:

قال اهل العلم: "الذي يتولي الكفار قد كفر" ومن اعظم معالم الولاية المناصرة بالقول وبالسنان وباللسان-

উলামাগণ বলেন, **“যে কাফেরদের সাথে বন্ধুত্ব স্থাপন করবে সে কাফের হয়ে যাবে।”** আর বন্ধুত্বের সর্বোচ্চ মাধ্যম হল অস্ত্র, কথা বা সমর্থন দ্বারা তাদেরকে সাহায্য করা। [আল-আরশীফুল জামে‘য়, পৃষ্টা:২১]

এই আয়াত দ্বারা একথা স্পষ্টভাবে প্রমাণিত হল যে, যারা কাফেরদের সাথে বন্ধুত্ব করবে,মুসলিম মুজাহিদদের বিরুদ্ধে কাফেরদেরকে তথ্য, অস্ত্র, সৈন্য, বুদ্ধি, পরামর্শ দিয়ে সাহায্য করবে, তারা কাফের হয়ে যাবে।

নিম্নে আমরা আল্লাহর শরীয়ত ব্যতীত অন্য শরীয়ত বা সংবিধান দ্বারা দেশ পরিচালনা সংক্রান্ত কয়েকটি আয়াত উল্লেখ করছি।

দলীল নং- ২

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ

'তারা কি জাহিলিয়্যাতের বিধি-বিধান কামনা করে? বিশ্বাসী সম্প্রদায়ের জন্য আল্লাহ অপেক্ষা কে শ্রেষ্ঠতর বিধান দানকারী?' (সূরা:মায়িদাহ, আয়াত:৫০)

ইমাম তবারী (রহ.) এই আয়াতের ব্যাখ্যা করেনঃ

يقول تعالى ذكره: أيبغي هؤلاء اليهود الذين احتكموا إليك، فلم يرضوا بحكمك، إذ حكمت فيهم بالقسط "حكم الجاهلية"، يعني: أحكام عبَدة الأوثان من أهل الشرك، وعندهم كتاب الله فيه بيان حقيقة الحكم الذي حكمت به فيهم، وأنه الحق الذي لا يجوزُ خلافه. ثم قال تعالى ذكره موبِّخا لهؤلاء الذين أبوا قَبُول حكم رسول الله ﷺ عليهم ولهم من اليهود، ومستجهلا فعلَهم ذلك منهم: ومَنْ هذا الذي هو أحسن حكمًا، أيها اليهود، من الله تعالى ذكره عند من كان يوقن بوحدانية الله، ويقرُّ بربوبيته؟ يقول تعالى ذكره: أيّ حكم أحسن من حكم الله، إن كنتم موقنين أن لكم ربًّا، وكنتم أهل توحيدٍ وإقرار به؟

'আল্লাহ তাআলা বলছেন: এ সকল ইয়াহুদী যারা আপনার কাছে বিচার দায়ের করে, অতঃপর আপনি যখন তাদের মাঝে ন্যায় ফায়সালা করেন, তারা আপনার ফায়সালার ব্যাপারে অসন্তুষ্ট হয়। এরা কি "জাহিল্যিয়্যাতের বিধান" কামনা করে ? অর্থাৎ মুশরিক মূর্তিপুজারীদের বিধান কামনা করে। অথচ তাদের কাছে রয়েছে আল্লাহর কিতাব। আপনি তাদের মাঝে যে ফায়সালা করেছেন তার সত্যতা তাতে বিদ্যমান আছে। আর এটাই হক্ব যার বিপরীত সব কিছু নাহক।

অতঃপর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ফায়সালা পক্ষে-বিপক্ষে হবার কারণে ইহুদীদের মধ্য থেকে যারা তা মানতে অস্বীকার করেছে, তাদেরকে আল্লাহ তাআলা ভর্ৎসনা করছেন এবং তাদের উক্ত কর্মকে জাহিলিয়্যাত আখ্যায়িত করে বলছেন: ওরে ইয়াহুদ! যারা আল্লাহ তাআলার ওয়াহদানিয়্যাতে বিশ্বাসী, যারা তার রুবূবিয়্যাতকে স্বীকার করে, তাদের জন্য আল্লাহ তাআলার চেয়ে আর কে আছে উত্তম বিধান দানকারী।

....

আল্লাহ তাআলা বলছেন, তোমরা যদি বিশ্বাস করো তোমাদের একজন রব আছেন, তোমরা তার তাওহীদে বিশ্বাস করো, মুখে তার স্বীকারোক্তি দাও, তাহলে তোমাদের জন্য আল্লাহ তাআলার বিধানের চেয়ে উত্তম বিধান আর কী হতে পারে?! [তাফসীরে তবারী, খণ্ড:১০, পৃষ্ঠা:৩৯৪]

সাইয়্যেদ কুতুব শহীদ (রহ.) এ আয়াতের ব্যাখ্যা করেন:

إن معنى الجاهلية يتحدد بهذا النص . فالجاهلية - كما يصفها الله ويحددها قرآنه - هي حكم البشر للبشر ، لأنها هي عبودية البشر للبشر ، والخروج من عبودية الله ، ورفض ألوهية الله ، والاعتراف في مقابل هذا الرفض بألوهية بعض البشر وبالعبودية لهم من دون الله .

إن الجاهلية - في ضوء هذا النص - ليست فترة من الزمان؛ ولكنها وضع من الأوضاع . هذا الوضع يوجد بالأمس ، ويوجد اليوم ، ويوجد غداً ، فيأخذ صفة الجاهلية ، المقابلة للإسلام ، والمناقضة للإسلام . والناس - في أي زمان وفي أي مكان - إما أنهم يحكمون بشريعة الله - دون فتنة عن بعض منها - ويقبلونها ويسلمون بها تسليماً ، فهم إذن في دين الله . وإما إنهم يحكمون بشريعة من صنع البشر - في أي صورة من الصور - ويقبلونها فهم إذن في جاهلية؛ وهم في دين من يحكمون بشريعته ، وليسوا بحال في دين الله . والذي لا يبتغي حكم الله يبتغي حكم الجاهلية؛ والذي يرفض شريعة الله يقبل شريعة الجاهلية ، ويعيش في الجاهلية .

‘এই নসের মাধ্যমে জাহিলিয়্যাতের অর্থ নির্দষ্ট হয়ে গেছে। সুতরাং আল্লাহ তাআলার বর্ণনা ও তার কুরানের সংজ্ঞা অনুযায়ী জাহিলিয়্যাত বলা হয়, মানুষদের জন্য তৈরী মানুষের বিধানকে। কেননা, মানুষ যখন মানুষের তৈরি বিধান দ্বারা শাসিত হয়, তখন প্রকৃত পক্ষে আল্লাহর দাসত্বকে বর্জন করে মানুষের দাসত্ব করা হয়। আল্লাহর উলুহিয়্যাতকে প্রত্যখ্যান করা হয় এবং প্রত্যাখ্যানের পর তার মোকাবেলায় কতেক মানুষের উলুহিয়্যাতকে গ্রহণ করা হয়। আল্লাহ তাআলার পরিবর্তে তাদের দাসত্বের সামনে আত্মসমার্পণ করা হয়।

এই আয়াতের আলোকে বুঝে আসে, জাহিলিয়্যাত কোন এক সময়ের নাম নয়। জাহিলিয়্যাত হল, এক বিশেষ অবস্থা ও পরিস্থিতির নাম। যা অতীতে ছিল, বর্তমানে আছে ভবিষ্যতেও থাকবে। যা আসে ইসলামের মোকাবেলায়, যার সাথে থাকে ইসলামের বৈপরীত্য। মানুষ যে সময়ে বা যে স্থানেই অবস্থান করুক, হয়ত সে আল্লাহ তাআলার শরীয়ত দ্বারা বিচার ফায়সালা করবে, [তার

কতেক বিধান থেকে বিরত থাকা ব্যতীত] তা গ্রহণ করবে। পরিপূর্ণ ভাবে তার সামনে আত্মসমার্পণ করবে। তাহলেই তারা আল্লাহ তাআলার দ্বীনের মধ্যে আছে বলে গণ্য হবে। নয়তো তারা মানব রচিত সংবিধান দ্বারা বিচার ফায়সালা করবে (যে কোন অবস্থাতেই করুক না কেন) এবং তা গ্রহণ করে নেবে, তাহলে তারা জাহিলিয়্যাতের মাঝে আছে বলে পরিগণিত হবে। তাদেরকে তার দ্বীনের মাঝে গণ্য করা হবে যার শরীয়াহ দ্বরা তারা বিচার ফায়সালা করছে। কোন অবস্থাতেই তাদেরকে আল্লাহ তাআলার দ্বীনের অনুসারী বলা হবে না। যে ব্যক্তি আল্লাহর বিধান কামনা করে না, সেই জাহিলিয়্যাতের বিধান কামনা করে। যে আল্লাহর শরীয়াহকে প্রত্যাখ্যান করে সেই জাহিলিয়্যাতের শরিয়াহ্কে গ্রহণ করে ও তাতে জীবন যাপন করে। [তাফসীর ফী-যিলালিল কুরআন, খণ্ড:২, পৃষ্টা:৩৮৪]

এমন কি তিনি আরো বলেন:

إما إسلام وإما جاهلية . إما إيمان وإما كفر . إما حكم الله وإما حكم الجاهلية . والذين لا يحكمون بما أنزل الله هم الكافرون الظالمون الفاسقون . والذين لا يقبلون حكم الله من المحكومين ما هم بمؤمنين . .

‘হয়ত ইসলাম নয়ত জাহিলিয়্যাত। হয়ত ঈমান নয়ত কুফর। হয়ত আল্লাহর হুকুম নয়ত জাহিলিয়্যাতের বিধান। আর যারা আল্লাহর বিধার দ্বারা বিচার ফায়সালা করে না তারা কাফের, জালিম, ফাসেক। যে সমস্ত বিচার প্রর্থীরা আল্লাহর বিধান গ্রহণ করে না তারা মুমিন নয়।’ [তাফসীর ফী-যিলালিল কুরআন, খণ্ড:২, পৃষ্টা:৩৮৫]

আল্লামা ইবনে কাসীর (রহ.) এ আয়াতের ব্যখ্যায় তাতারদের নিয়ে আলোচনা করেন। তাতার জনগোষ্ঠি ইসলাম গস্খহণ করার পর তারা যে রাষ্ট্রীয়ভাবে আল্লাহর বিধান পরিবর্তন করেছিল সে কথা উল্লেখ করে বলেন :

....جنكز خان الذي وضع لهم الياسق وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى من اليهودية والنصرانية والملة الاسلامية وغيرها. وفيها كثير من الاحكام أخذها من مجرد نظره وهواه فصارت في بنيه شرعا متبعا يقدمونها على الحكم بكتاب الله وسنة رسول الله - ﷺ - فمن فعل ذلك فهو كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله ورسوله فلا يحكم سواه في قليل ولا كثير[تفسير ابن كثير]

......চেঙ্গিস খান “ইয়াসিক” নামক সংবিধান প্রণয়ন করেছে। ইয়াসিক হল ইসলামী, নাসরানি, ইয়াহুদীবাদসহ বিভিন্ন শরীয়ার সমন্বয়ে গঠিত একটি

সংবিধান। তাতে এমন অনেক বিধানও আছে, যা সে শুধুমাত্র নিজের দৃষ্টিভঙ্গি ও চিন্তা থেকেই গ্রহণ করেছে। আর সেটাই তার সম্প্রদায়ের নিকট পরিণত হয়েছে অনুসরণীয় একটি সংবিধানরূপে। ইয়াসিককে তারা আল্লাহর কিতাব ও রাসূলের (সা) সুন্নাহর উপর প্রাধান্য দেয়। যে ব্যক্তি এমন কাজ করবে সে কাফের হয়ে যাবে। তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব। যতক্ষণ না সে আল্লাহর কিতাব ও রাসূলের (সা) সুন্নাহর দিকে ফিরে আসে। এবং কম হোক বেশী হোক কোন অবস্থাতেই আল্লাহর বিধান ছাড়া অন্য কোন বিধান দ্বারা ফয়সালা না করে। [তাফসীর ইবনে কাসীর, খণ্ড:৩, পৃষ্টা: ১৩১]

নির্দেশনা:

আমরা উক্ত আয়াত সম্পর্কে মুফাসসিরগণের অভিমত দেখতে পেলাম। তাদের ব্যাখ্যা জানতে পরলাম। আমরা আমাদের সমাজে পরিচালিত শাসনব্যবস্থার দিকে দৃষ্টিপাত করি, এটা কি নব্য জালিয়্যাত নয়?! পাঠকগণকে অনুরোধ করবো তারা যেন ইতিহাস থেকে তাতারীদের সংবিধান সম্পর্কে জেনে নেয়। নিশ্চিত তারা বুঝতে পারবে আমাদের সমাজে প্রচলিত সংবিধান সেই ইয়াসিকের চেয়েও জঘণ্য, নিকৃষ্ট। কেননা ইয়াসীকের মাঝেতো অপরাধগুলোকে অপরাধ বলে স্বীকার করা হয়েছে ও তার শাস্তি বিধান করা হয়েছে। কিন্তু আমাদের সমাজে প্রচলিত মানব রচিত সংবিধানগুলোতো অনেক অপরাধকে অপরাধ বলেই স্বীকার করা হয়নি, বরং কোন কোন ক্ষেত্রেতো অপরাধকে ভাল কাজ হিসেবে সাব্যস্ত করা হয়েছে। ইয়াসিকের ব্যাপারে যদি তৎকালীন যুগশ্রেষ্ট আলেমগণের অভিমত এমনটি হয়। তাহলে বর্তমান সংবিধানের ব্যাপারে তাদের অভিমত কী হতে পারে?! আল্লাহ তাআলা আমাদেরকে হেফাজত করুন।

দলীল নং-৩

রঈসুল কুফফার ওয়াল-মুরতাদ্দীন তথা কাফের মুরতাদদের পথিকৃত, প্রথম মুরতাদ ও মুরতাদদের প্রধান গুরু ইবলিসের ইরতেদাদের প্রসঙ্গ আমরা সবাই জানি। ইবলিস শুরু থেকে কাফের ছিল না; বরং সে ছিল উচ্চস্তরের একজন আবেদ, ঈমানদার। পরে ঈমান পরিপন্থী একটি কাজ করে সে অভিশপ্ত মুরতাদে পরিণত হয়েছে। আমরা এখানে অনুসন্ধান করতে চাই, কেন এবং কি কাজটি করে সে মুরতাদ হয়েছিল? তার এই কাজটির স্বরূপ ও প্রকৃতি কি ছিল? আশা করি এবিষয়টি যথাযথ পরিষ্কার করতে পারলে, আলোচ্য মাসআলাটি বুঝা অনেকটাই সহজ হয়ে যাবে ইনশাআল্লাহ। আল্লাহ আমাদের

সকলকে সঠিক বিষয়টি যথাযথ বোঝার ও অনুধাবন করার তাওফিক দান করুন এবং দ্বীন ও ইলমের বিষয়ে সকল ভ্রান্তি ও বিভ্রান্তি থেকে হেফাজত করুন। আমিন।

আল্লাহ রাব্বুল আলামী কুরআনুল কারীমের অনেক জায়গায় ইবলিসের ইরতেদাদের প্রসঙ্গটি আলোচনা করেছেন। উদাহরণস্বরূপ আমরা এখানে দু'একটি আয়াত উদ্ধৃত করছি।

إِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي خَالِقٌ بَشَرًا مِنْ طِينٍ (٧١) فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيهِ مِنْ رُوحِي فَقَعُوا لَهُ سَاجِدِينَ (٧٢) فَسَجَدَ الْمَلَائِكَةُ كُلُّهُمْ أَجْمَعُونَ (٧٣) إِلَّا إِبْلِيسَ اسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ (٧٤) قَالَ يَاإِبْلِيسُ مَا مَنَعَكَ أَنْ تَسْجُدَ لِمَا خَلَقْتُ بِيَدَيَّ أَسْتَكْبَرْتَ أَمْ كُنْتَ مِنَ الْعَالِينَ (٧٥) قَالَ أَنَا خَيْرٌ مِنْهُ خَلَقْتَنِي مِنْ نَارٍ وَخَلَقْتَهُ مِنْ طِينٍ (٧٦)

“(স্মরণ করুন), যখন আপনার রব ফেরেশতাদের বললেন, ‘আমি মাটি দিয়ে একজন মানুষ সৃষ্টি করব। অতঃপর আমি যখন তাকে পরিপূর্ণরূপে তৈরি করে ফেলব, এবং তার মধ্যে আমার রূহ ফুঁকে দেব, তখন তোমরা তাঁর সামনে সেজদায় পড়ে যেয়ো।’ অতঃপর ফেরেশতারা সকলে একযোগে সেজদা করল কেবল ইবলিস ছাড়া; সে অহংকার করল। সে ছিল কাফেরদের অন্তর্ভুক্ত আল্লাহ বললেন, হে ইবলিস! আমি নিজ হাতে যাকে সৃষ্টি করেছি, তাকে সেজদা করতে তোকে কিসে বাধা দিল? তুই কি অহংকার করলি, না তুই ছিলি মর্যাদায় বড়? সে বলল, ‘আমি তার চেয়ে শ্রেষ্ঠ, আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন, আর তাকে সৃষ্টি করেছেন মাটি থেকে।”-সূরা সাদ: ৭১-৭৬

সম্ভবত এখানেই ইবলিসের ইরতেদাদের সবচেয়ে বিস্তারিত বিবরণ এসেছে। এছাড়া সূরা আ'রাফ এবং সূরা হিজ্‌রেও এর কাছাকাছি বিবরণ এসেছে। দেখুন–

قَالَ مَا مَنَعَكَ أَلَّا تَسْجُدَ إِذْ أَمَرْتُكَ قَالَ أَنَا خَيْرٌ مِنْهُ خَلَقْتَنِي مِنْ نَارٍ وَخَلَقْتَهُ مِنْ طِينٍ (١٢)

“আল্লাহ বললেন, আমি যখন নির্দেশ দিলাম, কে তোমাকে বারণ করল সেজদা করতে? ইবলিস বলল, আমি তার চেয়ে শ্রেষ্ঠ। আমাকে সৃষ্টি করেছেন আগুন দিয়ে, আর তাকে সৃষ্টি করেছেন মাটি দিয়ে।” -সূরা আ'রাফ: ১২

قَالَ يَاإِبْلِيسُ مَا لَكَ أَلَّا تَكُونَ مَعَ السَّاجِدِينَ (٣٢) قَالَ لَمْ أَكُنْ لِأَسْجُدَ لِبَشَرٍ خَلَقْتَهُ مِنْ صَلْصَالٍ مِنْ حَمَإٍ مَسْنُونٍ (٣٣)

“আল্লাহ বললেন, হে ইবলিস! কি হল তোর; সেজদাকারীদের অন্তর্ভুক্ত হলি না? সে বলল, আমি মানুষকে সেজদা করার নই, যে মানুষকে আপনি পচা দুর্গন্ধযুক্ত কাদার ঠনঠনে শুকনো মাটি দিয়ে সৃষ্টি করেছেন।”-সূরা হিজ্‌র: ৩২-৩৩

আয়াতগুলোতে আমরা লক্ষ করছি, ইবলিস আদমকে সেজদা করেনি –এই বিবরণটি আল্লাহ নিজের ভাষায় ব্যক্ত করেছেন। তারপর তিনি ইবলিসকে প্রশ্ন করেছেন, সে কেন সেজদা করেনি? ইবলিস তার নিজের ভাষায় সেজদা না করার কারণ বর্ণনা করেছে। এখান থেকে আমরা ইবলিসের ইরতেদাদের কারণটি বের করতে পারি দু'রকম–

১. সেজদা না করা।

২. সেজদা করতে অস্বীকৃতি জানানো বা সেজদার হুকুম প্রত্যাখ্যান করা, যা ইবলিস নিজের বক্তব্য দ্বারা পরিষ্কার করেছে।

কিন্তু শুধু সেজদা না করার কারণে মুরতাদ হওয়ার বিষয়টি বোধগম্য নয়। কারণ এর অর্থ দাঁড়ায়, আল্লাহর একটি হুকুম লঙ্ঘন করা বা পালন না করাই ইরতেদাদ। সুতরাং একজন মুসলমান আল্লাহর যে কোনো একটি হুকুম কিংবা অন্তত সেজদার হুকুম পালন না করলেই মুরতাদ হয়ে যাবে। নাউযুবিল্লাহ। অথচ তাকফিরের ক্ষেত্রে আহলুস-সুন্নাহ ওয়ালজামাআর আকিদা এমন নয়; এটি খারেজিদের আকিদা। আল্লাহর কোনো একটি হুকুম পালন না করলে আহলুস-সুন্নাহ কাউকে মুরতাদ মনে করেন না। এবং এই মতের পক্ষে কুরআন সুন্নাহর অসংখ্য দলিল প্রমাণ বিদ্যমান রয়েছে। এটি আকিদা ও তাকফিরের একটি স্বতন্ত্র মাসআলা, যা স্বতন্ত্র আলোচনার দাবি রাখে। এখানে সে আলোচনায় প্রবেশ করা সঙ্গত হবে না।

তাহলে ইবলিসের মুরতাদ হওয়ার কারণ হিসেবে বাকি থাকল দ্বিতীয়টি। অর্থাৎ সেজদা করতে অস্বীকৃতি জানানো বা আল্লাহর একটি হুকুম প্রত্যাখ্যান করা। আর এটি উম্মতে মুসলিমার একটি ইজমাঈ মাসআলা। আমাদের জানামতে এখানে কোনো একজনেরও দ্বিমত নেই যে, কেউ যদি আল্লাহর একটি হুকুমও প্রত্যাখ্যান করে বা গ্রহণ করতে অস্বীকৃতি জানায় তাহলে সে মুরতাদ হয়ে যাবে। কারণ আল্লাহর প্রতিটি বিধান গ্রহণ করা এবং মেনে নেয়া শুধু আমলের বিষয় নয়; বরং ঈমানের অংশ। একটি হুকুম পালন না করা বা সে অনুযায়ী আমল না করা এক বিষয় এবং তা গ্রহণ না করা বা প্রত্যাখ্যা করা ভিন্ন বিষয়; দুটি কখনো এক নয়। একটির সম্পর্ক আমলের সঙ্গে; অপরটির সম্পর্ক ঈমানের সঙ্গে।

বিষয়টি একটি উদাহরণ দিয়ে আরো পরিষ্কার করা যেতে পারে। একজন ফজরের নামায পড়ে না। কিন্তু সে তা আল্লাহর বিধান হিসেবে জীবনের জন্য গ্রহণ করে নিয়েছে এবং ইচ্ছা আছে ফজরের নামায পড়ারও। হয়তো অলসতা বা শয়তানের ধোঁকায় জীবনে একদিনও তা হয়ে ওঠেনি। কিন্তু যেহেতু সে আল্লাহর বিধান হিসেবে গ্রহণ করে নিয়েছে, এজন্য পড়তে না পারার অনুশোচনা হয়, সবসময় না হলেও মাঝে মধ্যে হয় এবং মনে মনে অপরাধ বোধ করে; সামনে পড়ার ইচ্ছা লালন করে। এটাকে বলা যাবে আমলের ক্রুটি এবং এ কারণে একজন ঈমানদার ফাসেক ও গোনাহগার হলেও মুতারদ হবে না।

পক্ষান্তরে কেউ যদি বলে কিংবা মনে লালন করে কিংবা প্রতিজ্ঞা করে, আমি শরীয়তের সব বিধানই পলন করব, কিন্তু কখনো ফজরের নামায পড়ব না, তাহলে সে ঈমানদার হতে পারবে না। কারণ সে আল্লাহর এই বিধানটি গ্রহণ করেনি এবং মেনে নেয়নি, যা ঈমানের অংশ। এমনকি সে যদি বিশ্বাস করে এবং স্বীকার করে, ফজরের নামায আল্লাহর হুকুম এবং মনে করে আমি তা না মেনে গুনাহগার হচ্ছি, তবুও ঈমানদার হতে পারবে না। কারণ ঈমান শুধু বিশ্বাসের নাম নয়; বিশ্বাসের সঙ্গে সঙ্গে মনে প্রাণে গ্রহণ করা, মেনে নেয়া এবং গ্রহণের স্বীকৃতি প্রদান করাও ঈমানের অপরিহার্য অংশ।

এবিষয়টিকেই ঈমানে মুজমালে ব্যক্ত করা হয়েছে এভাবে– وقبلت جميع أحكامه‘এবং আমি আল্লাহর সকল বিধান কবুল ও গ্রহণ করে নিলাম’। সুতরাং সকল বিধান গ্রহণ করে নেয়া ঈমানের জন্য জরুরি। একটি বিধানও যদি কেউ

গ্রহণ না করে তবে সে ঈমানদার হতে পারবে না; ঈমানদার থাকা অবস্থায় না করলে সে মুরতাদ হয়ে যাবে; যেমন মুরতাদ হয়েছিল ইবলিস।

ইবলিসের মতো ঠিক একই কারণে কাফের ছিল আবু তালিবও। আমরা কে না জানি; আবু তালিব জানত ইসলামই সত্য, নবী মুহাম্মাদই হক। শুধু কি জানত? বিশ্বাস করত, মুখে স্বীকার করত এবং কর্মেও ইসলামের সমর্থন ও সহযোগিতা করত। কিন্তু তবুও কি সে মুমিন হতে পেরেছিল? সত্য দ্বীনকে সত্য হিসেবে জানা, বিশ্বাস করা ও স্বীকার করার পরও সে কেন কাফের থাকল? কেন মুমিন হিসেবে স্বীকৃতি পেল না? কারণ একটাই। তা হল ঈমান শুধু সত্যকে সত্য বলে জানা ও বিশ্বাস করার নাম নয়; বরং বিশ্বাসের সঙ্গে সঙ্গে তা গ্রহণ করাও মেনে নেয়ার নাম এবং গ্রহণ করেছি বলে স্বীকৃতি দেয়ার নাম ঈমান। লোকলজ্জার ভয়ে এই কাজটিই করতে পারেনি আবু তালিব। যার কারণে সে ঈমানদার হতে পারেনি।

তবে আবু তালিব ও ইবলিসের মাঝে একটি পার্থক্য আছে। পার্থক্যটি হল, ইবলিস শুরুতে ঈমানদার ছিল; পরে আল্লাহর একটি বিধান প্রত্যাখ্যান করে মুরতাদ হয়েছে। পক্ষান্তরে আবু তালিব শুরু থেকেই আল্লাহর কোনো বিধান গ্রহণ করেনি। ফলে সে শুরু থেকেই কাফের ছিল। শরীয়তের বিধান মুরতাদের ক্ষেত্রে কাফেরের চেয়েও কঠিন ও মর্মান্তিক।

উক্ত আলোচনার সারসংক্ষেপ আল্লামা আনওয়ার শাহ কাশ্মিরী রহ.-এর ভাষায় নিম্নরূপ–

المحورُ الذي يدورُ عليه الإيمان

وإذا قد علمت أن التَّصديقَ والتسليمَ والمعرفةَ واليقينَ كلُّها يُجَامِعُ الجحود، فلا بد من تفسير يتميز به الكفرُ من الإيمان. كيف وهذا القرآن يشهدُ بمعرفة الكفار، قال تعالى: {يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَآءهُمْ} [البقرة: ١٤٦] وهذا أبو طالب يُقِرُ بنبوتِهِ ونباهته صلى الله عليه وسلّم ويُعْلنُ بها في أبياته، حتى دارت وسارت، فيقول:

***ودعوتَني وزعمتَ أَنَّكَ صادِق ... وصدقت فيه وكنت ثَمَّ أمِينًا**

***وعرفتُ دينَك لا محالةَ أنه ... من خيرِ أديانِ البَرِيَّةِ دِينا**

***لولا الملامةُ أو حَذَارِ مَسَبَّةٍ ... لوجدتَّني سمحًا بذاك مُبِينًا**

وهذا هرقل عظيم الروم يقول: لو أني أعلم أني أَخْلُصُ إليه لتجَشَّمْتُ لقاءه، ولو كنت عنده لغَسَلْتُ عن قدميه، وفي «فتح الباري»: عن مرسل ابن إسحق عن بعض أهل العلم: أن هرقل قال: ويحك، والله إني لأَعْلَمُ أنه نبيٌ مرسل، ولكني أخاف الرومَ على نفسي، ولولا ذلك لاتَّبعتُهُ. فهل تريدُ من التصديق أمرًا وراء ذلك؟ فلما وُجِد منهم التصديقُ والتسليمُ والإقرارُ بهذه المثابة، وَجَبَ على التعريفِ المذكورِ أن يُحْكم عليهم بالإسلام، مع اتفاقهم على كونهم كافرين.

فأقول: إنّ الجزءَ الذي يمتاز به الإيمان والكفر، هو التزام الطاعة (١) مع الردع والتبري عن دين سواه، فإذا التزم الطاعة فقد خرجَ عن ضلالة الكفر ودخل في هَدْي الإسلام. وحينئذٍ تبين لك وجه كفر هؤلاء الكفرة مع تصديقهم ومعرفتهم، وذلك لأن أبا طالب وإن أعلن بحقية دينه، إلا أنه لم يلتزم طاعته، ولم يدخل في دينه، ولذا قال: لولا الملامة أو حذار مسبة .... إلخ، فآثر النار على العار. وهكذا هِرَقل، وإن تمنى لقاءه وَبجَّلَه وعظمه بظهر الغيب، لكنه خشي الرومَ أشدَّ خشية، فلم يلتزم طاعته. وكذلك حال الكفار الذين أخبر الله سبحانه عن معرفتهم، فإنهم مع معرفتهم الحقَ، صفحوا عن كلمة الحق، ولم يَدِينُوا بدين الإسلام.

ولذا أقول: إن الإيمان من الإرادات وترجمته في الهندية (ماننا) فهذا هو الصواب في تفسيره، فقد نقل الحافظ ابن تيمية رحمه الله تعالى الإجماعَ على كون هذا الجزء مما لا بد منه في باب الإيمان، وحينئذٍ ينبغي أن يراد من الإقرار في قول الفقهاء: الإقرار بالتزام الطاعة. وإن كان المراد منه الإقرار بالشهادتين كما هو المشهور، يبقى الإشكال. اهـ فيض الباري شرح صحيح البخاري: ١٢٥/١، كتاب الإيمان.

"যে অক্ষকে কেন্দ্র করে ঈমান আবর্তিত হয়!

আপনি যখন জানতে পারলেন যে, তাসদিক (আন্তরিক সত্যায়ন), তাসলিম (আত্মসমর্পণ), মা'রেফত (জ্ঞানলাভ) এবং ইয়াকিন (দৃঢ় বিশ্বাস)– সবগুলোই জুহুদ (অস্বীকার)- এর সাথে একত্রিত হতে পারে, তখন (ঈমানের) এমন একটি ব্যাখ্যা প্রয়োজন, যার দ্বারা কুফর থেকে ঈমান পৃথক হবে। (আপনি)

কিভাবে (তা অস্বীকার করবেন)! যখন এই কুরআনই সাক্ষ্য দিচ্ছে যে, কাফেরদের মা'রেফত রয়েছে? আল্লাহ তাআলা ইরশাদ করেন, 'তারা তাকে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে) তেমনই চেনে, যেমন চেনে তাদের ছেলে সন্তানদেরকে।' (সূরা বাকারাঃ ১৪৬) এই যে আবু তালেব! সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নবুওয়্যাত ও মহত্ত্বের স্বীকৃতি দিতো। তার কবিতার পংক্তিতে সে তা সুস্পষ্ট ঘোষণা করছে। সে বলছে–

*তুমি আমাকে আহ্বান করেছ এবং বলেছো যে, তুমি সত্যবাদি ... এতে তুমি সত্যই বলেছো এবং এ ব্যাপারে তুমি বিশ্বস্ত।

*আমি তোমার ধর্মকে চিনতে পেরেছি যে, ... নিঃসন্দেহে তা সৃষ্টির সর্বশ্রেষ্ঠ ধর্ম।

*যদি তিরস্কারের ভয় কিংবা গালি-গালাজের আশঙ্কা না থাকতো ... তাহলে আমাকে স্পষ্টরূপেই তা গ্রহণকারী বলে দেখতে পেতে।

এই যে রোমের অধিপতি হিরাক্লিয়াস! সে বলছে, 'আমি যদি জানতাম, আমি তাঁর (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের) কাছে পৌঁছতে পারবো, তাহলে আমি অবশ্যই কষ্ট বরদাশত করে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতাম। যদি আমি তাঁর নিকট থাকতাম, তাহলে তাঁর কদমের ধুলোবালি ধুয়ে দিতাম।' ফাতহুল বারিতে ইবনে ইসহাক সূত্রে মুরসাল সনদে কোনো কোনো আহলে ইলম থেকে বর্ণিত আছে, হিরাক্লিয়াস বলেছিল, 'আফসোস তোমার জন্য! আল্লাহর কসম! আমি জানি, নিঃসন্দেহে তিনি প্রেরিত নবী। কিন্তু আমি নিজের ব্যাপারে রোমানদের আশঙ্কা করছি। যদি এমনটা না হতো, তাহলে আমি অবশ্যই তাঁর অনুসরণ করতাম।'

এর চেয়েও অধিক তাসদিক আপনি চান? এমন পর্যায়ের তাসদিক, তাসলিম ও স্বীকারোক্তি যখন তাদের থেকে পাওয়া গেছে, তখন উল্লেখিত সংজ্ঞানুযায়ী তাদেরকে মুসলমান বলে হুকুম দেয়া আবশ্যক! অথচ তারা কাফের হওয়ার ব্যাপারে সকলেই একমত।

অতএব, আমি বলি– ঈমান ও কুফর পরস্পর থেকে আলাদা হবে যে মৌলিক জিনিসের মাধ্যমে, তা হলো– (নিজের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের) আনুগত্য অবধারিত করে নেয়া, সাথে সাথে অন্য সকল ধর্ম থেকে মুক্ত হওয়া ও সম্পর্কচ্ছেদ করা। যখন আনুগত্য অবধারিত

করে নেবে, তখন কুফরের গোমরাহি হতে বের হয়ে ইসলামের হেদায়াতে প্রবেশ করবে। আশা করি এখন আপনার নিকট সুস্পষ্ট হয়েছে যে, তাসদিক ও মা'রেফত থাকা সত্ত্বেও এসব কাফেরের কুফরির কারণ কি ছিল। কারণ, আবু তালেব যদিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ধর্ম হক্ব বলে ঘোষণা দিয়েছে, কিন্তু সে তাঁর আনুগত্য নিজের জন্য অবধারিত করে নেয়নি। তাঁর ধর্মে প্রবেশ করেনি। এ কারণেই সে বলেছে, 'যদি তিরস্কারের ভয় কিংবা গালি-গালাজের আশঙ্কা না থাকতো ... ।' লজ্জা (বরণের) অপেক্ষায় সে জাহান্নামকে অগ্রাধিকার দিয়েছে। হিরাক্লিয়াসও তা-ই করেছে। সে যদিও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সাক্ষাতের আকাঙ্খা করেছে, অনুপস্থিতিতে তাঁকে সম্মান করেছে, তা'জিম করেছে– কিন্তু সে রোমানদেরকে অতিমাত্রায় ভয় পেয়েছে, ফলে তাঁর আনুগত্য নিজের জন্য অবধারিত করে নেয়নি। ঐসব কাফেরদের অবস্থাও এমনই, যাদের ব্যাপারে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা জানিয়েছেন– তাদের মা'রেফাত ছিল, কিন্তু হক্ব চেনার পরও তারা হকের কালিমা থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। ইসলাম ধর্মকে নিজের ধর্ম হিসেবে গ্রহণ করেনি।

এ কারণে আমি বলি, ঈমান ইরাদাশ্রেণীভুক্ত বিষয়। হিন্দুস্তানের ভাষায় তার অনুবাদ হচ্ছে– 'মা-ননা' (মেনে নেয়া)। এটিই ঈমানের সঠিক ব্যাখ্যা। হাফেয ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহু তাআলা এ বিষয়টি ঈমানের জন্য অত্যাবশ্যক হওয়ার ব্যাপারে ইজমা বর্ণনা করেছেন। এমনটা হলে তখন ফুকাহায়ে কেরামের বক্তব্যে স্বীকারোক্তি (الإقرار) দ্বারা আনুগত্য অবধারিত করে নেয়ার স্বীকারোক্তি ধরতে হবে। পক্ষান্তরে এর দ্বারা যদি শাহাদাতাইনের স্বীকারোক্তি উদ্দেশ্য হয়– যেমনটা প্রসিদ্ধ আছে– তাহলে জটিলতা থেকেই যাবে।" (ফয়জুল বারি, কিতাবুল ঈমান: ১/১২৫)

পাঠকের কাছে এবার আমার প্রশ্ন– ইবলিস যদি আদমকে সেজদা করব না বলে আল্লাহর একটি বিধান প্রত্যাখ্যান করার কারণে কিংবা গ্রহণ না করার কারণে মুরতাদ হয়ে যায়, তাহলে–

১. যে ব্যক্তি প্রতিজ্ঞা করল, আমি আল্লাহর এই পাঁচটি হুকুম পালন করব না, তার বিধান কি হবে?
২. যে লিখিত প্রতিজ্ঞা করল, আমি আল্লাহর এই এই হুকুম পালন করব না, তা বিধান কি হবে?

৩. যে শপথ করে লিখিত প্রতিজ্ঞা করল, আমি আল্লাহর এই হুকুমগুলো পালন করব না, তার বিধান কি হবে?

৪. যে লিখিত প্রতিজ্ঞা করল, আল্লাহর এই হুকুমগুলো আমি নিজেও পালন করব না, কাউকে পালন করতেও দিব না, তার বিধান কি হবে?

৫. যে লিখিত প্রতিজ্ঞা করল আল্লাহর এই হুকুমগুলো আমি নিজেও পালন করব না এবং অন্যদেরকে পালন করা থেকে বিরত রাখার জন্য আমার সামর্থ্যের সবটুকু দিয়ে চেষ্টা করব, তার বিধান কি হবে?

৬. যে তোমাকে লিখে দিল, আমার উক্ত প্রতিজ্ঞা রক্ষা করা একটি পবিত্র দায়িত্ব, তার বিধান কি হবে?

৭. যে ব্যক্তি উপরের সবগুলো কাজই করল, তার বিধান কি হবে? তবুও সে মুরতাদ হবে না?

আশা করি এমন অযৌক্তি উত্তর দেয়ার মতো বোকামি একজন পাঠকও করবেন না।

প্রিয় পাঠক! এবার দয়া করে একটু আমাদের সংবিধানটি খুলে দেখুন! আমাদের সংসদ সদস্যরা কত অসংখ্যবার এই সবগুলো কাজ করে রেখেছেন। আল্লাহর কত অসংখ্য বিধান সম্পর্কে তারা সিদ্ধান্ত নিয়ে রেখেছেন এবং শপথ করে প্রতিজ্ঞা করে রেখেছেন– আমরা এই বিধানগুলো গ্রহণ করব না; বরং তার পরিবর্তে আমাদের বিধান হবে আমাদের স্বপ্রণীত কিংবা ইউরোপ আমেরিকার কাফের মুশরিকদের থেকে আমদানিকৃত।

দলীল নং-৪

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

﴿اِتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللهِ وَالْمَسِيحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا إِلَهًا وَاحِدًا لَا إِلَهَ إِلَّا هُوَ سُبْحَانَهُ عَمَّا يُشْرِكُونَ﴾

“তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে এবং মারিয়ামের পুত্র মসীহকেও, অথচ তাদের প্রতি এই আদেশ করা হয়েছিল যে, তারা শুধু এক মা'বুদের ইবাদত করবে, যিনি ব্যতীত কোন সত্য উপাস্য নেই। তারা যে অংশিদার স্থির করে, তা হতে তিনি পবিত্র।”(সূরা তাওবা: ৩১)

উপরিউক্ত আয়াত থেকে স্বাভাবিকভাবে একটি ব্যাপার বুঝে আসে না যে, কিভাবে 'তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে' কারণ, বাহ্যত তারা তো তাদেরকে রব বলে বিশ্বাস বা স্বীকার করতো না বা তাদের ইবাদতও করতো না; বরং তারা আল্লাহকেই রব বলে স্বীকার করতো এবং তাঁরই ইবাদত করতো।

এ প্রশ্নের উত্তর হাদীস শরীফে এসেছে। ইমাম বুখারী রহ. (মৃত্যু: ২৫৬হি.)**'আত-তারীখুল কাবীর' এ বর্ণনা করেন–**

عن عدي بن حاتم قال: أتيت رسول الله ﷺ وفي عنقي صليب، فقال: يا عدي اطرح هذا الوثن من عنقك فطرحته فانتهيت إليه وهو يقرأ في سورة براءة اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله فقلت إنا لسنا نعبدهم قال النبي ﷺ يحرمون ما أحل الله فتحرمون ويحلون ما حرم الله فتستحلون قلت بلى قال فتلك عبادتهم.اهـ

"আদী ইবনে হাতেম রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এলাম। তখন আমার গলায় একটি ক্রুশ ঝুলছিল। তিনি বললেন, হে আদী এই মূর্তিটি তোমার গলা থেকে ছুঁড়ে ফেল। আমি তা ছুঁড়ে ফেললাম। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকটে গেলাম। দেখলাম, তিনি সূরা বারাআ'র এই আয়াত তিলাওয়াত করছেন: 'তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে'। আমি আরজ করলাম, আমরা তো তাদের ইবাদত করতাম না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামবললেন, আল্লাহ তায়ালা যা হালাল করেছেন, তারা তা হারাম করতো আর তোমরাও তা হারাম মানতে এবং আল্লাহ তায়ালা যা হারাম করেছেন, তারা তা হালাল করতো আর তোমরাও তাকে হালাল মেনে নিতে। আমি উত্তর দিলাম- হ্যাঁ, এমনটি তো হয়েছে। তিনি বললেন, এটিই তাদের ইবাদত।" (আত-তারিখুল কাবীর লিল ইমাম বুখারী, ৭ম খণ্ড: ৪৭১ নং হাদীস; সুনানে তিরমিযি: ৫০৯৩; আল-মু'জামুল কাবীর লিত তাবারানী: ১৭/৯২, ২১৮-২১৯; আস-সুনানুল কুবরা লিল বায়হাকী: ২০৩৫০)

এই হাদীস থেকে উপরিউক্ত প্রশ্নের উত্তর পাওয়া যায়। পাদ্রী ও সংসারবিরাগীরা আল্লাহ কর্তৃক হালালকে হারাম, আর হারামকে হালাল

করতো। যার ফলশ্রুতিতে তারা মিথ্যা রবের স্থানে সমাসীন হয়েছে। আর যারা এক্ষেত্রে তাদের আনুগত্য করেছে, তারা বাস্তবে তাদেরকেই রব হিসেবে মেনে নিয়েছে। তারা যদিও আল্লাহ তায়ালারই ইবাদত করতো, কিন্তু জীবনের নানা ক্ষেত্রে আল্লাহর বিধানকে বাদ দিয়ে পাদ্রী ও সংসারবিরাগীদের বিধান গ্রহণ করেছিল। তাই আল্লাহ তায়ালা ঘোষণা দিয়েছেন, তারা আল্লাহকে বাদ দিয়ে তাদের পাদ্রী ও ধর্ম-যাজকদেরকে রব হিসেবে গ্রহণ করেছে।

হুযায়ফা রাযি.-এর ব্যাখ্যা

عن أبي البختري قال: قيل لحذيفة أرأيت قول الله اتخذوا أحبارهم؟ قال: أما إنهم لم يكونوا يصومون لهم ولا يصلون لهم، ولكنهم كانوا إذا أحلوا لهم شيئاً استحلوه، وإذا حرموا عليهم شيئاً أحله الله لهم حرموه، فتلك كانت ربوبيتهم.اهـ

"আবুল বাখতারী রহ. থেকে বর্ণিত, তিনি বলেন, হুযায়ফা রাযি.কে জিজ্ঞাসা করা হলো, আল্লাহর বাণী اتخذوا أحبارهم সম্পর্কে আপনার মতামত কী? তিনি উত্তর দিলেন, তারা তো পাদ্রী ও ধর্ম-যাজকদের উদ্দেশ্যে নামায-রোজা করতো না, কিন্তু পাদ্রীরা যখন তাদের জন্য কোন কিছু হালাল করতো তারাও তাকে হালাল ধরে নিত। আল্লাহ কর্তৃক কোন হালালকে যদি পাদ্রীরা হারাম করতো, তারাও তা হারাম ধরে নিত। এটাই ছিল তাদেরকে রব হিসেবে মেনে নেয়া।"(তাফসীরুত তবারী, হাদীস নং- ১৬৬৩৬)

আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. এর ব্যাখ্যা:

﴿اتَّخَذُواْ أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِّن دُونِ اللّهِ﴾قال عبد الله بن عباس: لم يأمروهم أن يسجدوا لهم، ولكن أمروهم بمعصية الله فأطاعوهم، فسماهم الله بذلك أرباباً.اهـ

"আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. বলেন, পাদ্রীরা তাদেরকে নিজেদের সিজদাহ্ করতে আদেশ করতো না; বরং তাদেরকে আল্লাহর অবাধ্যতার আদেশ দিত, আর তারা তাদের আনুগত্য করতো। এ কারণেই আল্লাহ তাদেরকে রব হিসেবে আখ্যায়িত করেছেন।" (তাফসীরুত তবারী, হাদীস নং- ১৬৬৪১)

ইমাম ত্বাবারী রহ.(মৃত্যু: ৩১০হি.)-এর ব্যাখ্যা

ইমাম ত্বাবারী রহ.**أَرْبَابًا مِّن دُونِ اللّهِ**এর ব্যাখ্যায় বলেন–

يعني سادة لهم من دون الله، يطيعونهم في معاصي الله، فيحلون ما أحلوه لهم مما قد حرمه الله عليهم، ويحرمون ما يحرمونه عليهم، مما قد أحله الله لهم.اه

"অর্থাৎ আল্লাহকে ছেড়ে তাদেরকে মাননীয় সর্দার হিসেবে গ্রহণ করেছে। আল্লাহর অবাধ্যতায় তাদের আনুগত্য করত। আল্লাহ কর্তৃক হারামকৃত যে বিষয়কে তারা হালাল করত, এরা তাকে হালাল ধরে নিত। আল্লাহ কর্তৃক হালালকৃত যে বিষয়কে তারা হারাম করত, এরাও তাকে হারাম ধরে নিত।"(তাফসীরুত তবারী, খণ্ড: ১৪, পৃষ্ঠা: ২০৯)

ইমাম জাস্সাস রহ. (মৃত্যু: ৩৭০হি.)

আমাদের মাযহাবের প্রসিদ্ধ মুফাস্সীর ইমাম জাস্সাস রহ.বলেন–

ولما كان التحليل والتحريم لا يجوز إلا من جهة العالم بالمصالح ثم قلدوا هؤلاءأحبارهم ورهبانهم في التحليل والتحريم وقبلوه منهم وتركوا أمر الله تعالى فيما حرم وحلل: صاروا متخذين لهم أربابا، إذ نزلوهم في قبول ذلك منهم منزلة الأرباب. اه

"হালাল বা হারামকরণ সকল মাসলাহাত ও কল্যাণ সম্পর্কে অবগত সত্তাব্যতীত অন্য কারো থেকে হতে পারে না। এতদসত্ত্বেও তারা হালাল ও হারামের ক্ষেত্রে তাদের আলেম ও সংসারবিরাগীদের আনুগত্য করেছে এবং আল্লাহকর্তৃক আদিষ্ট হালাল-হারাম ছেড়ে দিয়ে তাদের হারাম-হালালকে গ্রহণ করেছে। ফলশ্রুতিতে তারা (যেন) তাদেরকে রব বানিয়ে নিয়েছে। কেননা, তাদের থেকে হালাল-হারাম গ্রহণ করে তারা তাদেরকে রবের আসনে সমাসীন করেছে।"(আহকামুল কুরআন: ৩/১৩৪-১৩৫)

উপরিউক্ত আলোচনা থেকে প্রতীয়মান হলো, ইহুদী-খৃষ্টানরা তাদের ধর্মগুরুদের সামনে রুকু বা সিজদা করতো না। তারা যা করতো তা হল, ধর্মগুরুরা যা বৈধ করতো তাকে তারাও বৈধ হিসাবে মেনে নিতো। তারা যা অবৈধ ঘোষণা করতো তাকে তারাও অবৈধ হিসাবে মেনে নিতো। শরীয়তের বিধান ছেড়ে তারা ধর্মগুরুদের আনুগত্য করতো। একর্মের পরিপ্রেক্ষিতেই আল্লাহ তায়ালা ইহুদী খ্রিস্টানদের ধর্মগুরু এবং তাদের অনুসারী উভয় শ্রেণীকেই কাফের ঘোষণা দিয়েছেন।

ধর্মগুরুরা কাফের এ কারণে যে, তারা আল্লাহর হালালকে অবৈধ আর হারামকে বৈধ করেছে। অথচ কোন কিছুকে বৈধ বা অবৈধ সাব্যস্ত করার একমাত্র অধিকার আল্লাহ তায়ালার। যেমন আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

....

(إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ)

‘বিধান একমাত্র আল্লাহ তায়ালার। তিনি আদেশ দিয়েছেন, তোমরা তাঁকে ব্যতীত অন্য কারোও ইবাদত করো না।’ (সূরা ইউসূফ: ৪০)

কাজেই যারা নিজেরাই বিধান দিতে শুরু করেছে, আল্লাহর হালালকে অবৈধ কিংবা হারামকে বৈধ করেছে, তারা যেন নিজেদেরকে রবের আসনে বসিয়েছে। আল্লাহ তায়ালার রুবূবিয়্যাতে নিজেদেরকে শরীক দাবি করেছে। কাজেই তারা কাফের।

আর অনুসারীরা কাফের এ হিসেবে যে, তারা আল্লাহ তায়ালাকে বাদ দিয়ে ধর্মগুরুদের প্রতি চূড়ান্ত আনুগত্য প্রদর্শন করেছে। আল্লাহ তায়ালার শরীয়তের বিধান বাদ দিয়ে ধর্মগুরুদের দেয়া বিধান গ্রহণ করেছে। যেমন আনুগত্য আল্লাহ তায়ালার করার কথা তেমন আনুগত্য তারা ধর্মগুরুদের করেছে। আল্লাহ ও তাঁর শরীয়ত বাদ দিয়ে ধর্মগুরু এবং তাদের দেয়া বিধানের এই চূড়ান্ত আনুগত্যকে আল্লাহ ও তাঁর রাসূল ইবাদত হিসেবে সাব্যস্ত করেছেন। আল্লাহর বিপরীতে ধর্মগুরুদের চূড়ান্ত আনুগত্য করার দ্বারা তারা মূলত তাদেরকে রবের স্থানে বসিয়েছে। তাদের ইবাদতে লিপ্ত হয়েছে। এ কারণেই আল্লাহ তায়ালা উক্ত আয়াতে তাদেরকে আহবার ও রুহবানদের আবেদ সাব্যস্ত করেছেন।

সারকথা, এ আয়াতে আল্লাহ তায়ালা নাসারাদের দুইপ্রকার কুফরের বিবরণ দিয়েছেন।

১. হযরত ঈসা আলাইহিস সালামকে আল্লাহর পুত্র সাব্যস্ত করা এবং তার ইবাদত করা।

২. জীবনের বিভিন্ন ক্ষেত্রে আল্লাহর বিধান বাদ দিয়ে আলেমদের বিধান গ্রহণ করে তাদের ইবাদতে লিপ্ত হওয়া।

আলেমরা আল্লাহর শরীয়তের বিপরীত বিধান প্রণয়ন করে মৌখিকভাবে না হলেও কর্মগতভাবে নিজেদেরকে রব বলে দাবি করেছিল। আর সাধারণ জনগণ আল্লাহর বিধান বাদ দিয়ে আলেমদের অনুসরণ করে তাদের ইবাদতে লিপ্ত হয়েছিল। এভাবে এ দু'শ্রেণী দুইপ্রকার কুফরে লিপ্ত হয়ে কাফের হয়ে গিয়েছিল।

প্রিয় পাঠক, কুফরী বিধান দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী মুসলিম নামধারী বর্তমান শাসকগোষ্ঠী উপরিউক্ত উভয় প্রকার কুফরীতেই লিপ্ত হয়েছে। একদিকে তারা শরীয়ত বিরোধী বিধান প্রবর্তন করে, আল্লাহর হালালকে হারাম ও হারামকে হালাল করে নিজেদেরকে রবের আসনে বসিয়েছে, যেমনটা করেছিল ইহুদী খ্রিস্টানদের ধর্মগুরুরা। অপরদিকে জাতিসংঘের কুরআন-সুন্নাহ বিরোধী আইনকে রাষ্ট্রের জন্য অবশ্যপালনীয় এবং শিরোধার্য মেনে নিয়ে জাতিসংঘের ইবাদতে লিপ্ত হয়েছে, যেমনটা করেছিল ইয়াহুদ-নাসারাগণ তাদের ধর্মগুরুদের আনুগত্যের ক্ষেত্রে। কাজেই তারা তেমনি কাফের, যেমন কাফের ইয়াহুদ -নাসারারা এবং তাদের ধর্মগুরুরা। শুধু এতটুকুই নয়, বরং তারা আরোও জঘন্য কাফের। কারণ, তাদেরধর্মগুরুরা তো আল্লাহ তায়ালার শরীয়ত সম্পূর্ণ প্রত্যাখান করেনি বরং ক্ষেত্রবিশেষে আল্লাহর শরীয়তের বিপরীত বিধান বানিয়েছিল মাত্র। কিন্তু বর্তমান শাসকগোষ্ঠী শুধু এতটুকুতেই ক্ষান্ত নয়। তারা তো সম্পূর্ণ শরীয়তকেই প্রত্যাখান করেছে। জীবনের সকল ক্ষেত্রেই কুফরী আইন প্রবর্তন করেছে এবং নিজের পেটুয়া বাহিনী দিয়ে আল্লাহর বান্দাদেরকে তা মানতে বাধ্য করছে; না মানলে গুরুতর অপরাধী সাব্যস্ত করে জঘন্য থেকে জঘন্যতর শাস্তি প্রদান করছে। কাজেই তারা শুধু কাফেরই নয় বরং অতি জঘন্য রকমের কাফের।

দলীল নং-৫

﴿قُلْ يَاأَهْلَ الْكِتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلَّا نَعْبُدَ إِلَّا اللهَ وَلَا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللهِ فَإِنْ تَوَلَّوْا فَقُولُوا اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ﴾

‘(ইহুদী ও নাসারাদের) বলে দাও, হে আহলে কিতাব! তোমরা এমন এক কথার দিকে এসে যাও, যা আমাদের ও তোমাদের মধ্যে একই রকম। (আর তা এই যে,) আমরা আল্লাহ ছাড়া আর কারও ইবাদত করবো না, তাঁর সঙ্গে কোনো কিছুকে শরীক করব না এবং আল্লাহকে ছেড়ে আমরা একে অন্যকে রব বানাবো না। তথাপি যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে বলে দাও, তোমরা সাক্ষী থাক যে, আমরা মুসলিম।’ (সূরা আলে ইমরান: ৬৪)

এ আয়াত পূর্বোক্ত দলীলে আলোচিত সূরা তাওবার ৩১ নং আয়াতের সমার্থক। এ আয়াতে দলীল নিম্নোক্ত অংশটুকু-

﴿وَلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللهِ﴾

‘এবং আল্লাহকে ছেড়ে আমরা একে অন্যকে রব বানাবো না।’

আল্লাহ তায়ালা মুসলমানদের আদেশ দিচ্ছেন, তোমরা আহলে কিতাবদের আহ্বান জানাও, ‘আস, আমরা-তোমরা সাবাই ঐক্যবদ্ধ হই যে, আমরা আল্লাহ ব্যতীত আর কারো ইবদত করব না, তাঁর সঙ্গে কাউকে শরীক করবো না এবং আল্লাহকে ছেড়ে আমরা নিজেরা একে অপরকে রব বানাবো না।’

রব বানানো দ্বারা উদ্দেশ্য– আল্লাহ তায়ালাকে ছেড়ে, তাঁর বিধান ছেড়ে আলেমদের এবং তাদের বানানো বিধানের আনুগত্য করা। আল্লাহ তায়ালা মুসলমানদের আদেশ দিচ্ছেন, তোমরা ইয়াহুদ-নাসারাকে আহ্বান জানাও, যেন তারা তোমাদের সাথে ঐক্যবদ্ধ হয় যে, তোমরা এবং তারা কেউই আল্লাহ ও তাঁর বিধান ছেড়ে অন্য কারো আনুগত্য করবে না। যদি তারা আহ্বানে সাড়া দেয় তো ভাল, অন্যথায় তাদেরকে বলে দাও, তোমরা সাক্ষী থাক, আমরা মুসলিম। আমরা আল্লাহ ও তাঁর বিধানের সামনে আত্মসমর্পণ করেছি। পক্ষান্তরে তোমরা এ থেকে মুখ ফিরিয়ে নিয়ে কুফরীতে লিপ্ত আছ।

ইমাম কুরতুবী রহ. (মৃত্যুঃ ৬৭১হি.) বলেন–

خوطبوا بذلك لأنهم جعلوا أحبارهم في الطاعة لهم كالأرباب. اهـ

“তাদেরকে এ আহ্বান জানানো হয়েছে, কারণ তারা আনুগত্যের ক্ষেত্রে তাদের আলেমদেরকে রবের ন্যায় বানিয়ে নিয়েছে।” (তাফসীরে কুরতুবীঃ ৪/১০৫)

তিনি আরোও বলেন–

قوله تعالى:(ولا يتخذ بعضنا بعضا أربابا من دون الله)أي لا نتبعه في تحليل شي أو تحريمه إلا فيما حلله الله تعالى. وهو نظير قوله تعالى:" اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله"[التوبة: ٣١] معناه أنهم أنزلوهم منزلة ربهم في قبول تحريمهم وتحليلهم لما لم يحرمه الله ولم يحله الله. اهـ

“আল্লাহ তায়ালার বাণী- {এবং আল্লাহকে ছেড়ে আমরা একে অন্যকে রব বানাবো না}; অর্থাৎ আল্লাহতায়ালা যা হালাল করেছেন, তা ব্যতীত হালাল বা হারামের ক্ষেত্রে আমরা একে অন্যের অনুসরণ করবো না। এ বাণী আল্লাহ তায়ালার সেই বাণীর মতা, যেখান তিনি বলেছেন–‘তারা আল্লাহকে ছেড়ে

নিজেদের পাদ্রী ও ধর্ম-জাযকদেরকে প্রভু বানিয়ে নিয়েছে'। (সূরা তাওবা: ৩১) অর্থাৎ আল্লাহর হারাম ও হালালের বিপরীতে তাদের হারাম-হালালকে গ্রহণ করে তারা তাদেরকে রবের আসনে সমাসীন করেছে।" (তাফসীরে কুরতুবী: ৪/১০৬)

আল্লামা সা'দী রহ. (মৃত্যু: ১৩৭৬হি.) বলেন–

{ولا يتخذ بعضنا بعضا أربابا من دون الله} بل تكون الطاعة كلها لله ولرسله، فلا نطيع المخلوقين في معصية الخالق، لأن ذلك جعل للمخلوقين في منزلة الربوبية. اهـ

"{আল্লাহকে ছেড়ে আমরা একে অন্যকে রব বানাবো না}; বরং সকলপ্রকার আনুগত্য হবে আল্লাহ ও তাঁর রাসূলের। খালেকের নাফরমানীতে আমরা মাখলুকের আনুগত্য করবো না। কারণ এটা হচ্ছে, মাখলুককে রবের আসনে সমাসীন করা।" (তাফসীরে সা'দী: ১/১৩৩)

ইমাম জাসসাস রহ. (মৃত্যু: ৩৭০হি.) বলেন–

إذ كان الناس كلهم عبيد الله لا يستحق بعضهم على بعض العبادة ولا يجب على أحد منهم طاعة غيره إلا فيما كان طاعة لله تعالى وقد شرط الله تعالى في طاعة نبيه ﷺ ما كان منها معروفا وإن كان الله تعالى قد علم أنه لا يأمر إلا بالمعروف لئلا يترخص أحد في إلزام غيره طاعة نفسه إلا بأمر الله تعالى كما قال الله تعالى مخاطبا لنبيه ﷺ في قصة المبايعات:{ولا يعصينك في معروف فبايعهن} فشرط عليهن ترك عصيان النبي ﷺ في المعروف الذي يأمرهن به تأكيدا، لئلا يلزم أحدا طاعة غيره إلا بأمر الله وما كان منه طاعة لله تعالى.

وقوله تعالى:{ولا يتخذ بعضنا بعضا أربابا من دون الله} أي لا يتبعه في تحليل شيء ولا تحريمه إلا فيما حلله الله أو حرمه. وهو نظير قوله تعالى:{اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله والمسيح ابن مريم}...

وإنما وصفهم الله تعالى بأنهم اتخذوا أربابا لأنهم أنزلوهم منزلة ربهم وخالقهم في قبول تحريمهم وتحليلهم لما لم يحرمه الله ولم يحلله ولا يستحق أحد أن يطاع بمثله إلا الله

....

تعالى الذي هو خالقهم والمكلفون كلهم متساوون في لزوم عبادة الله واتباع أمره وتوجيه العبادة إليه دون غيره. اهـ

"সকল মানুষই যেহেতু আল্লাহর বান্দা, তাই তারা একে অপরের কাছ থেকে ইবাদত পাওয়ার হকদার নয় এবং আল্লাহ তায়ালার আনুগত্যের স্থান ব্যাতীত কারো উপর অন্যের আনুগত্য আবশ্যক নয়। আল্লাহ তায়ালা তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনুগত্যের ক্ষেত্রেও শর্ত লাগিয়েছেন যে, তা ন্যায়-সঙ্গত বিষয়ে হতে হবে, অথচ আল্লাহ তায়ালা জানেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ন্যায় ব্যতীত ভিন্ন কিছুর আদেশ করবেন না। তা এজন্য করেছেন যে, কেউ যেন আল্লাহ তায়ালার আদেশ ব্যতীত অন্য কিছুতে কাউকে নিজের আনুগত্য করতে বাধ্য করার সুযোগ গ্রহণ না করতে পারে। বাইয়াতের ঘটনায় আল্লাহ তায়ালা তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সম্বোধন করে বলেন, 'এবং (যদি তারা এ শর্তে বাইয়াত হতে আসে যে,) কোন ভাল কাজে তারা আপনার অবাধ্যতা করবে না, তাহলে আপনি তাদের বাইয়াত গ্রহণ করুন।' (সূরা মুমতাহিনা: ১২) আল্লাহ তায়ালা মহিলাদের উপর শর্ত আরোপ করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের যে ভাল কাজের আদেশ দেবেন, তারা তাতে তাঁর অবাধ্যতা করতে পারবে না। এমনটি করেছেন গুরুত্বারোপের জন্য, যেন আল্লাহ তায়ালার আদেশ এবং তার আনুগত্যের বিষয় ব্যতীত কারও উপর অন্যের আনুগত্য আবশ্যক হয়ে না যায়।

আল্লাহ তায়ালার বাণী–{এবং আল্লাহকে ছেড়ে আমরা একে অন্যকে রব বানাবো না।} অর্থাৎ আল্লাহ তায়ালা যা হালাল বা হারাম করেছেন তা ব্যতীত, হালাল বা হারামের ক্ষেত্রে আমরা একে অন্যের অনুসরণ করবো না। এ বাণী আল্লাহ তায়ালার সেই বাণীর মতা, যাতে তিনি বলেছেন–{তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও ধর্ম-জাযকদেরকে প্রভু বানিয়ে নিয়েছে এবং মারিয়ামের পুত্র মসীহকেও}। (সূরা তাওবা: ৩১) ...

আল্লাহ তায়ালা এদেরকে এই বিশেষণে অভিহিত করেছেন যে, এরা পাদ্রী ও ধর্মজাযকদেরকে রব হিসাবে গ্রহণ করেছে। কেননা, তারা তাদেরকে তাদের রব ও সৃষ্টিকর্তার আসনে সমাসীন করেছে। তারা তাদের এমন হালাল-হারামকে গ্রহণ করেছে, যাকে আল্লাহ তায়ালা হালাল বা হারাম করেননি। এধরনের আনুগত্যের অধিকারী একমাত্র আল্লাহ তায়ালা, যিনি তাদের সৃষ্টিকর্তা। আর তাঁর ইবাদত ও আদেশ পালন করা এবং ইবাদতকে শুধু

তাঁরই সমীপে অর্পণ করা সকল বান্দার উপর সমভাবে আবশ্যক এবং সকলেই এক্ষেত্রে বরাবর।" (আহকামুল কুরআন, খণ্ড: ২, পৃষ্ঠা: ২৯৭)

প্রিয় পাঠক, আশাকরি আমরা বুঝতে পেরেছি, হালাল-হারাম ও বিধি-বিধানের ক্ষেত্রে আনুগত্য মূলত ইবাদত। বিধান প্রণয়ন এবং হালাল ও হারামকরণ সেই সত্তার অধিকার, যিনি সকলের রব। সকলের প্রভু। যেমন আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

﴿أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ تَبَارَكَ اللهُ رَبُّ الْعَالَمِينَ﴾

'স্মরণ রেখ! সৃষ্টি ও আদেশ দান তাঁরই কাজ। আল্লাহ অতি বরকতময়, যিনি জগৎসমূহের প্রতিপালক।' (সূরা আ'রাফ: ৫৪)

যারা আল্লাহর আদেশ-নিষেধ ও তাঁর হালাল-হারামের তোয়াক্কা না করে নিজেরাই বিধান প্রণয়নে হাত দিয়েছে, নিজেরাই হালাল-হারাম করতে শুরু করেছে, তারা প্রকৃত অর্থে–মৌখিকভাবে না হলেও, কর্মগতভাবে–নিজেদেরকে রব দাবি করেছে। আর যারা আল্লাহর বিধি-বিধান, আল্লাহর হালাল-হারাম বাদ দিয়ে এদের বিধি-বিধান আর হালাল-হারামকে বেছে নিয়েছে, তারা মূলত এদের ইবাদতে লিপ্ত হয়েছে। এদেরকে রবের আসনে সমাসীন করেছে। ফলত উভয়ই কাফেরে পরিণত হয়েছে। ইয়াহুদ-নাসারারা এ কুফরেই লিপ্ত হয়েছিল। মুসলিম নামধারী আমাদের বর্তমান শাসকগোষ্ঠীও তাতে লিপ্ত হয়েছে। কাজেই তারা তেমনি কাফের, যেমন কাফের ছিল ইয়াহুদ-নাসারার জনসাধারণ এবং পাদ্রী ও ধর্মজাযকেরা।

দলীল নং-৬

﴿إِنَّ الَّذِينَ ارْتَدُّوا عَلَى أَدْبَارِهِمْ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمُ الْهُدَى الشَّيْطَانُ سَوَّلَ لَهُمْ وَأَمْلَى لَهُمْ ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ وَاللهُ يَعْلَمُ إِسْرَارَهُمْ فَكَيْفَ إِذَا تَوَفَّتْهُمُ الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ ذَلِكَ بِأَنَّهُمُ اتَّبَعُوا مَا أَسْخَطَ اللهَ وَكَرِهُوا رِضْوَانَهُ فَأَحْبَطَ أَعْمَالَهُمْ﴾

'যারা পিছন ফিরে চলে গেছে; ওদের সামনে সরল পথ স্পষ্ট হওয়ার পরও, নিশ্চয়ই শয়তান ওদের কুমন্ত্রণা দিয়েছে এবং ওদের (দূর-দূরান্তের) আশা দিয়েছে। তা এ জন্য যে, যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা অপছন্দ করে, তাদেরকে ওরা বলেছে, 'আমরা কোন কোন বিষয়ে তোমাদের আনুগত্য করব।' আর আল্লাহ ওদের গোপন কথা-বার্তা জানেন। অতএব, তখন (ওদের

অবস্থা) কেমন হবে, যখন ফেরেশতারা ওদের জান বের করবে ওদের মুখে ও পিঠে আঘাত করতে করতে? তা এ জন্য যে, ওরা সেই পথের অনুসরণ করেছে, যা আল্লাহর অসন্তোষ সৃষ্টি করে এবং তাঁর সন্তুষ্টিকে অপছন্দ করেছে, ফলে তিনি ওদের সমস্ত কর্ম নিষ্ফল করে দিয়েছেন।' (সূরা মুহাম্মাদ: ২৫-২৮)

ارْتَدُّوا عَلَى أَدْبَارِهِمْ–'পিছন ফিরে চলে গেছে' দ্বারা উদ্দেশ্য– ঈমান গ্রহণের পর মুরতাদ হয়ে গেছে।

ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪হি.) বলেন–

{إن الذين ارتدوا على أدبارهم} أي: فارقوا الإيمان ورجعوا إلى الكفر. اهـ

"{নিশ্চয়ই যারা পিছন ফিরে চলে গেছে} অর্থাৎ ঈমান থেকে বিচ্ছিন্ন হয়ে কুফরে ফিরে গেছে।" (তাফসীরে ইবনে কাসীর: ৭/৩২০)

আল্লামা শানকীতি রহ. (মৃত্যু: ১৩৯৩হি.) বলেন–

الظاهر أن الذين ارتدوا على أدبارهم من بعد ما تبين لهم الهدى، قوم كفروا بعد إيمانهم .اهـ

"এটা স্পষ্ট যে, হেদায়াত স্পষ্ট হওয়ার পরও যারা পিছন দেকে ফিরে চলে গেছে, তারা এমন কিছু লোক, যারা ঈমান আনার পর কাফের হয়ে গেছে।" (আদওয়াউল বায়ান: ৭/৪৪০)

এসব লোক কেন মুরতাদ হয়ে গেছে, এর কারণ উল্লেখ করে আল্লাহ তায়ালা বলেন–

﴿ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا لِلَّذِينَ كَرِهُوا مَا نَزَّلَ اللهُ سَنُطِيعُكُمْ فِي بَعْضِ الْأَمْرِ﴾

(তা এ জন্য যে, যারা আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা অপছন্দ করেছে, তাদেরকে ওরা বলেছে, 'আমরা কোন কোন বিষয়ে তোমাদের আনুগত্য করব।')

অর্থাৎ যারা আল্লাহর অবতীর্ণ কিতাব ও তার বিধি-বিধানকে অপছন্দ করে, সেসব কাফেরেদের সাথে এরা গোপনে ঐক্য করেছে যে, আমরা কোন কোন বিষয়ে আল্লাহর শরীয়তের বিধান না মেনে তোমাদের আনুগত্য করব। এটাই তাদের মুরতাদ হওয়ার কারণ। আল্লাহর বিধান বাদ দিয়ে কাফেরদের

আনুগত্যের এ সম্মতিকেই আল্লাহ তায়ালা রিদ্দাহ্ ও কুফর সাব্যস্ত করেছেন এবং তাদেরকে মুরতাদ ঘোষণা দিয়েছেন।

আয়াতটি নাযিল হয়েছে মদীনার মুনাফিকদের ব্যাপারে। তারা গোপনে গোপনে ইহুদীদের সাথে আঁতাত করতো। ইহুদীদেরকে আশ্বাস দিত, প্রয়োজনের সময় তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে জিহাদে বের হবে না, বরং উল্টো তাঁর বিরুদ্ধে ইহুদীদেরকে সহায়তা করবে, ইহুদীরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরুদ্ধে যুদ্ধে বের হলে তারাও তাদের সাথে তাঁর বিরুদ্ধে যুদ্ধে বের হবে। তাদেরকে সহায়তা করবে। যেমন আল্লাহ তায়ালা তাদের ব্যাপারে ইরশাদ করেন–

﴿أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِنْ قُوتِلْتُمْ لَنَنْصُرَنَّكُمْ﴾

"হে রাসূল, আপনি কি সেসব মুনাফিকের আচরণ লক্ষ্য করেননি, যারা তাদের কাফের আহলে কিতাব ভাইদের বলে, যদি তোমাদেরকে (কখনো এ জনপদ থেকে) বের করে দেয়া হয়, আমরাও তোমাদের সাথে (একাত্মতা ঘোষণা করে এখান থেকে) বেরিয়ে যাবো এবং তোমাদের (স্বার্থের) বেলায় আমরা কখনোই অন্য কারো আনুগত্য করবো না। আর তোমাদের সাথে যদি যুদ্ধ বাঁধিয়ে দেয়া হয়, তাহলে আমরা অবশ্যই তোমাদের সহায়তা করবো।" (সূরা হাশর: ১১)

শায়খ জামালুদ্দীন কাসেমী রহ. (মৃত্যু: ১৯১৪ইং.) তাঁর তাফসীর গ্রন্থ 'মাহাসিনুত-তাবীল'-এ বলেন–

ذلكإشارة إلى ما ذكر من ارتدادهم،**بأنهم**أي بسبب أنهم**قالوا**أي المنافقون**للذين كرهوا ما نزل الله**أي لليهود الكارهين لنزول القرآن على رسول الله ﷺ**سنطيعكم في بعض الأمر**أي بعض أموركم، أو ما تأمرون به كالقعود عن الجهاد، والتظاهر على الرسول، أو الخروج معهم إن أخرجوا، كما أوضح ذلك قوله تعالى: أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نافَقُوا يَقُولُونَ لِإِخْوانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلا نُطِيعُ فِيكُمْ أَحَداً أَبَداً وَإِنْ قُوتِلْتُمْ لَنَنْصُرَنَّكُمْ [الحشر: ١١]،

وهم بنو قريظة والنضير الذين كانوا يوالونهم ويوادونهم.اهـ

"ذلك (যালিকা) দ্বারা ইশারা করা হয়েছে তাদের পূর্বোল্লিখিত ইরতিদাদের দিকে। আর তা এ কারণে যে, মুনাফিকরা ইহুদীদেরকে–যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর কুরআন অবতীর্ণ হওয়াকে অপছন্দ করেছে তাদেরকে– বলেছে, 'আমরা কোন কোন বিষয়ে তোমাদের কথা মানব।' অর্থাৎ তোমাদের কতক বিষয় কিংবা তোমরা যা আদেশ কর (তা মানবো)। যেমন, জিহাদ ত্যাগ করে বসে থাকা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরুদ্ধে সহায়তা করা, তাদেরকে বের করে দেয়া হলে তাদের সাথে বেরিয়ে যাওয়া। যেমনটা আল্লাহ তায়ালার এ বাণীতে পরিষ্কার বিবরণ দেয়া হয়েছে– 'হে রাসূল, আপনি কি সেসব মুনাফিকের আচরণ লক্ষ্য করেননি, যারা তাদের কাফের আহলে কিতাব ভাইদের বলে, যদি তোমাদেরকে (কখনো এ জনপদ থেকে) বের করে দেয়া হয়, আমরাও তোমাদের সাথে (একাত্মতা প্রকাশ করে) বেরিয়ে যাবো এবং তোমাদের (স্বার্থের) বেলায় আমরা কখনোই অন্য কারো আনুগত্য করবো না। আর তোমাদের সাথে যদি যুদ্ধ বাঁধিয়ে দেয়া হয়, তাহলে আমরা অবশ্যই তোমাদের সহায়তা করবো।' (সূরা হাশর: ১১)

তারা হচ্ছে, বনু কুরায়যা এবং বনু নযীর, যাদের সাথে তারা বন্ধুত্ব ও ভালোবাসা রাখতো।" (মাহাসিনুত-তাবীল: ৮/৪৭৬)

কেউ কেউ বলেন, আয়াতটি ইহুদীদের ব্যাপারে নাযিল হয়েছে। তারা মক্কার মুশরিকদের কাছে গিয়ে বলতো, মুহাম্মদের বিরুদ্ধে আমরা তোমাদের সাথে আছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিরুদ্ধে তারা তাদেরকে সহায়তার আশ্বাস দিত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সত্য নবী বলে বিশ্বাস করার পরও প্রতিহিংসাবশত তাঁর বিরুদ্ধাচারণ করতো। তাঁর আনুগত্যের বিপরীতে কাফেরদের আনুগত্য করতো।

তবে নাযিলের প্রেক্ষিত যাই হোক, আয়াত ব্যাপক। আয়াতের বিধান শুধু তৎকালীন ইয়াহুদ বা মুনাফিকদের সাথে খাছ নয় এবং তাদের মাঝেই সীমাবদ্ধ নয়। বরং কেয়ামত পর্যন্ত আগত সকল মানুষের বেলায়ই আয়াত প্রযোজ্য। আল্লাহ তায়ালার অবতীর্ণ কিতাব, শরীয়ত ও বিধি-বিধানকে যারা অপছন্দ করে, কোন কোন বিষয়ে শরীয়তের বিধানের বিপরীতে কাফেরদের বিধান মেনে নেবে বলে যারাই সম্মত হবে, তাদের উপরই আয়াতের বিধান প্রযোজ্য হবে। তারাই দ্বীন-ত্যাগী মুরতাদে পরিণত হবে। কারণ, তাফসীরের একটি মূলনীতি আছে–

العبرة بعموم اللفظ لا بخصوص السبب

অর্থাৎ “যে নির্দিষ্ট প্রেক্ষাপটে আয়াত নাযিল হয়েছে, আয়াতের বিধান শুধু তার মাঝেই সীমাবদ্ধ থাকবে না; বরং আয়াতের বাহ্যিক ব্যাপক অর্থ যা কিছুকে শামিল করে, তার সব কিছুর উপরই আয়াতের বিধান প্রযোজ্য হবে।”(দেখুন ‘আল-ইহকাম’ লিল-আমুদী: ২/৩৪৭, ‘আল-মুওয়াফাকাত’ লিশ-শাতিবী: ১/৩০০, ‘মুনতাহাল উসূল’ লি-ইবনিল হাযিব: ৭৯, ‘আস-সারিমুল মাসলূল’ লি-ইবনি তাইমিয়া: ৩৩, ‘আহকামুল কুরআন লিল-জাসসাস: ১/১২৪, ২৯১ ...।)

আল্লামা শানকীতি রহ. (মৃত্যু: ১৩৯৩হি.) বলেন–

واعلم أن هذه الآية الكريمة ، قد قال بعض العلماء: إنها نزلت في المنافقين.وقال بعضهم: إنها نزلت في اليهود ... والتحقيق الذي لا شك فيه ان هذه الآيات عامة في كل ما يتناوله لفظها، وأن كل ما فيها من الوعيد عام لمن أطاع من كره ما نزل الله . اهـ

“জেনে রাখ, এই আয়াতে কারীমার ব্যাপারে উলামাদের কেউ কেউ বলেন, তা মুনাফিকদের ব্যাপারে নাযিল হয়েছে। আবার কেউ কেউ বলেন, তা ইহুদীদের ব্যাপারে নাযিল হয়েছে। ... তবে বাস্তব সত্য, যাতে কোন সন্দেহ নেই, এ সকল আয়াত ব্যাপক। আয়াতের শব্দাবলী যা কিছু শামিল করে, তার সবই এগুলোতে অন্তর্ভুক্ত। এগুলোতে যে শাস্তি ও পরিণতির কথা বিধৃত হয়েছে তাও ব্যাপক। আল্লাহর নাযিলকৃত বিধান যে অপছন্দ করে, তার আনুগত্য যে করবে তাদের প্রত্যেকের উপরই তা বর্তাবে।” (আদওয়াউল বায়ান: ৭/৪৪২)

প্রিয় পাঠক! বক্ষমাণ আয়াতের এতটুকু আলোচনাই মনে হয় যথেষ্ট। আশাকরি স্পষ্ট হয়েছে: ইউরোপ-আমেরিকা, ফ্রান্স-রাশিয়া, ইনল্যান্ড আর জাতিসংঘ থেকে আমদানীকৃত, কাফেরদের প্রণীত, কুফরী বিধানের অনুসারী মুসলিম নামধারী বর্তমান শাসকগোষ্ঠী কিছুতেই মুমিন নয়। বরং তারা দ্বীনে ইসলাম থেকে বহিষ্কৃত কাফের ও মুরতাদ। যেখানে কোন কোন বিষয়ে কাফেরদের বিধান মেনে নিলেই কাফের হয়ে যায়, সেখানে আজ যারা গোটা শরীয়ত প্রত্যাখান করে জীবনের প্রতিটি ক্ষেত্রে কুফরি বিধান প্রবর্তন করেছে, তারা কিভাবে ঈমানদার থাকতে পারে!? আল্লাহ তায়ালা আমাদের হেফাজত করুন। আমীন!

দলীল নং-৭

....

﴿ وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللهِ عَلَيْهِ وَإِنَّهُ لَفِسْقٌ وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ﴾

'যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারণ করা হয় না, সেগুলো থেকে ভক্ষণ করো না। এ ভক্ষণ গোনাহ।নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদের নিকট ওহী প্রেরণ করে, যাতে তারা তোমাদের সাথে বিতর্ক করে। যদি তোমরা তাদের আনুগত্য কর, নিশ্চিত তোমরাও মুশরিক হয়ে যাবে।' (সূরা আনআম: ১২১)

যেসব জন্তু দেবতাদের নামে যবেহ করা হয় কিংবা যবেহ ছাড়াই স্বাভাবিকভাবে মারা যায়, সেগুলো খাওয়া হারাম করে আল্লাহ তায়ালা নাযিল করেন–

﴿ وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللهِ عَلَيْهِ ﴾

'যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না, সেগুলো থেকে ভক্ষণ করো না।' (সূরা আনআম: ১২১)

তখন মক্কার কাফেররা মুসলমানদের সাথে বিতর্কে জড়ায়। তারা বলে, 'তোমরা কিভাবে আল্লাহ তায়ালার পছন্দনীয় পথে চলার দাবি কর, অথচ তোমরা নিজ হাতে যা জবাই কর তা খাও, আর আল্লাহ তায়ালা নিজ হাতে যা জবাই করে দেন–অর্থাৎ মৃত জন্তু–তা খাও না?! তাহলে কি তোমরা আল্লাহর চেয়েও উত্তম?!'

তখন আল্লাহ তায়ালা নাযিল করেন–

﴿ وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ <u>وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ</u>﴾

'নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদের নিকট ওহী প্রেরণ করে, যাতে তারা তোমাদের সাথে বিতর্ক করে। <u>যদি তোমরা তাদের আনুগত্য কর, নিশ্চিত তোমরাও মুশরিক হয়ে যাবে।</u>' (সূরা আনআম: ১২১)

অর্থাৎ তোমরা যদি কাফেরদের আনুগত্য করে আল্লাহ তায়ালার শরীয়তের বিধানের বিপরীতে কাফেরদের বিধান গ্রহণ করে নাও তাহলে তোমরাও তাদের মতো মুশরিক হয়ে যাবে।

শরয়ী বিধানের বিপরীতে কাফেরদের আনুগত্য করা এবং তাদের বিধান গ্রহণ করে নেয়াকে আল্লাহ তায়ালা এ আয়াতে শিরক আখ্যায়িত করেছেন।

আল্লামা শাওকানী রহ. (মৃত্যু: ১২৫০হি.) বলেন–

وإن أطعتموهم فيما يأمرونكم به وينهونكم عنه إنكم لمشركون مثلهم. اهـ

“তারা তোমাদেরকে যা করার আদেশ দেয় এবং যা থেকে বারণ করে, যদি তোমরা সেগুলোতে তাদের আনুগত্য কর, তাহলে তোমরাও তাদের মতো মুশরিক হয়ে যাবে।” (ফাতহুল কাদীর: ২/১৮০)

ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪হি.) এই আয়াতের ব্যাখ্যায় বলেন–

وقال السدي في تفسير هذه الآية: إن المشركين قالوا للمؤمنين: كيف تزعمون أنكم تتبعون مرضاة الله، وما ذبح الله فلا تأكلونه، وما ذبحتم أنتم أكلتموه؟ فقال الله: {وإن أطعتموهم} فأكلتم الميتة {إنكم لمشركون} وهكذا قاله مجاهد، والضحاك، وغير واحد من علماء السلف، رحمهم الله.

وقوله تعالى: {وإن أطعتموهم إنكم لمشركون} أي: حيث عدلتم عن أمر الله لكم وشرعه إلى قول غيره، فقدمتم عليه غيره فهذا هو الشرك، كما قال تعالى: {اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله [والمسيح ابن مريم وما أمروا إلا ليعبدوا إلها واحدا لا إله إلا هو سبحانه عما يشركون] } [التوبة: ٣١] . وقد روى الترمذي في تفسيرها، عن عدي بن حاتم أنه قال: يا رسول الله، ما عبدوهم، فقال: "بل إنهم أحلوا لهم الحرام وحرموا عليهم الحلال، فاتبعوهم، فذلك عبادتهم إياهم".اهـ

“সুদ্দী রহ. এ আয়াতের তাফসীরে বলেন, মুশরিকরা মুমিনদেরকে বলল, তোমরা কিভাবে দাবি কর যে, তোমরা আল্লাহ তায়ালার পছন্দের অনুসরণ কর; অথচ আল্লাহ তায়ালা যা জবাই করেন তা খাও না, আর তোমরা নিজেরা যা জবাই কর তা খাও?! এ প্রেক্ষিতেই আল্লাহ তায়ালা বলেন, ‘যদি তোমরা তাদের আনুগত্য কর’ অর্থাৎ (তাদের কথা মতো) মৃত প্রাণী খাও, ‘তাহলে তোমরাও মুশরিক হয়ে যাবে’। মুজাহিদ রহ. এবং জাহ্‌হাক রহ.সহ উলামায়ে সালাফের অনেকে – রাহিমাহুমুল্লাহ – এমনই বলেছেন।

আল্লাহর তায়ালার বাণী– ‘যদি তোমরা তাদের আনুগত্য কর, তাহলে তোমরাও মুশরিক হয়ে যাবে’। অর্থাৎ তোমরা যদি আল্লাহর আদেশ ও শরীয়ত থেকে মুখ ফিরিয়ে নিয়ে অন্য কারো কথার দিকে দৃষ্টি দাও এবং এর উপর

অন্য কিছুকে প্রাধান্য দাও তাহলে সেটিই হবে শিরক, যেমনটা আল্লাহ তায়ালা বলেন, 'তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও ধর্ম-যাজকদেরকে প্রভু বানিয়ে নিয়েছে এবং মারিয়ামের পুত্র মসীহকেও, অথচ তাদের প্রতি এই আদেশ করা হয়েছিল যে, তারা শুধু এক ইলাহের ইবাদত করবে, যিনি ব্যতীত কোন ইলাহ নেই। তারা যে শরীক স্থির করে, তিনি তা থেকে পবিত্র।'(সূরা তাওবা: ৩১) ইমাম তিরমিযি রহ. এ আয়াতের ব্যাখ্যায় হযরত আদী ইবনে হাতেম রাদি. থেকে বর্ণনা করেন– তিনি আরজ করলেন, ইয়া রাসূলাল্লাহ, তারা তো তাদের ইবাদত করতো না। তিনি জওয়াব দিলেন, তা ঠিক। কিন্তু তারা তাদের জন্য হারামকে হালাল করতো; হালালকে হারাম করতো, আর তারা তাদের অনুসরণ করতো। এটাই তাদের ইবাদত।" (তাফসীরে ইবনে কাছীর, খণ্ড:৩, পৃষ্ঠা: ৩২৮-৩২৯)

ইবনে কাসীর রহ. আলোচ্য আয়াতে কাফেরদের আনুগত্যকে {اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله}এ আয়াতে বিবৃত ইয়াহুদ-নাসারার জনগণ কতৃক তাদের আলেমদের আনুগত্যের অনুরূপ সাব্যস্ত করেছেন। অর্থাৎ আল্লাহ তায়ালার বিধান ছেড়ে আলেমদের আনুগত্য করা এবং তাদের মতামত গ্রহণ করে নেয়া যেমন শিরক ছিল, অন্যান্য কাফেরদের আনুগত্যকরত শরয়ী বিধানের বিপরীতে তাদের বিধান গ্রহণ করে নেয়াও তেমনি শিরক।

বি.দ্র.
এ আয়াতে শরীয়তের একটিমাত্র বিধান– মৃত প্রাণী ভক্ষণ না করার বিপরীতে কাফেরদের বিধান গ্রহণ করাকে শিরক আখ্যায়িত করা হয়েছে; তাহলে আজ যারা গোটা শরীয়ত প্রত্যাখান করে কাফেরদের আনুগত্যকরত জীবনের সকল ক্ষেত্রে তাদের বিধান গ্রহণ করছে এবং অনুরূপ কুফরি বিধান নিজেরাও প্রবর্তন করছে, তাদের বিধান কি হবে??

আল্লামা শানক্বিতী রহ. (মৃত্যু: ১৩৯৩হি.) এ আয়াত প্রসঙ্গে বলেন–
أَنَّ مُتَّبِعِي أَحْكَامِ الْمُشَرِّعِينَ غَيْرِ مَا شَرَعَهُ الله أَنَّهُمْ مُشْرِكُونَ بِالله، وَهَذَا الْمَفْهُومُ جَاءَ مُبَيَّنًا فِي آيَاتٍ أُخَرَ، كَقَوْلِهِ فِيمَنِ اتَّبَعَ تَشْرِيعَ الشَّيْطَانِ فِي إِبَاحَةِ الْمَيْتَةِ بِدَعْوَى أَنَّهَا ذَبِيحَةُ الله: وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ الله عَلَيْهِ وَإِنَّهُ لَفِسْقٌ وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ. فَصَرَّحَ بِأَنَّهُمْ

مُشْرِكُونَ بِطَاعَتِهِمْ، وَهَذَا الْإِشْرَاكُ فِي الطَّاعَةِ، وَاتِّبَاعِ التَّشْرِيعِ الْمُخَالِفِ لِمَا شَرَعَهُ اللّٰه تَعَالَى. اهـ

"আল্লাহ তায়ালার প্রদানকৃত শরীয়ত ব্যতীত অন্যান্য আইন প্রণেতাদের দেয়া বিধানের অনুসারীরা আল্লাহ তায়ালার সাথে শিরককারী। এ বিষয়টি অন্যান্য আয়াতে স্পষ্টভাবে বর্ণিত হয়েছে। যেমন, যে ব্যক্তি মৃত প্রাণী বৈধ হওয়ার ব্যাপারে শয়তানের বিধানের আনুসরণ করে এই যুক্তি দিয়ে যে, এটা তো আল্লাহ তায়ালার পক্ষ থেকে যবেহকৃত, তার ব্যাপারে ইরশাদ হয়েছে আল্লাহ তায়ালার বাণী– 'যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না, সেগুলো থেকে ভক্ষণ করো না। এ ভক্ষণ গোনাহ। নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদের নিকট ওহী প্রেরণ করে, যাতে তারা তোমাদের সাথে বিতর্ক করে। আর যদি তোমরা তাদের আনুগত্য কর, নিশ্চিত তোমরাও মুশরিক হয়ে যাবে।' (সূরা আনআম: ১২১) আল্লাহ তায়ালা স্পষ্টভাবে বলে দিয়েছেন, তাদের অনুসরণ করলে এরা মুশরিক হয়ে যাবে। আর এটি হচ্ছে আনুগত্য ও আল্লাহ তায়ালার বিধানের বিপরীত ভিন্ন বিধানের অনুসরণের ক্ষেত্রে শিরক।" (তাফসীরে আদ-ওয়াউল বয়ান, খণ্ড: ৩, পৃষ্ঠা: ২৫৯, সূরা: আল-কাহ্ফ।)

তিনি আরো বলেন–

فَهِيَ فَتْوَى سَمَاوِيَّةٌ مِنَ الْخَالِقِ - جَلَّ وَعَلَا - صَرَّحَ فِيهَا بِأَنَّ مُتَّبِعَ تَشْرِيعِ الشَّيْطَانِ الْمُخَالِفِ لِتَشْرِيعِ الرَّحْمَنِ - مُشْرِكٌ بِاللّٰه .اهـ

"এটি মহান স্রষ্টার পক্ষ থেকে আসমানী ফতওয়া। এতে তিনি স্পষ্টভাবে বলে দিয়েছেন, রহমানের শরীয়তের বিপরীত শয়তানের বিধানের অনুসারী ব্যক্তি মুশরিক তথা আল্লাহ তায়ালার সাথে শিরিককারী।" (তাফসীরে আদ-ওয়াউল বয়ান, খণ্ড: ৭, পৃষ্ঠা: ৫৪, সূরা: আশ-শূরা।)

প্রিয় পাঠক! উপরিউক্ত আয়াত ও তার ব্যাখ্যা থেকে পরিষ্কার– যারা ইসলামী শরীয়তের বিপরীতে কোনো ব্যক্তির বিধান গ্রহণ করে এবং তার অনুসরণ করে, চাই তা একটিমাত্র বিধানেই হোক না কেন– তারা মুশরিক। তাহলে ঐ সকল ব্যক্তির অবস্থা কী হতে পারে, যারা আল্লাহ তায়ালার শরীয়ত প্রত্যাখান করে ইউরোপ-আমেরিকা, ফ্রান্স-রাশিয়া আর জাতিসংঘের আইনকে নিজেদের জীবনবিধান বানিয়ে নিয়েছে? শুধু তাই নয়, এসব কুফরী আইন দিয়েই রাষ্ট্র পরিচালনা করছে? আল্লাহর বান্দাদেরকে তা মানতে বাধ্য করছে? অধিকন্তু নিজেরাও বিভিন্ন কুফরী আইন প্রণয়ন করছে? অবশ্যই তারা মুমিন ও মুসলিম

নয়। হতে পারে না। বরং তারা মুশরিক। যাদের তারা আনুগত্য করছে, তাদেরকে তারা আল্লাহ তায়ালার সাথে শরীক বানিয়ে নিয়েছে।

দলীল নং-৮

إِنَّمَا النَّسِيءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِينَ كَفَرُوا يُحِلُّونَهُ عَامًا وَيُحَرِّمُونَهُ عَامًا لِيُوَاطِئُوا عِدَّةَ مَا حَرَّمَ اللَّهُ فَيُحِلُّوا مَا حَرَّمَ اللَّهُ زُيِّنَ لَهُمْ سُوءُ أَعْمَالِهِمْ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ .

"নিশ্চয় কোন মাসকে পিছিয়ে দেয়া (কাফেরদের পূর্ববৎ কুফরের উপর আরোও নতুন) কুফর বৃদ্ধি করে। এর দ্বারা কাফেরদের (পূর্ববৎ পথভ্রষ্টতার উপর আরোও) পথভ্রষ্ট করা হয়। তারা এ (পিছিয়ে দেয়া মাস) টি এক বছর হালাল করে এবং আরেক বছর হারাম করে, যাতে তারা আল্লাহ যা হারাম করেছেন তার সংখ্যা (অর্থাৎ চার) ঠিক রাখতে পারে। ফলশ্রুতিতে আল্লাহ যা হারাম করেছেন তা তারা হালাল করে। তাদের মন্দ আমলসমূহ তাদের জন্য সুশোভিত করা হয়েছে। আর আল্লাহ কাফের কওমকে হিদায়াত দেন না।" (সূরা তাওবা: ৩৭)

আল্লাহ তায়ালার শরীয়তবিরোধী আইন প্রবর্তন যে কুফরে আকবার, তার অত্যন্ত সুস্পষ্ট দলীল সূরা তাওবার ৩৭ নং আয়াত, যেখানে আল্লাহ তায়ালা জাহেলী যমানার আরবীয় মুশরিক নেতাদের শরীয়তবিরোধী আইন প্রণয়নের বিবরণ দিয়েছেন এবং সেটাকে কুফরে আকবার সাব্যস্ত করেছেন।

আরবের মুশরিকরা মিল্লাতে ইবরাহীমিয়্যা'র বিকৃতি সাধন সত্ত্বেও আশহুরে হুরুম তথা সম্মানিত মাসগুলোর তা'জীম করত। সম্মানিত মাস চারটি। তিনটি লাগাতার আর একটি আলাদা। লাগাতার তিনটি হল– ১. যিলকদ ২. যিলহজ্ব ও ৩. মুহাররাম এবং অপরটি ৪. রজব। এ চার মাসে সব ধরনের যুদ্ধ বিগ্রহ নিষিদ্ধ ছিল। আরবরা কঠোরভাবে তা মেনে চলত। তারা অতি যুদ্ধ পিপাসু জাতি হওয়া সত্ত্বেও এ চার মাসে কোনরূপ যুদ্ধ বিগ্রহে জড়াত না। স্বীয় পিতার হত্যাকারীকে সামনে পেলেও হত্যা করতো না।

এভাবে যুগের পর যুগ চলে আসছিল। এক সময় কিনানা গোত্রের 'ক্বালাম্মাস' নামক ব্যক্তি আরবের নেতৃত্ব পায়। সে এসে প্রস্তাব করে, প্রতি বছর যিলকদ-যিলহজ্ব-মুহাররাম লাগাতার এই তিন মাস যুদ্ধ ছাড়া থাকা আমাদের জন্য অত্যন্ত কষ্টকর। তাই আমরা মুহাররাম মাসের হুরমত ও নিষিদ্ধতাকে তার পরের মাস অর্থাৎ সফর মাসে নিয়ে যাব। এবারের বছর সফর মাসকে আমরা

ধরব হারাম তথা যুদ্ধ-নিষিদ্ধ মাস আর মুহাররাম মাসকে বানিয়ে নেব হালাল তথা যুদ্ধ-অনুমোদিত মাস। এভাবে আমরা মুহাররাম মাসে যুদ্ধ করব আর তার পরের সফর মাসে যুদ্ধ থেকে বিরত থাকব। তার প্রস্তাব আরবরা মেনে নিল।

পরের বছর তারা এর বিপরীত করত। অর্থাৎ ইব্রাহীমি ধর্মমতে মুহাররাম মাস হারাম হিসেবেই বহাল থাকত আর সফর মাস, যেটাকে তারা গত বছর হারাম সাব্যস্ত করেছিল এবছর সেটা ধর্মে যেমন হালাল ছিল, তেমন হালালই ধরত। এভাবে তারা আল্লাহ তায়ালার হারামকৃত মাসকে হালাল; আর হালালকৃত মাসকে হারাম করে যুদ্ধ বিগ্রহের সুযোগ করে নিত। তাদের এ পরিবর্তিত রীতির ফলে বছরের হারাম মাসের সংখ্যা যদিও চারটি চারটিই থাকত, কিন্তু হারাম মাস হালাল হয়ে যেত; আর হালাল মাস হারাম হয়ে যেত। আল্লাহ তায়ালার হারামকৃত মুহাররাম মাস হালাল হত আর হালালকৃত সফর মাস হারাম হত।

'ক্বালাম্মাস'-এর মৃত্যুর পর তার বংশধরদের মাঝে নেতৃত্বের ধারা চলে আসতে থাকে। তারা তাদের পিতৃপুরুষ ক্বালাম্মাসের রেখে যাওয়া রীতি অনুসারে হারাম মাসকে হালাল আর হালাল মাসকে হারাম করে যুদ্ধ-বিগ্রহ করতে থাকে। এভাবে আসতে আসতে সর্বশেষ তাদের নেতৃত্ব আসে তারই বংশধর 'জুনাদাহ্ ইবনে আউফ'-এর হাতে। তার নেতৃত্বের সময়ই ইসলামের আবির্ভাব ঘটে। আরবরা যখন হজ্ব থেকে ফারেগ হত, তখন সে সকলের উদ্দেশ্যে ভাষণ দিত। রজব, যিলকদ এবং যিলহজ্ব মাসকে ধর্মের নিয়ামানুযায়ী হারাম ঘোষণা করত; আর মুহাররাম মাসকে যুদ্ধের স্বার্থে হালাল বলে ঘোষণা দিত। মুহাররামের পরিবর্তে তার পরবর্তী সফর মাসকে হারাম ঘোষণা দিত। পরবর্তী বছর ধর্মের নিয়মানুযায়ী মুহাররামকে হারাম আর সফরকে হালাল ঘোষণা দিত। শরীয়তের হারামকে হালাল আর হালালকে হারাম করণের এ জঘন্য কর্মকে কুফর সাব্যস্ত করে আল্লাহ তায়ালা সূরা তাওবার নিম্নোক্ত আয়াত নাযিল করেন–

إِنَّمَا النَّسِيءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِينَ كَفَرُوا يُحِلُّونَهُ عَامًا وَيُحَرِّمُونَهُ عَامًا لِيُوَاطِئُوا عِدَّةَ مَا حَرَّمَ اللَّهُ فَيُحِلُّوا مَا حَرَّمَ اللَّهُ زُيِّنَ لَهُمْ سُوءُ أَعْمَالِهِمْ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ.

"নিশ্চয় কোন মাসকে পিছিয়ে দেয়া (কাফেরদের পূর্ববৎ কুফরের উপর আরোও নতুন) কুফর বৃদ্ধি করে। এর দ্বারা কাফেরদের (পূর্ববৎ পথভ্রষ্টতার

উপর আরোও) পথভ্রষ্ট করা হয়। তারা এ (পিছিয়ে দেয়া মাস) টি এক বছর হালাল করে এবং আরেক বছর হারাম করে, যাতে তারা আল্লাহ যা হারাম করেছেন তার সংখ্যা (অর্থাৎ চার) ঠিক রাখতে পারে। ফলশ্রুতিতে আল্লাহ যা হারাম করেছেন তা তারা হালাল করে। তাদের মন্দ আমলসমূহ তাদের জন্য সুশোভিত করা হয়েছে। আর আল্লাহ কাফের কওমকে হিদায়াত দেন না।" (সূরা তাওবা: ৩৭)

'কুফর বৃদ্ধি করে' অর্থ– কাফেররা কুফরী আকীদা বিশ্বাসের কারণে পূর্ব থেকেই কাফের ছিল। এখন হারাম মাসকে হালাল আর হালাল মাসকে হারাম করার দ্বারা কর্মগত কুফরে লিপ্ত হয়ে তাদের পূর্বের কুফরের সাথে আরোও কুফর যুক্ত করল।

এ আয়াত থেকে পরিষ্কার যে, শরীয়তের হারামকে হালাল করা কিংবা হালালকে হরাম করা কুফরে আকবার।

আল্লামা ইবনে হাযম রহ. (মৃত্যু: ৪৫৬হি.) বলেন–

" وقال عز وجل: " إنما النسيء زيادة في الكفر يضل به الذين كفروا يحلونه عاماً ويحرمونه عام ليوطؤا عدة ما حرم الله " .

قال أبو مُحَمَّد: وبحكم اللغة التي نزل بها القرآن أن الزيادة في الشيء لا تكون البتة إلا منه لا من غيره فصح أن النسيء كفر وهو عمل من الأعمال وهو تحليل ما حرم الله تعالى فمن أحل ما حرم الله تعالى وهو عالم بأن الله تعالى حرمه فهو كافر بذلك الفعل نفسه اهـ

"আল্লাহ তায়ালা ইরশাদ করেন, (নিশ্চয় কোন মাসকে পিছিয়ে দেয়া কুফর বৃদ্ধি করে। এর দ্বারা কাফেররা পথভ্রষ্ট হয়। তারা এটি এক বছর হালাল করে এবং আরেক বছর হারাম করে, যাতে তারা আল্লাহ যা হারাম করেছেন তার সংখ্যা ঠিক রাখতে পারে।) ... কুরআন যে ভাষায় নাযিল হয়েছে সে ভাষারই বিধানমতে, যা দ্বারা কোন বস্তুর বৃদ্ধি হয় তা ঐ জাতীয় বস্তুই হয়; অন্য জাতীয় নয়। অতএব প্রমাণিত হল– মাস পিছিয়ে দেয়া কুফর। অথচ তা একটা কর্মমাত্র। তা হচ্ছে আল্লাহ তায়ালা যা অবৈধ করেছেন তা বৈধ করা। অতএব, যে আল্লাহ তায়ালার অবৈধকৃত কোন কিছুকে বৈধ করবে অথচ সে জানে যে, আল্লাহ তায়ালা তা অবৈধ করেছেন– সে কেবল উক্ত কর্মের দ্বারাই কাফের হয়ে যাবে।" (আল-ফিছাল: ৩/২৪৫)

ইবনে হাযম রহ. এর বক্তব্যে আয়াতের দু'টি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাখ্যা চলে এসেছে–

এক.

আল্লাহ তায়ালার ইরশাদ– "নিশ্চয় কোন মাসকে পিছিয়ে দেয়া কুফর বৃদ্ধি করে" এখানে কুফর বৃদ্ধি' দ্বারা কুফরে আকবার–বড় কুফর উদ্দেশ্য। কারণ, আল্লাহ তায়ালা কাফেরদের উক্ত কর্মের কারণে তাদের পূর্বের কুফরের সাথে নতুন কুফর যুক্ত করেছেন। স্পষ্ট যে, কাফেররা আগে থেকে যে কুফরে লিপ্ত ছিল তা কুফরে আকবার ছিল। তাদের পূর্বের কুফরের সাথে নতুন যে কুফর যুক্ত হয়ে তাদের কুফরে আরোও বৃদ্ধি করেছে তা হুবহু ঐ ধরনের কুফরই হবে যে ধরনের কুফরে তারা পূর্ব থেকে লিপ্ত ছিল। তারা কুফরে আকবারে লিপ্ত ছিল। কাজেই তাদের কুফরের সাথে নতুন যে কুফর বৃদ্ধি হয়েছে তাও কুফরে আকবার। কাজেই বুঝা গেল, হারামকে হালাল বা হালালকে হারাম করা কুফরে আকবার।

ইবনে হাযম রহ.তাঁর বক্তব্যের–

وبحكم اللغة التي نزل بها القرآن أن الزيادة في الشيء لا تكون البتة إلا منه لا من غيره فصح أن النسيء كفر.

"কুরআন যে ভাষায় নাযিল হয়েছে সে ভাষারই বিধানমতে, যা দ্বারা কোন বস্তুর বৃদ্ধি হয় তা ঐ জাতীয় বস্তুই হয়; অন্য বস্তু নয়। অতএব, প্রমাণিত হল মাস পিছিয়ে দেয়া কুফর।" এ অংশের মধ্য দিয়ে এ বিষয়টিই পরিষ্কার করেছেন।

শুধু ইবনে হাযম রহ. নয়, অন্যান্য ইমামগণও একই কথা বলেছেন। এটি ভাষার একটি সর্বজনবিদিত মূলনীতি। যেমন–

ইমাম জাসসাস রহ. (মৃত্যু: ৩৭০হি.) বলেন–

فأخبر الله أن النسيء الذي كانوا يفعلونه كفر لأن الزيادة في الكفر لا تكون إلا كفرا لاستحلالهم ما حرم الله وتحريمهم ما أحل الله فكان القوم كفارا باعتقادهم الشرك ثم ازدادوا كفرا بالنسيء. اهـ

“আল্লাহ তায়ালা জানিয়ে দিয়েছেন, মাস পিছিয়ে দেয়ার যে কাজটা তারা করত তা কুফর। কেননা কুফরে বৃদ্ধি হবে যা দ্বারা তা কুফরই হতে হবে। আর তা এ কারণে যে, তারা আল্লাহর হারামকে হালাল এবং আল্লাহর হালালকে হারাম করত। তারা প্রথমত কুফরী আকীদা বিশ্বাসের কারণে কাফের ছিল; পরে মাস পিছিয়ে দেয়ার দ্বারা তাদের কুফর আরোও বৃদ্ধি পেল।” (আহকামুল কুরআন: ৪/৩০৯)

দুই.

কাফেরদের মাস পিছিয়ে দেয়াটা একটা আমল তথা বাহ্যিক কর্ম। আল্লাহ তায়ালা এ কর্মকেই কুফর সাব্যস্ত করেছেন। আয়াতে তাদের আকীদা বিশ্বাসের দিকে সামান্য ইশারা ঈঙ্গিতও করা হয়নি। অতএব বুঝা গেল, মাস পিছিয়ে দেয়ার এ বাহ্যিক কর্মটিই কুফর। তাতে লিপ্ত হলেই কাফের হয়ে যাবে। তার আকীদা বিশ্বাস কি সেদিকে লক্ষ্য করার কোনই প্রয়োজন নেই।

ইবনে হাযম রহ. এ বিষয়টিই স্পষ্ট করেছেন তারঁ বক্তব্যের নিম্নোক্ত অংশে–

فصح أن النسيء كفر وهو عمل من الأعمال وهو تحليل ما حرم الله تعالى فمن أحل ما حرم الله تعالى وهو عالم بأن الله تعالى حرمه فهو كافر بذلك الفعل نفسه اهـ

“অতএব প্রমাণিত হল, মাস পিছিয়ে দেয়া কুফর। অথচ তা একটা কর্মমাত্র। আর তা হচ্ছে আল্লাহ তায়ালা যা অবৈধ করেছেন তা বৈধ করা। অতএব, যে আল্লাহ তায়ালার অবৈধকৃত কোন কিছুকে বৈধ করবে; অথচ সে জানে, আল্লাহ তায়ালা তা অবৈধ করেছেন, সে কেবল উক্ত কর্মের দ্বারাই কাফের হয়ে যাবে।”

বি.দ্র.

১. ইসতিহলাল বাহ্যিক কর্মের মাধ্যমেও হতে পারে

উপরিউক্ত আয়াত এবং তার ব্যাখ্যা বিশ্লেষণ থেকে বুঝা গেল ‘ইসতিহলাল’ তথা হালালকে হারাম ও হারামকে হালাল করা (অন্য ভাষায় একে ‘তাহলীল’ ও ‘তাহরীম’ও বলা হয়) আকীদা বিশ্বাসের মাধ্যমে যেমন হতে পারে, শুধু বাহ্যিক কর্মের মাধ্যমেও হতে পারে। আয়াতে আল্লাহ তায়ালা মাস পিছিয়ে দেয়াকেই কুফর সাব্যস্ত করেছেন, আকীদা-বিশ্বাসের শর্ত করেননি। অতএব, কোন ব্যক্তি কোন অকাট্য হারামকে হালাল কিংবা কোন অকাট্য হালালকে হারাম মনে করলে যেমন কাফের হয়ে যায়, তদ্রূপ আন্তরিক বিশ্বাস ঠিক রেখে

শুধু বাহ্যিক আইন প্রণয়ন করে তার বৈধতা দিয়ে দিলে কিংবা তাকে অবৈধ ঘোষণা করলেও কাফের হয়ে যায়।

২. শরীয়তবিরোধী একটা আইন প্রবর্তনই কুফর

মাস পিছিয়ে দেয়া শরীয়তের একটামাত্র বিধান পরিবর্তন। একেই আল্লাহ তায়ালা কুফর সাব্যস্ত করেছেন। এ থেকে বুঝা গেল, শরীয়তবিরোধী একটা আইন প্রণয়নই কুফর। অতএব, শাসন ব্যবস্থার ভিত্তি যদি শরীয়তের উপর হয় এবং রাষ্ট্রে পূর্ণ শরীয়ত কায়েম থাকে, কিন্তু কোন বিষয়ে আল্লাহ তায়ালার শরীয়তের কোন একটি অকাট্য আইন অপসারণ করে তদস্থলে কুফরী বিধান জারি করে, সে অনুযায়ী বিচার-ফায়সালা করে–যেমন, মদের বৈধতা দিয়ে দেয় কিংবা সুদের বৈধতা দিয়ে দেয়–তাহলে তাই কুফর হবে এবং এ কর্মে লিপ্ত শাসক কাফের ও মুরতাদ বলে গণ্য হবে।

একটা আইন পরিবর্তনকারী শাসকই যদি কাফের হয়, তাহলে যারা গোটা শরীয়তকে শাসন ব্যবস্থা থেকে বাদ দিয়ে জীবনের প্রতিটি ক্ষেত্রেই কুফরী বিধান প্রবর্তন করেছে তাদের বিধান কি হবে??

দলীল নং-৯

﴿أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللهُ﴾

এ আয়াতে من ('মিন' অব্যয়টি) যদি تبعيض (অংশবিশেষ)-এর অর্থে হয়, তাহলে আয়াতের অর্থ হবে–

'না তাদের এমন কিছু শরীক আছে, যারা তাদেরকে দ্বীনের এমন বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?' (সূরা শুরা: ২১)

আর যদি তা بيانية (বিবরণের জন্য) হয়, তাহলে অর্থ হবে–

'না তাদের এমন কিছু শরীক আছে, যারা তাদেরকে এমন দ্বীন দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?' (সূরা শুরা: ২১)

'এমন বিধান, যার অনুমতি আল্লাহ দেননি' দ্বারা শরীয়তবিরোধী বিধান উদ্দেশ্য। আর 'এমন দ্বীন, যার অনুমতি আল্লাহ দেননি' দ্বারা আল্লাহ তায়ালার মনোনীত দ্বীন তথা 'ইসলাম' ভিন্ন অন্য দ্বীন উদ্দেশ্য। অর্থাৎ কাফেরদের শরীকরা কোন কোন বিষয়ে তাদেরকে এমন কিছু বিধান দিয়ে থাকতে পারে, যেগুলো ইসলামবিরোধী; কিংবা এমনও হতে পারে যে, বিষয়টি শুধু কিছু

বিধান দেয়ার মাঝেই সীমাবদ্ধ নয়, বরং তারা তাদেরকে ইসলামের বিপরীতে এক ভিন্ন দ্বীন-ই প্রণয়ন করে দিয়েছে, যে দ্বীন অনুযায়ী তারা তাদের সামগ্রিক জীবন পরিচালনা করে।

এ আয়াতের সম্পর্ক পূর্ববর্তী এ আয়াতের সাথে–

﴿شَرَعَ لَكُمْ مِنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ﴾

'তিনি তোমাদের জন্য দ্বীনের সেই বিধানই বিধিত করেছেন, যার হুকুম দিয়েছিলেন তিনি নূহকে এবং যা আমি ওহীর মাধ্যমে আপনার কাছে পাঠিয়েছি এবং যার হুকুম দিয়েছিলাম ইবরাহীম, মূসা ও ঈসাকে যে, তোমরা দ্বীন কায়েম কর এবং তাতে বিভেদ সৃষ্টি করো না।' (সূরা শূরা: ১৩)
অর্থাৎ মৌলিকভাবে আমাদের শরীয়ত ও অন্যান্য নবী–আলাইহিমুস সালাম–এর শরীয়তে কোন ব্যবধান নেই। মৌলিক দাওয়াত এবং মৌলিক বিধি-বিধান সকল নবীর শরীয়তেই এক। তবে যামানা বা জাতি-গোষ্ঠীর ভিন্নতার কারণে এবং আরোও বিভিন্ন কারণে তাফসীলী বিধি-বিধানে ভিন্নতা এসেছে। ভিন্ন ভিন্ন যামানার লোকজনকে, ভিন্ন ভিন্ন জাতি-গোষ্ঠীকে ভিন্ন ভিন্ন বিধান দেয়া হয়েছে। মৌলিক বিষয় সব শরীয়তেই এক ও অভিন্ন। এখানে বিশেষ মর্যাদার কারণে হযরত নূহ, ইবরাহীম, মূসা ও ঈসা–আলাইহিমুস সালাম–এর কথা উল্লেখ করা হয়েছে; অন্যথায় সকল নবীর শরীয়তই এখানে উদ্দেশ্য।

আল্লামা আলূসী রহ. (মৃত্যু: ১২৭০হি.) বলেন–

وتخصيص المذكورين بالذكر لما أشير إليه من علو شأنهم وعظم شهرتهم ... وإلا فما من نبي إلا وهو مأمور بما أمروا به من إقامة دين الإسلام وهو التوحيد وما لا يختلف باختلاف الأمم وتبدل الأعصار من أصول الشرائع والأحكام. اهـ

"কয়েকজন নবী–আলাইহিমুস সালাম–কে বিশেষভাবে উল্লেখ করা হয়েছে তাদের শান-মান-মর্যাদা বেশি হওয়ার কারণে এবং তারা বেশি প্রসিদ্ধ হওয়ার কারণে। ... অন্যথায় দ্বীনে ইসলাম কায়েম করা, তথা তাওহীদ ও শরীয়তের ঐসব মৌলিক উসূল ও বিধান, যেগুলো যামানা কিংবা জাতি-গোষ্ঠীর ভিন্নতার কারণে পরিবর্তন হয় না এবং যেগুলো প্রতিষ্ঠার জন্য এ বিশেষ কয়েকজন নবী

আদিষ্ট হয়েছেন, অন্য সকল নবীও সেগুলো প্রতিষ্ঠা করতে আদিষ্ট।” (রূহুল মাআ’নী: ১৩/২১)
এ আয়াতে আল্লাহ তায়ালা কেয়ামত পর্যন্ত আগত সকল মানুষকে ঐ শরীয়ত পালনের আদেশ দিচ্ছেন, যে শরীয়ত তিনি আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর নাযিল করেছেন; মৌলিক দিক থেকে যে শরীয়ত অন্য সকল নবীর শরীয়তের সাথে সামঞ্জস্যপূর্ণ। যারা এই শরীয়ত ছেড়ে মানব বা জীন শয়তানদের প্রণীত কিংবা সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের প্রণীত বিধি-বিধান কিংবা তাদের রচিত দ্বীন ও জীবন-ব্যবস্থার অনুসরণ করে, তাদেরকে ধমকি প্রদর্শনপূর্বক বলছেন–

﴿أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللهُ﴾

‘না তাদের এমন কিছু শরীক আছে, যারা তাদেরকে এমন দ্বীন/ দ্বীনের এমন বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?’ (সূরা শুরা: ২১)
আয়াতে ইবারত উহ্য আছে। পূর্ণ ইবারত হবে নিম্নরূপ–যেমনটা **ইমাম নাসাফী রহ. (মৃত্যু: ৭১০হি.)** বলেছেন,

أيقبلون ما شرع الله من الدين أم لهم آلهة {شَرَعُواْ لَهُمْ مِّنَ الدين مَا لَمْ يَأْذَن بِهِ الله}. اهـ

“আল্লাহ তায়ালা যে দ্বীন/দ্বীনের বিধান দিয়েছেন, তারা কি তা গ্রহণ করবে? ‘না তাদের এমন কিছু **উপাস্য** আছে, যারা তাদেরকে এমন দ্বীন/ দ্বীনের এমন বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?’ (তাফসীরে নাসাফী: ৩/২৫১)
সহজ কথায় একে এভাবে বলা যায়–যেমনটা **কাজী সানাউল্লাহ পানিপথী রহ. (মৃত্যু: ১২২৫হি.)** বলেছেন–

أيقبلون ما شرع الله أم يقبلون ما شرع لهم شركاؤهم. اهـ

“তারা কি আল্লাহর দেয়া দ্বীন/বিধান গ্রহণ করবে, না তাদের শরীকদের দেয়া দ্বীন/বিধান গ্রহণ করবে?” (তাফসীরে মাযহারী: ৮/৩১৬)
লক্ষণীয় যে, আল্লাহর নাযিলকৃত শরীয়ত বা শরীয়তের বিধি-বিধান ছেড়ে কাফেররা যেসব শয়তান, জীন বা ব্যক্তির প্রণীত দ্বীন বা বিধান গ্রহণ করেছে, আল্লাহ তায়ালা এ আয়াতে তাদেরকে ‘শরীক’ বলে আখ্যায়িত করেছেন। এর অর্থ– যারা আল্লাহর শরীয়তের বিপরীতে দ্বীন/বিধান প্রণয়ন করেছে, তারা যেন নিজেদেরকে আল্লাহর সাথে শরীক দাবি করেছে, আর যেসব কাফের

তাদের প্রণীত দ্বীন/বিধান গ্রহণ করেছে, তারা যেন এদেরকে উপাস্যরূপে গ্রহণ করেছে এবং এদেরকে আল্লাহর সাথে শরীক সাব্যস্ত করেছে।

ইমাম নাসাফী রহ.-এর পূর্বোল্লেখিত ব্যাখ্যা থেকেও এর ইঙ্গিত পাওয়া যায়। তিনি شُرَكَاءُ(শুরাকা)-এর ব্যাখ্যা করেছেন آلهة(ইলাহসমূহ)।

ইমাম বাগাবী রহ. (মৃত্যু: ৫১০হি.) বলেন–

قوله تعالى:أم لهم شركاء شرعوا لهم من الدين ما لم يأذن به الله، يعني كفار مكة، يقول ألهم آلهة سنوا لهم من الدين ما لم يأذن به الله؟ قال ابن عباس ﵄: شرعوا لهم دينا غير دين الإسلام. اهـ

"আল্লাহর বাণী–'না তাদের এমন কিছু শরীক আছে, যারা তাদেরকে এমন দ্বীন/ দ্বীনের এমন বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?' (সূরা শুরা: ২১) উদ্দেশ্য মক্কার কাফেররা। আল্লাহ তায়ালা বলছেন, 'তাদের কি এমন কতিপয় উপাস্য রয়েছে, যারা তাদের এমন দ্বীন/দ্বীনের বিধান প্রণয়ন করে দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?' ইবনে আব্বাস রাদি. বলেন, 'তাদেরকে ইসলামের বিপরীতে ভিন্ন দ্বীন প্রণয়ন করে দিয়েছে'।" (তাফসীরে বাগাবী: ৪/১৪৩)

এখানে তিনিও شُرَكَاءُ(শরীক)এর ব্যাখ্যা করেছেন آلهة(ইলাহ)। অতএব যারা ইসলামের বিপরীতে ভিন্ন দ্বীন/বিধান প্রণয়ন করে, তারা হচ্ছে মা'বূদ আর তাদের দ্বীন/বিধানকে যারা মেনে চলে তারা তাদের ইবাদতকারী, তাদেরকে রব ও মা'বূদরূপে গ্রহণকারী। এতএব এ উভয় শ্রেণীই কাফের। প্রণেতারা প্রণয়নের কারণে, অনুসারীরা অনুসরণের কারণে।

ইমাম আবু মানসূর মাতুরীদি রহ. (মৃত্যু: ৩৩৩হি.) বলেন–

أن القادة والرؤساء هم الذين سنوا للأتباع و (شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ الله)؛ أي: ما لم يأمر به اللَّه، وهم كذلك كانوا يفعلون، يشرعون للأتباع دينا من ذات أنفسهم بلا حجة ولا برهان، فيتبعون به، والرسل - عليهم السلام - قد أتوهم بالدِّين بالحجج والبراهين من اللَّه - تعالى - فلم يتبعوهم، فيقولون: إنهم بشر، ثم يتبعون بشرًا بلا حجة ولا برهان ... فكانالمراد من الشركاء هم الرؤساء والقادة، واللَّه أعلم. اهـ

"সর্দার ও নেতৃস্থানীয় ব্যক্তিরাই (তাদের) অনুসারিদের জন্য আল্লাহ তায়ালা যা আদেশ দেননি, এমন দ্বীন/বিধান প্রণয়ন করত। তারা এমনটাই করত। কোন প্রকার দলীল-প্রমাণ ছাড়া নিজেদের থেকেই অনুসারিদের জন্য দ্বীন ও বিধান প্রণয়ন করত, আর অনুসারিরা তা অনুসরণ করত। রাসূলগণ (আলাইহিমুস সালাম) আল্লাহ তায়ালার পক্ষ থেকে তাদের নিকট অকাট্য দলীল-প্রমাণসহ দ্বীন নিয়ে এসেছেন। কিন্তু তারা তার অনুসরণ করত না। বলতো, তারা তো (আমাদের মতো) মানুষই। পরক্ষণেই আবার কোন প্রকার দলীল-প্রমাণ ছাড়া (তাদের মতো)মানুষেরই অনুসরণে লিপ্ত হত। ... এতএব, شركاء(শরীক) দ্বারা সর্দার ও নের্তৃত্বস্থানীয় ব্যক্তিবর্গই উদ্দেশ্য। ওয়াল্লাহু আ'লাম।" (তাফসীরে মা-তুরীদি: ৯/১২০)

ইমাম মাতুরীদি রহ. পরিষ্কার করে দিয়েছেন, সমাজের নেতৃস্থানীয় লোকজন, যারা আল্লাহর শরীয়তের বিপরীতে বিধান প্রণয়ন করতো, এ আয়াতে شركاء(শরীক) দ্বারা তারাই উদ্দেশ্য। সাধারণ কাফেররা তাদেরই অনুসরণ করতো।

প্রিয় পাঠক! উপরিউক্ত আয়াত থেকে একথা পরিষ্কার যে, আল্লাহর শরীয়তের বিপরীতে যে কেউ আইন প্রণয়ন করবে–চাই সে জীন হোক, শয়তান হোক কিংবা মানুষ সে-ই এই কর্মের মাধ্যমে নিজেকে আল্লাহর শরীক ও রব হওয়ার দাবিদার বলে গণ্য হবে।

আল্লামা শানকীতি রহ. (মৃত্যু: ১৩৯৩হি.) বলেন–

وعلى كل حال فلا شك أن كل من أطاع غير الله، في تشريع مخالف لما شرعه الله، فقد أشرك به مع الله كما يدل لذلك قوله:(وَكَذَٰلِكَ زَيَّنَ لِكَثِيرٍ مِنَ الْمُشْرِكِينَ قَتْلَ أَوْلَادِهِمْ شُرَكَاؤُهُمْ)فسماهم شركاء لما أطاعوهم في قتل الأولاد.وقوله تعالى:(أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللهُ)فقد سمى تعالى الذي يشرعون من الدين ما لم يأذن به الله شركاء . اه

"মোট কথা– কোন সন্দেহ নেই, যে ব্যক্তিই গাইরুল্লাহর আনুগত্য করল; তার প্রণীত শরীয়তবিরোধী আইনকে গ্রহণ করল, সে-ই উক্ত গাইরুল্লাহকে আল্লাহ তায়ালার সাথে শরীক করল। একথাই প্রমাণ করে আল্লাহ তায়ালার বাণী– 'আর এভাবে অনেক মুশরিকের জন্য তাদের শরীকরা তাদের সন্তানদেরকে হত্যা করা শোভিত করেছে।' (সূরা আনআম: ১৩৭) সন্তান হত্যায় তাদের আনুগত্যের কারণে আল্লাহ তায়ালা তাদেরকে শরীক বলে আখ্যায়িত

করেছেন। আল্লাহ তায়ালার এ বাণীও তা প্রমাণ করে– 'তাদের জন্য এমন কিছু শরীক আছে কি, যারা তাদের জন্য দ্বীনের এমন বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি?' (সূরা শূরা: ২১) আল্লাহ তায়ালা অনুমোদন দেননি এমন দ্বীন যারা প্রণয়ন করে, আল্লাহ তায়ালা তাদেরকে শরীক বলে আখ্যায়িত করেছেন।" (আদওয়াউল বায়ান, সূরা: আশ-শূরা, ৭/১৫৬)

সম্মানিত পাঠক! আজ আমরা মুসলিম নামধারী আমাদের শাসকগোষ্ঠীর দিকে তাকাই। তারা এ উভয় প্রকার কুফরেই লিপ্ত রয়েছে। একদিকে আন্তর্জাতিক কাফের গোষ্ঠী, জাতিসঙ্ঘ এবং তাদের আইন-কানূনের আনুগত্য করে তাদেরকে আল্লাহ তায়ালার রুবূবিয়্যাতে শরীক; অপরদিকে শরীয়তবিরোধী নেজাম ও আইন কানূন প্রণয়ন করে নিজেদেরকেওআল্লাহর শরীকের আসনে সমাসীন করেছে।

বি.দ্র.

দ্বীন বলা হয়, কোন ব্যক্তি যা নিজের জীবনবিধান ও জীবনব্যবস্থারূপে গ্রহণ করে এবং বাস্তব জীবনে তা মেনে চলে; চাই তা হক্ব হোক কিংবা বাতিল। অনুরূপ তা আল্লাহর পক্ষ থেকে নাযিলকৃত হোক বা জীন, শয়তান কিংবা মানুষের বানানো হোক।

দলীল:

আল্লাহ তায়ালার বাণী–

﴿لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ﴾

'তোমাদের জন্য তোমাদের দ্বীন, আর আমার জন্য আমার দ্বীন।' (সূরা কাফিরূন: ৬)

এখানে আল্লাহর নাযিলকৃত শরীয়ত এবং কাফেরদের মনগড়া মতবাদ, উভয়কেই দ্বীন বলা হয়েছে।

﴿وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ﴾

'আর যে কেউ ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন অন্বেষণ করবে, তার থেকে তা কিছুতেই গ্রহণ করা হবে না।' (সূরা আলে ইমরান: ৮৫)

এখানে ইসলাম ব্যতীত অন্য মতবাদকে দ্বীন বলা হয়েছে।

﴿وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِي أَقْتُلْ مُوسَى وَلْيَدْعُ رَبَّه إِنِّي أَخَافُ أَنْ يُبَدِّلَ دِينَكُمْ﴾

'ফেরাউন বলল আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করি; আর সে তার রবকে ডাকুক। আমার আশঙ্কা হয়– সে তোমাদের দ্বীন বদলে ফেলবে।' (সূরা মু'মিন: ২৬)

ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪) বলেন–

يخشى فرعون أن يُضِلَّ موسى الناس ويغير رسومهم وعاداتهم. اهـ

"ফেরাউন আশঙ্কা করছে, মূসা আলাইহিস সালাম লোকজনকে বিভ্রান্ত করে ফেলবে এবং তাদের রুসূম-রেওয়াজ এবং অভ্যাস ও রীতিনীতি পরিবর্তন করে ফেলবে।" (তাফসীরে ইবনে কাসীর: ৭/১৩৯)

এখানে ফেরআউনী সমাজে প্রচলিত মনগড়া রীতি-নীতি এবং নিয়ম-কানূনকে দ্বীন বলা হয়েছে।

﴿كَذَلِكَ كِدْنَا لِيُوسُفَ مَا كَانَ لِيَأْخُذَ أَخَاهُ فِي دِينِ الْمَلِكِ إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ﴾

'এভাবে আমি ইউসুফের জন্য কৌশল করলাম। আল্লাহর এই ইচ্ছা না হলে বাদশার দ্বীন অনুযায়ী ইউসুফের পক্ষে তার ভাইকে তার নিজের কাছে রাখা সম্ভব ছিল না।' (সূরা ইউসুফ: ৭৬)

এখানে মিশরের কাফের বাদশার রাষ্ট্রীয় আইনকে দ্বীন বলা হয়েছে।

ইবনে কাসীর রহ. বলেন–

{ مَا كَانَ لِيَأْخُذَ أَخَاهُ فِي دِينِ الْمَلِكِ } أي: لم يكن له أخذه في حكم ملك مصر، قاله الضحاك وغيره. اهـ

"অর্থাৎ মিশরের বাদশার আইন অনুযায়ী তার ভাইকে তার কাছে রাখার অধিকার ছিল না। জাহ্হাক রহ.সহ আরো অনেকে এমনই বলেছেন।" (তাফসীরে ইবনে কাসীর: ৪/৪০১)

আবুস সাউদ রহ. (মৃত্যু: ৯৮২হি.) বলেন–

في حكمه وقضائِه قاله قتادة ... لأن جزاءَ السارقِ في دينه إنما كان ضربَه وتغريمَه ضعفَ ما أخذ دون الاسترقاق والاستعباد كما هو شريعةُ يعقوبَ عليه السلام. اهـ

"বাদশার আইন ও ফায়সালা অনুযায়ী (তার ভাইকে তার কাছে রাখা সম্ভব ছিল না।) কাতাদাহ রহ. এমনই বলেছেন। কারণ বাদশার আইনে চোরের শাস্তি ছিল, প্রহার এবং চুরিকৃত বস্তুর দ্বিগুণ জরিমানা। ইয়াকূব আলাইহিস সালামের শরীয়তের মতোগোলাম বানিয়ে রাখা, (বাদশার রাষ্ট্রীয় বিধান) ছিল না।" (তাফসীরে আবুস সাউদ: ৪/২৯৭)

দ্বীনের পরিচয় জানার পর আশাকরি অস্পষ্ট নয়– বর্তমান প্রচলিত কুফরী গণতন্ত্র মতবাদ মূলত একটা নতুন দ্বীন, নতুন ধর্ম। এ ধর্মের অনুসারিরা এ ধর্মকে প্রতিষ্ঠা ও সংরক্ষণ করার শর্তেই নির্বাচনে দাঁড়ায়। এই ধর্মের ধর্মগ্রন্থ তথা সংবিধানের সম্মান রক্ষার শপথ নেয়। একে বাস্তবায়ন ও সংরক্ষণের সুদৃঢ় অঙ্গিকার করে। এর জন্যই তারা বাহিনী গঠন করে। জীবনের সকল ক্ষেত্রে এ ধর্মের বিধান অনুযায়ীই তারা চলে। বিচারাচারের প্রয়োজন হলে এ ধর্মের বিধান অনুযায়ীই বিচার চায়। এ ধর্মকেই তারা জনগণের উপর চাপিয়ে দেয়। এর বিধান দিয়েই তাদের বিচারাচার করে। এ ধর্মের বিরোধিতা যারা করে, তারাই অপরাধী ও রাষ্ট্রদ্রোহী... ইত্যাদী অভিযোগে অভিযুক্ত হয়। আল্লাহ রাব্বুল আলামীনের ধর্ম যারা যমীনে বাস্তবায়ন করতে চায়, এ ধর্মের বিধান অনুযায়ী তারাই জঙ্গী-সন্ত্রাসী, বিশৃংখলা সৃষ্টিকারী, নাশকতাকারী, উগ্রবাদী, শান্তিবিনষ্টকারী, মানবতাবিরোধী ... ইত্যাদী অপরাধে আখ্যায়িত হয়। অতি গুরুতর ও অমার্জনীয় অপরাধে অপরাধী সাব্যস্ত হয়। তাদের উপর জঘন্য থেকে জঘন্য রকমের নির্যাতন করা হয়।

পাঠক! একটু ইনসাফের সাথে বিবেচনা করুন, বর্তমান দুনিয়াতে গণতন্ত্র ছাড়া ইসলামের পর আর এমন কোন ধর্ম আছে কি, যার অনুসারিরা কঠোরতা ও দৃঢ়তার সাথে তাদের ধর্ম পালন করে? নেই; কিছুতেই নেই। গণতন্ত্রের সামনে সকলেই (একমাত্র আল্লাহর প্রিয় বান্দারা ছাড়া) নতি স্বীকার করেছে, কিন্তু গণতন্ত্র কারোও সামনে নতি স্বীকার করেনি। কাজেই এ ধর্মের ধারক বাহকরা, এ ধর্মের অনুসারিরা তেমনি কাফের, যেমন ইহুদী ধর্মের অনুসারিরা কাফের, যেমন খ্রিস্টান ধর্মের অনুসারিরা কাফের, যেমন বৌদ্ধরা কাফের, যেমন হিন্দু-শিখরা কাফের।

তারা শুধু আমাদের শরীয়তের সাথেই কুফরী করেনি, তারা আদম আলাইহিস সালাম থেকে নিয়ে হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত আল্লাহ তায়ালার নাযিলকৃত সকল শরীয়তের সাথেই কুফরী করেছে। সকল নবীর সকল কিতাব, সকল জাতির সকল ধর্ম প্রত্যাখান করে একমাত্র নিজেদের খাহেশাতকে তারা রব বানিয়ে নিয়েছে। তাদের ব্যাপারে ঐ কথাই প্রযোজ্য, যেমনটা **আল্লামা শাওকানী রহ. (মৃত্যু: ১২৫০হি.)** বলেছেন–

ولا شك ولا ريب أن هذا كفر بالله سبحانه وتعالى وبشريعته التي أمر بها على لسان رسوله واختارها لعباده في كتابه وعلى لسان رسوله. بل كفروا بجميع الشرائع من عند آدم عليه السلام إلى الآن، وهؤلاء جهادهم واجب وقتالهم متعين حتى يقبلوا أحكام الإسلام ويذعنوا لها ويحكموا بينهم بالشريعة المطهرة ويخرجوا من جميع ما هم فيه من الطواغيت الشيطانية. اهـ

"কোন সন্দেহ কোন সংশয় নেই যে, এটি আল্লাহ তায়ালা এবং তাঁর শরীয়তের সাথে কুফরী; যে শরীয়তের আদেশ তিনি তাঁর রাসূলের মাধ্যমে দিয়েছেন, তাঁর কিতাব এবং তাঁর রাসূলের মাধ্যমে যে শরীয়ত তিনি তার বান্দাদের জন্য মনোনীত করেছেন। বরং তারা হযরত আদম আলাইহিস সালাম থেকে নিয়ে এখন পর্যন্ত অবতীর্ণ সকল শরীয়তের সাথেই কুফরী করেছে। এদের বিরুদ্ধে জিহাদ আবশ্যক। এদের সাথে কিতাল ফরযে আইন; যতক্ষণ না তারা ইসলামী বিধি-বিধান কবুল করে, তার সামনে আত্মসমর্পণ করে, পবিত্র শরীয়ত দিয়ে নিজেদের মাঝে বিচার-ফায়সালা করে এবং যত শয়তানী তাগুতের মাঝে তারা লিপ্ত আছে, তার সব থেকে বের হয়ে আসে।" (আদ-দাওয়াউল আ-জিল: ১২-১৩, (মাজমুআতুর রাসায়িলিল মুনিরিয়্যাহ্' এর অন্তর্ভুক্ত একটি রিসালা।)

প্রিয় পাঠক! আয়াতের আলোচনার শুরুতে বলে এসেছি, شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ এর মধ্যে منঅব্যয়টি تبعيضকিংবা بيانيةউভয় অর্থেই হতে পারে। সেখানে এও বলে এসেছি,শরীয়তবিরোধী কোন দ্বীন তথা জীবনবিধান প্রণয়ন যেমন কুফর, শরীয়তবিরোধী কোন আইন প্রণয়নও তেমনি কুফর। অতএব গণতন্ত্র নামক এই কুফরী ধর্ম যারা প্রণয়ন করেছে, তারা যেমন কাফের; এই ধর্মের কোন একটা বিধান যারা প্রণয়ন করবে তারাও কাফের। সে মুখে যতই 'লা ইলাহা ইল্লাল্লাহ' পড়ুক, যতই নিজেকে মুসলমান দাবি করুক, নামায-রোযা যতই করুক– সে বেঈমান; সে মুরতাদ। এই কুফরী কর্ম থেকে যতক্ষণ ফিরে

....

না আসবে, তার কোন দাবিই কাজে আসবে না, কোন ইবাদতই তার উপকার করবে না।

দলীল নং-১০

﴿فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ﴾

'আর যদি কোন বিষয়ে তোমরা মতবিরোধ কর, তাহলে তা আল্লাহ ও রাসূলের কাছে নিয়ে যাও– যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক।' (সূরা নিসা: ৫৯)

এ আয়াতে জীবনের যে কোন ক্ষেত্রে যে কোন বিষয়ের সমাধান আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তথা কুরআন ও সুন্নাহ থেকে নেয়ার আদেশ দেয়া হয়েছে এবং একে ঈমানের জন্য শর্ত সাব্যস্ত করা হয়েছে। অতএব, যারা কুরআন ও সুন্নাহ ছেড়ে ভিন্ন কোন উৎস থেকে সমাধান নিতে যাবে, তারা ঈমানদার নয়।

হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪হি.) বলেন–

وقوله: {فإن تنازعتم في شيء فردوه إلى الله والرسول} قال مجاهد وغير واحد من السلف: أي: إلى كتاب الله وسنة رسوله.

وهذا أمر من الله عز وجل، بأن كل شيء تنازع الناس فيه من أصول الدين وفروعه أن يرد التنازع في ذلك إلى الكتاب والسنة، كما قال تعالى: {وما اختلفتم فيه من شيء فحكمه إلى الله} [الشورى:١٠] فما حكم به كتاب الله وسنة رسوله، وشهدا له بالصحة فهو الحق، وماذا بعد الحق إلا الضلال، ولهذا قال تعالى: {إن كنتم تؤمنون بالله واليوم الآخر} أي: ردوا الخصومات والجهالات إلى كتاب الله وسنة رسوله، فتحاكموا إليهما فيما شجر بينكم {إن كنتم تؤمنون بالله واليوم الآخر}

<u>فدل على أن من لم يتحاكم في مجال النزاع إلى الكتاب والسنة ولا يرجع إليهما في ذلك، فليس مؤمنا بالله ولا باليوم الآخر.</u> اهـ

“(আর যদি কোন বিষয়ে তোমরা মতোবিরোধ কর, তাহলে তা আল্লাহ ও রাসূলের কাছে নিয়ে যাও।) (সূরা নিসা: ৫৯) মুজাহিদ রহ.সহ সালাফের অনেকে বলেন, ‘অর্থাৎ আল্লাহর কিতাব ও তাঁর রাসূলের সুন্নাহর কাছে নিয়ে যাও।’

এখানে আল্লাহ তায়ালা আদেশ দিচ্ছেন– দ্বীনের মৌলিক ও শাখাগত যে কোন বিষয়ে লোকজনের মতবিরোধ দেখা দেবে, তা কিতাব-সুন্নাহ’র কাছে নিয়ে যেতে হবে। যেমন (অন্য আয়াতে) আল্লাহ তায়ালা বলেন, ‘আর যে কোন বিষয়েই তোমরা মতবিরোধ কর, তার ফায়সালা আল্লাহর কাছে।’ অতএব, আল্লাহর কিতাব এবং তাঁর রাসূলের সুন্নাহ যে ফায়সালা দেবে, যা সঠিক বলে সাক্ষ্য দেবে–তাই হক্ব। আর হক্বের পর গোমরাহি ব্যতীত আর কি থাকতে পারে! এজন্যই আল্লাহ তায়ালা বলেন, ‘যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক।’ অর্থাৎ বিরোধপূর্ণ বিষয়াদি এবং যেসব বিষয়ের সমাধান জানা নেই, সেগুলো আল্লাহর কিতাব ও তাঁর রাসূলে সুন্নাহর কাছে নিয়ে যাও এবং তোমাদের পারস্পরিক মত-বিরোধের বিষয়ে এ দু’য়ের কাছেই বিচার দায়ের কর– যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক।

<u>এ থেকে প্রমাণিত হয়, যে ব্যক্তি বিবাদপূর্ণ বিষয়ে বিচারের জন্য কুরআন ও সুন্নাহর কাছে না যায়, আল্লাহর হুকুমের দ্বারস্থ না হয় সে আল্লাহ ও শেষ দিবসে বিশ্বাসী নয়।” </u>(তাফসীরে ইবনে কাসীর: ২/৩৪৫-৩৪৬)

আল্লামা ইবনুল কায়্যিম রহ. (মৃত্যু: ৭৫১হি.) বলেন,

جعل هذا الرد من موجبات الإيمان ولوازمه، <u>فإذا انتفى هذا الرد انتفى الإيمان</u>؛ ضرورة انتفاء الملزوم لانتفاء لازمه. اهـ

“(কুরআন ও সুন্নাহর নিকট) এ প্রত্যার্পণকে ঈমানের অপরিহার্য দাবি ও লাযেম সাব্যস্ত করা হয়েছে। কাজেই, <u>এ প্রত্যার্পণ যদি না হয়, তাহলে ঈমানও থাকবে না।</u> কেননা, লাযেম না পাওয়া গেলে মালযূমও পাওয়া যায় না।” (ই’লামুল মুআক্কিয়ীন: ১/৪০)

আলে শায়খ মুহাম্মাদ ইবনে ইবরাহীম রহ. (মৃত্যু: ১৩৮৯হি.) বলেন–

إنّ من الكفر الأكبر المستبين، تنزيل القانون اللعين، منزلة ما نزل به الروح الأمين، على قلب محمد ﷺ ... في الحكم به بين العالمين، والردّ إليه عند تنازع المتنازعين،

....

مناقضة ومعاندة لقول الله عزّ وجلّ: {فإنْ تنازعتُم في شيءٍ فرُدّوه إلى اللهِ والرسولِ إن كنتم تؤمنون بالله واليوم الآخر ذلك خيرٌ وأحسنُ تأويلاً}. اهـ

"সুস্পষ্ট কুফরে আকবারের একটি হল– আল্লাহ তায়ালার এ বাণীর বিপরীতে 'আর যদি কোন বিষয়ে তোমাদের মতবিরোধ দেখা দেয়, তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে প্রত্যার্পণ করাও– যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক। এটাই উৎকৃষ্টতর পন্থা এবং এর পরিণতিও সর্বাপেক্ষা শুভ।' (সূরা নিসা: ৫৯) লোকজনের মাঝে বিচারাচার এবং বাদানুবাদে লিপ্তদের মাঝে মীমাংসার জন্য, মানবরচিত অভিশপ্ত আইনকে ঐ বিধানের স্থলবর্তী করা, যে বিধান রূহুল আমীন (জীবরাঈল আলাইহিস সালাম) মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তরে অবতীর্ণ করেছেন। ..." (রিসালাতু তাহকীমিল কাওয়ানীন পৃ. ১)

তিনি আরো বলেন–

وتأمل ما في ... قوله تعالى: {فإنْ تنازعتم في شيء فردُّوه إلى الله والرسول إن كنتم تؤمنون بالله واليوم الآخر ذلك خيرٌ وأحسنُ تأويلاً..} كيف ذكر النّكِرة، وهي قوله: {شيء} في سياق الشرط، وهو قوله جلّ شأنه: {فإنْ تنازعتم} المفيد العمومَ فيما يُتصوّر التنازع فيه جنسا وقدرًا.

ثم تأمل كيف جعل ذلك شرطا في حصول الإيمان بالله واليوم الآخر، بقوله: {إنْ كُنتُم تؤمنون بالله واليوم الآخر}. اهـ

"চিন্তা করে দেখ!আল্লাহ তায়ালার এ বাণীতে– 'আর যদি কোন বিষয়ে তোমাদের মতবিরোধ দেখা দেয়, তাহলে তা আল্লাহ ও রাসূলেরকাছে নিয়ে যাও– যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক। এটাই উৎকৃষ্টতর পন্থা এবং এর পরিণতিও সর্বাপেক্ষা শুভ।' (সূরা নিসা: ৫৯) দেখ কিভাবে আল্লাহ তায়ালা{شيء}'নাকেরা'কে শর্ত অর্থাৎ {فإنْ تنازعتم}এর মাঝে উল্লেখ করেছেন; যা যে কোন বিষয়ে যে কোন বিবাদকেই শামিল করে।

এরপর চিন্তা করে দেখ!আল্লাহ ও আখেরাতের প্রতি ঈমান অর্জনের জন্য কিভাবে একে শর্ত সাব্যস্ত করা হয়েছে, আল্লাহ তায়ালা এ বাণীর মাধ্যমে–

'যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক'।" (রিসালাতু তাহকীমিল কাওয়ানীনপৃ. ১-২)

দলীল নং-১১

﴿فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا﴾

'কিন্তু না! আপনার রবের কসম! তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মাঝে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর আপনি যে ফায়সালা দেন সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পরিপূর্ণরূপে তা গ্রহণ করে নেয়।' (সূরা নিসা: ৬৫)

এ আয়াতে জীবনের সকল ক্ষেত্রে রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তথা তাঁর আনীত শরীয়তকে বিচারক ও ফায়সালাকারী নির্ধারণ করাকে ঈমানের জন্য শর্ত সাব্যস্ত করা হয়েছে। শুধু এতটুকুই নয়, তাঁর প্রদত্ত ফায়সালাকে জাহিরী বাতিনী সর্বদিক থেকে মেনে নিতে হবে। তার সামনে ঐকান্তিকভাবে আত্মসমর্পণ করতে হবে। তাঁর ফায়সালার ব্যাপারে অন্তরে কোনরূপ কুণ্ঠা, সংশয় বা আপত্তি থাকতে পারবে না। বাহ্যিকভাবেও তার প্রতি কোন ধরনের বিরূপ ভাব দেখানো যাবে না। এই সবগুলোর সমন্বয় সাধন হলে তবে ঈমান সাব্যস্ত হবে।

উপরিউক্ত আয়াতের ব্যাখ্যায় বিশিষ্ট হানাফি ফক্বীহ ও মুফাসসির ইমাম জাস্ সাস রহ. (মৃত্যু: ৩৭০হি.) বলেন–

باب طاعة الرسول ﷺ

قال الله تعالى:{أطيعوا الله وأطيعوا الرسول}، وقال تعالى:{وما أرسلنا من رسول إلا ليطاع بإذن الله}. وقال تعالى:{من يطع الرسول فقد أطاع الله}، وقال تعالى:{فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم ثم لا يجدوا في أنفسهم حرجا مما قضيت ويسلموا تسليما}.

فأكد جل وعلا بهذه الآيات وجوب طاعة رسول الله ﷺ وأبان أن طاعته إطاعة الله، وأفاد بذلك أن معصيته معصية الله.

وقال الله تعالى:{فليحذر الذين يخالفون عن أمره أن تصيبهم فتنة أو يصيبهم عذاب أليم}، فأوعد على مخالفة أمر الرسول، وجعل مخالف أمر الرسول والممتنع من تسليم ما جاء به والشاك فيه خارجا من الإيمان، بقوله تعالى:{فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم ثم لا يجدوا في أنفسهم حرجا مما قضيت ويسلموا تسليما}...

وفي هذه الآية دلالة على أن من رد شيئا من أوامر الله تعالى أو أوامر رسوله صلى الله عليه وسلم فهو خارج من الإسلام سواء رده من جهة الشك فيه أو من جهة ترك القبول والامتناع من التسليم وذلك يوجب صحة ما ذهب إليه الصحابة في حكمهم بارتداد من امتنع من أداء الزكاة وقتلهم وسبي ذراريهم لأن الله تعالى حكم بأن من لم يسلم للنبي ﷺ قضاءه وحكمه فليس من أهل الإيمان. اهـ

“পরিচ্ছেদ: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনুগত্য

আল্লাহ তায়ালা ইরশাদ করেন, ‘তোমরা আল্লাহর আদেশ মান্য কর এবং আদেশ মান্য কর রাসূলের।’ ইরশাদ করেন, ‘আমি কোন রাসূল এ ছাড়া অন্য কোন উদ্দেশ্যে পাঠাইনি যে, আল্লাহর আদেশক্রমে তার আনুগত্য করা হবে।’ আরো ইরশাদ করেন, ‘যে রাসূলের আনুগত্য করল, সে আল্লাহরই আনুগত্য করল।’ (সূরা নিসা: ৮০) আরো ইরশাদ করেন, ‘কিন্তু না (হে নবী)! আপনার রবের কসম, তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মাঝে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর আপনি যে ফায়সালা দেন সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পরিপূর্ণরূপে তা গ্রহণ করে।’
আল্লাহ তয়ালা এ সকল আয়াতের মাধ্যমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনুগত্য যে ফরয, তাকিদের সঙ্গে তা বুঝিয়েছেন এবং স্পষ্ট করে দিয়েছেন যে, তাঁর আনুগত্যই আল্লাহর আনুগত্য এবং এর মাধ্যমে এও বুঝিয়েছেন যে, তাঁর নাফরমানি আল্লাহরই নাফরমানি।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন, ‘অতএব যারা তাঁর নির্দেশের বিরুদ্ধাচরণ করে, তারা যেন তাদের উপর বিপর্যয় নেমে আসা অথবা যন্ত্রণাদায়ক আযাব এসে পড়ার ভয় করে।’ (সূরা নূর: ৬৩) এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদেশের বিরুদ্ধাচরণ করলে শাস্তির ভয় দেখিয়েছেন। নিম্নোক্ত

আয়াতে রাসূলের আদেশের বিরুদ্ধাচারী, তিনি যে বিধান নিয়ে এসেছেন তা মেনে নিতে অস্বীকৃতি জ্ঞাপনকারী এবং তাতে সন্দেহ পোষণকারীকে ঈমান থেকে বহিষ্কৃত সাব্যস্ত করেছেন, যে আয়াতে বলা হয়েছে 'কিন্তু না (হে নবী)! আপনার রবের কসম! তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মাঝে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর আপনি যে ফায়সালা দেন, সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পরিপূর্ণরূপে তা গ্রহণ করে।' ...
এই আয়াত প্রমাণ করে, যে ব্যক্তি আল্লাহ তায়ালার অথবা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামেরএকটি আদেশও প্রত্যাখ্যান করবে, সে ইসলাম থেকে বের হয়ে যাবে। চাই সে সন্দেহবশত প্রত্যাখ্যান করুক; অথবা গ্রহণ করতে অস্বীকৃতি জানাক কিংবা মেনে নেয়া থেকে বিরত থাকুক। আয়াতটি সাহাবায়ে কেরামের মতামতকে সঠিক বলে সাব্যস্ত করে। তারা ঐ ব্যক্তিদেরকে মুরতাদ আখ্যায়িত করেছেন, যারা যাকাত প্রদানে অস্বীকৃতি প্রকাশ করেছিল। তাদেরকে হত্যা করার এবং তাদের সন্তান সন্ততিদেরকে বন্দী করার ফায়সালা দিয়েছিলেন। কেননা আল্লাহ তায়ালাসিদ্ধান্ত দিয়ে দিয়েছেন, যে ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বিধান ও ফায়সালাকে মেনে নেবে না, সে ঈমানদার নয়।" (আহ্কামুল কুরআন লিল-জাস্‌সাস: ৩/১৮০-১৮১)
আল্লাহ তায়ালার একটি বিধান না মানার কারণে সাহাবায়ে কেরাম উক্ত ব্যক্তিদেরকে মুরতাদ ফতওয়া দিয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। ইমাম জাস্‌সাস রহ. বলেন, 'যে ব্যক্তি কোনো একটি বিধানকে প্রত্যাখ্যান করবে সে ইসলাম থেকে বের হয়ে যাবে।' আর যারা পুরো রাষ্ট্র থেকে ধর্মকে আলাদা করছে, শ্লোগান তুলছে– ধর্ম যার যার রাষ্ট্র সবার, আল্লাহ প্রদত্ত হালালগুলোকে রাষ্ট্রীয়ভাবে অবৈধ আর হারামগুলোকে রাষ্ট্রীয়ভাবে বৈধ করছে, তাদের বিধান কি হতে পারে;তা বলার অপেক্ষা রাখে না।

হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪হি.) এআয়াতের ব্যাখ্যায় বলেন–

يقسم تعالى بنفسه الكريمة المقدسة: أنه لا يؤمن أحد حتى يُحَكِم الرسول صلى الله عليه وسلم في جميع الأمور، فما حكم به فهو الحق الذي يجب الانقياد له باطنا وظاهرا؛ ولهذا قال: {ثُمَّ لا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا} أي: إذا حكموك يطيعونك في بواطنهم فلا يجدون في أنفسهم حرجا مما

....

حكمت به، وينقادون له في الظاهر والباطن فيسلمون لذلك تسليما كليا من غير ممانعة ولا مدافعة ولا منازعة. اهـ

"মহান আল্লাহ তায়ালা তাঁর পবিত্র ও সম্মানিতসত্তার শপথ করে বলছেন, কোন ব্যক্তি ততক্ষণ পর্যন্ত ঈমানদার হতে পারবে না, যতক্ষণ না সকল বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিচারক নির্ধারণ করে। তিনি যে ফায়সালা প্রদান করেন তা-ই একমাত্র হক্ব ও সত্য এবং বাহ্যিকভাবে ও আন্তরিকভাবে তা গ্রহণ করা ও তার আনুগত্য করা অবধারিত। এ কারণেইতিনি বলেছেন, 'অতঃপর আপনি যে ফায়সালা দেন সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পূর্ণরূপে আত্মসমর্পণ করে'। অর্থাৎ তারা যখন আপনাকে বিচারক নির্ধারণ করবে, তখন আন্তরিকভাবে আপনার আনুগত্য করবে, আপনি যে ফায়সালা প্রদান করবেন সে ব্যাপারে নিজেদের হৃদয়ে কোন সংকীর্ণতা পাবে না। বাহ্যিকভাবে ও আন্তরিকভাবে তার আনুগত্য করবে। কোন ধরনের বাক-বিতণ্ডা বা বিরোধিতা ব্যতীত পূর্ণরূপে তা মেনে নেবে।" (তাফসীর ইবনে কাসীর, খণ্ড: ২, পৃষ্ঠা: ৩৪৯)

সংশয় নিরসন

১.আয়াতে যে 'তাহকীমে রাসূল' তথা রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিচারক ও ফায়সালাকারী মেনে নেয়াকে ঈমানের শর্ত সাব্যস্ত করা হয়েছে, কেউ কেউ মনে করেন, এটি বিশ্বাসের বিষয়; কর্মের বিষয় নয়। অর্থাৎ সব বিষয়ে রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিচারক ও ফায়সালাকারী মেনে নেয়া আবশ্যক–এই বিশ্বাস রাখাই ঈমানের জন্য যথেষ্ট। বাস্তব বিচার আচারের ক্ষেত্রেও রাসূল সাল্লাল্লাহু আরাইহি ওয়াসাল্লামকে বিচারক হিসেবে গ্রহণ করতে হবে–এমনটি জরুরি নয়। আর এই বিশ্বাস তো আমাদের শাসকদের আছেই।সুতরাংএই আয়াতের দাবিতে তারা কাফের হবে কেন?

এবিষয়ে প্রথম কথা হল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যে, সকল বিষয়ে বিচারক হিসেবে গ্রহণ করা জরুরি–মুসলিম নামধারী সকল গণতান্ত্রিক সাশকই এই বিশ্বাস পোষণ করেন, এমন কথা মোটেও ঠিক নয়।কারণ তাদের অনেকেই সুস্পষ্টভাবে শরীয়তের সমালোচনা করে থাকেন। শরীয়তের বিধানকে সেকেলে, আধুনিক কালের জন্য অনুপযোগী, পশ্চাৎগামী,

মানবতাবিরোধী, বর্বর ইত্যাদী আখ্যায়িত করেন। এর বিরুদ্ধে যুক্তি প্রমাণও পেশ করে থাকে।

দ্বিতীয়ত কথা হল,'তাহকীম' তথারাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সকল ক্ষেত্রে বিচারক হিসেবে গ্রহণ করা শুধু বিশ্বাসের বিষয় নয়; বরং এটি একটি আমল ও বাহ্যিক কর্মের নাম। কাজেই শুধু বিশ্বাস রাখাই ঈমানের জন্য যথেষ্ট নয়, বাস্তব জীবনেও সকল বিষয়ে রাসূলসাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিচারক ও ফায়সালাকারী বানানো আবশ্যক। তাছাড়া কেউ ঈমানদার বলে গণ্য হবে না। বিষয়টি খুব সুস্পষ্ট করে–

আল্লামা ইবনে হায্‌ম রহ. (মৃত্যু: ৪৫৬হি.) বলেন–

فنص تعالى وأقسم بفسه أن لا يكون مؤمنا إلا بتحكيم النبي ﷺ في كل ما عنَّ ثم يسلم بقلبه ولا يجد في نفسه حرجا مما قضى . فصح أن التحكيم شيء غير التسليم بالقلب وأنه هو الإيمان الذي لا إيمان لمن لم يأت به . اهـ (الفصل في الملل والأهواء والنحل : ١٠٩/٣)

"আল্লাহ তায়ালা নিজের কসম খেয়ে পরিষ্কার বলে দিয়েছেন যে, প্রতিটি ক্ষেত্রে 'তাহকীমে রাসূল' তথা রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিচারক ও ফায়সালাকারী বানিয়ে নেয়া ব্যতীত ঈমানদার হতে পারবে না। (শুধু এতটুকই যথেষ্ট নয় বরং) তারপর আন্তরিকভাবে তা মেনে নিতে হবে এবং তার ফায়সালার ব্যাপারে অন্তরে কোন কুণ্ঠা বোধ করতে পারবে না। এ থেকে প্রমাণিত হল, 'তাহকীম' অন্তরে মেনে নেয়া নয়; বরং তা সম্পূর্ণ একটিভিন্ন বিষয়। আর এই তাহকীমই হচ্ছে ঈমান। যার মধ্যে তাহকীম পাওয়াযাবেনা,তার ঈমান নেই।" (আল-ফিছাল: ৩/১০৯)

ইবনে হাযম রহ. আরোও বলেন–

فسمى الله تعالى تحكيم النبي ﷺ إيمانا وأخبر الله تعالى أنه لا إيمان إلا ذلك، مع أنه لا يوجد في الصدر حرج مما قضى، فصح يقينا أن الإيمان عمل وعقد وقول، لأن التحكيم عمل ولا يكون إلا مع القول، ومع عدم الحرج في الصدر وهو عقد. اهـ (الدرة : ص٣٣٨)

....
“আল্লাহ তায়ালা তাহকীমে রাসূলকে ঈমান সাব্যস্ত করেছেন এবং জানিয়ে দিয়েছেন, এতদ্ব্যতীত ঈমান অর্জন হবে না। সাথে সাথে তাঁর ফায়সালার ব্যাপারে অন্তরে কোন কুণ্ঠা বোধ না থাকতে হবে। অতএব, ইয়াকিনীভাবে প্রমাণিত হল, ঈমান বাহ্যিক আমল, আন্তরিক বিশ্বাস ও মৌখিক স্বীকারোক্তির সমষ্টির নাম। কেননা, তাহকীম একটি বাহ্যিক আমলের নাম।আর তা মৌখিক স্বীকারোক্তি ব্যতীত এবং অন্তরের কুণ্ঠা দূরীভূত হওয়া ব্যতীত হতে পারে না। আর এই কুণ্ঠা দূরীভূত হওয়াটাই হচ্ছে আন্তরিক বিশ্বাস।” (আদ-দুররা: ৩৩৮)

আয়াত থেকে প্রমাণিত হল, জীবনের সকল ক্ষেত্রে সকল বিচারাচারের ভিত্তি শরীয়তের উপর না হলে আন্তরিক বিশ্বাস ও মৌখিক স্বীকারোক্তি স্বত্ত্বেও ঈমানদার বলে গণ্য হওয়া যাবে না। এ বিষয়টিই আল্লাহ তায়ালা অন্য আয়াতে বলেছেন এভাবে–

فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ.

‘অতঃপর কোন বিষয়ে যদি তোমরা মতবিরোধকর, তাহলে তা আল্লাহ ও রাসূলের কাছে নিয়ে যাও– যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক।’ (সূরা নিসা: ৫৯)

হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪হি.) এ আয়াতের ব্যাখ্যায় বলেন–

{ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الآخِرِ } فدل على أن من لم يتحاكم في مجال النزاع إلى الكتاب والسنة ولا يرجع إليهما في ذلك، فليس مؤمنا بالله ولا باليوم الآخر. اهـ

“{যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক}–এ থেকে প্রমাণিত হয়, যে ব্যক্তি বিবাদপূর্ণ বিষয়ে বিচারের জন্য কুরআন ও সুন্নাহর কাছে না যায় এবং এ দু'য়ের দিকে প্রত্যার্পণ না করে, সে আল্লাহ ও শেষ দিবসে বিশ্বাসী নয়।” (তাফসীরে ইবনে কাসীর: ২/৩৪৬)

২.আয়াতে কি ‘আছলে ঈমান’ তথা মূল ঈমান নফী করা উদ্দেশ্য, না কামালে ঈমান তথা ঈমানের পরিপূর্ণতা নফী করা উদ্দেশ্য? যদি কামালে ঈমানের নফী করা উদ্দেশ্য হয় তাহলে আয়াতের অর্থ হবে– যারা রাসূল সাল্লাহু আলাইহি

ওয়াসাল্লামকে বিচারক ও ফায়সালাকারীরূপে গ্রহণ না করবে, তারা পরিপূর্ণ ঈমানদার নয়। এ থেকে বুঝা যায়, শাসকরা কাফের নয়, মুমিন। তবে পরিপূর্ণ ও পাকা ঈমানের অধিকারী নয়।
এসংশয় সম্পর্কে আমরা বলব,আয়াতে আছলে ঈমান তথা মূল ঈমান নফী করা উদ্দেশ্য। কাজেই যারা রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিচারক ও ফায়সালাকারী না বানাবে, তারা সম্পূর্ণ ঈমানহারা কাফের বা মুরতাদ। কেননা, কুরআনে কারীমের শব্দাবলীকে তার হাকীকী তথা প্রকৃত অর্থের উপর প্রয়োগ করা আবশ্যক। কোন প্রকার দলীল ব্যতীত রূপক ও বাহ্যিক অর্থের ব্যতিক্রম অর্থ করা জায়েয নয়। আর আল্লাহ তায়ালা যেখানে নিজের জাতের কসম খেয়ে এবং এতগুলো তাকিদ ব্যবহার করে বলছেন যে, তারা ঈমানদার হতে পারবে না; তাহকীমে রাসূল ব্যতীত, সেখানেকিছুতেই অন্য অর্থ উদ্দেশ্য হতে পারে না। নতুবা কসম খাওয়ারই কি দরকার ছিল আর এতগুলো তাকিদ ব্যবহারেরই বা কি দরকার ছিল!

আল্লামা ইবনে হাযম রহ. (মৃত্যু: ৪৫৬হি.) বলেন–

فهذا هو النص الذي لا يحتمل تأويلا ولا جاء نص يخرجه عن ظاهره أصلا ولا جاء برهان بتخصيصه في بعض وجوه الإيمان . اه (الفصل فى الملل والأهواء والنحل : ١٩٣/٣)

“এটি এমন এক সুস্পষ্ট বক্তব্য, যা কোন ভিন্ন ব্যাখ্যার অবকাশই রাখে না। এই বক্তব্যকে তার বাহ্যিক অর্থ থেকে ব্যতিক্রম অর্থে গ্রহণ করার মতো কোন দলিলই শরীয়তে নেই। এমন কোন প্রমাণও নেই যা বুঝায় যে, এখানে ঈমানের বিশেষ কোন প্রকার (অর্থাৎ কামালে ঈমান) উদ্দেশ্য।” (আল-ফিছাল: ৩/১৯৩)

সংক্ষিপ্তকরণের উদ্দেশ্যে নির্ভরযোগ্য তাফসীরবিদদের উদ্ধৃতিতে সংশ্লিষ্ট আয়াতের তাফসীরসহ আলোচ্য বিষয়ের উপর কুরআনে কারীম থেকে এই কটিআয়াত পেশ করার উপরই ক্ষান্ত করলাম। অন্যথায় এ ব্যাপারে কুরআনে কারীমে আরো অনেক আয়াত রয়েছে। আশাকরি এর মাধ্যমেই আল্লাহর বিধানকে উপেক্ষা করে মানব রচিত বিধান দ্বারা দেশ পরিচালনা করা যে কুফর ও রিদ্দাহ, তা সম্মানিত পাঠকদের সামনে স্পষ্ট হয়েছে। আল্লাহ তায়ালা আমাদেরকে কুরআনের পথে অটল-অবিচল রাখুন। আমীন!

....

উল্লেখ্য, এ বিষয়ে আরো বিস্তারিত জানতে নিম্নে বর্ণিত আয়াতসমূহের তাফসীর দেখুন: মায়েদা: ৪৯; আন'আম: ৫৭, ১১৪; ইউসুফ: ৪০, ৬৭; রা'দ: ৪১; কাহাফ: ২৬; কাসাস: ৭০,৮৮; মুমিন: ১২; শূরা: ১০; জাসিয়াহ: ১৮

সুন্নাহ থেকে দলীল

দলীল নং-১

সহীহ হাদীসে ইরশাদ হচ্ছে:

قال عبادة بن الصامت : (دعانا النبي فبايعناه فقال فيما أخذ علينا أن بايعنا على السمع والطاعة في منشطنا ومكرهنا وعسرنا ويسرنا وأثرةٍ علينا ، وأن لا ننازع الأمر أهله ، إلا أن تروا كفراً بواحاً عندكم من الله فيه برهان) أخرجه البخاري ومسلم في صحيحيهما .

'হযরত উবাদা বিন সামিত রাযি. বলেছেন, একদা নবীজী সা. আমাদেরকে ডাকলেন অতঃপর আমাদের থেকে এ মর্মে ওয়াদা নিলেন যে, আমরা আমাদের পছন্দ-অপছন্দ, স্বচ্ছলতা-অস্বচ্ছলতা এবং আমাদের উপর কাউকে প্রাধ্যান্য দান সর্বাবস্থায় আমরা শাসকের আনুগত্য করব এবং আমরা শাসকদের সাথে শাসনকার্যের ব্যাপারে ঝগড়া-বিবাদে লিপ্ত হব না। নবীজী বললেন, তবে যদি তোমরা শাসকদের থেকে এমন কোনো স্পষ্ট কুফুরী কাজ দেখতে পাও যেটা কুফরী হওয়ার ব্যাপারে তোমাদের কাছে আল্লাহর পক্ষ থেকে (কুরআন-সুন্নাহর) দলীল রয়েছে।' (সহীহ বুখারী হাদীস নং-৬৬৪৭)

এই হাদীস দ্বারা স্পষ্টরূপে প্রমাণিত হয়, শাসকদের আনুগত্য ততক্ষণ পর্যন্ত ওয়াজিব তক্ষণ পর্যন্ত তারা ইসলামের সীমার ভিতর থাকে। যখন তারা ইসলামের সীমা অতিক্রম করে কুফরের সীমায় প্রবেশ করে তখন তাদের অনুগত্য গুনাহের কাজ। বরং তখন তাদের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করে তাদেরকে উৎখাত করা জরুরী।

দলীল নং-২

হাফেজ ইবনে কাসীর (রহ.) বর্ণনা করেন:

(قال الحافظ أبو إسحاق إبراهيم بن عبد الرحمن بن إبراهيم بن دحيم في تفسيره: حدثنا شعيب بن شعيب، حدثنا أبو المغيرة، حدثنا عتبة بن ضمرة، حدثني أبي أن رجلين اختصما إلى النبي ﷺ فقضى للمحق على المبطل، فقال المقضي عليه: لا أرضى، فقال صاحبه: فما تريد؟ قال: أن نذهب إلى أبي بكر الصديق، فذهبا إليه،

فقال الذي قضى له: قد اختصمنا إلى النبي ﷺ فقضى لي، فقال أبو بكر: فأنتما على ما قضى به رسول الله ﷺ ، فأبى صاحبه أن يرضى، قال نأتي عمر بن الخطاب، فأتياه فقال المقضي له: قد اختصمنا إلى النبي ﷺ فقضى لي عليه، فأبى أن يرضى، فسأله عمر بن الخطاب فقال كذلك، فدخل عمر منزله وخرج والسيف في يده قد سله، فضرب به رأس الذي أبى أن يرضى فقتله، فأنزل الله: (فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم) الآية) أ.هـ

‘উৎবা বিন জামীরা (রহ.) থেকে বর্ণিত তিনি বলেন, আমার নিকট আমার পিতা বর্ণনা করেছেন: দুজন ব্যক্তি রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট বিচার দায়ের করল। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অধিকার প্রাপ্ত ব্যক্তির পক্ষে আর মিথ্যা দাবিদারের বিপক্ষে ফয়সালা দিলেন। রায় যার বিপক্ষে গিয়েছিল সে তার সাথীকে বলল, আমি সন্তুষ্ট নই। তার সাথী বলল, তুমি কি চাও? সে বলল, আমরা আবূ বকর (রাযি.) এর নিকট যাব, অতঃপর তারা আবূ বকর (রাযি.) এর নিকট উপস্থিত হল। যার পক্ষে রায় গিয়েছিল সে বলল, আমরা দুজন রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট গেলে তিনি আমার পক্ষে রায় দেন। আবূ বকর (রাযি.) বললেন, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে ফয়সালা দিয়েছেন তার উপরই তোমরা স্থির থাক। তার সাথী তা মেনে নিতে অসম্মতি জানাল। সে বলল, চলো আমরা ওমর (রাযি.) এর নিকট যাই। অতঃপর তারা তার নিকটে গেল। প্রথম ব্যক্তি বলল, আমরা রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট বিচার পেশ করলে তিনি আমার পক্ষে আর তার বিরুদ্ধে রায় দেন। ওমর (রাযি.) অপর ব্যক্তিকে জিজ্ঞাসা করলে সেও একই কথা বলল। এমনটি শুনে ওমর (রাযি.) ঘরে প্রবেশ করলেন এবং ঘর থেকে একটি নাঙ্গা তলোয়ার নিয়ে বের হলেন। অতঃপর যে ব্যক্তি রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিচার মানতে অস্বীকৃতি জানিয়েছে তার গর্দানে আঘাত করলেন। এবং তাকে হত্যা করে ফেললেন। অতঃপর আল্লাহ তাআলা অবতীর্ণ করলেন : **কিন্তু না! আপনার রবের কসম, তারা ঈমানদার হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে বিচারক নির্ধারণ করে। [সূরা নিসাঃ ৬৫]** [হাদীস:হাসান, তাফসীরে ইবনে কাছীর, খণ্ড:২, পৃষ্টা:৩৫২]

[হাদীসটির সনদঃ হদীসটিকে রিদওয়ান জামে'য় রিদওয়া মুরসাল হাসান বলে উল্লেখ করেছেন, দেখুনঃ তাঁর তাহকীককৃর্ত, তাফসীরে ইবনে কাসীর। হাফেজ ইবনে তাইমিয়া রহঃ তার প্রসিদ্ধ কিতাব সরিমুল মাসলুলের মধ্যে উক্ত রেওয়াতটি উল্লেখ করে বলেছেনঃ

و هذا المرسل له شاهد من وجه آخر يصلح للاعتبار

এই মুরসাল রেওয়াতটির অপর একটি শাহেদ রয়েছে। যা "ই'তেবার" হবার যোগ্য। অতঃপর তিনি উক্ত শাহেদ রেওয়ায়েতটি উল্লেখ করে বলেন, এই ঘটনাটি আমি উক্ত দুটি রেওয়াত ছাড়াও ভিন্ন রেওয়াতে পেয়েছি। দেখুন: আস-সরেমুল মাসলুল, খণ্ড:১, পৃষ্টা:৪৩]

নির্দেশনা :

১. যে ব্যক্তিকে ওমর (রাযি.) হত্যা করলেন তার ভিতরের অবস্থা ওমর (রাযি.) জানতেন না। বাহ্যিকভাবে সে মুসলিম হিসেবেই পরিচিত ছিল। ইসলামের কোন বিধানকে মৌখিকভাবে অস্বীকার করেনি। তার অপরাধ হল, রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর একটি ফয়সালা নিজ প্রবৃত্তির বিপক্ষে যাওয়ার কারণে তা না মেনে অন্য একজন সাহাবীর নিকট ফয়সালার জন্য যাওয়া। তার ব্যাপারে ওমর (রাযি.) ফয়সালা হল নাঙ্গা তলোয়ার। কেননা রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ফয়সালাকে প্রত্যাখ্যান করে ভিন্ন কোন ফয়সালা তালাশ হল রিদ্দাহ তথা স্ব-ধর্ম ত্যাগ।

২. ওমর (রাযি.) এর মতের স্বচ্ছতা ঘোষণা দিয়ে আল্লাহ সুবহানা ওয়া তাআলা আয়াত অবতীর্ণ করেন যে তার এই ফয়সালাই সঠিক ছিল কেননা উপরোক্ত ব্যক্তি নবীজী সা. এর বিচার মেনে নিতে না পারায় সে ঈমানের গণ্ডি থেকে বের হয়ে গিয়েছিল।

৩. যারা শরীয়াহর সকল বিধান পরিবর্তন করে নিজেরাই আইন রচনা করে, মুসলিমদেরকে সে আইন মানতে বাধ্য করে, না মানলে শাস্তি প্রদান করে। তাদের ব্যাপারে ওমর (রাযি.) ফয়সালা কী হতে পারে? আর কুরআনই বা তাদের ব্যাপারে কি বলে?

দলীল নং-২

ইবনে আব্বাস (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন:

كان قوم من أهل مكة أسلموا، وكانوا يستخفون بالإسلام، فأخرجهم المشركون يوم بدر معهم، فأصيب بعضهم بفعل بعض قال المسلمون: كان أصحابنا هؤلاء مسلمين وأكرهوا، فاستَغْفَروا لهم، فنزلت: { إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ [قَالُوا فِيمَ كُنْتُم } إلى آخر] الآية،

'মক্কায় কিছু ব্যক্তি ইসলাম গ্রহণ করেছিল। তারা ইসলামকে গোপন করে রাখতো। বদর যুদ্ধের দিন মুশরিকরা তাদেরকে নিজেদের সাথে বের হতে বাধ্য করল। ফলে তারা কতকে কতকের দ্বারা আক্রান্ত হল (নিহত হল)।

মুসলিমরা বলতে লাগল, আমাদের এই সাথীরা তো মুসলিম ছিল কিন্তু তাদেরকে বাধ্য করা হয়েছে। সুতরাং তোমরা তাদের জন্য ইস্তেগফার কর। তখন অবতীর্ণ হল:

"নিশ্চয়ই নিজের প্রতি যুলম করা অবস্থায়, ফেরেশতাগণ যাদের জান কবজ করলেন, তখন ফেরেশতাগণ (তাদেরকে) বললেন, তোমরা কী অবস্থায় ছিলে? তারা বলল আমরা যমীনে দুর্বল ছিলাম। ফেরেশতাগণ বললেন, আল্লাহর যমীন কি প্রশস্ত ছিল না যে, তোমরা তাতে হিজরত করতে? সুতরাং ওরাই তারা যাদের আশ্রয়স্থল হল জাহান্নাম। আর তা মন্দ প্রত্যাবর্তনস্থল।" [সূরা: আন্-নিসা:৯৭] [তাফসীরুত তবারী, হাদীস নং:১০২৫৯, খণ্ড:৯, পৃষ্ঠা:১০২]

উপরোক্ত ব্যক্তিদের অপরাধ হল তারা মক্কা থেকে হিজরত করে মদীনায় আসেনি। অন্যথায় বদর যুদ্ধে তারা তো স্বেচ্ছায় আসেনি বরং তাদেরকে বাধ্য করা হয়েছিল। আর তারা মুসলিমদের বিরুদ্ধে অস্ত্রও পরিচালনা করেনি। তাহালে প্রশ্ন জাগে, হিজরত না করার কারণে কি তারা চিরকাল জাহান্নামী হবে। নাকি আয়াতে অস্থায়ী শাস্তির কথা বলা হয়েছে ?

বিন বাজ (রহ.) তার একটি প্রবন্ধে উপরোক্ত বিষয়টি সংক্ষিপ্ত ও সুন্দরভাবে আলোচনা করেছেন। তার লেখাটি হুবহু তুলে দেয়া হল:

هذه الآية الكريمة ذكر العلماء أنها نزلت في أناس تخلفوا في مكة ولم يهاجروا مع النبي -ﷺ- فما كانت غزوة بدر أجبرهم الكفار على الخروج معهم، وحضروا القتال فنزلت الآية الكريمة فيهم لما قتل من قتل منهم، وإن قوله جل وعلا: (إن الذين توفاهم الملائكة ظالمي أنفسهم). معنى ظالمي أنفسهم بالإقامة بين أظهر المشركين وهم قادرون على الهجرة، (قالوا فيم كنتم): يعني قالت لهم الملائكة فيم كنتم؟ (قالوا كنا مستضعفين في الأرض)، يعني في أرض مكة، (قالوا: ألم تكن أرض الله واسعة)، يعني قالت لهم الملائكة: (ألم تكن أرض الله واسعةً فتهاجروا فيها؟ فأولئك مأواهم جهنّم وساءت مصيرا. إلا المستضعفين).. الآية. فهو متوعدون بالنار لأنهم أقاموا بين أظهر الكفار من دون عذر، وكان الواجب عليهم أن يهاجروا إلى بلاد الإسلام، إلى المدينة المنورة، فلما أجبروا على الخروج وأكرهوا صار ذلك ليس عذراً لهم، وكان عملهم سبباً لهذا الإكراه، وسبباً لهذا الخروج فجاء فيهم هذا الوعيد. لكونهم عصوا الله بإقامتهم مع القدرة على الهجرة، ولم يكفروا لأنهم مكرهون، أخرجوا إلى ساحة القتال ولم يقاتلوا لكن قتلوا، قتل من قتل منهم، أما لو قاتلوا مختارين راضين غير مكرهين لكانوا كفارا، لأن من ظاهر الكفار وساعدهم يكون كافراً مثلهم، لكن هؤلاء لم يقاتلوا وإنما أكرهوا على الحضور وتكثير السواد فقط، فقتلوا من غير أن يقاتلوا، وقال آخرون من أهل العلم إنهم كفروا بذلك، لأنهم أقاموا

من غير عذر، ثم خرجوا معهم، وفي إمكانهم التملص والخروج من بين الكفرة في الطريق، أو في حين التقاء الصفين، وفي إمكانهم أن يلقوا السلاح ولا يقاتلوا، وبكل حال فهم بين أمرين: من قاتل منهم وهو غير مكره فهو كافر، حكمه حكم الكفرة الذين قتلوا، وليس له عذر في أصل الإكراه لأنه لما أكره باشر وقاتل و مساعدة الكفار فصار معهم وصار مثلهم ودخل في قوله تعالى: (ومن يتولهم منكم فإنه منهم)، وقد أجمع العلماء رحمهم الله على أن من ظاهر الكفار والمشركين وساعدهم بالسلاح أو بالمال فإنه يكون كافرا مرتداً عن الإسلام، أما من أكره ولم يقاتل ولم يرض بقتال أهل الإسلام ولم يوافق على ذلك ولكن أجبر وأكره بالقوة والرباط والإكراه حتى وصل إلى ساحة القتال ولم يقاتل فهذا يكون عاصياً بأصل إقامته، ومتوعد على ذلك بالنار لأنه أقام معهم من دون عذر،[فتاوى نور على الدرب ٣٦٠ - للشيخ : عبد العزيز بن باز]

"এই পবিত্র আয়াতটি অবতীর্ণ হয়েছে এমন কিছু ব্যক্তির ব্যাপারে যারা রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হিজরত না করে মদীনায় রয়ে গিয়েছিল। যখন বদর যুদ্ধ সংঘটিত হবে তখন কুফ্ফাররা নিজেদের সাথে তাদেরকেও বের হতে বাধ্য করল। ফলে তাদেরকে যুদ্ধে অংশ নিতে হল। পরে যখন তাদের কতক ব্যক্তি নিহত হল তখন এই আয়াতটি তাদের সম্পর্কে অবতীর্ণ হল:

আল্লাহ তাআলার বাণী:**"নিশ্চয়ই নিজদের প্রতি যুলম করা অবস্থায় ফেরেশতাগণ যাদের জান কবজ করলেন"**এর অর্থ হল হিজরতের ক্ষমতা থাকা সত্ত্বেও তারা মুশরিকদের সাথে বসবাস করে নিজেদের উপর জুলম করেছে।

"ফেরেশতাগণ বললেন, 'তোমরা কী অবস্থায় ছিলে'?"অর্থাৎ ফেরেশতাগণ তাদেরকে জিজ্ঞাসা করল, তোমাদের অবস্থা কি ছিল?**"তারা বলল: আমরা যমীনে দুর্বল ছিলাম"** অর্থাৎ মক্কাতে।**"ফেরেশতাগণ বললেন, 'আল্লাহর যমীন কি প্রশস্ত ছিল না"**অর্থাৎ ফেরেশতাগণতাদের কে বললেন:**"আল্লাহর যমীন কি প্রশস্ত ছিল না যে, তোমরা তাতে হিজরত করতে'? সুতরাং ওরাই তারা যাদের আশ্রয়স্থল হল জাহান্নাম। আর তা কতই না মন্দ প্রত্যাবর্তন স্থল।"**

তাদেরকে জাহান্নামের ধমকি দেয়া হয়েছে। কেননা তারা কোন ওজর ব্যতিত কুফ্ফারদের মাঝে অবস্থান করেছে। অথচ তাদের উপর ওয়াজিব ছিল, তারা হিজরত করে ইসলামী রাষ্ট্রে যাবে, মদীনায় গমন করবে। তাই তাদেরকে যখন যুদ্ধে যেতে চাপ দেয়া হল এবং তারা বাধ্য হল, তখন "এই বাধ্য হওয়া" তাদের ক্ষেত্রে ওজর হিসেবে গ্রহণযোগ্য হল না। বরং তাদের নিজেদের কর্মই ছিল এই বাধ্যতার কারণ, কাফেরদের সাথে বের হওয়ার হেতু। আর তাই

তাদের ব্যাপারে উপরোক্ত ধমকি এসেছে। কেননা তারা হিজরতের সামর্থ্য থাকা সত্ত্বেও অবস্থান করেছে। তবে তারা কাফের বলে বিবেচিত হবে না, কেননা তারা ছিল বাধ্য। তাদেরকে বের করা হয়েছিল ঠিকই কিন্তু তারা তো যুদ্ধ করেনি। যদিও বা তারা নিহত হয়েছে। যারা নিহত হওয়ার তারা তো নিহত হয়েছেই। কিন্তু তারা যদি বাধ্য না হয়ে স্বেচ্ছায় সন্তুষ্টচিত্তে যুদ্ধ করত তাহলে তারা কাফের হয়ে যেত। কেননা যারা কুফ্ফারদেরকে সমর্থন দেয় এবং সাহায্য করে, তারা তাদের মতই কাফের হয়ে যায়। তবে উপরোক্ত ব্যক্তিরা যুদ্ধ করেনি। বরং তাদেরকে উপস্থিত হতে বাধ্য করা হয়েছিল। তাই যুদ্ধ করা ব্যতীতই তারা নিহত হয়েছে।

তবে অনেক আলেমের মত হল:" উপরোক্ত কাজের দ্বারা তারা কাফের হয়ে গিয়েছে। কেননা তারা কোন ওজর ব্যতীতই অবস্থান করেছে অতঃপর তাদের সাথে যুদ্ধে বের হয়েছে। তাদেরতো এই শক্তি ছিল পথিমধ্যেই বা যখন দু-দল মুখোমুখি হয়েছে তখন তারা কাফেরদের মধ্য থেকে ভেগে যেতে পারত। এই ক্ষমতাও ছিল তারা অস্ত্র সংবরণ করে যুদ্ধে অংশগ্রহণ না করতো।" তবে সব ক্ষেত্রেই তাদের মাঝে দুটি অবস্থা বিদ্যমান:

১. তাদের মধ্যে থেকে যে বাধ্য না হওয়া সত্ত্বেও যুদ্ধ করেছে সে কাফের। তার ক্ষেত্রে নিহত কাফেরদের বিধানই প্রযোজ্য হবে। কেননা 'ইকরাহ' তথা বাধ্যতার মূলনীতিতে তার ওজর গ্রহণযোগ্য নয়। কেননা যখন তাকে (বের হতে) বাধ্য করা হয়েছে তখন সে সামনা-সামনি হয়ে যুদ্ধ করেছে (অথচ সে যুদ্ধ না করলেও পারত)। ফলে কুফ্ফারদেরকে সাহায্য করার কারণে সে তাদেরই দলভুক্ত ও তাদেরই অনুরূপ বলে গণ্য হবে। সে আল্লাহ তাআলার এই বাণীর অন্তর্ভূক্ত হবে:**"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।"**উলামাগণ একমত পোষণ করেছেন, "যে ব্যক্তি কুফ্ফার ও মুশরিকদেরকে সমর্থন জানাবে, অস্ত্র ও সম্পদ দ্বারা তাদেরকে সাহায্য করবে, সে ইসলাম থেকে বহিষ্কৃত মুরতাদ ও কাফের বলে গণ্য হবে।"

২. যে আসতে বাধ্য হয়েছে, তবে যুদ্ধ করেনি। মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ পছন্দও করেনি। তাদের সাথে একমত পোষণ করেনি। কিন্তু তাকে পাহারা দিয়ে শক্তি খাটিয়ে বাধ্য ও অপারগ করা হয়েছে। ফলে সে রণাঙ্গন পর্যন্ত এসেছে, কিন্তু লড়াই করেনি। তাহলে সে (হিজরত না করে) মক্কার কাফেরদের মধ্যে অবস্থানের কারণে অপরাধী বলে বিবেচিত হবে। একারণে সে, জাহান্নামের ব্যাপারে ধমক প্রাপ্ত হবে। কেননা সে কোন ওজর ব্যতীতই

তাদের সাথে অবস্থান করেছে।'[ফাতাওয়া-নুরুন আলাদ দার্ব-৩৬০, শায়েখ আব্দুল আযীয বিন বাজ রহ.]

নির্দেশনা ঃ

মক্কা থেকে আগত ব্যক্তিরা সকলেই ছিল বাধ্য তারা যুদ্ধ ক্ষেত্রে স্বেচ্ছায় আসেনি। তবে তারা পূর্বেই হিজরত করতে সক্ষম ছিল। কিন্তু আত্মীয়-স্বজন, ঘর-বাড়ি, জমি-জমা সব কিছু ছেড়ে তারা হিজরত করতে রাজি হয়নি। বদর যুদ্ধে তাদের কতকে প্রাণ হারিয়েছে। ফলে মুসলিমরা যখন তাদের জন্য ইস্তেগফার করার ইচ্ছা পোষণ করল তখন আল্লাহ তাআলা আয়াত অবতীর্ণ করলেন: **ওরাই তারা যাদের আশ্রয়স্থল হল জাহান্নাম। আর তা কতইনা মন্দ প্রত্যাবর্তনস্থল**। [সূরা: আন্–নিসা: ৯৭]

এখন প্রশ্ন দেখা দিল, তারা কি কাফের হবে? অনেক আলেমের মত হল- না তারা কাফের হবে না। কেননা তারা ছিল বাধ্য। অপর কতিপয় আলেম বলেন- তারা কাফের বলেই বিবেচিত হবে। কেননা এখানে তাদের বাধ্যতা গ্রহণযোগ্য নয়। কেননা তারা সামর্থ্য থাকা সত্ত্বেও হিজরত করেনি। তবে সঠিক মত হল, হিজরত না করার কারণে তাদেরকে কাফের বলা যাবে না। তবে যদি কেউ রণাঙ্গনে এসে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করে থাকে, তাহলে সে কাফের হয়ে যাবে। কেননা এখানে তার বিকল্প ব্যবস্থা ছিল। আর যদি অস্ত্র সংবরণ করে থাকে, তাহলে অস্থায়ী জাহান্নামী বলে গণ্য হবে।

দলীল নং-৩

আলী (রাযি.) বর্ণনা করেন:-

بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَالزُّبَيْرَ وَالْمِقْدَادَ فَقَالَ انْطَلِقُوا حَتَّى تَأْتُوا رَوْضَةَ خَاخٍ فَإِنَّ بِهَا ظَعِينَةً مَعَهَا كِتَابٌ فَخُذُوهُ مِنْهَا فَانْطَلَقْنَا تَعَادَى بِنَا خَيْلُنَا حَتَّى أَتَيْنَا الرَّوْضَةَ فَإِذَا نَحْنُ بِالظَّعِينَةِ فَقُلْنَا أَخْرِجِي الْكِتَابَ قَالَتْ مَا مَعِي مِنْ كِتَابٍ قُلْنَا لَتُخْرِجِنَّ الْكِتَابَ أَوْ لَنَقْلِبَنَّ الثِّيَابَ قَالَ فَأَخْرَجَتْ الْكِتَابَ مِنْ عِقَاصِهَا فَأَخَذْنَا الْكِتَابَ فَأَتَيْنَا بِهِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَإِذَا فِيهِ مِنْ حَاطِبِ بْنِ أَبِي بَلْتَعَةَ إِلَى نَاسٍ مِنْ الْمُشْرِكِينَ بِمَكَّةَ يُخْبِرُهُمْ بِبَعْضِ أَمْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا حَاطِبُ مَا هَذَا قَالَ لَا تَعْجَلْ عَلَيَّ إِنِّي كُنْتُ امْرَأً مُلْصَقًا فِي قُرَيْشٍ وَلَمْ أَكُنْ مِنْ أَنْفُسِهَا وَكَانَ مَنْ كَانَ مَعَكَ مِنْ الْمُهَاجِرِينَ لَهُمْ قَرَابَاتٌ يَحْمُونَ أَهْلِيهِمْ بِمَكَّةَ فَأَحْبَبْتُ إِذْ فَاتَنِي ذَلِكَ مِنْ النَّسَبِ فِيهِمْ أَنْ أَتَّخِذَ فِيهِمْ يَدًا يَحْمُونَ بِهَا قَرَابَتِي وَمَا فَعَلْتُ ذَلِكَ كُفْرًا وَلَا ارْتِدَادًا عَنْ دِينِي وَلَا رِضًا بِالْكُفْرِ بَعْدَ الْإِسْلَامِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّهُ قَدْ صَدَقَكُمْ فَقَالَ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ دَعْنِي

أَضْرِبْ عُنُقَ هَذَا الْمُنَافِقِ فَقَالَ إِنَّهُ قَدْ شَهِدَ بَدْرًا وَمَا يُدْرِيكَ لَعَلَّ اللَّهَ قَدْ اطَّلَعَ عَلَى أَهْلِ بَدْرٍ فَقَالَ اعْمَلُوا مَا شِئْتُمْ فَقَدْ غَفَرْتُ لَكُمْ-

'রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে, যুবইরকে এবং মিকদাদকে এই বলে প্রেরণ করলেন, তোমরা 'রওযাতু খাখে' পৌঁছা পর্যন্ত যেতেই থাকবে। তোমরা সেখানে গিয়ে একজন বৃদ্ধাকে দেখতে পাবে যার সাথে একটি পত্র আছে। তোমরা সেটি তার কাছ থেকে নিয়ে আসবে।

আমাদের ঘোড়া আমাদেরকে নিয়ে উর্ধশ্বাসে ছুটতে লাগল, ফলে আমরা রওযাতে এসে পৌঁছলাম। আমরা সেখানে একজন বৃদ্ধাকে দেখতে পেলাম আমরা তাকে বললাম, চিঠি বের করো। সে বলল, আমার কাছে কোন চিঠি নেই। আমরা বললাম, তুমি কি চিঠি বের করবে নাকি আমরা তোমার কাপড়-চোপড় খুলে ফেলব? তিনি বলেন: অতঃপর সে তার বেণী বাধাঁ ফিতা থেকে চিঠি বের করলো। আমরা চিঠিটি নিয়ে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এলাম।

আমরা দেখতে পেলাম চিঠিটি প্রেরণ করা হয়েছে হাতিব বিন আবী বালতা'আর পক্ষ থেকে মক্কার কয়েকজন মুশরিকদের নিকট। তাতে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কিছু বিষয় তাদেরকে অবগত করানো হয়েছে।

রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: হাতিব এটা কি?

হাতিব বললেন: আমার (ফায়সালার) ব্যাপারে তাড়াহুড়া করবেন না।

আমি কুরাইশদের সাথে একজন ঘনিষ্ট ব্যক্তি ছিলাম। তবে তাদের বংশের মধ্য থেকে ছিলাম না। আর আপনার সাথে যে সব মুহাজিরগণ আছেন তাদের রয়েছে নিকটাত্মীয় যারা মক্কায় তাদের পরিবার পরিজনের রক্ষণাবেক্ষণ করে। তাই আমার কাছে ভালো মনে হয়েছিল যে, যখন আমার সাথে তাদের বংশীয় সম্পর্ক নেই, তাদের মাঝে আমার একটি কর্তিত্ব থাকবে যার ফলে তারা আমার নিকটাত্মীয়দেরকে হেফাজত করবে। আমি তো এটি ফুফরী হিসাবে অথবা দ্বীন ত্যাগ করতে বা ইসলামের পর পুণরায় কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে করিনি। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে সত্য বলেছে।

উমর (রাযি.) বললেন: **আমাকে অনুমতি দিন আমি এই মুনাফিকের গর্দান দ্বি-খণ্ডিত করে ফেলি।**

রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে তো বদরের যুদ্ধে অংশগ্রহণ করেছে। আর নিশ্চয় আল্লাহ তাআলা বদরী সাহাবীদের বিষয়ে অবগত

আছেন। আল্লাহ তাআলা বলে দিয়েছেন: তোমরা যা ইচ্ছা করো কেননা আমি তোমাদেরকে ক্ষমা করে দিয়েছি। [সনদ:সহীহ, মুসনাদে আহমাদ, হাদীস নং:৬০০, খণ্ড:২, পৃষ্ঠা:৩৭, এছাড়া বুখারী মুসলিমসহ অন্যান্য হাদীসের কিতাবেও হাদীসটি বর্ণিত আছে]

ঘটনাটি যা প্রমাণ করে..।

উপরিউক্ত ঘটনাটি কয়েকভাবে প্রমাণ করে যে, মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে কুফফারদেরকে সাহায্য করার মূল হুকুম হল, কুফর ও রিদ্দাহ।

প্রথমত: বিষয়টি অবলোকন করার পর নবুয়্যাতের মেজাযধারী সাহাবী উমর (রাযি.) এর প্রতিক্রিয়া :-

এক. তিনি বলেছিলেন: دَعْنِي أَضْرِبْ عُنُقَ هَذَا الْمُنَافِقِ আমাকে অনুমতি দিন আমি এই মুনাফিকের গর্দান দ্বি-খণ্ডিত করে ফেলি।

দুই. স্বয়ং উমর (রাযি.) থেকে অপর একটি সহীহ রেওয়াত বর্ণিত হয়েছে, তিনি বলেছেন:

فاخترطت سيفي و قلت : يا رسول الله أمكني منه فإنه قد كفر فاضرب عنقه (المستدرك على الصحيحين)

‘অতঃপর আমি আমার তরবারী কোষমুক্ত করলাম এবং বললাম হে আল্লাহর রাসূল! আমাকে সুযোগ দেন আমি তার গর্দান দ্বি-খণ্ডিত করে ফেলি কেননা সে কুফরী করেছে। [আল-মুসতাদরিক আলাস সহীহাইন, হাদীস নং:৬৯৬৬, খণ্ড:৪, পৃষ্ঠা:৮৭; আল-জাম‘য়ূ বাইনাস সহীহাইন, হাদীস নং:৮৫, খণ্ড:১, পৃষ্ঠা:৬৫]

তিন. অপর একটি রেওয়াতে এসেছে:

فقال رسول الله صلى الله عليه و سلم : أليس قد شهد بدرا ؟ قالوا : بلى يا رسول الله قال عمر : بلى ولكنه قد نكث وظاهر أعداءك عليك -[مسند أبي يعلى]

‘অতঃপর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: সে কি বদরে অংশ গ্রহণ করেনি? সাহাবারা (রাযি.) বললেন: জি, হ্যাঁ সে বদরে অংশ গ্রহণ করেছে হে আল্লাহর রাসূল।

উমর (রাযি.) বললেন: হ্যাঁ, তবে সে ভঙ্গ করেছে, আপনার বিরুদ্ধে আপনার শত্রুদেরকে সাহায্য করেছে। [ফাতহুল বারী, খণ্ড:৪, পৃষ্ঠা:৬৩৪, মুসনাদু আবী ই‘য়লা, হাদীস নং:৩৯৭, খণ্ড:১, পৃষ্ঠা:৩১৬])

এর থেকে স্পষ্টভাবে বুঝে আসে উমর (রাযি.) মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্য করাকে কুফর ও রিদ্দাহ মনে করতেন। কেননা বিষয়টি যদি কুফর ও রিদ্দাহ না হয়ে অন্য কোন অপরাধ হত তাহলে তিনি হাতিব বিন আবী বালতা'আ (রাযি.) কে কখনই হত্যা করতে উদ্যত হতেন না এবং এটা তার জন্য বৈধও ছিল না।

দ্বিতীয়ত: মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্য করা কুফর ও রিদ্দাহ না হলে, উমর (রাযি.) যখন তাকে মুনাফিক বললেন, তিনি কুফরী করেছেন বললেন, তাঁর গর্দান উড়িয়ে দিতে চাইলেন তখন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিশ্চিত বলতেন, এমন অপরাধের কারনে কেন তুমি একজন মুসলিমকে কাফের বলছো, মুসলিমকে হত্যা করতে চাচ্ছ যা কুফর বা রিদ্দাহ নয়? কেননা কোন নবীর পক্ষে সম্ভবপর নয় তিনি কোন ভুল বা অন্যায় সামনা সামনি দেখেও সে ব্যাপারে কিছু না বলে চুপ থাকবেন। এখানে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উমর (রাযি.) এর মতকে ভুল সাব্যস্ত না করে হাতিব বিন আবী বালতা'আ (রাযি.) এর বিষয়টি উত্থাপিত করলেন। তার ক্ষেত্রে কেন এই হুকুম প্রজোয্য হবে না তার কারণ বর্ণনা করলেন, 'সে তো বদরী সাহাবী, অল্লাহ তাআলা তার পূর্বা-পর সকল গোনাহ ক্ষমা করে দিয়েছেন, (অপর রেওয়াতে এসেছে তিনি বলেছেন) এদের জন্য তো জান্নাত ওয়াজিব।' যদি এমনটি না হত তাহলে তিনি বলতেন, তুমি যে মত ব্যক্ত করছো সে মতটি কারো ক্ষেত্রেই সঠিক নয় (চাই সে বদরী হোক বা না হোক)।

হাতিব বিন আবী বালতা'আ (রাযি.) কি লিখেছিলেন সেই চিঠিতে?

হাফেজ ইবনে হাজার আসকালানী (রহ.) বর্ণনা করেন. চিঠির শব্দগুলো ছিল-

أما بعد يا معشر قريش فإن رسول الله صلى الله عليه و سلم جاءكم بجيش كالليل يسير كالسيل فوالله لو جاءكم وحده لنصره الله وأنجز له وعده فانظروا لأنفسكم والسلام

'ওহে কুরাঈশ গোত্রীয়গণ! আল্লাহর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার সৈনিকদেরকে নিয়ে ধেয়ে আসছেন অন্ধকার রাত্রির ন্যায়, যার গতি হল সমুদ্রের ঢেউয়ের ন্যায়। সুতরাং আল্লাহর শপথ তিনি যদি একাও তোমাদের বিরুদ্ধে আসেন আবশ্যই আল্লা তাআলা তাকে সাহায্য করবেন। তাকে প্রদত্ত প্রতিশ্রুতি পূর্ণ করবেন। সুতরাং তোমরা নিজেদের ব্যাপারটি ভেবে দেখ। শেষ করলাম। [ফাতহুল বারী, খণ্ড:৭, পৃষ্টা:৫২০]

ওকিদী (রহ.) তার প্রসিদ্ধ কিতাব 'আল-মাগাজীতে' ইকরিমা (রাযি.) একটি রেওয়ায়েত উল্লেখ করেন, সেই রেওয়ায়েত অনুযায়ী তার চিঠির বাক্যগুলো ছিল এই:-

إنّ رَسُولَ اللهِ قَدْ أَذَّنَ فِي النّاسِ بِالْغَزْوِ وَلَا أَرَاهُ يُرِيدُ غَيْرَكُمْ وَقَدْ أَحْبَبْت أَنْ تَكُونَ لِي عِنْدَكُمْ يَدٌ بِكِتَابِي إلَيْكُمْ .

'আল্লাহর রাসূল মানুষদের মাঝে যুদ্ধের ঘোষণা দিয়ে দিয়েছেন। আমার মনে হচ্ছে এবার তাঁর উদ্দেশ্য হল তোমরাই। আর আমি ভাল মনে করেছি এ চিঠি পাঠানোর মাধ্যমে তোমাদের কাছে আমার একটি মূল্যয়ন থাকুক।' [আল-মাগাযী, খণ্ড:১, পৃষ্টা:৭৯৯]

<u>একটি সংশয়:</u> হাতিব বিন আবী বালতা'আ (রাযি.) মক্কার মুশরিকদেরকে সাহায্য করার পদক্ষেপ নেবার পরও যেহুতু তার উপর কুফরের হুকুম সাব্যস্ত হচ্ছে না তাহলে অন্য কেউ যদি অন্য কোনভাবে মুসলিমদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করে তাহলে তার উপর কেন কুফর ও রিদ্দার হুকুম বর্তাবে?

যে কারণে হাতিব (রাযি.) এর উপর উপরিউক্ত হুকুম বর্তায়নি:-

'মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্য করা কুফর ও রিদ্দাহ' এটি উম্মাহর ঐক্যমতের ভিত্তিতে প্রতিষ্ঠিত একটি মাসআলা, এ ব্যাপারে কোন সন্দেহের আবকাশ নেই। যদি এমনটি হয়ে থাকে তাহলে হাতিব (রাযি.) এর ক্ষেত্রে এ হুকুম প্রজোয্য হল না কেন?

এর উত্তরটি দু'ভাবে দেয়া যায়:

১. তার উপরিউক্ত কাজ মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্যের অন্তর্ভুক্ত ছিল না। হাতিব (রাযি.) না কুফফারদের পক্ষ নিয়ে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন না তাদেরকে মাল দিয়ে সাহায্য করেছেন। কাফেরদেরকে এমন কোন তথ্য জানানও তার উদ্দেশ্য ছিল না যা দ্বারা তারা লাভবান হবে। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যে ঘোষণার কথা তিনি বলে ছিলেন তা কোন গোপন বিষয় ছিলনা বরং তা ছিল তাঁর প্রকাশ্য সামরিক পদক্ষেপ। তিনি যেটা করে ছিলেন, তার ধারনার কথা বলেছিলেন, যে সম্ভবত তাঁর লক্ষ্য তোমরাই। তিনি তো মুশরিকদের বিরুদ্ধে পূর্ব থেকে যুদ্ধ চালিয়ে আসছিলেন এবং উক্ত যুদ্ধেও তাদের বিরুদ্ধেই বের হয়ে ছিলেন। সুতরাং তার এ কাজ সে পর্যায়ের ছিল না যাকে কুফরের অন্তর্ভুক্ত করা যায়। তবে তার এ কাজটি কুফরের সাথে

সাদৃশ্যপূর্ণ ছিল। তাই উমর (রাদি:) তাঁকে মুনাফিক ভেবে ছিলেন ও হত্যা করতে উদ্যত হয়ে ছিলেন।

২. তার উপরিউক্ত কাজ মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্যের অন্তর্ভুক্ত ছিল, তবে.....!!!

যদি ধরেও নেয়া হয় তার একাজ মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্যের অন্তর্ভুক্ত ছিল, তথাপি এটা দ্বারা এ প্রমাণ পেশ করা সম্ভব নয় যে, মুসলিমদের বিরুদ্ধে কুফফারদেরকে সাহায্য করা কুফর ও রিদ্দাহ্ নয়। কেন না সে ক্ষেত্রে তার উপর কুফরের হুকুম না বর্তানোর কারণ হল, তার মাঝে موانع الكفر বিদ্যমান ছিল (এমন কিছু বিষয়, কোন ব্যক্তির থেকে যদি কুফর প্রকাশ পায় আর তার কোন একটিও ঐ ব্যক্তির মাঝে বিদ্যমান থাকে তাহলে কুফরের বিধান তার ক্ষেত্রে প্রজোয্য হবে না)।

(ক) তার জানা ছিল না এতটুকু কাজ কুফরের অন্তর্ভুক্ত হতে পারে। যেমনটি তিনি নিজেই বলেন:

وَمَا فَعَلْتُ ذَلِكَ كُفْرًا وَلَا ارْتِدَادًا عَنْ دِينِي وَلَا رِضًا بِالْكُفْرِ بَعْدَ الْإِسْلَامِ.

‘আমি তো এটি ফুফরী হিসাবে অথবা দ্বীন ত্যাগ করতে বা ইসলামের পর পুণরায় কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে করিনি।’

অপর একটি সহীহ রেওয়াতে এসেছে, যখন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে জিজ্ঞাসা করলেন তুমি কেন এমনটি করলে? প্রতি উত্তরে তিনি বললেন:-

أَمَا وَاللَّهِ إِنِّي لَنَاصِحٌ لِلَّهِ وَرَسُولِهِ ،

“আল্লাহর শপথ আমি আল্লাহ ও তাঁর রাসূলের ব্যপারে কল্যাণকামী।”

(খ) তিনি এ ক্ষেত্রে মুআউবিল ছিলেন, তার ইজতিহাদ ছিল এর দ্বারা মুসলিমদের কোন ক্ষতি হবে না, তাই এই সাহায্য কুফরের অন্তর্ভুক্ত হবে না।

তিনি বলেন:-

فَكَتَبْتُ كِتَابًا لاَ يَضُرُّ اللَّهَ وَرَسُولَهُ شَيْئًا

“আমি তো এমন চিঠি লিখেছি যা আল্লাহ ও তাঁর রাসূলের কোন ক্ষতি করবে না।”

[আল-মুসতাদরিক আলাস সহীহাইন, হাদীস নং:৬৯৬৬, খণ্ড:৪, পৃষ্টা:৮৭; আল-জাম'য়ূ বাইনাস সহীহাইন, হাদীস নং:৮৫, খণ্ড:১, পৃষ্টা:৬৫]

অপর রেওয়ায়েতে এসেছে তিনি বলেছেন:

قَدْ عَلِمْتُ أَنَّ اللَّهَ مُظْهِرٌ رَسُولَهُ وَمُتِمٌّ لَهُ أَمْرَهُ

'আর আমি জানি নিশ্চয় আল্লাহ তাআলা তার রাসূলকে সাহায্য করবেন, এবং তার বিষয়টিকে পূর্ণতা দান করবেন।' [মুসনাদে আহমাদ, খণ্ড:২৩, পৃষ্টা:৯১]

হাফিজ ইবনে হাজার আসকালানী (রহ.) বলেন :

فإنه صنع ذلك متأولا أن لا ضرر فيه

'তিনি এমনটি করেছিলেন একথা ভেবে যে, তাতে কোন সমস্যা নেই।' [ফাতহুল বারী, খণ্ড:৮, পৃষ্টা:৬৩৪]

এ ছাড়াও উপরিউক্ত হাতিব (রাযি.) ঘটনাটিকে ইমাম বুখারী (রহ.) যে অধ্যায়ে নিয়ে এসেছেন তা হল: (ما جاء في المتأولين) তাবীলকারীদের ব্যাপারে বর্ণিত হাদীস। যা প্রমাণ করে তিনি তাকে তাবীলকারীদের অন্তর্ভুক্ত মনে করতেন।

আর তার পরিবার-পরিজন মুশরিকদের মাঝেই ছিল, তিনি কুরাঈশ বংশের না হবার কারণে তার এমন কোন নিকটাত্মীয় ছিল না যারা তাদের দেখা-শোনা করবে। তাই তিনি তাদের ব্যাপারে আশংকাগ্রস্ত ছিলেন যে, তারা না এদের কোন ক্ষতি করে বসে তাই তিনি নিজে নিজে এমন এক পদ্ধতি বেছে নিতে চেয়ে ছিলেন, যার দ্বারা দ্বীনেরও কোন ক্ষতি হবে না আর তার পরিবারেরও কিছুটা লাভ হবে। যেমনটি তিনি উল্লেখ করেছেন:-

وَلَكِنْ كُنْتُ غَرِيبًا فِي أَهْلِ مَكَّةَ ، وَكَانَ أَهْلِي بَيْنَ ظَهْرَانَيْهِمْ فَخِفْتُ عَلَيْهِمْ ، فَكَتَبْتُ كِتَابًا لاَ يَضُرُّ اللَّهَ وَرَسُولَهُ شَيْئًا ، وَعَسَى أَنْ تَكُونَ فِيهِ مَنْفَعَةٌ لأَهْلِي

'আমি ছিলাম মক্কাবাসীদের মাঝে অগন্তুক এক ব্যক্তি। আমার পরিবার তাদের মাঝেই বসবাস করত, আর আমি ছিলাম তাদের ব্যাপারে আশংকাগ্রস্ত। তাই আমি এমন চিঠি লিখেছি যা আল্লাহ ও তাঁর রাসূলের জন্য কোন ক্ষতির কারণ হবে না। আর আমার আশা ছিল এর দ্বারা আমার পরিবার হয়ত কিছুটা উপকৃত হবে। [আল-মুসতাদরিক আলাস সহীহাইন, হাদীস নং:৬৯৬৬, খণ্ড:৪, পৃষ্টা:৮৭; আল-জাম'য়ূ বাইনাস সহীহাইন, হাদীস নং:৮৫, খণ্ড:১, পৃষ্টা:৬৫]

(গ) তার জীবনের পূর্বা-পর সকল গোনাহ ক্ষমা করা হয়েছিল:-

তিনি ছিলেন বদরী সাহাবীদের অন্তর্ভুক্ত। আল্লাহ তাআলা যাদের জীবনের পূর্বা-পর সকল গুনাহ পূর্ব থেকেই ক্ষমা করে দিয়ে ছিলেন। তারা ছিলেন নিশ্চিত জান্নাতী। তিনি স্বয়ং প্রতিটি জিহাদে জান-মাল দ্বারা কুফফারদের বিরুদ্ধে অংশ গ্রহণ করে ছিলেন। এমন কি উক্ত জিহাদটিতেও তিতি মক্কার মুশরিকদের বিরুদ্ধে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সঙ্গে বের হয়ে ছিলেন। আর তিনি জানতেন মুসলিম ও কাফেরদের মাঝে চলমান লড়াইয়ে যে বা যারা কাফেরদের পক্ষ অবলম্বন করবে, কাফেরদের বিধান ও তার বিধান একই হবে। কিন্তু তিনি কখনই এমনটি ভাবেননি যে তার এই কাজটিকেও সেই হুকুমের অন্তর্ভুক্ত করা হবে। সাহাবায়ে কেরাম তাকে মুরতাদ ভেবে তার উপর রিদ্দাহ্‌র হুকুম বলবৎ করতে উদ্যত হবেন। তাই তিনি বলেছিলেন:- **‘আমার (ফায়সালার) ব্যাপারে তাড়াহুড়া করবেন না।’** তিনি আরো বলেন: **‘আমি এটি ফুফরী মনে করে অথবা দ্বীন ত্যাগ করতে বা ইসলামের পর পুণরায় কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে করিনি।’**

নির্দেশনা ঃ

আমরা একটু লক্ষ্য করি, হাতিব বিন আবী বালতা‘আ (রাযি.) কুফফারদেরকে এমনকি সাহায্য করেছিলেন? শুধুমাত্র একটি তথ্য জানাতে চেয়ে ছিলেন যা তার দৃষ্টিতে মুসলিমদের জন্য কোন ক্ষতির কারণ ছিল না। তথাপি তার ব্যাপারে উমর (রাযি.) এর মত নববী মেজাযের অধিকারী সাহাবীর অবস্থান কি ছিল? তাহলে যারা কুফর ও ইসলামের মাঝে চলমান লড়াইয়ে সরাসরি কুফফারদের ফ্রন্ট লাইন গ্রহণ করেছে তাদের বিধান কী হতে পারে?

দলীল নং-৪

বদরের যুদ্ধে যে সকল মুসলিম বাধ্য হয়ে কুরাঈশদের পক্ষে অংশগ্রহণ করে ছিলেন তাদের মধ্যে ছিলেন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাচা আব্বাস (রাযি.)। অতঃপর তিনি মুসলিমদের হাতে বন্দি হন। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবাদের সাথে পরামর্শক্রমে মুক্তিপণ নিয়ে বন্দীদেরকে ছেড়ে দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

তখন আব্বাস রাযি. রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন:

يا رسول الله إني كنت مسلما

হে আল্লাহর রাসূল! আমি তো মুসলিম ছিলাম!

রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন :

....

الله اعلم بإسلامك فإن يكن كما تقول فالله يجزيك

'আল্লাহ তাআলাই আপনার ইসলাম সম্পর্ক ভালো অবগত আছেন। আপনার কথা যদি সত্য হয় থাকে তাহলে আল্লাহ তাআলাই আপনাকে প্রতিদান দেবেন।' [সনদ:সহীহ, সুনানুল বাইহাকী, খণ্ড:৬, পৃষ্ঠা:৩২২]

আব্বাস (রাযি.) নিজের ইসলামের ব্যাপারে স্পষ্ট ঘোষণা দিলেন- "হে আল্লাহর রাসূল আমি তো মুসলিম ছিলাম!" অর্থাৎ আমি তো বাধ্য হয়ে এসে ছিলাম তথাপি কি আমার উপরও কাফেরদের বিধান প্রজোয্য? আমাকেও মুক্তিপণ আদায় করতে হবে?

কিন্তু রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কেন আব্বাস (রাযি.) এর কথা গ্রহণ না করে তার উপর অন্যান্য কাফের বন্দীদের বিধানই প্রয়োগ করলেন? এর কারণ হল, মুসলিমদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করার রুবুবী ফায়সালা হল তা কুফর। আর আব্বাস (রাযি.) কে এই কুফরে লিপ্ত থাকা অবস্থাতেই গ্রেফতার করা হয়েছে আর এটাই ছিল জহের বা বাহ্যিক দিক। তাই তার উপরও অন্যান্য কাফেরদের বিধানই প্রজোয্য হয়েছে। তার মুখের কথাকে গ্রহণ করা হয়নি। কেননা তা ছিল জহেরের খেলাফ বা বিপরীত। অন্যথায় নিশ্চিত তার কথা গ্রহণ করা হত। তবে তিনি যদি সত্যিই মুসলিম হয়ে থাকেন, বাধ্য হয়েই যুদ্ধে এসে থাকেন তাহলে সেটি তো আল্লাহ তাআলা দেখছেন। তাই রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন:"আল্লাহ তাআলাই আপনার ইসলাম সম্পর্ক ভালো অবগত আছেন। আপনার কথা যদি সত্য হয় থাকে তাহলে আল্লাহ তাআলাই আপনাকে প্রতিদান দেবেন।"

ইজমা থেকে দলীল

১. শাইখুল ইসলাম হুসাইন আহমাদ মাদানী (রহ.) এর ফতওয়া :-

قتل مسلم کی تیسری صورت یہ ہے کہ کوئی مسلمان کافروں کے ساتھ ہو کر ان کی فتح و نصرت کے لئے مسلمانوں سے لڑے یا لڑائی میں ان کی اعانت کرے اور جب مسلمانوں اور کافروں میں جنگ ہو رہی ہو تو کافروں کا ساتھ دے- یہ صورت اس جرم کے کفرو عدوان کی انتہائی صورت ہے اور ایمان کی موت اور اسلام کے نابود ہو جانے کی ایسی اشد حالت ہے جس سے زیادہ کفر اور کافری کا تصور بھی نہیں کیا جا سکتا- دنیا کے وہ سارے گناہ، ساری معصیتیں، ساری ناپاکیاں،ہر قسم کی نافرمانیاں جو ایک مسلمان اس دنیا میں کر سکتا ہے یا ان کا وقوع دھیان میں آ سکتا ہے سب اس کے آگے ہیچ ہیں- جو

مسلمان اس کا مرتکب ہو وہ قطعا کافر ہے اور بدترین قسم کا کافر ہے- اس نے صرف قتل مسلم کا ارتکاب نہیں کیا بلکہ اسلام کے برخلاف دشمنان حق کی اطاعت و نصرت کی ہے -اور یہ بالاتفاق اور بالاجماع کفر صریح ہے-جب شریعت ایسی حالت میں غیر مسلموں کے ساتھ کسی طرح کا علاقہ محبت رکھنا بھی جائز نہیں رکھتی تو پھر صریح اعانت فی الحرب کے بعد کیونکر ایمان و اسلام باقی رہ سکتا ہے-

[قتل مسلم ،کتاب: معارف مدنی افادات مولانا حسین احمد مدنی]
جمع و ترتیب:مفتی عبدالشکور ترمذی

'মুসলমান হত্যার তৃতীয় রূপ হচ্ছে এই যে, কোন মুসলমান কাফেরদের পক্ষ নিয়ে তাদের সাহায্য ও বিজয়ের জন্য মুসলমানদের বিরুদ্ধে লড়াই করে, অথবা যুদ্ধে তাদের সহায়তা করে কিংবা যখন মুসলমান ও কাফেরদের যুদ্ধ চলতে থাকে তখন কাফেরদেরকে সমর্থন জানায়। **এমতাবস্থায় উপরোক্ত অপরাধটি কুফরী ও সীমালঙ্ঘনের চূড়ান্ত পর্যায়ে উপনীত হয় এবং ঈমান ধ্বংস ও ইসলাম শূন্যতার এমন জঘন্য ও নিকৃষ্ট অবস্থায় পৌঁছায়, যার চেয়ে মারাত্মক কুফর ও কুফরী কর্মকাণ্ড কল্পনাও করা যায় না।** বিশ্বে যে কোন মুসলমানের পক্ষে সম্পাদন করা সম্ভব অথবা কোন মুসলমানের কল্পনায় আসতে পারে এমন যাবতীয় পাপ, সকল সীমালঙ্ঘন, সকল অপবিত্রতা এবং সর্বপ্রকার অবাধ্যতা এই অপরাধের সামনে তুচ্ছ। **যে মুসলমান এতে লিপ্ত হবে, সে নিশ্চিত কাফের এবং নিকৃষ্টতম কাফের।** সে শুধু মুসলমান হত্যায় জড়িত হয়েছে এতটুকুই নয়, বরং ইসলামের বিরুদ্ধে আল্লাহর শত্রুদের আনুগত্য ও সহায়তা করেছে এবং **এটি সকলের ঐক্যমতে সর্বসম্মতিক্রমে কুফরে ছরীহ বা সুস্পষ্ট কুফর।** এমতাবস্থায় শরীয়ত যেখানে অমুসলিমদের সাথে কোন প্রকার মহব্বতের সম্পর্কেরও বৈধতা দেয় না, সেক্ষেত্রে যুদ্ধে সুস্পষ্ট সহযোগিতার পরেও কি করে ঈমান ও ইসলাম বাকি থাকতে পারে?'

(অধ্যায়ঃ কতলে মুসলিম; মাআ'রেফে মাদানী; মাওলানা হুসাইন আহমদ মাদানী (রহ.)। সংকলন ও বিন্যাসঃ- মুফতী আব্দুশশাকূর তিরমিজী।)

ইংরেজরা যখন খেলাফতে উসমানিয়ার বিরুদ্ধে যুদ্ধ করে এবং বাইতুল মুকাদ্দাসে আক্রমণ করে তখন হিন্দুস্থান থেকে প্রায় ৬ লক্ষ সৈন্য তাদের সাথে যোগদেয়। তখন **শাইখুল ইসলাম হুসাইন আহমাদ মাদানী (রহ.)** তাদেরকে মুরতাদ ঘোষণা করে নিম্নক্ত ফতওয়া প্রদান করেন :-

বাইতুল মুকাদ্দাসের উপর আক্রমণকে মিস্টার লর্ড জর্জ 'ক্রুসেড' আখ্যায়িত করেছে। চার্চেলও এটিকে 'ক্রুসেড' বলে উল্লেখ করেছে। তাই আমি সুস্পষ্ট ও

....

দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করছি, **যে মুসলমানই খ্রিষ্টানদেরকে সাহায্য সহযোগিতা করেছে, সে শুধুমাত্র গুনাহই করেনি বরং কাফের হয়েগেছে।** ('উলামায়ে হক' মাওলানা মুহাম্মাদ মিয়াঁ, পৃষ্টা:২১৫)

নির্দেশনা:

আল্লাহু আকবার! হযরতের কথার প্রতি একটু লক্ষ্য করুন, **"বিশ্বে যে কোন মুসলমানের পক্ষে সম্পাদন করা সম্ভব অথবা কোন মুসলমানের কল্পনায় আসতে পারে এমন যাবতীয় পাপ, সকল সীমালঙ্ঘন, সকল অপবিত্রতা এবং সর্বপ্রকার অবাধ্যতা এই অপরাধের সামনে তুচ্ছ। যে মুসলমান এতে লিপ্ত হবে, সে নিশ্চিত কাফের এবং নিকৃষ্টতম কাফের।"** আর এ কারণেই খেলাফাতে উসমানিয়া পতনের লড়াইয়ে যে সমস্ত মুসলিম সৈন্য অংশগ্রহণ করেছিল তাদেরকে তিনি মুরতাদ ঘোষণা করেছেন।

২. কাজী মুফতী মুহাম্মাদ আবু সাউদ আল-ঈমাদী (রহ.) বলেন:

وقوله تعالى ومن يتولهم منكم فإنه منهم حكم مستنتج منه فإن انحصار الموالاة فيما بينهم يستدعي كون من يواليهم منهم ضرورة أن الاتحاد في الدين الذي عليه يدور أمر الموالاة حيث لم يكن بكونهم ممن يواليهم من المؤمنين تعين أن يكون ذلك بكون من يواليهم منهم وفيه زجر شديد للمؤمنين عن إظهار صورة الموالاة لهم وإن لم تكن موالاة في الحقيقة وقوله تعالى إن الله لا يهدي القوم الظالمين تعليل لكون من يتولاهم منهم أي لا يهديهم إلى الإيمان بل يخليهم وشانهم فيقعون في الكفر والضلالة وإنما وضع المظهر موضع ضميرهم تنبيها على أن توليهم ظلم لما أنه تعريض لأنفسهم للعذاب الخالد (تفسير أبي السعود)

আল্লাহ তাআলার বাণী: **"আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।"** এই হুকুমটি নির্ধারিত হয়েছে আয়াতের পূর্বের আংশ থেকে [**তারা কতকে কতকের বন্ধু**]। কেননা বন্ধুত্ব তাদের মধ্যে সীমাবদ্ধ থাকার দাবি হল- যে তাদের সাথে বন্ধুত্ব করবে সে তাদেরই একজন বলে গণ্য হবে। আর এটি একারণে যে দ্বীনের ক্ষেত্রে ঐক্যের উপর ভিত্তি করেই পরষ্পর ভালোবাসার বিষয়টি পরিচালিত হয়। মুমিনরা যেহুতু তাদের সাথে বন্ধুত্ব করে দ্বীনের ক্ষেত্রে ঐক্য হতে পারে না, সুতরাং যে তাদের সাথে বন্ধুত্ব করে দ্বীনের ক্ষেত্রে ঐক্য করবে সে তাদের মধ্য থেকেই হবে। এতে রয়েছে মুমিনদের জন্য কঠিন ধমক, যাতে তারা ইয়াহুদী-খ্রিষ্টানদের সাথে বাহ্যিক বন্ধুত্বও প্রকাশ না করে। যদিও বা বাস্তবিক বন্ধুত্ব না থাকে। আল্লাহ তাআলার বাণী- **"নিশ্চয়ই আল্লাহ যালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না।"** এ অংশে, যে তাদের সাথে বন্ধুত্ব করবে সে তাদের মধ্যে গণ্য হবার কারণ বর্ণনা

করা হচ্ছে। অর্থাৎ আল্লাহ তাআলা তাদেরকে ঈমানের দিকে পথ দেখান না। বরং তাদেরকে তাদের অবস্থার উপর ছেড়ে দেন। ফলে তারা কুফর ও গোমরাহীর মধ্যে নিপতিত হয়। এখানে সর্বনামের [هم] স্থানে বিশেষ্যকে [القوم] ব্যবহার করা হয়েছে। এর মাধ্যমে আল্লাহ তাআলা সতর্ক করে দিয়েছেন তাদের সাথে বন্ধুত্ব হল জুলম। কেননা, এর মাধ্যমে সে নিজেকে চিরস্থায়ী আযাবের মধ্যে নিপতিত করছে।

৩. পাকিস্থানের সাবেক মুফতীয়ে আজম শহীদ নেজামুদ্দীন শামজায়ী (রহ.) এর ফতওয়াঃ

২০০১ ইং সালে আমেরিকাসহ তার সাথে জোট ভুক্ত ৪৮টি রাষ্ট্র (ন্যাটো) যখন ইসলামী ইমারাত আফগানিস্তানে আক্রমণ করে তখন পাকিস্তান সেনাবাহিনী তাদের পক্ষাবলম্বন করে। এই যুদ্ধে তাদেরকে সাহায্য সহযোগিতা করে। তাদেরকে বিমান ঘাঁটি প্রদান করে। তখন মুফতীয়ে আজম শহীদ নেজামুদ্দীন শামজায়ী (রহ.) নিম্নোক্ত ঐতিহাসিক ফতওয়া জারী করেন :

بعد الحملة الأمريكية على أفغانستان فإن الأحكام الشرعية على المسلمين هي :

أولاً : أصبح الجهاد فرض عين على المسلمين كلهم خاصة وأنه في الأوضاع الحالية فإن الإمارة الإسلامية في أفغانستان هي البلد الإسلامي الوحيد الذي تطبق فيه الشريعة الإسلامية والدفاع عنها واجب كل المسلمين والهدف الأصلي من الهجوم الأمريكي اليهودي هو القضاء على النظام الإسلامي في أفغانستان .

ثانيا: لا يجوز لمسلم في أي بلد كان سواء كان موظفا حكوميا أو غير ذلك أن يقدم أي مساعدة كانت ومن أي نوع كان للعدوان الأمريكي على أفغانستان خاصة وأن الهجوم يشكل حملة صليبية على أفغانستان المسلمة. وأي مسلم يقدم المساعدة في هذا العدوان يعتبر مرتدا عن الدين

ثالثا :أي شخص يخالف أوامر الله عز وجل وشريعته فإن من كانوا تحته من موظفين أو جنود أو غير ذلك عليهم مخالفة أوامره ورفض الانصياع إليها .

رابعا : البلدان الإسلامية التي تؤيد أمريكا في هذه الحرب وتقدم مساعدة معلوماتية أو أرضية أو أجواء ويمنعون المسلمين من تأدية واجباتهم فإن على المسلمين واجب إزالة هذه الحكومات والحكام بأي وسيلة كانت.

خامسا : دعم المجاهدين في أفغانستان ماليا ومعنويا وماديا فريضة على كل مسلم في الوقت الحاضر، ومن يمكنه الوصول إلى أفغانستان والقتال إلى جانبه فأن الواجب الشرعي عليه أن يبادر إلى ذلك مباشرة ومن لا يستطيع ذلك عليه تقديم الدعم بكل وسيلة ممكنة لهم .

....

'আফগানিস্তানে মার্কিন হামলার পর মুসলমানদের উপর শরীয়তের বিধান নিম্নরূপ ঃ

প্রথমতঃ সকল মুসলমানের উপরই জিহাদ ফরজে আইন হয়ে গেছে বিশেষতঃ বর্তমান প্রেক্ষাপটে। কেননা ইমারাতে ইসলামিয়া আফগানিস্তান সেই একক ইসলামী রাষ্ট্র যেখানে শরীয়তের বিধান বাস্তবায়িত হয়। এর প্রতিরক্ষা প্রতিটি মুসলমানের উপর ওয়াজিব। শত্রুদের সম্মিলিত আক্রমণের মূল লক্ষ্য আফগানিস্তানের ইসলামী শাসনকে ধ্বংস করে দেয়া।

দ্বিতীয়তঃ যে কোন দেশের যে কোন মুসলমান, হোক সে সরকারি চাকরিজীবী অথবা অন্য কেউ, তার জন্য আফগানিস্তানে আমেরিকার আগ্রাসনে আমেরিকাকে যে কোন রূপে কোন ধরনের সহায়তা করা জায়েয নেই। বিশেষতঃ মুসলিম আফগানিস্তানের উপর আগ্রাসন ক্রুসেড যুদ্ধের রূপ পরিগ্রহ করেছে। যে কোন মুসলমান এই আগ্রাসনে কাফেরদের সহায়তায় এগিয়ে আসবে সে ধর্মত্যাগী মুরতাদ বলে গণ্য হবে।

তৃতীয়তঃ যে কেউ আল্লাহপাকের বিধানাবলী এবং তার শরীয়তের বিরোধিতা করে, তার অধীনস্থ কর্মচারী অথবা সেনাসদস্য বা অন্য সবার উপর সেই ব্যক্তির নির্দেশাবলীর বিরোধিতা করা ও তার আনুগত্য পরিহার করা ওয়াজিব।

চতুর্থতঃ যে সকল দেশ এই যুদ্ধে আমেরিকাকে সমর্থন দিচ্ছে এবং ভূমি, আকাশ অথবা তথ্য দ্বারা সহায়তা করছে এবং মুসলমানদেরকে তাদের কর্তব্য পালনে বাঁধা দিচ্ছে, এ ধরনের প্রশাসন ও শাসকদেরকে যে কোন উপায়ে অপসারণ করা মুসলমানদের উপর ওয়াজিব।

পঞ্চমতঃ বর্তমান সময়ে আফগান মুজাহিদদেরকে আর্থিক, নৈতিক ও রসদ-সামগ্রী দ্বারা সাহায্য করা প্রত্যেক মুসলিমের উপর ফরয, আর যার পক্ষে আফগানিস্তানে পৌঁছা এবং তাদের পাশে থেকে যুদ্ধ করা সম্ভব নিশ্চিতভাবে তার জন্য শরয়ী ওয়াজিব হলো সরাসরি তাতে অংশগ্রহণ করা। আর যে এতে অক্ষম তার কর্তব্য হলো, সম্ভব্য সব পদ্ধতিতে তাদেরকে সহায়তা করা।' (দৈনিক করাচী, 8 অক্টোবর 2001)

এ ফতওয়া প্রদানের কারণেই সম্ভবত পাকিস্থানী গোয়েন্দা সংস্থা তাকে শহীদ করে দেয়। আল্লাহ তাকে জান্নাতের উচ্চ মাকাম দান করুন। শহীদ শামজায়ী রহ. ছিলেন নিটক অতীতের উলামায়ে হকের জ্বলন্ত উদাহরণ। ইমাম আবূ হানীফার বাস্তব প্রতিচ্ছবি। সত্যের জন্য জেল থেকে বের হয়েছিলো যার লাশ।

হায়! এধরণের আলেম কতই না বিরল! বাতিলের কাছে যারা মাথানত করে না! সত্য প্রকাশে যারা সর্বদা অকুতভয়।

৪. আল্লামা ইবনুল কাইয়্যিম (রহ.) এর ফতওয়া :

আল্লামা ইবনুল কাইয়্যিম (রহ.) বলেন :

إن الله حكم ولا أحسن من حكمه أنه من تولى اليهود والنصارى فهو منهم{ومن يتولهم منكم فإنه منهم } فإذا كان أولياؤهم منهم بنص القرآن كان لهم حكمهم.(أحكام أهل الذمة)

'আল্লাহ তাআলা বিধান দিয়েছেন আর তার বিধানের চেয়ে শ্রে'কোন বিধান নেই। নিশ্চয়ই যে ব্যক্তি ইয়াহুদী খ্রিষ্টানদের সাথে বন্ধুত্ব করবে সে তাদের মাঝেই গণ্য হবে। আল্লাহ তাআলা বলেন:**"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে নিশ্চয়ই সে তাদেরই একজন"** সুতরাং যখন কুরআনের স্পষ্ট আয়াত দ্বারা জানা গেলো, ইয়াহুদী- খ্রিষ্টানের বন্ধুরা তাদেরই দলভূক্ত সুতরাং এদের ক্ষেত্রে ইয়াহুদী-খ্রিষ্টানদের বিধানই প্রযোজ্য হবে। [আহকামু আহলিয যিম্মাহ, খণ্ড:১, পৃষ্টা:৬৭]

৫. আল্লামা ইবনে তাইমিয়া (রহ.) এর ফতওয়া :

যে সমস্ত ব্যক্তি, মুসলিম ও তাতারদের মাঝে সংঘটিত যুদ্ধে তাতারদের পক্ষ গ্রহণ করেছিল, তাদেরকে সাহায্য করেছিল, তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে ইবনে তাইমিয়া (রহ.) ফতওয়া প্রদান করেন:

وكل من قفز إليهم من أمراء العسكر وغير الامراء فحكمه حكمهم، وفيهم من الردة عن شرائع الإسلام بقدر ما ارتد عنه من شرائع الإسلام ، وإذ كان السلف قد سموا مانعي الزكاة مرتدين مع كونهم يصومون ويصلون ولم يكونوا يقاتلون جماعة المسلمين، فكيف بمن صار مع أعداء الله ورسوله قاتلاً للمسلمين- (الفتاوى الكبرى)

'সেনাবাহিনীর শীর্ষস্থানীয় ব্যক্তিদের মধ্য থেকে অথবা অন্যদের মধ্য থেকে যে কেউ তাতারদের পক্ষ নেবে, তাতারদের বিধান ও তার বিধান একই বলে গণ্য হবে। ইসলামী শরীয়াহ্কে উপেক্ষা তার মাঝে যে পরিমাণ বিদ্যমান তাতারদের মাঝেও ঐ একই পরিমাণ বিদ্যমান। যে সমস্ত ব্যক্তিবর্গ যাকাত প্রদান থেকে বিরত ছিল তারা নামায, রোজা আদায় করা এবং মুসলিমদের সাথে যুদ্ধ না করা সত্ত্বেও সালাফগণ তাদেরকে মুরতাদ বলে আখ্যায়িত করেছেন। তাহলে ঐ ব্যক্তির বিধান কী হতে পারে যে আল্লাহ ও তার রাসূলের

শত্রুদের পক্ষ নিয়ে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করে? [আল-ফাতাওয়াল কুবরা, খণ্ড:৪, পৃষ্টা:৩৩২]

৬. জামেয়া আযহারের কেন্দ্রিয় ইফতা বোর্ডের ফতওয়া:

১৩৬৬ হিজরীতে জামেয়া আযহারের কেন্দ্রীয় ইফতা বোর্ডের কাছে ইস্তেফতা করা হয়েছিল, যদি কোন আরব ইয়াহুদীদের কাছে জমি বিক্রি করে যার ফলে তাদের জন্য ফিলিস্তীনি ভূখণ্ড দখল করা সহজ হয়ে যায় অথবা এ ধরণের অন্য কোন কাজ করে, যার ফলে তাদের লক্ষ্যে পৌঁছার ক্ষেত্রে সহায়তা হয় ইসলামে এমন ব্যক্তির হুকুম কি হবে?

শায়েখ আব্দুস সালীমের (রহ.) নেতৃত্বে ইফতা বোর্ড একটি দীর্ঘ উত্তর প্রদান করেন। উক্ত ফতওয়ার মূল অংশ নিম্নে তুলে দেয়া হল:-

إذا أعان أعداءهم في شيء من هذه الآثام المنكرة وساعد عليها مباشرة أو بواسطة لا يعد من أهل الإيمان، ولا ينتظم في سلكهم، بل هو بصنيعه حرب عليهم، منخلع من دينهم، وهو بفعله الآثم أشد عداوة من المتظاهرين بالعداوة للإسلام والمسلمين.

'যদি কোন ব্যক্তি এই নিষিদ্ধ পাপ কাজগুলোর কোন একটিতে মুসলিমদের শত্রুদেরকে সাহায্য করে, এ গুলোর কোন একটির ব্যাপারে সরাসরি বা অন্য কোন মাধ্যমে তাদেরকে সহায়তা করে তাহলে সে ঈমানদারদের মাঝে গণ্য হবে না। মুমিনদের মাঝে অন্তর্ভুক্ত হবে না। বরং সে নিজ কর্মের মাধ্যমে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করছে, তাদের দ্বীন থেকে বের হয়ে গেছে। সে তার নিকৃষ্ট কাজের মাধ্যমে যারা ইসলাম ও মুসলিমদের ব্যাপারে প্রকাশ্য শত্রুতা পোষণ করে তাদের চেয়েও ভয়ানক শত্রু বনে গেছে।'

এরপর লিখেন:

ولا يشك مسلم أيضاً أن من يفعل شيئاً من ذلك، فليس من الله ولا رسوله ولا المسلمين في شيء، والإسلام والمسلمون براء منه وهو بفعله قد دل على أن قلبه لم يمسه من الإيمان، ولا محبة الأوطان، والذي يستبيح شيئاً من هذا بعد أن استبان له حكم الله فيه، يكون مرتدا عن دين الإسلام فيفرق بينه وبين زوجه، ويحرم عليها الاتصال به، ولا يصلي عليه ولا يدفن في مقابر المسلمين .

وعلى المسلمين أن يقاطعوه: فلا يسلموا عليه، ولا يعودوه إذا مرض ولا يشيعوا جنازته إذا مات، حتى يفيء إلى أمر الله ويتوب توبة يظهر أثرها في نفسه وأحواله، وأقواله وأفعاله. (فتاوى خطيرة في وجوب الجهاد الديني المقدس ص ١٧ ـ٢٥.)

'কোন মুসলিমের এ ব্যাপারে সন্দেহ থাকতে পারে না, যে ব্যক্তি উক্ত কোন একটি (ইয়াহুদীদেরকে সহযোগিতামূলক) কাজ করবে, তার সাথে আল্লাহ রাব্বুল আলামীন তাঁর রাসূল এবং মুসলিমদের কোন সম্পর্ক নেই। ইসলাম ও মুসলিমগণ তার দায় থেকে মুক্ত। সে তার কর্ম দ্বারা প্রমাণ করে দিয়েছে পূর্ব থেকেই তার মাঝে ঈমান বা দেশের ভালোবাসার লেশমাত্র নেই। উক্ত কোন একটি বিষয়ে তার সামনে আল্লাহর হুকুম স্পষ্ট হওয়ার পরেও সে যদি সেটাকে মোবাহ মনে করে, তাহলে সে মুরতাদ হয়ে যাবে। তার মাঝে ও তার স্ত্রীর মাঝে বিচ্ছেদ ঘটিয়ে দিতে হবে। তার সাথে সম্পর্ক রাখা স্ত্রীর জন্য হারাম গণ্য হবে। তার জানাযার নামায পড়া যাবে না, মুসলিমদের কবরস্থানে তাকে দাফন করা যাবে না।

মুসলিমদের উপর আবশ্যক হল তার সাথে সম্পর্কচ্ছেদ করা, তারা তাকে সালাম দেবে না। অসুস্থ হলে তার সেবা করবে না। সে মরে গেলে তার জানাযার ব্যবস্থা করবে না। যতক্ষণ না সে আল্লাহ তাআলার হুকুমের দিকে ফিরে আসে। যতক্ষণ না এমনভাবে তওবা করে যার প্রতিক্রিয়া ভিতর ও বাহিরে কথা ও কাজের মাঝে ফুটে উঠে। [ফাতাওয়া খতীরাহ ফী ওযূবিল জিহাদিদ দীনিল মুকাদ্দাস, পৃষ্ঠা:১৭-২৫]

৭. আল্লামা জাস্‌সাস (রহ.) এর ফতওয়া :

আহকামুল হাকিমীন মহান আল্লাহ রাব্বুল আলামীন বলেন :

فَلا وَرَبِّكَ لا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

'কিন্তু না! তোমার রবের কসম, তারা ঈমানদার হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর তুমি যে ফয়সালা দেবে সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পূর্ণরূপে আত্মসমর্পণ করে। [সূরা নিসা: ৬৫]

উপরোক্ত আয়াতের ব্যাখ্যায় আমাদের মাযহাবের বিশিষ্ট ফকীহ মুফাস্‌সির আল্লামা জাস্‌সাস (রহ.) বলেন:

وفي هذه الآية دلالة على أن من رد شيئاً من أوامر الله - تعالى - أو أوامر الرسول-ﷺ- فهو خارج من الإسلام سواءً رده من جهة الشك فيه ، أو من جهة ترك القبول ، والامتناع عن التسليم وذلك يوجب صحة ما ذهب إليه الصحابة في حكمهم بارتداد من امتنع من أداء الزكاة وقتلهم وسبي ذراريهم. لأن الله تعالى حكم بأن من لم

يسلم للنبي صلى الله عليه وسلم قضاءه وحكمه فليس من أهل الإيمان. " أحكام القرآن للجصاص"

'এই আয়াতই প্রমাণ করে, যে ব্যক্তি আল্লাহর আদেশসমূহ থেকে কোন একটি বিষয়কে প্রত্যাখ্যান করবে সে ইসলাম থেকে বের হয়ে যাবে। চাই সে সন্দেহ বশত প্রত্যাখ্যান করুক; অথবা গ্রহণ করতে অস্বীকৃতি জানাক ও মেনে নেয়া থেকে বিরত থাকুক। আয়াতটি সাহাবায়ে কেরামের মতামতকে সঠিক বলে সাব্যস্ত করে। তারা ঐ ব্যক্তিদেরকে মুরতাদ আখ্যায়িত করেছেন যারা যাকাত প্রদানে অস্বীকৃতি প্রকাশ করেছিল। তাঁরা তাদেরকে হত্যা করেছিলেন ও তাদের পরিবার পরিজনদেরকে বন্দী করে ছিলেন। কেননা যে ব্যক্তি রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধান ও ফয়সালাকে মেনে নিবে না তারা ঈমানদারদের দলভুক্ত নয়। [আহ্কামুল কুরআন লিল জাস্সাস: ৩/১৮১]

নির্দেশনা:

আল্লাহ তাআলার একটি বিধান না মেনে নেবার কারণে সাহাবায়ে কেরাম যাকাতদানে অস্বীকৃতি প্রদানকারী সম্প্রদায়কে মুরতাদ ফতওয়া দিয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। ইমাম জাস্সাস (রহ.) বলেন: "যে ব্যক্তি কোনো একটি বিধানকে প্রত্যাখ্যান করবে সে ইসলাম থেকে বের হয়ে যাবে।" আর যারা পুরো রাষ্ট্র থেকে ধর্মকে আলাদা করছে, শ্লোগান তুলছে, ধর্ম যার যার রাষ্ট্র সবার আল্লাহ প্রদত্ত হালালগুলোকে রাষ্ট্রীয়ভাবে অবৈধ আর হারামগুলোকে রাষ্ট্রীয়ভাবে বৈধ করছে। তাদের বিধান কি হতে পারে পাঠক একটু ভাবুন?!!

৮. আল্লামা আনোয়ার শাহ কাশ্মিরী (রহ.) এর ফতওয়া :

আল্লামা আনোয়ার শাহ কাশ্মিরী (রহ.) বলেন:

...... إنكار المتواتر، عدم قبول إطاعة الشارع، ولا في مرتبة الاعتقاد أيضاً، ورد للشريعة وإن لم يكذب، وهو كفر بواح بنفسه، قال في "الصارم المسلول": وقد يكون مع العلم بجميع ما يصدق به تمرداً أو اتباعاً لغرض النفس، وحقيقته كفر، هذا لأنه يعرف الله ورسوله بكل ما أخبر به، ويصدق بكل مايصدق به المؤمنون، لكنه يكره ذلك، ويبغضه ويسخطه لعدم موافقته لمراده ومشتهاه، ويقول: أنا لاأقر بذلك، ولا ألتزمه، وأبغض هذا الحق، وانفر عنه. فهذا نوع غير النوع الأول، وتكفير هذا معلوم بالاضطرار من دين الإسلام والقرآن مملوء من تكفيرمثل هذا النوع، بل عقوبته أشد اهـ. وقال: وقد قال الإمام أبو يعقوب اسحاق بن إبراهيم الحنظلي المعروف "بابن راهوية"، وهو أحد الأئمة، يعدل بالشافعي وأحمد: قدأجمع المسلمون أن من سب الله، أوسب رسوله – ﷺ -،أودقع شيئاً مما أنزل الله، أوقتل نبياً من أنبياء الله، أنه كافر، ذلك وإن كان مقراً بماأنزل الله اهـ.

'...মুতাওয়াতের বিষয়কে অস্বীকার করা, শরীয়ত প্রণেতার (আল্লাহ ও তার রাসূলের) আনুগত্য গ্রহণ না করা এমনকি আক্বীদাগত বিষয়গুলোতেও গ্রহণ না করা এবং **শরয়ী বিধানকে প্রত্যাখ্যান করা যদিও বা তাকে মিথ্যা প্রতিপন্ন নাও করে তা হবে কুফরে বাওয়াহ বা সুস্পষ্ট কুফরী**। আস-সরিমুল মাসলূলের মধ্যে শায়খুল ইসলাম বলেন, "যে সমস্ত বিষয়কে সত্যায়ন আবশ্যক তা জানা থাকা সত্ত্বেও কখনো কখনো এসতেহলাল (হারামকে হালাল মনে করা) হোক তা ঔদ্ধতাবশত বা প্রবৃত্তির অনুসরণের কারণে এটিও কুফর। কেননা সে আল্লাহ ও তাঁর রাসূলকে ও তাঁর নির্দেশসমূহ জানতে পেরেছে। মুমিনরা যা কিছু সত্যায়ন করে সেও তা সত্যায়ন করেছে। কিন্তু তার চাহিদা ও মন মতো না হওয়ার কারণে এগুলো তার ভাল লাগে না। পছন্দ হয় না। খারাপ লাগে। সে বলে আমি এগুলো মানতে পারব না। আঁকড়ে ধরবো না। এই সত্যকে সে অপছন্দ করে, তা থেকে পলায়ন করে। এই শ্রেণীটি ১ম শ্রেণী (যারা আন্তরিকভাবে আল্লাহর বিধানকে অস্বীকার করে) থেকে ভিন্ন। এদের কাফের হওয়ার বিষয়টি দ্বীন ইসলামে সুস্পষ্টভাবে প্রমাণিত। পুরো কুরআন জুড়ে এধরনের ব্যক্তিকে কাফের আখ্যায়িত করা হয়েছে বরং এদের শাস্তি আরও অধিক কঠিন বলে বর্ণিত হয়েছে।" ইমাম আবূ ইয়াকুব ইসহাক বিন ইব্রাহীম আল হানতলী (রহ.) যিনি 'ইবনে রাহবিয়া' নামে পরিচিত আমাদের ইমামদের একজন। যাকে শাফেঈ (রহ.) ও আহমাদ (রহ.) এর সাথে তুলনা করা হয়। তিনি বলেন, "সকল মুসলিমরা একমত পোষণ করেছে, যে ব্যক্তি আল্লাহ তাআলাকে গালি দিবে রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মন্দ বলবে অথবা আল্লাহর অবতীর্ণ কোন বিধানকে প্রত্যাখ্যান করবে বা আল্লাহর কোন নবীকে হত্যা করবে নিশ্চিত সে কাফের, যদিও বা সে আল্লাহর অবতীর্ণ বিধানাবলীকে স্বীকার করে। [এছাড়াও আল্লামা কাশ্মীরী (রহ.) আরো দলীল পেশ করেছেন। দেখুন:ইকফারুল মুলহিদীন, পৃষ্ঠা-১১৯/১২০ প্রকাশনা:ইদারাতুল কুরআন,করাচী।]

নির্দেশনা:

১. উপরোক্ত আলোচনা থেকে একথা স্পষ্টভাবে সাব্যস্ত হল রিদ্দাহ (ইসলাম ত্যাগ) সর্বদা বিশ্বাসও স্বীকারোক্তির উপর নির্ভর করে না বরং অনেক সময় মানুষের থেকে এমন কর্ম প্রকাশ পায়, যার দ্বারা সে কাফের হয়ে যায়, যদিও বা সে মৌখিকভাবে আল্লাহর সকল বিধানাবলীকে স্বীকার করে নেয়। যেমনটি তিনি বলেছেন:

....

وإن لم يكذب، وهوكفربواح بنفسه

'যদিও বা সে মিথ্যা প্রতিপন্ন না করে। তথাপি উক্ত কর্মটি কুফরে বাওয়াহ।'

২. ইসলামী শরীয়ত যদি সে অন্তরে বিশ্বাস করে, কিন্তু কর্মক্ষেত্রে মেনে নিতে অসম্মতি জানায়। অন্য কোন সংবিধানকে নিজ জীবন বিধান বানিয়ে নেয়, তাহলে সে মুরতাদ হয়ে যাবে। লক্ষ্য করুন- আল্লামা কাশ্মীরী (রহ.) বলেছেন:

ورد للشريعة وإن لم يكذب، وهو كفر بواح بنفسه

'এবং শরয়ী বিধানকে প্রত্যাখ্যান যদিও মিথ্যা প্রতিপন্ন নাও করে। তথাপি তা স্বয়ং কুফরে বাওয়াহ বা সুস্পষ্ট কুফরী।'

ইমাম ইসহাক বিন রাহবিয়া (রহ.) বলেছেন:-

أودفع شيئاً مما أنزل الله، أوقتل نبياً من أنبياء الله، أنه كافر، ذلك وإن كان مقراً بما أنزل الله اهـ

'অথবা আল্লাহর অবতীর্ণ কোন বিধানকে প্রত্যাখ্যান করবে। বা আল্লাহর কোন নবীকে হত্যা করবে নিশ্চিত সে কাফের। এই তার বিধান যদিও বা সে আল্লাহর অবতীর্ণ বিধানাবলীকে স্বীকার করে।'

৯. শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহ.) এর ফতওয়া :

আল্লামা যাহেদ কাউসারী (রহ.) কে সিরিয়ার কয়েকজন সম্মানিত আলেম একটি ফতওয়া জিজ্ঞাসা করেন ঃ যে ব্যক্তি ধর্মকে রাষ্ট্র থেকে পৃথক করার অপপ্রয়াস চালায়, ইসলামী আইনের পরিবর্তে মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনার আগ্রহ প্রকাশ করে; ইসলামী শরীয়তে এমন ব্যক্তির বিধান কি? আর এই কঠিন পরিস্থিতিতে হক্বকে সাহায্য না করে যে ব্যক্তি নিরব ভূমিকা পালন করে তারই বা হুকুম কি?

উপরোক্ত প্রশ্নের জবাবে আল্লামা যাহেদ কাউসারী (রহ.) লিখেন:

إن هذه هي أدهى الدواهي وأعظم المصائب، يذوب لهولها قلب كلِّ مؤمن صادق الإيمان، ولا سيّما في مثل بلاد الشام التي لها ماض مجيد في خدمة الإسلام، فالمسلم إذا طالب بمثل ذلك في سلامة عقله يجري عليه حكم الردة في بلد يكون فيه الإسلام نافذ الأحكام، وفي غيره يُهجر هذا المطالب هجرا كليًا فلا يكلم ولا يعامل في أمر أصلاً حتى تضيق عليه الأرض بما رحبت ويتوب وينيب. وقد دلت نصوص الكتاب والسنة على أن دين الإسلام جامع لمصلحتي الدنيا والآخرة، ولأحكامهما دلالة واضحة لا ارتياب فيها، فتكون محاولة فصل الدين من الدولة

كفرا صارخًا منابذا لإعلاء كلمة الله، وعداءً موجها إلى الدين الإسلامي في صميمه، ويكون هذا الطلب من هذا المطالب إقرار منه بالانبتار والانفصال فيلزمه بإقراره، فنعده عضوًا مبتورًا من جسم جماعة المسلمين وشخصًا منفصلاً عن عقيدة الإسلام، فلا تصح مناكحته ولا تحل ذبيحته لأنه ليس من المسلمين ولا من أهل الكتاب

'নিশ্চয়ই এটি চরম বিপর্যয়, কঠিন মুসিবত; যা সত্য ঈমানের অধিকারী প্রতিটি মুমিনের হৃদয়কে ক্ষত-বিক্ষত করে। বিশেষ করে সিরিয়ার মত রাষ্ট্রে। অতীতে যার রয়েছে ইসলামের জন্য নানা খেদমত। কোন মুসলিমের আকল সুস্থ থাকা সত্ত্বেও যদি সে এ ধরণের প্রয়াস চালায়, আর যদি সে অঞ্চলে ইসলামী বিধি-বিধান বাস্তবায়িত থাকে তাহলে তার উপর মুরতাদের বিধান (হত্যা) বলবৎ হবে। আর যদি ভিন্ন অঞ্চল হয় তাহলে এই আগ্রহী ব্যক্তিকে পরিপূর্ণ বয়কট করতে হবে। তার সাথে কোন ধরণের কথা বা লেনদেন করা যাবে না। যতক্ষণ না জমিন প্রশস্ত হওয়া সত্ত্বেও তার জন্য সংকীর্ণ হয়ে আসে; আর সে তাওবা করে ফিরে আসে। কুরআন ও সুন্নাহর নসগুলো স্পষ্ট ও সন্দেহাতীতভাবে প্রমাণ করে, দ্বীনে ইসলাম দুনিয়া ও আখেরাত উভয় জগতের কল্যাণ ও বিধিবিধানকে অন্তর্ভুক্ত করে। তাই রাষ্ট্র থেকে ধর্মকে পৃথক করার প্রচেষ্টা জঘন্য কুফর। আল্লাহর কালিমাকে বুলন্দ করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা হল দ্বীন ইসলামের সাথে ঘোরতর শত্রুতা পোষণ। উপরোক্ত আগ্রহী ব্যক্তির এই প্রয়াসই তার পক্ষ থেকে (দ্বীন থেকে) পৃথক হয়ে যাওয়া ও বিচ্ছিন্নতার ব্যাপারে স্বীকারোক্তি বলে গণ্য হবে। আর তার স্বীকারোক্তির কারণেই এই হুকুম তার উপর বর্তাবে। ফলে আমরা তাকে মুসলিম উম্মাহর শরীর থেকে একটি কর্তিত অঙ্গ এবং ইসলামী বিশ্বাস থেকে বিচ্ছিন্ন এক ব্যক্তি বলে গণ্য করব। তাই তার সাথে বিবাহ বৈধ হবে না। তার জবেহকৃত পশুর মাংস হালাল হবে না। কেননা সে মুসলিমও নয় আহলে কিতাবও নয়।

এর পর আল্লামা যাহেদ কাউসারী (রহ.) এই ব্যাপারে কুরআন ও সুন্নাহ থেকে প্রমাণ পেশ করেন। অতঃপর উল্লেখ করেন :-

وأما الساكت من أهل الشأن عن تأييد الحق في مثل تلك الكارثة فإنما هو شيطان أخرس وردء لأهل الردة

'এই কঠিন বিপর্যয়ে সত্যকে সাহায্য না করে শীর্ষ পর্যায়ের ব্যক্তিদের মধ্য থেকে যে নিরবতা অবলম্বন করবে, সে হল মুরতাদের সহায়তাকারী বোবা শয়তান।'

....

(দেখুন:-আল-মাক্বালাতুল কাউছারী, অধ্যায়- হুকমু মুহাওলাতি ফাসলিদ দ্বীন, পৃষ্টা:-৩৩০/৩৩১, প্রকাশনা:-আল-মাকতাবুত তাউফীকিয়্যাহ্)

১০. আল্লামা আলুসী (রহ.)এর ফতওয়া :

আল্লামা আলুসী (রহ.) বলেন:

لا شك في كفر من يستحسن القانون ويفضله على الشرع, ويقول هو أوفق بالحكمة, وأصلح للأمة, ويتميز غيظاً ويتعصب غضبا إذا قيل له في أمر الشرع فيه كذا . كما شهدنا ذلك في بعض من خذلهم الله فأصمهم وأعمى أبصارهم. فلا ينبغي التوقف في تكفير من يستحسن ما هو بين المخالفة للشرع منها, ويقدمه على الأحكام الشرعية منتقصا للحق

'সন্দেহাতীতভাবে ঐ ব্যক্তি কাফের; যে (শরীয়ত বিরোধী) কোন বিধানকে ভাল মনে করে এবং তাকে শরীয়াতের উপর অগ্রাধিকার দেয়, আর বলে এটাই বাস্তবসম্মত ও উম্মাহর জন্য কল্যাণকর। যদি তাকে কোন বিষয়ে বলা হয় , এখানে তো শরীয়ার বিধান এমনটি ছিল, সে রাগে ও ক্ষোভে ফেটে পড়ে। যেমনটি আমরা কতক ব্যক্তির মাঝে দেখতে পাচ্ছি; আল্লাহ যাদেরকে লাঞ্ছিত করেছেন, তাদেরকে বধির বানিয়েছেন, তাদের চক্ষুগুলোকে অন্ধ করেছেন। সুতরাং যে ব্যক্তি শরীয়ত বিরোধী কোন বিধানকে পছন্দ করে এবং শরয়ী বিধানকে অসম্পূর্ণ ভেবে উক্ত বিধানকে শরীয়ার উপর প্রাধান্য দেয়, তাকে কাফের বলে ঘোষণা দেয়ার ক্ষেত্রে কালক্ষেপণ করা অনুচিত। [তাফসীরু রূহুল মা'আনী, খণ্ড:২৮, পৃষ্টা:২০]

১১. ইমাম রাজি (রহ.) এর ফতওয়া :

ইমাম রাজি (রহ.) বলেন:

قوله تعالى (فليحذر الذين يخالفون عن أمره أن تصيبهم فتنة أو يصيبهم عذاب أليم (النور: ٦٣) وهذا يدل على أن مخالفته معصية عظيمة، وفي هذه الآيات دلائل على أن من رد شيئا من أوامر الله أو أوامر الرسول عليه الصلاة والسلام فهو خارج عن الاسلام، سواء رده من جهة الشك أو من جهة التمرد، وذلك يوجب صحة ما ذهبت الصحابة إليه من الحكم بارتداد مانعي الزكاة وقتلهم وسبي ذراريهم.

'আল্লাহ তাআলার বাণী: **অতএব, যারা তাঁর নির্দেশের বিরুদ্ধাচারণ করে তারা যেন তাদের ওপর বিপর্যয় নেমে আসা অথবা যন্ত্রণাদায়ক আযাব পৌঁছার ভয় করে (সূরা নূর: ৬৩)**। এটিই প্রমাণ করে তাঁর বিরোধিতা একটি মহা অপরাধ। এই আয়াতগুলো এটিও প্রমাণ করে, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর

রাসূলের কোন একটি আদেশ প্রত্যাখ্যান করে সে ইসলাম থেকে বের হয়ে যায়। চাই সন্দেহবশত প্রত্যাখ্যান করুক বা ঔদ্ধতা দেখিয়ে। এটি যাকাত প্রদানে অসম্মতি জ্ঞাপনকারীদেরকে মুরতাদ আখ্যায়িত করত তাদেরকে হত্যা ও তাদের পরিবার পরিজনকে বন্দী করার ব্যাপারে সাহাবায়ে কেরামের মতকে সত্য বলে সাব্যস্ত করে। [তাফসীরে রাজী, খণ্ড:৫, পৃষ্টা:২৫৯]

১২. আল্লামা ইবনে আব্দিল বার (রহ.) এর ফতওয়া :

আল্লামা ইবনে আব্দিল বার (রহ.) বলেন:

فإنّ من ردّ ، وامتنع عن قبول حكم الله - تعالى - فهو كافر بالإجماع ، وإن كان مقرّاً بهذا الحكم ، "يقول إسحاق بن راهويه : وقد أجمع العلماء أن على من دفع شيئاً أنزله الله .. وهو مع ذلك مقر بما أنزل الله أنه كافر.

'যে ব্যক্তি আল্লাহর বিধান মেনে নেয়া থেকে বিরত থাকে ও তা প্রত্যাখ্যান করে সে সর্বসম্মতিক্রমে কাফের হয়ে যায়। যদিও সে এ বিধানকে স্বীকার করে। ইসহাক বিন রাহবিয়া বলেন: সকল আলেম এ ব্যাপারে একমত পোষণ করেছেন, যে ব্যক্তি আল্লাহর অবতীর্ণ কোন একটি বিধানকেও প্রত্যাখ্যান করে সে নিশ্চিত ভাবে কাফের হয়ে যায়। যদিও সে সেটাকে আল্লাহর অবতীর্ণ বিধান বলে স্বীকার করে।' [তামহীদ:৪/২২৬]

একটু লক্ষ্য করুন তিনি বলেছেন, আল্লাহর বিধান বলে স্বীকার করা সত্ত্বেও যদি প্রত্যাখ্যান করে তথাপি সকল ইমামের ইজমা অনুযায়ী কাফের হয়ে যায়।

১৩. <u>আল্লামা ইবনে তাইমিয়াহ (রহ.) এর ফতওয়া :</u>

আল্লামা ইবনে তাইমিয়াহ (রহ.) বলেন :-

" ومعلوم أن من أسقط الأمر والنهي الذي بعث الله به رسله فهو كافر باتفاق المسلمين "

'প্রকাশ থাকে যে, যে ব্যক্তি ঐ আদেশ ও নিষেধ সমূহকে রহিত করে যা দিয়ে আল্লাহ তাআলা তার রাসূলদের প্রেরণ করেছেন, সে মুসলিমদের ঐক্যমতে কাফের হয়ে যায়।' [মাজমুয়ুল ফাতাওয়া: ৮/১০৬]

তিনি আরো বলেন:

و الإنسان متى حلل الحرام المجمع عليه , أو حرم الحلال المجمع عليه أو بدل الشرع المجمع عليه : كان كافرا مرتدا باتفاق الفقهاء.

'মানুষ যদি এমন বিষয়কে হালাল করে যা সর্বসম্মতিক্রমে হারাম। অথবা এমন বিষয়কে হারাম করে যা সর্বসম্মতিক্রমে হালাল অথবা ঐক্যমতের ভিত্তিতে

....

প্রতিষ্ঠিত কোন শরয়ী বিধান কে পরিবর্তন করে, তাহলে সে ফুকাহাদের ঐক্যমতের ভিত্তিতে কাফের বা মুরতাদ হয়ে যায়। [মাজমূয়ুল ফাতওয়া, খণ্ড:৩, পৃষ্টা:২৬৭]

তিনি আরো বলেন:

متى ترك العالم ما علمه من كتاب الله وسنة رسوله واتبع حكم الحاكم المخالف لحكم الله ورسوله كان مرتداً كافراً، يستحق العقوبة في الدنيا والآخرة، قال تعالى: {المص .كِتابٌ أُنْزِلَ إِلَيْكَ فَلاَ يَكُنْ في صَدْرِكَ حَرَجٌ مِنْهُ لِتُنْذِرَ بِهِ وَذِكْرَى للمُؤْمنينَ . اتَّبِعوا ما أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ وَلاَ تَتَّبِعوا مِنْ دونِهِ أَوْلِياءَ قَلِيلاً ما تَذَكَّرونَ} ولو ضُرب وحُبس وأُوذي بأنواع الأذى ليدع ما علمه من شرع الله ورسوله الذي يجب اتباعه واتبع حكم غيره؛ كان مستحقاً لعذاب الله، بل عليه أن يصبر وإن أوذي في الله؛

'যখন কোন আলেম কিতাবুল্লাহ ও সুন্নাহ থেকে অর্জিত এলেম ছেড়ে দেয় এবং শাসকদের বিধানের অনুসরণ করে, যে বিধান আল্লাহ ও তার রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধানের বিপরীত সে কাফের ও মুরতাদে পরিণত হয়। সে দুনিয়া ও আখেরাতে শাস্তির যোগ্য হবে। আল্লাহ তাআলা বলেন :"আলিফ-লাম-মীম-সদ। এটি এমন কিতাব, যা তোমার প্রতি নাযিল করা হয়েছে। সুতরাং তার সম্পর্কে তোমার মনে যেন কোন সংকীর্ণতা না থাকে। যাতে তুমি তার মাধ্যমে সতর্ক করতে পার এবং তা মুমিনদের জন্য উপদেশ স্বরূপ। তোমাদের প্রতি তোমাদের রবের পক্ষ থেকে যা নাযিল করা হয়েছে, তোমরা তার অনুসরণ কর এবং তাকে ছাড়া অন্য অভিভাবকের অনুসরণ করো না। তোমরা সামান্যই উপদেশ গ্রহণ করে থাক।" (সূরা আ'রাফ: ১-৩)

যদি তাকে প্রহার করা হয়, বন্দী করা হয়, বিভিন্ন ধরণের শাস্তি প্রদান করা হয়, ফলে সে আল্লাহ ও তাঁর রাসূলের শরয়ী এলেমকে ছেড়ে দেয়, যার আনুগত্য ছিল ওয়াজীব এবং অন্য কোন বিধানের অনুসরণ করে তথাপি সে আল্লাহর শাস্তির উপযুক্ত হবে। বরং তার উপর আবশ্যক হল যদি আল্লাহর জন্য তাকে শাস্তিও দেওয়া হয় তবুও ধৈর্যধারণ করা। [আল-মুন্তাখাব মিন কুতুবী শাইখিল ইসলাম, খণ্ড:১, পৃষ্টা:১৩৪]

১৪. আল্লামা মাহমুদ শাকের (রহ.)এর ফতওয়া :

আল্লামা আহমদ শাকের (রহ.) এর ভাই আল্লামা মাহমুদ শাকের (রহ.) বলেন:

فهذا الفعل إعراض عن حكم الله، ورغبة عن دينه وإيثار لأحكام أهل الكفرعلى حكم الله سبحانه وتعالى، وهذا كفر لايشك أحد من أهل القبلة على اختلافه في تكفيرالقائل به والداعي إليه. والذي نحن فيه اليوم هو هجر لأحكام الله عامة بلا استثناء، وإيثار حكم غير حكمه في كتابه وسنة نبيه، وتعطيل لكل ما في شريعة الله، بل بلغ الأمر مبلغ الاحتجاج على تفضيل أحكام القانون الموضوع على أحكام الله المنزلة، وإدعاء المحتجين بذلك بأن أحكام الشريعة إنما نزلت لزمان غير زماننا، ولعلل وأسباب انقضت فسقطت الأحكام كلها بانقضائها.)اهـ

'এ ধরণের কাজ (নতুনভাবে সংবিধান রচনা) হচ্ছে আল্লাহর বিধানকে উপেক্ষা, তাঁর দ্বীনের ব্যাপারে অগ্রাহ্য প্রকাশ এবং মহান আল্লাহ তাআলার বিধানের উপর কুফ্ফারদের বিধানকে প্রাধান্য প্রদান। এ সকল কর্ম কুফর। কোনো মুসলমান চাই সে যে মতেই বিশ্বাসী হোক এর প্রবক্তা এবং এর দিকে আহ্বানকারীর কাফের হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করতে পারে না।

আমাদের সমাজের বর্তমান অবস্থা হচ্ছে এই যে, কোন প্রকার বাছ-বিচার ব্যতীত সম্পূর্ণরূপে আল্লাহর বিধান সমূহকে বর্জন করা হচ্ছে। আল্লাহর কিতাব কুরআন ও তার নবীর সুন্নাহয় বর্ণিত বিধানের বিপরীত বিধানকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। পূর্ণরূপে আল্লাহর শরীয়াকে ছুঁড়ে ফেলা হয়েছে এবং বিষয়টি এমন চরম পর্যায়ে উপনীত হয়েছে যে, আল্লাহর নাযিলকৃত বিধানের উপর মানব রচিত বিধানকে যুক্তি দেখিয়ে প্রাধান্য দেয়া হচ্ছে। যুক্তি প্রদানকারীরা এ দাবি করছে যে, ইসলামী শরীয়ত অবতীর্ণ হয়েছে ভিন্ন এক সময়ে এবং এমন কিছু কারণে অবতীর্ণ হয়েছে যা ফুরিয়ে গেছে। সুতরাং সে সব কারণ আজ বর্তমান না থাকার কারণে বিধানগুলো বাতিল হয়ে যাবে। [উমদাতুত তাফসীর, খণ্ড:৪, পৃষ্টা:১৫৭]

ইতিহাস কী বলে?

ছয়শত হিজরী পর্যন্ত মুসলিম দেশগুলোতে ইসলামী শরয়ী আইন বাদ দিয়ে মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনা করার মত জঘণ্য আপরাধ খুঁজে পাওয়া যায় না। কেননা তখন আল্লাহর বিধান রাষ্ট্রীয়ভাবে পরিবর্তন করে কোন শাসকের ক্ষমতায় টিকে থাকা ছিল কল্পনার বাইরে। তখন সর্বোচ্চ যা ঘটতো তাহল, ঘুষ, আত্মীয়তার সম্পর্ক আথবা এ ধরনের পার্থিব কোনো স্বার্থের পিছনে পড়ে বিচারকরা এক জনের হক্ব আন্যজনকে দিয়ে দিত।

এক

সর্বপ্রথম মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনা শুরু হয় ৬০০ হিজরীর পর। তাতাররা মুসলিম কিছু দেশ দখল করে অতঃপর তারা ইসলাম ধর্ম গ্রহণ করে মুসলমান হয়। কিন্তু রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে পূর্ণরূপে ইসলামী শরীয়ার অনুসরণ করে না। বরং কোরআন থেকে কিছু বিধান গ্রহণ করে, কিছু গ্রহণ করে অন্যান্য আসমানী কিতাব থেকে, কিছু বিধান রচনা করে নিজ হাতে। সবগুলোর সমন্বয়ে তারা যে সংবিধান রচনা করে তার নাম দেয় ইয়াসা বা ইয়াসিক। এর ফলে তৎকালীন সবচেয়ে বড় আলেমে দ্বীন আল্লামা ইবনে কাছীর [রহ:] সহ অন্যান্য আলেমগণ তাদেরকে মুরতাদ হবার ফতওয়া প্রদান করেন।

দুই

এর পর ১৯২৪ খ্রিষ্টাব্দে দাউলাতে উসমানিয়ার পতনের পর তুরস্ক যখন মানব রচিত সংবিধান দ্বারা পরিচালিত হতে লাগল তখন দাউলাতে উসমানিয়ার সর্বশেষ শাইখুল ইসলাম মোস্তফা সবারী (রহ:) উক্ত কর্মকে কুফর ও রিদ্দাহ বলে ফতওয়া প্রদান করেন এবং সেখান থেকে হিজরত করে মিশরে চলে আসেন।

তিন

দাউলাতে উসমানিয়ার পতনের পর মানব রচিত সংবিধান যখন মিশরের রাষ্ট্রীয় সংবিধানে পরিণত হয়, তখন মিশরের সবচেয়ে বড় আলেম মুহাদ্দিস ও ফকীহ আল্লামা আহমাদ শাকের (রহ:) ও তার ভাই মাহমুদ শাকের (রহ:) এই বিধান রচনা কারীদেরকে কাফের ও মুরতাদ ফতওয়া প্রদান করেন।

চার

১৯৫০ খ্রিষ্টাব্দের দিকে সিরিয়ায় যখন কিছু ব্যক্তি সর্ব প্রথম রাষ্ট্রীয় সংবিধান থেকে ধর্মীয় বিধানকে পৃথক করার ব্যাপারে প্রচেষ্টা চলাতে থাকে, তখন সিরিয়ান কিছু আলেম শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহ:) কে তাদের ব্যাপারে ফতওয়া জিজ্ঞাসা করেন। তিনি তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে ফতওয়া প্রদান করেন।

হে পাঠক! একটু ভেবে দেখুন:

প্রথমত. ইসলাম একটি পরিপূর্ণ জীবন বিধান। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত প্রতিটি মুহূর্ত মানুষ কিভাবে কাটাবে তার নির্দেশনা ইসলামে দেয়া আছে। দোলনা থেকে কবর পর্যন্ত মানব জাতি যত সমস্যার সম্মুখীন হবে তার সমাধান তাতে

বিদ্যমান আছে এবং সবক্ষেত্রে ইসলাম যে বিধান দিয়েছে তাই উত্তম ও উৎকৃষ্ট। আর এটাকে মেনে নেয়ার নামই ঈমান।

যারা জীবনের সকল ক্ষেত্র থেকে ইসলামকে বিতাড়িত করে, আল্লাহর বিধানকে পিছনে ফেলে নিজেরাই বিধান রচনা করে। মানুষকে তা মানতে বাধ্য করে, কেউ যদি তা অমান্য করে এবং আল্লাহর বিধান পালন করে তাকে শাস্তি প্রদান করে। নিশ্চিত সে নিজ রচিত সংবিধানকেই উত্তম মনে করে, আল্লাহ প্রদত্ত সংবিধানকে সময় অনুপযোগী মনে করে। তাই সে মুরতাদ হয়ে যাবে।

দ্বিতীয়ত. একটু লক্ষ্য করুন:- ইসলাম ধর্মের মূল হল তাওহীদ। কিন্তু আল্লাহর বিধানকে পরিবর্তন করার কারণে আজ সমাজে তাওহীদের অবস্থা কী? হাজার হাজার মুসলিম মাজার পূজা, কবর পূজা ও করে জাহান্নামের দিকে যাচ্ছে। কিছু দাজ্জাল, ইহুদী-খ্রিষ্টানদের এজেন্ট নিজেদেরকে পীর দাবি করে লাখ-লাখ মানুষের মাঝে কুফর ও শিরক ছড়াচ্ছে। শহীদ মিনার, স্মৃতিশৌধ, ভাস্কর্যের নামে মোড়ে মোড়ে মূর্তি তৈরী করা হচ্ছে। এধরনের নানা শিরকে সমাজ ছেয়ে যাচ্ছে। যার ফলশ্রুতিতে লক্ষ লক্ষ মানুষ চিরন্তন জাহান্নামকে নিজেদের ঠিকানা করে নিচ্ছে। একটু চিন্তা করুন, এর মূল কারণ কী? এই শাসকরা যদি আল্লাহর বিধানকে পরিবর্তন না করতো, আল্লাহর বিধান দ্বারা যদি দেশ পরিচালনা করত, তাহলে এই শির্‌কগুলো কি সমাজে বিদ্যমান থাকত? লাখ-লাখ মানুষ কি চিরন্তন জাহান্নামের দিকে ধাবিত হত?

যাদের কারণে লাখ-লাখ মানুষ কাফের হয়ে জাহান্নামে নিক্ষিপ্ত হচ্ছে তারা কী করে মুসলিম হতে পারে? অসম্ভব! কখনই তারা মুসলিম নয়।

তৃতীয়ত: ইসলামের দ্বিতীয় রোকন হল নামায। আজ শতকরা কত জন মুসলিম পাঁচ ওয়াক্ত নামায আদায় করে? যদি ইসলামী বিধান থাকত তারা কি নামায ত্যাগ করত। সুদ একটি জঘণ্য হারাম কাজ যাকে আল্লাহ তাআলা, তাঁর ও তাঁর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিরুদ্ধে যুদ্ধ হিসাবে উল্লেখ করেছেন। মানব রচিত সংবিধান সেটিকে রাষ্ট্রীয় অর্থনীতির মূল উপাদান হিসাবে আখ্যায়িত করেছে। যার ফলে কজন মানুষ এর কালো থাবা থেকে পূর্ণ নিরাপদ থাকতে পারছে? এই সংবিধান ব্যভিচারের লাইসেন্স প্রদান করেছে। আর যদি ব্যভিচার উভয়ের সম্মতিতে সংঘটিত হয় তাহলে এ সংবিধানের মতে তা জেনাই নয়। জিহাদের মত গুরুত্বপূর্ণ ইবাদাতকে এ সংবিধান অবৈধ ঘোষণা করেছে। মোটকথা সকল পাপের দ্বার উন্মুচিত করেছে, অনেক নেকের দ্বার বন্ধ করেছে।

চতুর্থত: মানবরচিত সংবিধানের দুটি মূলনীতি হল – ধর্ম নিরপেক্ষতা ও বাক স্বাধীনতা।

ধর্ম নিরপেক্ষতা :- ধর্ম নিরপেক্ষতার আবরণে সমাজে নাস্তিকতা ছড়ানো হচ্ছে। মুসলিম যুবকরা নাস্তিক হয়ে যাচ্ছে। ধর্ম নিরপেক্ষ সিলেবাসের মাধ্যমে ছোট ছোট শিশুদের হৃদয়ে ধর্ম বিরোধী বিজ বপণ করা হচ্ছে। রাষ্ট্রে খ্রিষ্টান মিশনারী গুলোকে অপতৎপরতা চালানোর অনুমতি ও নিরাপাত্তা দেয়া হচ্ছে, ফলশ্রুতিতে তারা হাজার হাজার সহজ সরল মুসলিমকে খ্রিষ্টান বানাচ্ছে।

বাক স্বাধীনতা :- বাক স্বাধীনতার নামে বিভিন্ন টিভি চ্যানেলে পত্র-পত্রিকায় ইসলাম বিরোধী প্রচারণা চালানো হচ্ছে। বিভিন্ন ব্লগ ও ফেসবুকে আল্লাহ তাআলা ও রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অকথ্য ভাষায় গালি দেয়া হচ্ছে। আর এই সবকিছু সম্ভব হচ্ছে এই শাসকবর্গ ও তাদের রচিত সংবিধানের সহায়তায়।

উপরের আলোচনা দ্বারা কুরআন-সুন্নাহর আলোকে স্পষ্টভাবে প্রমাণিত হল যে, কাফের-মুশরিকদের সাথে সম্পর্কের ক্ষেত্রে রব্বানী বিধান অমান্য করা, কুরআন-সুন্নাহ অনুযায়ী শাসনকার্য পরিচালনা না করা, বিভিন্ন ক্ষেত্রে আন্তর্জাতিক তাগুতদের শরনাপন্ন হওয়াসহ নানাবিধ অপরাধের কারণে বর্তমান মুসলিম দেশসমূহের শাসকবর্গ কাফের ও মুরতাদ, যদিও তারা নামায পড়ে, রোযা রাখে, ইসলামের বিভিন্ন খেদমত করে এবং নিজেদেরকে মুসলিম বলে পরিচয় দিক না কেন।

মুসলিমদের শাসক যদি কাফের ও মুরতাদে পরিণত হয় সেক্ষেত্রে মুসলিমদের করণীয় কী? নিম্নে আমরা এব্যাপারে সংক্ষিপ্ত আলোচনা করব ইনশাআল্লাহ।

মুরতাদ শাসক ও উম্মাহর দায়িত্ব

বর্তমান বিশ্বের মুসলিম দেশগুলোর শাসন ক্ষমতা এমন সব শাসক গোষ্ঠির হাতে যারা নানাবিধ কারণে ধর্মত্যাগী মুরতাদে পরিণত হয়েছে। কাফেরদের সাথে হাত মিলিয়ে যা খুশি তাই করছে। দেশ থেকে ইসলামের নামনিশানা মিটিয়ে ফেলার জন্য বিভিন্ন ধরনের ষড়যন্ত্র আটঁছে। আলেম-উলামাসহ সর্বস্তরের মুসলিমদের উপর হাজারো প্রকার জুলম করছে। কিন্তু মুসলিমরা সকলে নিজের ফিকিরে ব্যস্ত। যেন রাষ্ট্র ও হুকুমাত নিয়ে চিন্তা ফিকির করার দায়িত্ব তাদের নয়। আল্লাহর শরীয়ত বাস্তবায়নের জন্য সে আদিষ্ট নয়।

ভাবখান এমন, তারা ক্ষমতায় থেকে যা খুশি করুক, তাতে আমার কী? আমি তো ভালই আছি, সুখেই আছি। আমি তো হুকুমাতের জুলমগুলো মেনে নিতে অভ্যস্ত হয়েই গেছি। এভাবে যত দিন পারি বেঁচে থাকি।

আচ্ছা এই শাসকগোষ্ঠিকে কি এভাবেই ছেড়ে দেওয়া হবে? আল্লাহ তাআলা কি তাদেরকে তাদের অবস্থার উপর ছেড়ে দিতে বলেছেন? নাকি তাদেরকে অপসারণ করতে বলেছেন? যদি অপসারণ করতে বলে থাকেন তাহলে কী ভাবে করতে হবে? গণতান্ত্রিক পদ্ধতিতে? দাওয়াত ও তাবলীগ এর মেহনতের মাধ্যমে? নাকি কিতাল ফী সাবীলিল্লাহ এর মাধ্যমে?

দালিলিক আলোচনার পূর্বে নিকট অতীতের কিছু বাস্তব চিত্র আমাদের সম্মুখে থাকলে দলীল বুঝতে সহজ হবে।

বাস্তব প্রেক্ষাপটে যদি আমরা তাকাই, তাহলে দেখতে পাই ইসলামের ইতিহাসে জিহাদের প্রস্তুতি ও অভিযান ছাড়া কোন ভূখণ্ডে ইসলামী আইন প্রতিষ্ঠা হয়নি। কিতাল ছাড়া অন্য সকল চেষ্টা-প্রচেষ্টা ব্যর্থতার মুখ দেখেছে। কিতাল ছাড়া কোন ভূখণ্ডেই শুধুমাত্র গণ-অভ্যুত্থান বা গণ-জাগরণের মাধ্যমে ইসলামী খিলাফাত কায়েম হয়নি। গণতন্ত্রের মাধ্যমে আল-জেরিয়ায় ইসলামী দল ৮০% জন-সর্মথন নিয়ে ক্ষমতায় যেয়েও সরকার গঠনে ব্যর্থ হয়েছে। মিশরের ইখওয়ানুল মুসলিমীন তো (মুসলিম ব্রাদারহুড) এর জ্বলন্ত নমুনা। তারা গণতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতা লাভের পর এক বছর ক্ষমতায় টিকে থাকল। তারা কি এই এক বছরে ইসলামী হুকুমত কায়েম করতে সক্ষম হয়েছে? খেলাফততো দূরের কথা মদ, জুয়া, বেশ্যাবৃত্তির মত মানবীয় দৃষ্টিতে জঘন্য অপরাধগুলোও বন্ধ করতে সক্ষম হয়নি। তারপর কি হল তা তো আর বলার অপেক্ষা রাখে না।

অন্য দিকে তালেবানের ইতিহাস তো সকলেরই জানা। বর্তমানে সোমালিয়া, মালি, ইয়ামান,আফগান, লিবিয়া, আলজেরিয়া, মৌরিতানিয়া,পাকিস্থানসহ বিভিন্ন দেশের ৫০ লক্ষ্য বর্গমাইলের অধিক এলাকা মুজাহিদদের কিতালের মাধ্যমে বিজিত হয়েছে এবং তাদেরই অধীনস্থ রয়েছে। সেগুলোর দিকে তাকান, সেখানে কেউ কি ইসলাম বিরোধী কোন কাজ করার সাহস পাবে? প্রকাশ্য কোন অপরাধ সেখানে কি সংঘটিত হচ্ছে? এতো গেল বাস্তব পরিস্থিতি। কিন্তু শরয়ী দৃষ্টিকোণ থেকে আমাদের উপর দায়িত্ব কী? শাসক কাফের-মুরতাদে পরিণত হলে তাদেরকে কি অপসারণ করতে হবে? হলে এ ক্ষেত্রে ইসলামের নির্দেশিত পদ্ধতি কী? এর উত্তর নিয়েই আমাদের এ অধ্যায়।

মূলকথা:

....

ইসলামী শরীয়ত অনুসারে কাফের কখনই মুসলিমদের শাসক হতে পারে না। মুসলিম দেশের কোন শাসক যদি শাসনভার গ্রহণের পর মুরতাদ হয়ে যায়, তাহলে সে অপসারিত হওয়ার পূর্ব পর্যন্ত তার বিরুদ্ধে জিহাদ চালিয়ে যাওয়া এবং তার স্থানে একজন ন্যায় পরায়ণ মুসলিম ইমাম নিযুক্ত করা মুসলিম জনসাধারণের উপর ফরয। আর যদি শাসক জালিম হয়, তাহলে ইমামে আজম আবূ হানীফা (রাযি.) সহ অন্যান্য একাধিক নেককার সালাফদের মত অনুসারে তার বিরুদ্ধেও কিতাল করে তাকেও অপসারণ করা ফরয। তবে জমহুরের মতানুসারে সুস্পষ্ট কুফর প্রকাশ পাওয়ার পূর্বপর্যন্ত জালেমের বিরুদ্ধে কিতাল করা ফরয নয়।

কুরআন-সুন্নাহ থেকে কথার দলীল

দলীল নং-১

মহান আল্লাহ তাআলা বলেন :

وَإِذِ ابْتَلَى إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ فَأَتَمَّهُنَّ قَالَ إِنِّي جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا قَالَ وَمِنْ ذُرِّيَّتِي قَالَ لَا يَنَالُ عَهْدِي الظَّالِمِينَ .

‘যখন ইব্রাহীমকে তাঁর পালনকর্তা কয়েকটি বিষয়ে পরীক্ষা করলেন, অতঃপর তিনি তা পূর্ণ করে দিলেন, তখন পালনকর্তা বললেন, আমি তোমাকে মানবজাতির নেতা করব। তিনি বললেন, আমার বংশধর থেকেও! তিনি বললেন, যালিমরা আমার ওয়াদাপ্রাপ্ত হয় না’। (সূরা বাকারা: ১২৪)

আল্লামা জাস্‌সাস (রহঃ) এই আয়াতের ব্যাখ্যার এক পর্যায়ে বলেন:

فثبت بدلالة هذه الآية بطلان إمامة الفاسق وأنه لا يكون خليفة وأن من نصب نفسه في هذا المنصب وهو فاسق لم يلزم الناس اتباعه ولا طاعته وكذلك قال النبي ص - لا طاعة لمخلوق في معصية الخالق ودل أيضا على أن الفاسق لا يكون حاكما وأن أحكامه لا تنفذ إذا ولي الحكم

وكان قوله وجوب الأمر بالمعروف والنهي عن المنكر فرض بالقول فإن لم يؤتمرله فبالسيف على ما روي عن النبي ص - وسأله إبراهيم الصائغ وكان من فقهاء أهل خراسان و رواه الأخبار ونساكهم عن الأمر بالمعروف والنهي عن المنكر فقال هو فرض وحدثه بحديث عن عكرمة عن ابن عباس أن النبي ص - قال أفضل الشهداة حمزة بن عبدالمطلب ورجل قام إلى إمام جائر فأمره بالمعروف ونهاه عن المنكر فقتل احكام القرآن

'এই আয়াত দ্বারা প্রমাণিত হয়েছে, ফাসিকের নেতৃত্বদান অগ্রহণযোগ্য। সে খলিফাহ্ও হতে পারবে না। যদি কোন ব্যক্তি ফাসেক অবস্থায় এই দায়িত্ব গ্রহণ করে, তাহলে জনসাধারণের উপর তার অনুসরণ ও আনুগত্য আবশ্যক হবে না। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেমনটি বলেছেন,"স্রষ্টার অবাধ্যতায় সৃষ্টির কোন আনুগত্য নেই।" আয়াতটি এই প্রমাণও বহন করে, ফাসেক বিচারক হতে পারবে না। যদি সে বিচারকের পদ দখল করে, তাহলে তার বিধান বাস্তবায়ন করা যাবে না।

তিনি আরো বলেন : ইমাম আবূ হানিফা (রহ.) এর মত হল 'আমর বিল মারুফ নাহি আনিল মুনকার' মুখ দ্বারা ফরয। যদি তা মান্য না করে তাহলে তরবারি দ্বারা। যেমনটি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত আছে। ইব্রাহিম আস সায়েক যিনি খুরাসানের একজন ফকীহ, হাদিসের রাবি, এবং বুজর্গ ব্যক্তি ছিলেন। তিনি আবূ হানীফা (রহ.) কে আমর বিল মারুফ নাহি আনিল মুনকার সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন, এটা ফরয। অতঃপর তিনি তাকে ইকরামা (রাযি.) থেকে বর্ণিত একটি হাদিস বর্ণনা করেন। ইবনে আব্বাস (রাযি.) থেকে বর্ণিত, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: **সর্বশ্রে'শহীদ হল হামজা ইবনে আব্দুল মুত্তালিব এবং ঐ ব্যক্তি যে কোন জালিমের সামনে দাঁড়িয়ে যায় ও তাকে আমর বিল মারুফ নাহী আনিল মুনকার সম্পর্কে আদেশ করে। ফলে তাকে হত্যা করা হয়।'** (আহকামুল কুরআন, জাস্সাস, সূরা বাকারা:১২৪)

নির্দেশনাঃ

উপরোক্ত আয়াতের ব্যাখ্যায় ইমাম জাস্সাস (রহ.) বলেছেন :"জালিম ব্যক্তি শাসক হতে পারবে না।" যদিও এ ব্যাপারে ফুকাহাগণের মাঝে দ্বিমত আছে। তবে যে বিষয়টি বুঝে আসে জালিমের ব্যাপারে যদি এতো কঠোরতা হয় তাহলে কাফের-মুরতাদের ব্যাপারে কী ফায়সালা হতে পারে?

দলীল নং-২

মহান আল্লাহ তাআলা বলেন :

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً.

'আর স্মরণ কর, যখন তোমার রব ফেরেশতাদেরকে বললেন, **'নিশ্চয় আমি যমীনে একজন খলীফা সৃষ্টি করছি'**। (সূরা বাকারা: ৩০)

ইমাম কুরতুবী (রহ.) উপরোক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন :

....

الرابعة - هذه الآية أصل في نصب إمام وخليفة يسمع له ويطاع، لتجتمع به الكلمة، وتنفذ به أحكام الخليفة.ولا خلاف في وجوب ذلك بين الامة ولا بين الائمة إلا ما روي عن الاصم ...ودليلنا قول الله تعالى: " إني جاعل في الارض خليفة " [البقرة: ٣٠]،وقوله تعالى: " ياداود إنا جعلنا ك خليفة في الارض[ص : ٢٦]،وقال: " وعد الله الذين آمنوا منكم وعملوا الصالحات ليستخلفنهم في الارض " [النور: ٥٥] أي يجعل منهم خلفاء، إلى غير ذلك من الآية.(تفسير القرطبي)

'এ ব্যাপারে এই আয়াতটিই মূল ভিত্তি যে, এমন একজন ইমাম ও খলীফা নিযুক্ত করতে হবে যার আদেশ শুনা হবে ও যার আনুগত্য করা হবে। যাতে তার দ্বারা মুসলিমদের মাঝে ঐক্য তৈরি হয়। খেলাফতের বিধি বিধান প্রতিষ্ঠিত হয়। এ ব্যাপারে উম্মাহ্ ও আইম্মাহ্দের মাঝে কোন দ্বিমত নেই। হ্যাঁ তবে আসম আল মুতাযেলী ও তার মতানুসারীদের থেকে ভিন্নমত বর্ণিত আছে... আমাদের দলিল হল, আল্লাহ তাআলার বাণী :

১. নিশ্চয় আমি যমীনে একজন খলীফা সৃষ্টি করছি। (সূরা বাকারা:৩০)

২. হে! দাউদ, নিশ্চয় আমি তোমাকে যমীনে খলীফা বানিয়েছি। (সূরা সদ: ২৬)

৩. তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং সৎকর্ম করেছে আল্লাহ তাআলা তাদেরকে এ মর্মে ওয়াদা দিয়েছেন যে, তিনি অবশ্যই তাদেরকে যমীনের প্রতিনিধিত্ব প্রদান করবেন। (সূরা নূর: ৫৫) অর্থাৎ তাদের মধ্য থেকে খলীফা নির্বাচন করবেন। এ ধরণের আরো অন্যান্য আয়াত সমূহ।' (তাফসীরে কুরতুবী)

দলীল নং-৩

মহান আল্লাহ তাআলা বলেন :
وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ.

'আর তাদের (কাফেরদের) সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফেতনা শেষ হয়ে যায়; এবং দ্বীন পূর্ণাঙ্গরূপে আল্লাহর জন্য হয়ে যায়। অতঃপর যদি তারা বিরত হয়ে যায়, তবে আল্লাহ তাদের কার্যকলাপ লক্ষ্য করেন।' (সূরা:আনফাল,আয়াত:৩৯)

এই আয়াত দ্বারা বুঝে আসে, যখন কিছু দ্বীন হবে আল্লাহ তাআলার জন্য আর কিছু হবে গাইরুল্লাহর জন্য তখন কিতাল ওয়াজিব হবে যতক্ষণ না সম্পূর্ণ দ্বীন আল্লাহ তাআলার জন্য কায়েম হয়ে যায়।

এই আয়াতের ব্যাখ্যায় শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন–

فإذا كان بعضُ الدين للهِ وبعضُه لغير اللهِ وَجَبَ القِتَالُ حتّى يكونَ الدينُ كُلُّه لله.

"যখন দ্বীনের কিছু অংশ হবে আল্লাহ তা'আলার জন্য আর কিছু হবে গাইরুল্লাহর জন্য, তখন কিতাল ফরজ হবে, যতক্ষণ না সম্পূর্ণ দ্বীন একমাত্র আল্লাহ তা'আলার জন্য হয়ে যায়।"

আল্লামা আবূ বাকর জাস্সাস রহি: 'ফিতনা' এর তাফসীরে বলেন:

قال ابن عباس والحسن: "حتى لا يكون شرك". وقال محمد بن إسحاق: "حتى لا يفتتن مؤمن عن دينه". والفتنة ههنا جائز أن يريد بها الكفر وجائز أن يريد بها البغي والفساد; لأن الكفر إنما سمي فتنة لما فيه من الفساد، فتنتظم الآية قتال الكفار، وأهل البغي، وأهل العبث والفساد، وهي تدل على وجوب قتال الفئة الباغية. (أحكام القرآن : ٣ / ٦٥).

'ইবনে আব্বাস ও হাসান (রাযি.) বলেছেন: "যতক্ষণ না শিরক নির্মূল হয়।" আর মুহাম্মাদ বিন ইসহাক (রহি:) বলেন: "যতক্ষণ না প্রতিটি মুমিন দ্বীনের ব্যাপারে বিপদের সম্মুখীন হওয়া থেকে নিরাপদ হয়।" এখানে ফেতনার অর্থ কুফরও ধরা যেতে পারে এবং ফাসাদ ও আনাচারও ধরা যেতে পারে। কেননা কুফরের মাঝে ভ্রান্তি থাকার কারণে তাকে ফেতনাও বলা হয়। সুতরাং আয়াতটির দাবি হল, কুফফার, দুষ্কৃতিকারী ও ফেতনা-ফাসাদ সৃষ্টিকারীদের বিরুদ্ধে কিতাল করা। আয়াতটি এও প্রমাণ করে, বিদ্রোহীগোষ্ঠির বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব। (আহকামুল কুরআন, খণ্ড:৩, পৃষ্টা:৬৫)

দলীল নং-৪

উবাদা বিন সামেত (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন :

دعانا النبي صلى الله عليه و سلم فبايعناه فقال فيما أخذ علينا أن بايعنا على السمع والطاعة في منشطنا ومكرهنا وعسرنا ويسرنا وأثرة علينا وأن لا ننازع الأمر أهله إلا أن تروا كفرا بواحا عندكم من الله فيه برهان (باب وجوب طاعة الأمراء في غير معصية وتحريمها في المعصية صحيح مسلم)

'আমাদেরকে রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ডাকলেন এবং আমরা তাঁর নিকট বাইআত হলাম। অতঃপর তিনি বলেনঃ রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের থেকে যে বিষয়ে বাইআত নিলেনঃ তা হল আমরা আমাদের ইচ্ছায়-অনিচ্ছায়, সুখে-দুঃখে এবং আমাদের উপর যদি অন্য কাউকে প্রাধান্য দেয়া হয় তথাপিও শুনব ও আনুগত্য করবো এবং আমরা শাসকের বিরুদ্ধে যুদ্ধ করবো না। তিনি বললেন, তবে হ্যাঁ, যদি তোমরা কোন স্পষ্ট কুফর দেখতে পাও, যার ব্যাপারে আল্লাহর পক্ষ থেকে তোমাদের কাছে প্রমাণ বিদ্যমান থাকে।' (সহীহ বুখারী ও মুসলিম)

যদি শাসকদের থেকে আমরা কোন স্পষ্ট কুফর দেখতে পাই, তাহলে তারা আমাদের জন্য আর বৈধ শাসক থাকবে না। বরং কিতালের মাধ্যমে তাদেরকে অপসারণ করে মুসলিম শাসক নিয়োগ দিতে হবে। যদিও তারা অন্য সকল ধর্মীয় বিধান পালন করে ও দ্বীন ত্যাগের ইচ্ছা না করে। কেননা হাদীসের মাঝে বলা হয়েছে, **'যদি তোমরা কোন স্পষ্ট কুফর দেখতে পাও'** সুতরাং এখানে আমাদের দেখাই যথেষ্ট তাদের স্বীকারোক্তির প্রয়জন নেই।

আল্লামা আনওয়ার শাহ কাশ্মীরী (রহ.) এ হাদীসের আলোকে বলেনঃ

ودل –أي هذا الحديث- أيضاً على أن أهل القبلة يجوز تكفيرهم وإن لم يخرجوا عن القبلة, وأنه قد يلزم الكفر بلا التزام وبدون أن يريد تبديل الملة. (إكفار الملحدين) ص٢٢ في نسخة (المجلس العلمي في كراتشي)

'এ হাদীসটিও প্রমাণ করে, আহলে কেবলাকে কাফের আখ্যায়িত করা জায়েয যদিও তারা কেবলা থেকে না ফিরে যায়। আর কুফরকে গ্রহণ ও ধর্ম ত্যাগের ইচ্ছা ব্যতিতও কুফরের বিধান প্রোযজ্য হতে পারে। (একফারুল মুলহিদীন পৃ.২২)

দলীল নং-৫

وعن عَوْفِ بنِ مالكٍ عن رسول الله ﷺ قال:"خِيارُ أئمتكم الذين تُحِبُّونَهُمْ ويُحِبُّونَكُمْ، ويُصَلُّون عليكم وتُصَلُّون عليهم. وشِرارُ أئمتكمالذين تُبْغِضُونَهم ويُبْغِضُونَكم، وتُلْعِنُوْنَهم ويُلْعِنُوْنُكم.قِيلِ يا رسولَ الله، أفلا نُنابِذُهم بالسيف؟ **فقال: لا؛ ما أقاموا فيكم الصلاةَ.**

(صحيح مسلم. رقم الحديث:١٨٥٥ دار المغني).

"আউফ বিন মালিক রাযি. থেকে বর্ণিত, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তোমাদের মধ্যে উত্তম শাসক হলো তারা, যাদেরকে তোমরা ভালোবাসবে এবং তারাও তোমাদেরকে ভালোবাসবে, তোমরা তাদের জন্য দোয়া করবে তারাও তোমাদের জন্য দোয়া করবে। আর তোমাদের মধ্যে নিকৃষ্ট শাসক হলো তারা, যাদেরকে তোমরা অপছন্দ করবে এবং তারাও তোমাদেরকে অপছন্দ করবে, যাদেরকে তোমরা লা'নত করবে এবং তারাও তোমাদেরকে লা'নত করবে। বলা হলো, হে আল্লাহর রাসূল! আমরা কি তরবারি দ্বারা তাদের মোকাবেলা করবো না? রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: না, যতদিন তারা তোমাদের মাঝে নামায কায়েম করে।" (মুসলিম শরীফ, অধ্যায়-খিয়ারুল আয়িম্মাহ, হাদীস নং-৪৯১০)

দলীল নং-৬

وَعَنْ أُمِّ الْحُصَيْنِ الأَحْمَسِيَّةِ أَنَّهَا سَمِعْت النَّبِيَّ يَقُولُ: « اسْمَعُوا وَأَطِيعُوا وَإِنْ أُمِّرَ عَلَيْكُمْ عَبْدٌ حَبَشِيٌّ **مَا أَقَامَ فِيكُمْ كِتَابَ اللهِ عَزَّ وَجَلَّ** » .

"উম্মুল হুসাইন আল-আহমাসিয়্যাহ রা. থেকে বর্ণিত, তিনি নবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, তোমরা শোনো এবং আনুগত্য করো যদিও একজন হাবশী গোলামকে তোমাদের আমির বানিয়ে দেয়া হয়, যতক্ষণ সে তোমাদের মাঝে কিতাবুল্লাহকে প্রতিষ্ঠিত রাখে।" (মুসনাদে আহমাদ, হাদীস নং-২৭৩০৭)

দলীল নং-৭

عن يحيى بن حَصِيْنٍ قال: سمعت جَدِّي يقولُ: سمعت رسولَ الله ﷺ يقولُ في حَجَّة الوَداعِ: ولو اُسْتُعْمِلَ عليكُم عبْدُ حَبَشِيٌّ **يَقُوْدُكُم بكتاب الله** فاسمَعُوا له وأطِيْعُوا.

"ইয়াহইয়া বিন হাসীন বলেন, আমি আমার দাদা থেকে শুনেছি, তিনি বলেন, আমি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বিদায় হজ্জে বলতে শুনেছি, যদি কোনো হাবশী গোলামকেও তোমাদের দায়িত্বশীল নিয়োগ করা হয়, যে তোমাদেরকে কিতাবুল্লাহ দিয়ে পরিচালনা করে তাহলে তার আদেশ শুনবে ও মানবে।" (সুনানে নাসায়ী, হাদীস নং-৪১৯২)

উল্লেখিত হাদীসসমূহের ব্যাখ্যায় উলামায়ে কেরামের বক্তব্য

উপরোক্ত হাদীসসমূহের একটিতে বলা হয়েছে, শাসকের বিরুদ্ধে ততক্ষণ লড়াই করা যাবে না, যতক্ষণ তার মাঝে কোন 'কুফরে বাওয়াহ' বা সুস্পষ্ট কুফর দেখা না যায়। আরেকটিতে বলা হয়েছে, যতক্ষণ পর্যন্ত সে নামাজ কায়েম রাখে। অপর দু'টিতে বলা হয়েছে, যতক্ষণ সে তোমাদের মাঝে কিতাবুল্লাহকে প্রতিষ্ঠিত রাখে; কুরআন দিয়ে রাষ্ট্র পরিচালনা করে। পক্ষান্তরেএবিষয়ে উম্মতে মুসলিমার ইজমা রয়েছে যে, শাসক থেকে যদি 'কুফরে বাওয়াহ' বা সুস্পষ্ট কুফর প্রকাশ পায় বা কুরআন দিয়ে রাষ্ট্র পরিচালনা না করে, অথবা নামাযসহ ইসলামের মৌলিক বিধানগুলো প্রতিষ্ঠা না করে, তাহলে সে আর মুসলমানদের শাসক হিসাবে বাকি থাকে না– তাই তাকে অপসারণ করে এমন একজন শাসক নিয়োগ দেয়া ফরজ হয়, যে কুরআন-সুন্নাহ দ্বারা রাষ্ট্র পরিচালনা করবে। সামনে এ বিষয়ে এক-এক করে উলামায়ে কেরামের বক্তব্যগুলো পাঠ করুন।

১. ইমাম ইবনে বাত্তাল রহ.(মৃত্যু ৪৪৯ হি.)

ইবনে বাত্তাল রহ. বলেন–

"قال أبو بكر بن الطيب: أجمعت الأُمَّةُ أنه **يُوجِبُ خَلْعَ الإمامِ وسُقوطَ فرضِ طاعتِه كُفرُه بعدَ الإيمانِ، وتركُه إقامةَ الصلاة والدعاءَ إليها**، واختلفوا إذا كان فاسقًا ظالمًا غاصبًا للأموالِ".

"আবু বকর ইবনুত তায়্যিব বলেন– উম্মাহর এ বিষয়ে ইজমা রয়েছে যে, ঈমান গ্রহণের পর শাসক কুফরী করলে এবং নামায প্রতিষ্ঠা ও নামাযের দিকে আহবান করা ছেড়ে দিলে, তাকে অপসারণ করা ফরজ হয়ে যায় এবং তার আনুগত্যের অপরিহার্যতা শেষ হয়ে যায়।" (মাআলিমুস সুনান, কিতাবুল আহকাম, খণ্ড: ৮ পৃষ্ঠা: ২১৫, মাকতাবাতুর রুশদ)

২. কাযী ইয়ায রহ.(মৃত্যু ৫৪৪ হি.)

উপরোক্ত হাদীস সমূহের আলোকে কাযী ইয়ায রহ. (মৃত্যু ৫৪৪ হি.) বলেন–

أجمع العلماءُ على أن الإمامةَ لاتنعقدُ لكافرٍ وعلى أنه لو طَرَأَ عليه الكفرُ انعزلَ، قال: وكذا لو تركِ إقامةَ الصلواتِ والدعاءَ إليها.

“উলামায়ে কেরাম সবাই এ ব্যাপারে একমত পোষণ করেছেন যে, কোনো কাফেরকে খলীফা নিযুক্ত করলে সে খলীফা হবে না। এবং খলীফার মাঝে যদি কুফরী প্রকাশ পায় তাহলে সে স্বয়ংক্রিয়ভাবে অপসারিত হয়ে যায়। তিনি আরো বলেন, এমনিভাবে শাসক যদি নামায কায়েম করা অথবা নামাযের দিকে আহ্বান করা ছেড়ে দেয় (তাহলেও সে অপসারিত হয়ে যাবে)।{ শরহে মুসলিম, ইমাম নববী, অধ্যায়-উজুবু ত্বআতিল উমারা, খণ্ড:১২, পৃষ্ঠা:২২৯}

৩. আল্লামা আবুল আব্বাস কুরতুবী রহ. (মৃত্যু ৬৫৬ হি.)

ইমাম কুরতুবী রহ. বলেন–

"فإن أَمَرَ بمعصيةٍ فلا تَجُوْزُ طاعتُه في تلكَ المعصيَة قولاً واحدًا، **ثم إنْ كانتْ تلكَ المعصيةُ كُفرًا:وَجَبَ خَلْعُه على المسلمين كلِّهم. وكذلك: لو تَرَكَ إقامةَ قاعدةٍ من قواعدِ الدينِ**؛ كإقامة الصلاةِ، وصومِ رمضانَ، وإقامة الحدودِ، ومَنَعَمن ذلكَ. وكذلك لو أباحَ شُربَ الخَمَرِ، والزِّنى، ولم يَمَنعْ منهما، **لا يُخْتَلَفُ في وُجوبِ خَلْعِهِ**". المفهم كتاب الإمارة ٣٩/٤ دار إبن كثير

“শাসক যদি গুনাহের আদেশ করে তাহলে সর্বসম্মতিক্রমে সে গুনাহের কাজে তার আনুগত্য করা জায়েয হবে না। এখন সেই গুনাহটা যদি কুফর হয়, তাহলে সকল মুসলমানের উপর ফরজ হলো, তাকে অপসারণ করা। এমনিভাবে সে যদি নামায, রমযানের রোযা, হুদুদ তথা দণ্ডবিধির মতো দ্বীনের মৌলিক কোন বিধান প্রতিষ্ঠা করা ছেড়ে দেয় এবং সেগুলো পালনে বাধা দেয়, তদ্রুপ সে যদি মদপান ও যিনাকে বৈধতা দান করে এবং সেগুলো থেকে বারণ

....

না করে, তখনও তার অপসারণ ওয়াজিব হওয়ার ব্যাপারে কোন দ্বিমত নেই।” (আলমুফহিম, কিতাবুল ইমারাহ, খণ্ড: ৪ পৃষ্ঠা: ৩৯, দারু ইবনে কাসির)

৪. ইমাম নববী রহ. (মৃত্যু ৬৭৬ হি.)

উক্ত হাদীস সমূহের আলোকে ইমাম নববী রহ. (মৃত্যু ৬৭৬ হি.) বলেন–

لا يجوز الخروجُ على الخُلفاءِ بمجرَّدِ الظلمِ أو الفسق ما لم يُغَيِّرُوْا شيئا من قَواعد الإسلام (باب حكم من فرق أمر المسلمين وهو مجتمع، شرح مسلم للنووي)

“শুধুমাত্র জুলুম ও ফিসকের কারণে খলীফাদের বিরুদ্ধে বিদ্রোহ করা বৈধ নয়, যতক্ষণ না তারা ইসলামের কোনো মৌলিক বিধানকে বিনষ্ট করে।” (শরহে মুসলিম, ইমাম নববী: ১২/২৪৪)

৫. ইমাম তিবি রহ. (মৃত্যু ৭৪৩ হি.)

ইমাম তিবি রহ. উপরোক্ত হাদীসের ব্যাখ্যায় বলেন–

" **وأجمعوا**على أن الإمامةَ لا تنعقدُ لكافر **ولو طرأ عليه الكفرُ انعزل، وكذا لو ترك إقامةَ الصلوات والدعاء إليها**، وكذا البِدْعَةُ". (الكاشف عن حقائق السنن:. ص:٢٥٦٠ مكتبة نزار مصطفى الباز. المكة المكرمة)

“আহলুস সুন্নাহ্র উলামাগণ এ ব্যাপারে একমত পোষণ করেছেন যে, কোনো কাফেরকে খলীফা নিযুক্ত করলে সে খলীফা হবে না। এবং কোনো খলীফার মাঝে যদি কুফরী প্রকাশ পায়, তাহলে সে স্বয়ংক্রিয়ভাবে অপসারিত হবে যাবে। এমনিভাবে শাসক যদি নামায প্রতিষ্ঠা করা অথবা নামাযের দিকে আহবান করা ছেড়ে দেয় তাহলেও। এমনিভাবে বিদআতের হুকুমও একই।” (আল কাশেফ, পৃষ্ঠা: ২৫৬০)

তিনি আরো বলেন–

"قوله: ((ما أقاموا فيكم الصلاة)) فيه إشعارٌ بتعظيمِ أمرِ الصلاةِ،**وأنَّ تركَها مُوْجِبٌ لنَزْعِ اليدِ من الطاعة، كالكفر** على ما سبق في حديث عُبادةَ بن الصامت في قوله: ((إلا أن تروا كفراً بواحاً)) (الكاشف:٢٥٦٢ مكتبة نزار مصطفى الباز. المكة المكرمة).

"উক্ত হাদীসে এ কথার প্রতি ইঙ্গিত রয়েছে যে, ছালাতের বিষয়টি অনেক গুরুতর। এবং শাসক এ বিষয়টি পরিহার করলেই তার আনুগত্য থেকে হাত গুটিয়ে ফেলা আবশ্যক হয়ে যায়। এ ক্ষেত্রে বিষয়টি কুফরি প্রকাশ পাওয়ার মতো। যেমনটি উবাদা বিন ছামেতের 'তবে যদি তোমরা কুফরি দেখ' শীর্ষক হাদীসে গত হয়েছে।"

৬. ইবনুল মুলাক্কিন রহ. (মৃত্যু ৮০৪ হি.)

আল্লামা ইবনুল মুলাক্কিন রহ. বলেন–

"وفي هذِه الأحاديث حُجَّةٌ في ترك الخروج على أئمة الجَوْر ولزومِ السمع والطاعة لهم، والفقهاء يجمعون على أن الإمام المتغلِّبَ طاعتُه لازمةٌ**ما أقامَ الجماعاتِ والجهادَ**".

"যালেম শাসকের বিরুদ্ধে বিদ্রোহ না করা এবং তাদের কথা শোনা ও আনুগত্য আবশ্যক হওয়ার প্রমাণ এ হাদীস সমূহে বিদ্যমান রয়েছে। ফুকাহায়ে কেরাম এ ব্যপারে একমত যে, জোরপূর্বক ক্ষমতা দখলকারী শাসকের আনুগত্য ততদিন আবশ্যক, যতদিন তারা নামাযের জামাত এবং জিহাদ কায়েম রাখে।" (আততাউযিহ, ইবনুল মুলাক্কিন, কিতাবুল ফিতান, খণ্ড: ৩২ পৃষ্ঠা: ২৮২, ওয়াযারাতুল আওকাফ, কাতার)

তিনি আরো বলেন–

"احتجَّ بهذا الحديث الخوارجُ، فرأوا الخروجَ على أئمة الجَوْر والقيامَ عليهم عندَ ظُهُور جَوْرِهم، والذي عليه جُمهُور الأئمة المنعُ،**إلا بكفرهم بعد إيمانهم أو تركِهم إقامةَ الصلواتِ**".

"এ হাদীস দ্বারা খারেজীরা দলিল দিয়ে থাকে, ফলে তারা জালেম শাসক থেকে জুলুম প্রকাশ পেলে তার বিরুদ্ধে বিদ্রোহ করা এবং তাকে অপসারণ করা জায়েয মনে করে। তবে জমহুরের মত হলো তা না করা, তবে হাঁ, তারা যদি ঈমান গ্রহণের পর কুফরী করে অথবা নামায প্রতিষ্ঠা করা ছেড়ে দেয় তখন তাদের বিরুদ্ধে বিদ্রোহ করতে হবে।" (আত-তাউযিহ, ইবনুল

....

মুলাক্কিন, কিতাবুল জিহাদ, খণ্ড: ১৮ পৃষ্ঠা: ৬৬, ওয়াযারাতুল আওকাফ, কাতার)

৭. আল্লামা মোল্লা আলী ক্বারী রহ. (মৃত্যু ১০১৪ হি.)

মোল্লা আলী ক্বারী রহ. (মৃত্যু ১০১৪ হি.) উপরোক্ত হাদীসের ব্যাখ্যায় বলেন–

"قال (قلنا يا رسول الله أفلا نُنابِذُهم)**أي أفلا نَعزِلُهم ولا نَطرَحُ عَهْدَهُم ولا نُحارِبهم عند ذلك،** أي إذا حصل ما ذُكِرَ. قال: لا، أي لا تُنابِذُوهم **ما أقاموا فيكم الصلاةَ،** أي مُدَّة إقامتهم الصلاةَ فيما بينكم، لأنها علامةُإجتماعِ الكلِمَةِ في الأمَّةِ". المرقاة :كتاب الإمارة٧/٢٥٢

"সাহাবী বলেন, আমরা বললাম, ইয়া রাসূলাল্লাহ! সে সময় আমরা কি তাদেরকে সরিয়ে ফেলব না, তাদের সাথে কৃত অঙ্গীকার ছুড়ে ফেলব না, এবং তাদের সাথে লড়াই করব না? তিনি বললেন– না, অর্থাৎ যতক্ষণ তারা তোমাদের মাঝে ছালাত কায়েম রাখে ততক্ষণ তা করো না। কেননা এটি মুসলিম উম্মাহ্র ঐক্য বজায় থাকার প্রমাণ বহন করে। " (মেরকাত,খণ্ড: ১১, পৃষ্ঠা: ৩০৩)

৮. আল্লামা ইবনে আল্লান দিমাশকী রহ.(মৃত্যু ১০৫৭ হি.)

উপরোক্ত হাদীসের ব্যাখ্যায় তিনি বলেন-

"وفيه دليلُ تعظيم الصلاة. **ويُؤْخَذُ منهُ أن تركَ إقامةِ الصلاةِ كالكفر البواحِ،** لقوله في حديث عبادة «لا، إلا أن تروا كفراً بواحاً» وقد تقدم في باب الأمر بالمعروف وكذا تقدم فيه من حديث أمِّ سَلَمَةَ «قالوا يا رسول الله ألا نقاتلهم؟ قال لا ما أقاموا فيكم الصلاة» رواه مسلم، ". دليل الفالحين:١٥٩/٥ دار الكتب العلمية

"এ হাদীস থেকে এ কথাও বোঝা যায় যে, ছালাতের বিষয়টি অনেক গুরুতর। এথেকে এও বোঝা যায় যে, নামায প্রতিষ্ঠা ছেড়ে দেওয়া কুফরে বাওয়াহের মতই। কেননা উবাদা রাযি. এর হাদীসে এসেছে 'ততক্ষণ কিতাল

করবে না, যতক্ষণ না কুফরে বাওয়াহ দেখতে পাবে'।" (দলিলুল ফালিহীন, খণ্ড: ৫, পৃষ্ঠা: ১৫৯, দারুল কুতুবিল ইলমিয়্যাহ)

চার মাযহাবের ফকীহগণের ফতওয়া

১.ইমাম আবূ হানীফা (রহ.) এর ফতওয়া:

ইমামে আজম আবূ হানীফা (রহ.)-এর মত হল, কোন শাসক যদি জালেম হয় তাহলে তার বিরুদ্ধে কিতাল/যুদ্ধ করে তাকে অপসারণ করত: একজন আদেল মুসলিমকে খলীফা নিযুক্ত করা ওয়াজিব, যদিও বা শাসকের থেকে সুস্পষ্ট কোন কুফর প্রকাশ না পায়। ইমাম আবূ হানীফা (রহ.) ছাড়া সালাফে সালেহীনের আরো অনেকে একই মত ব্যক্ত করেছেন। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাই ওয়া সাল্লাম এর কলিজার টুকরা নাতি জান্নাতী যুবকদের সরদার হুসাইন (রাযি.) এর ঘটনা তো সকলেরই জানা। তিনি ইয়াজিদের বিরুদ্ধে জিহাদ করেছিলেন। অথচ তৎকালীন সাহাবীগণ ইয়জিদকে কাফের মনে করতেন না। তথাপি পুরো উম্মাহ হুসাইন (রাযি.) জিহাদকে জিহাদ বলে স্বীকার করেন, তার জিহাদ নিয়ে গর্ব করেন। জান্নাতের যুবকদের সরদার হুসাইন (রাযি.)-এর উপরোক্ত আমলই এ ক্ষেত্রে অনেক বড় প্রমাণ।

মহান আল্লাহ তাআলা বলেন :

"ولا ينال عهدي الظالمين"

'জালিমরা আমার ওয়াদাপ্রাপ্ত হয় না'। (সূরা বাকারা: ১২৪)

ইমাম জাসসাস (রাযি.) এই আয়াতের ব্যাখ্যায় উল্লেখ করেন:

"وكان مذهبه (يعني أبا حنيفة) مشهورا في قتال الظلمة , وأئمة الجور, ولذلك قال الأوزاعي: " احتملنا أبا حنيفة على كل شيء حتى جاءنا بالسيف " يعني قتال الظلمة , فلم نحتمله .... وقضيته في أمر زيد بن على مشهورة , وفي حمله المال إليه , وفتياه الناس سرا في وجوب نصرته والقتال معه , وكذلك أمره مع محمد وإبراهيم ابني عبد الله بن حسن. أحكام القرآن (٧٠/١)

'অত্যাচারী ও জালিম শাসকদের বিরুদ্ধে কিতালের ব্যাপারে তার [ইমাম আবূ হানীফা (রহ.)] মাযহাব প্রসিদ্ধ। এই কারণেই ইমাম আওঝায়ী (রহ.) বলেন, আমরা আবূ হানীফাকে সব বিষয়ে মেনে নিয়েছি যতক্ষণ না সে তরবারী (মুসলিম জালিম শাসকের বিরুদ্ধে জিহাদের ফতওয়া) নিয়ে আসে। আমরা

তার থেকে এটা (মুসলিম জালিম শাসকের বিরুদ্ধে জিহাদ এর ফতওয়া) মেনে নিতে পারিনি। জায়েদ বিন আলী (রহ.) এর সাথে তাঁর ঘটনা প্রসিদ্ধ। তিনি তাকে অর্থ প্রদান করেছেন। গোপনে মানুষকে ফতওয়া প্রদান করেছেন যে, তাকে সাহায্য করা ও তার সাথে মিলে কিতাল করা ওয়াজিব। এমনিভাবে আব্দুল্লাহ বিন হাসানের দুই ছেলে মুহাম্মদ ও ইব্রাহীম এর সাথে তাঁর সম্পর্কের বিষয়টিও অজানা নয়।'

ইমাম জাস্‌সাস (রহ.) যে যায়েদ বিন আলীর কথা উল্লেখ করেছেন, তিনি হলেন হুসাইন (রাযি.) এর নাতী এবং একজন বিশিষ্ট তাবেয়ী। এই তাবেয়ী তৎকালীন বনু উমাইয়ার খলীফাদের বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন আর উক্ত জিহাদে ইমাম আবূ হানীফা (রহ.) স্বীয় মাল দ্বারা অংশগ্রহণ করেন। লোকজনকে গোপনে ফতওয়া প্রদান করতে থাকেন যে, যায়েদ বিন আলী (রহ.) কে সাহায্য করা এবং তার সাথে মিলে কিতাল করা ওয়াজিব।

মানাকেবের মাঝে ইমাম ইবনে হাজর মাক্কী (রহ.) সহীহ সনদে উল্লেখ করেন,

كان زيد بن علي أرسل إلى أبي حنيفة يدعوه إلى نفسه , فقال أبو حنيفة لرسوله: لو عرفت أن الناس لا يخذلونه ويقومون معه قيام صدق , لكنت أتبعه وأجاهد معه من خالفه , لأنه إمام حق , ولكني أخاف أن يخذلوه كما خذلوا أباه , لكني أعينه بمالي فيتقوى به على من خالفه , وقال لرسوله : ابسط عذري عنده , وبعث إليه بعشرة آلاف درهم-

'যায়েদ বিন আলী (রহ.) ইমাম আবূ হানীফা (রহ.) কে ডেকে পাঠালেন। ইমাম আবূ হানীফা (রহ.) তার দূতকে বললেন, যদি আমি জানতাম লোকেরা তাকে অসম্মান করবে না, তার পাশে অবিচল ভাবে দাঁড়াবে, তাহলে অবশ্যই আমি তার অনুসারী হতাম। তার সাথে মিলে বিরোধীদের বিরুদ্ধে জিহাদ করতাম। কেননা তিনি একজন হক্ব ইমাম। কিন্তু আমার আশঙ্কা হয়, লোকেরা তার পিতার ন্যায় তাকেও অসম্মান করবে। আমি তাকে আমার সম্পদ দ্বারা সাহায্য করছি, যাতে তিনি তার বিরোধীদের বিপক্ষে শক্তি অর্জন করেন। অতঃপর তার দূতকে বললেন, তার নিকট গিয়ে আমার ওজর পেশ কর। আর তিনি তার নিকট দশ হাজার দেরহাম প্রেরণ করলেন।

অতঃপর ইবনে হাজর মাক্কী (রহ.) বলেন :

وفي غير هذه الرواية اعتذر بمرض يعتريه في الأيام حتى تخلف عنه

অপর এক রেওয়ায়েতে এসেছে, ঐসময় তিনি একটি রোগে আক্রান্ত ছিলেন। তাই অসুস্থতার ওজর পেশ করেছেন। ফলে তার থেকে পিছনেই থেকে যেতে হয়।

অপর বর্ণনায় এসেছে :

سئل عن الجهاد معه , فقال: خروجه يضاهي خروج رسول الله صلى الله عليه وسلم يوم بدر. راجع مناقب الإمام الأعظم للموفق المكي (٢٦٠/١ و ٢٦١).

'ইমাম আবূ হানীফা (রহ.) কে যায়েদ বিন আলী (রহ.) এর সাথে মিলে জিহাদের ব্যাপারে জিজ্ঞাসা করা হয়েছিল। প্রতিউত্তরে তিনি বলেন, তার এই জিহাদ তো বদরের দিন রাসূল্লাহ সল্লাল্লাহু আলাই ওয়া সাল্লাম এর জিহাদ সাদৃশ্য।'

উপরে ইমাম জাসসাস (রহ.) যে মুহাম্মদ ও ইব্রাহীম (রহ.) এর কথা উল্লেখ করেছেন তারা, হযরত হাসান রাযি. এর ছেলে আব্দুল্লাহ রহ. এর পুত্র। তারা দুই ভাই তৎকালীন খলীফা মানসুরের বিরুদ্ধে জিহাদ করেছে। আর ইমাম আবূ হানীফা (রহ.) তাদের সাথে মিলে জিহাদ করার জন্য ফতওয়া প্রদান করতেন ও উদ্বুদ্ধ করতেন। অথচ খলীফা মানসূর ইসলামের কোন অকাট্য বিধানকে পরিবর্তন করেননি। বিচার বিভাগসহ দেশের সমস্ত বিভাগ কুরআন-সুন্নাহ দ্বারা পরিচালিত ছিল। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে তিনি মানুষের উপর জুলম করেছিলেন। তার ক্ষেত্রে যদি ইমাম আজম আবূ হানীফা রহ. এর অবস্থান এই হয়, তাহলে বর্তমান শাসকদের ব্যাপারে তার ফতওয়া কী হতে পারে একটু ভেবে দেখুন?

ইবনে হাজর মাক্কী (রহ.) তার প্রসিদ্ধ কিতাব মানাকেবে লিখেন:

وذكر المكي في المناقب (٨٤/٢):أن أبا حنيفة كان يحض الناس على إبراهيم و يأمرهم بإتباعه , وذكر قبل ذلك أنه كان يفضل الغزوة معه على خمسين حجة

'ইমাম আবূ হানীফা (রহ.) জনসাধারণকে ইব্রাহীম (রহ.) এর পক্ষে উদ্বুদ্ধ করতেন। তার আনুগত্যের আদেশ প্রদান করতেন। ... তিনি তার সাথে মিলে যুদ্ধ করাকে ৫০টি হজ্বের উপর প্রাধান্য দিতেন।'

ইমাম কুরদী (রহ.) স্বীয় গ্রন্থ 'মানাকেবে' বর্ণনা করেন:

ذكر الكردي في مناقبه (٢٢/٢) أن الإمام أباحنيفة منع الحسن بن قحطبة أحد قواد المنصور من الخروج إلى إبراهيم بن عبدالله , ويقال: إن المنصور سم أباحنيفة من أجل هذا , حتى توفى رحمه الله-

'খলীফা মানসূরের একজন সেনাপতি ছিলেন হাসান বিন কাহতাবা। ইমাম আবূ হানীফা (রহ.) তাকে ইব্রাহীম বিন আব্দুল্লাহ (রহ.) এর বিরুদ্ধে অস্ত্র ধরতে নিষেধ করে ছিলেন। বলা হয় খলীফা মানসূর একারণেই আবূ হানীফা (রহ.) কে বিষ পান করান। ফলে তিনি ইন্তেকাল করেন। আল্লাহ তার প্রতি রহম করুন। আমীন।'

নির্দেশনা :

এই ছিলেন ইমাম আবূ হানীফা (রহ.)। যিনি জালিমের বিরুদ্ধে যুদ্ধকে বদর যুদ্ধের সাথে তুলনা করেছন। ৫০টি হজ্বের উপর প্রাধান্য দিয়েছেন। নিজে মাল দ্বারা জিহাদে অংশগ্রহণ করেছেন। অথচ তৎকালীন শাসকরা ইসলামের কোন অকাট্য বিধান কে রাষ্ট্রীয়ভাবে পরিবর্তন বা পরিবর্ধন করেননি। তারা বর্তমানের শাসকদের ন্যায় জঘন্য ছিলেন না। তাদের ব্যাপারেই যদি জান্নাতী যুবকদের সরদার হুসাইন (রাযি.) এবং ইমাম আবূ হানীফা (রহ.) এর অবস্থান এই হয়, তাহলে বর্তমান সময়ের আল্লাহর শরীয়তের শত্রু, মুরতাদ শাসকদের ব্যাপারে তাদের ফতওয়া কী হতে পারে?

২. আল্লামা বদরুদ্দীন আইনী (রহ.) এর ফতওয়া :

وقال الداودي الذي عليه العلماء في أمراء الجور أنه إن قدر على خلعه بغير فتنة ولا ظلم وجب وإلا فالواجب الصبر وعن بعضهم لا يجوز عقد الولاية لفاسق ابتداء فإن أحدث جورا بعد أن كان عدلا اختلفوا في جواز الخروج عليه والصحيح المنع إلا أن يكفر فيجب الخروج عليه.

'দাউদী (রঃ) বলেছেন : আলেমরা এ ব্যাপারে একমত যে, শাসক জালেম হলে যদি ফিতনা ও জুলম ছাড়া তাকে অপসারণ করার সামর্থ্য থাকে, তাহলে তা ওয়াজিব। তা না হলে ধৈর্যধারণ ওয়াজিব। অন্যরা বলেছেন, ফাসিক ও বিদআতীর কাছে নেতৃত্ব দেয়া যাবে না। যদি সে প্রথমে ন্যায়পরায়ণ থাকে এবং পরে বিদআত ও জুলম করে তবে তার অপসারণের ব্যাপারে মতভেদ রয়েছে। সঠিক মত হচ্ছে, তা না করা। **যতক্ষণ না সে কুফরী করে। যদি কুফরী করে, তাহলে তাকে অপসারণে রুখে দাঁড়ান ওয়াজিব হয়ে যায়।** (উমদাতুল ক্বারী শরহু সহীহিল বুখারী, কিতাবুল ফিতান, ৩০/১১০)

৩. আল্লামা মোল্লা আলী ক্বারী (রহ.) এর ফতওয়া :

[وأجمعوا على أن الإمامة لا تنعقد لكافر ولو طرأ عليه الكفر انعزل وكذا لو ترك إقامة الصلوات والدعاء إليها وكذا البدعة..] (مرقاة المفاتيح : ١١ / ٣٠٣)،

'উলামায়ে কেরাম একমত হয়েছেন যে, কোন কাফের শাসনভার পেতে পারে না। যদি কোনো মুসলিম শাসক হওয়ার পর তার উপর কুফর আপতিত হয়, তাহলে সে অপসারিত হবে। একই হুকুম বর্তাবে, যদি নামায কায়েম ও নামাযের দিকে আহ্বান ছেড়ে দেয়, অথবা বিদআত করে।' (মিরকাতুল মাফাতীহ:১১/৩০৩)

৪. আল্লামা আনওয়ার শাহ কাশ্মিরী রহ. (মৃত্যু ১৩৫২ হি.) এর ফতওয়া:

"**نعم إذا رَأَوْا منه كفرًا بَوَاحًا لا يبقى فيه تأويلٌ، فحينئذٍ يَجِبُ عليهم أن يَخْلَعُوا رِبْقَتَهُ عن أعناقهم**، فإنَّ حقَّ اللَّهِ أَوْكَدُ. ثم هل من طاقة البشر أن لا يختار إلَّا حقًّا في جميع الأبواب، فإذا تعذَّر أخذ الحقِّ في جميع الأبواب – وإن أَمْكَنَ ذهنًا – لا بُدَّ أن يُحَدَّ له حَدٌّ، وهو الإغماضُ في الفروع، **فإذا وَصَلَ الأمرُ إلى الأصول حَرُمَ السكوتُ، ووجب الخَلْعُ**. وهو معنى قوله: «وإن أُمِّرَ عليكم عبدٌ حَبَشيٌّ»، فافهم". (فيض الباري كتاب الفتن: باب قَوْلِ النَّبِيِّ ﷺ«سَتَرَوْنَ بَعْدِى أُمُورًا تُنْكِرُونَهَا»)

"হ্যাঁ, প্রজারা যদি শাসক থেকে কোন সুস্পষ্ট কুফর দেখতে পায়, যাতে তাবীলের কোন অবকাশ থাকে না, তখন তাদের উপর আবশ্যক হবে তার থেকে আনুগত্যের হাত গুটিয়ে নেয়া। .....শাসকের সমস্যা যখন ইসলামের মৌলিক বিষয় পর্যন্ত পৌঁছে যাবে, তখন চুপ থাকা হারাম হবে, এবং তাকে অপসারণ করা ফরজ হবে।" (ফয়যুল বারী, কিতাবুল ফিতান: ৪/৪৯৫, মাকতাবায়ে আশরাফিয়্যাহ, দেওবন্দ)

কাশ্মিরী রহ. অন্যত্র বলেন–

وجملةُ الأمر فيه: أن الإِمامَ لو أَمَرَ بالكفر البَوَاح، يَجِبُ الخروجُ عليه وخَلْعُه عن الإِمارة.

"মোটকথা, ইমাম যদি কুফরে বাওয়াহের আদেশ করে, তবে তার বিরুদ্ধে বিদ্রোহ করে তাকে শাসন ক্ষমতা থেকে অপসারণ করা ফরজ।" (ফয়যুল বারী, কিতাবুল আহকাম: ৪/৪৯৯, মাকতাবায়ে আশরাফিয়্যাহ)

৫. হাকিমুল উম্মত আশরাফ আলী থানভী রহ. এর ফতওয়া:

তিনি শাসকদেরকে সাত প্রকারে বিভক্ত করেছেন, সপ্তম প্রকার সম্পর্কে বলেন–

قسم سابع: فسق متعدي يعني ظلم اختيار کرے اور اس کا محل مظلومين کا دين ہو يعني ان کو معاصي پر مجبور کرے ، مگر يہ فسق اسي وقت تك جبکہ اس کا منشاء استخفاف يا استقباح دين اور استحسان کفر يامعصيت نہ ہو، بلکه اغاظت مکره ہو (جيسے اکثر کسي خاص وقتي اقتضاء سے کسي خاص شخص پر اکراه کرنے ميں ايسا هي هوتا هے) ورنه يه بهي حقيقتا کفر هے، اور قسم ثالث ميں داخل هے، يا في الحال تو منشاء اکراه کا استخفاف وغيره نه هو، ليکن اکراه عام بشکل قانون ايسے طورپر هو که ايك مدت تك اس پر عام عمل هونے سے في المآل ظن غالب هو که طبايع ميں استخفاف پيدا هو جاوے گا تو ايسا اکراه بهي بناء بر اصل مقدمة الشيئ بحکم ذلك الشيئ بحکم کفر هوگا- (امداد الفتاوى، ١٣٠\٥)

অতঃপর তাদের হুকুম সম্পর্কে বলেন–

قسم سابع کا حکم: يه هے که از قبيل اکراه على المعاصي هے ....اور بعض صورتوں ميں يه اکراه حقيقة يا حکما داخل کفر هوجاتا هے،..... ان صورتو ں ميے اس کا حکم قسم ثالث کا سا هو جاو ےگا.- (امداد الفتاوى، ١٣٤\٥)

"সপ্তম প্রকারের হুকুম হল গুনাহের উপর বাধ্য করার যা হুকুম তাই... কিছু সূরতে এই বাধ্য করাটা প্রকৃত অর্থে কিংবা হুকুমগত দিক থেকে কুফরের

মধ্যে দাখেল হয়ে যায়।... এসব ক্ষেত্রে তার হুকুম তৃতীয় প্রকারের হুকুমের মত হবে ।” (ইমদাদুল ফাতাওয়া:৫/১৩৪)

শাসকদের তৃতীয় প্রকার সম্পর্কে বলেন–

قسم ثالث کا حکم: معزول ہو جاوےگا اور اگر جدا نہ ہو بشرط قدرت جدا کر دینا علی الاطلاق واجب ہے--(امداد الفتاوی، ۵\۱۳۲)

“তৃতীয় প্রকারের হুকুম, (কুফরে লিপ্ত হওয়ার কারণে) শাসক অপসারিত হয়ে যাবে। সে ক্ষেত্রে যদি সে ক্ষমতা না ছাড়ে তাহলে সামর্থ্য থাকার শর্তে তাকে ক্ষমতা থেকে অপসারণ করা ওয়াজিব।” (ইমদাদুল ফাতাওয়া:৫/১৩২)

৬. আল্লামা যফর আহমদ উসমানী রহ. (মৃত্যু ১৩৯৪ হি.) এর ফতওয়া:

اگر امام اور اس کی جماعت سے کفر صریح کا صدور ہو، تو اس کا مقابلہ کرنا اور اس کی جمعیت کو منتشر کرنا بھی جائز ہے؛ بلکہ بقدر استطاعت واجب ہے . إمداد الأحكام.(مكتبة دار العلوم كراتشي ۴۸۳/۴)

“যদি ইমাম এবং তার জামাত থেকে স্পষ্ট কুফর প্রকাশ পায়, তাহলে তার মুকাবেলা করা, তার একতাকে ছিন্ন ভিন্ন করে দেয়া শুধু জায়েযই নয় বরং সামর্থ্য অনুযায়ী ফরজ।” (ইমদাদুল আহকাম, খণ্ড:৪, পৃষ্ঠা: ৪৮৩)

৭. কাযী ইয়ায শাফেয়ী রহ. (মৃত্যু ৫৪৪ হি.) এর ফতওয়া :

أجمع العلماء على أن الإمامةلا تنعقد لكافر وعلى أنه لو طرأ عليه الكفر انعزل قال وكذا لو ترك إقامة الصلوات والدعاء إليها قال وكذلك عند جمهورهم البدعة قالوقال بعض البصريين تنعقد له وتستدام له لأنه متأول قال القاضي فلوطرأ عليه كفر وتغيير للشرع أو بدعة خرج عن حكم الولاية وسقطت طاعته ووجب على المسلمين القيام عليه وخلعه ونصب أمام عادل أن أمكنهم ذلك فإن لم يقع ذلك الا لطائفة وجب عليهم القيام بخلع الكافر(فَصْلٌ فِي شُرُوطِ الْإِمَامِ الْأَعْظَمِ- تحفةالمحتاج شرح مسلم النووي)

'সকল আলেম এ ব্যাপারে একমত পোষণ করেছেন যে, কোন কাফের খেলাফতের দায়িত্বযোগ্য নয় এবং কোন খলীফার মাঝে যদি কুফরী প্রকাশ পায় তাহলে সে অপসারিত হবে। তিনি বলেন, এমনিভাবে শাসক যদি নামায প্রতিষ্ঠা করা অথবা নামাযের দিকে আহবান করা ছেড়ে দেয় তাহলেও সে অপসারিত হবে। তিনি আরও বলেন, জমহুরের মতে শাসক যদি বিদআত করে তবে তার হুকুম একই। কতিপয় বসরী আলেমের মত হল, বিদআতির সাশনক্ষমতা বহাল থাকবে, কেননা সে তাবিলকারী। কাজী ইয়ায (রহ.) আরও বলেন: শাসকের উপর যদি কুফর আপতিত হয় এবং সে যদি শরীয়ার কোন বিধান পরিবর্তন করে অথবা বিদআত করে, তবে তার থেকে শাসনক্ষমতা রহিত হয়ে যাবে এবং তার আনুগত্যের অপরিহার্যতা শেষ হয়ে যাবে। মুসলিমদের উপর ওয়াজিব হবে তার বিরুদ্ধে বিদ্রোহ করা, এবং তাকে অপসারণ করে আর একজন ন্যায়পরায়ণ খলিফা নির্ধারণ করা, যদি এটা তাদের পক্ষে সম্ভব হয়। আর যদি একাজটি কোনো একটি বিশেষ বাহিনী করতে সক্ষম হয়, তবে তাদের উপরই ওয়াজিব হবে এই কাফেরকে অপসারণের জন্য রুখে দাঁড়ানো। (তুহফাতুল মুহতাজ, শারহু মুসলিম লিন নাবাবী)

৮. ইমাম নববী রহ. শাফেয়ী (মৃত্যু ৬৭৬ হি.) এর ফতওয়া:

لا يجوز الخروج على الخلفاء بمجرد الظلم أو الفسق ما لم يغيروا شيئا من قواعد الإسلام (باب حكم من فرق أمر المسلمين وهو مجتمع شرح مسلمالنووي)

'শুধুমাত্র জুলম ও ফিসকের কারণে খলীফাদের বিরুদ্ধে বিদ্রোহ করা বৈধ নয়। যতক্ষণ না তারা ইসলামের কোন মৌলিক বিধানকে পরিবর্তন করে।' (শরহু মুসলিম লিন নাবাবী)

আমাদের শাসকরা কত শত বিধানকে পরিবর্তন করেছে তার কোনো হিসাব আছে?!

৯. ইবনে কাসীর শাফেয়ী রহ. .(মৃত্যু ৭৭৪ হি.) এর ফতওয়া :

ينكر تعالى على من خرج عن حكم الله المحكم المشتمل على كل خير الناهي عن كل شر وعدل إلى ما سواه من الآراء والاهواء والاصطلاحات التي وضعها الرجال بلا مستند من شريعة الله ...فمن فعل

ذلك فهو كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله ورسوله فلا يحكم سواه في قليل ولا كثير[تفسير ابن كثير]

'আল্লাহ তাআলা এমন ব্যক্তির নিন্দা করেছেন যে আল্লাহর এমন দৃঢ় বিধানকে ছেড়ে দেয় যা সকল কল্যাণকে সমন্বিত করে, সকল ক্ষতিকারক বস্তু থেকে বাঁচায়, কুরআন-সুন্নাহ্ বাদ দিয়ে সে ফিরে যায় এমন কিছু মতামত, রীতিনীতি ও প্রথার দিকে, যা প্রণয়ন করেছে মানুষেরাই। আল্লাহর শরীয়ার সাথে যার নেই কোন সম্পর্ক। ... যে ব্যক্তি এমন কাজ করবে সে কাফের হয়ে যাবে। তার বিরুদ্ধে কিতাল (যুদ্ধ) করা ওয়াজিব। যতক্ষণ না সে আল্লাহর কিতাব ও রাসূলের (সা) সুন্নাহর দিকে ফিরে আসে এবং কম হোক বেশী হোক কোন অবস্থাতেই আল্লাহর বিধান ছাড়া অন্য কোন বিধান দ্বারা ফয়সালা না করে। [তাফসীর ইবনে কাসীর, খণ্ড:৩, পৃষ্ঠা: ১৩১]

১০. ইবনে হাজার আসকালানী রহ. (মৃত্যু ৮৫২ হি.) এর ফতওয়া :

ইবনে হাজার (রহ.) এ ব্যাপারে ইবনে বাত্তাল, ইবনে তীন, দাউদী (রহ.) সহ অন্যান্যদের ইজমা উল্লেখ করে বলেন :

وملخصه أنه ينعزل بالكفر إجماعا فيجب على كل مسلم القيام في ذلك، فمن قوي على ذلك فله الثواب، ومن داهن فعليه الإثم، ومن عجز وجبت عليه الهجرة من تلك الأرض.

"মোট কথা : তাকে (কুরআন-সুন্নাহর আইনকে প্রত্যাখ্যানকারী শাসককে) তার কুফরীর কারণে অপসারণ করতে হবে। সুতরাং প্রতিটি মুসলমানের উপর ওয়াজিব হল তার বিরুদ্ধে রুখে দাঁড়ানো। যে তাতে সক্ষম হবে তার জন্য রয়েছে প্রতিদান। যে অবহেলা করবে সে হবে গুনাহগার। আর যে অক্ষম হবে তার উপর ওয়াজিব হল ঐ এলাকা থেকে হিজরত করা।" (ফাতহুল বারী, কিতাবুল ফিতান, ১৩/১২৩)

১১. ইমাম দাউদী মালেকী রহ. (মৃত্যু ৪০২ হি.) এর ফতওয়া:

وقال الداوُدِيُّ الذي عليه العلماءُ في أمراء الجَوْرِ أنه إن قَدَرَ على خَلعِه بغير فتنة ولا ظلم وجبَ، وإلا فالواجبُ الصبرُ، وعن بعضهم: لا يجوز عقد الولاية لفاسق ابتداءً، فإن أحدث جَورا بعد أن كان عدلا اختلفوا في جواز الخروج عليه، والصحيحُ المنعُ**إلا أن يكفرَ فيجب الخروجُ عليه.**

....

"ইমাম দাউদী রহ. বলেন–উলামায়ে কেরামের মতামত হলো, শাসক জালেম হলে ফিতনা ও জুলুম ছাড়া তাকে অপসারণ করা যদি সম্ভব হয়,তাহলে তাকে অপসারণ করা ফরজ। অন্যথায় ধৈর্য ধরা ফরজ। অনেকে বলেছেন, শুরু থেকে ফাসিকের কাছে নেতৃত্ব প্রদান বৈধ নয়। যদি সে প্রথমে ন্যায়পরায়ণ থাকে এবং পরে জুলুম করে, তবে তার বিরুদ্ধে বিদ্রোহের ব্যাপারে মতভেদ রয়েছে। সঠিক মত হচ্ছে, বিদ্রোহ না করা; যতক্ষণ না সে কুফরী করে। কুফরী করলে তার বিরুদ্ধে বিদ্রোহ করা ফরজ হয়ে যাবে।" (আল মুলিম শারহু সহীহি মুসলিম: ৩/৫৩)

১২. ইমাম ইবনে বাত্তাল মালেকী রহ. (মৃত্যু ৪৪৯ হি.) এর ফতওয়া :

ইবনে বাত্তাল (রহ.) বলেন :

قال الحافظ في الفتح (٧/١٣) (قال ابن بطال: في الحديث حجة في ترك الخروج على السلطان ولو جار . وقد أجمع الفقهاء على وجوب طاعة السلطان المتغلب والجهاد معه , وأن طاعته خير من الخروج عليه لما في ذلك من حقن الدماء وتسكين الدهماء , وحجتهم هذا الخبر وغيره مما يساعده , ولم يستثنوا من ذلك إلا إذا وقع من السلطان الكفر الصريح , فلا تجوز طاعته في ذلك , بل تجب مجاهدته لمن قدر عليها.

"এই হাদীসই (উবাদা বিন সামেত রাযি. থেকে বর্ণিত হাদীস) প্রমাণ বহন করে, শাসক যদি জুলম করে তথাপি তার বিরুদ্ধে বিদ্রোহ করা থেকে বিরত থাকতে হবে। ফুকাহাগণ একমত পোষণ করেছেন যে, যে ব্যক্তি ক্ষমতার জোরে শাসনের মসনদ দখল করে নিয়েছে তার আনুগত্য করা ও তার সাথে মিলে জিহাদ করা ওয়াজিব। তার বিরুদ্ধে বিদ্রোহের চেয়ে আনুগত্য পোষণই উত্তম। কেননা তাতে রক্ত প্রবাহ বন্ধ হয়। জনসাধারণ স্বস্তি পায়। আর তাদের দলিল হল, উপরোক্ত হাদীসসহ সমার্থবোধক অন্যান্য হাদীস। তবে তারা এ থেকে একটি বিষয়কে পৃথক করেছেন আর তা হল, যখন শাসক থেকে সুস্পষ্ট কুফর প্রকাশ পাবে। তখন আর আনুগত্য বৈধ নয়, বরং সক্ষম ব্যক্তির উপর ওয়াজিব হল তার বিরুদ্ধে জিহাদ করা।

তিনি আরো বলেন–

قال أبو بكرِ بنُ الطَّيِّبِ : **أجمعت الأمةُ أنه يُوجِبُ خَلعَ الإمامِ وسقوطَ فرضِ طاعتِه كفرُه بعد الإيمان، وتركُه إقامةَ الصلاةِ والدعاءَ إليها**، واختلفوا إذا كان فاسقًا ظالمًا غاصبًا للأموال.(معالم السنن، كتاب الأحكام، باب السمع والطاعة للإمام:٨-٢١٥)

"আবু বকর ইবনুত তায়্যিব বলেন– উম্মাহ এ ব্যাপারে একমত যে, ঈমান গ্রহণের পর শাসক কুফরী করলে এবং নামায প্রতিষ্ঠা ও নামাযের দিকে আহ্বান করা ছেড়ে দিলে, তাকে অপসারণ করা ফরজ হয়ে যায় এবং তার আনুগত্যের অপরিহার্যতা শেষ হয়ে যায়।" (মাআলিমুস সুনান, কিতাবুল আহকাম: ৮/২১৫, মাকতাবাতুর রুশদ)

১৩. আল্লামা কুরতূবী মালেকী রহ. (মৃত্যু ৬৫৬ হি.) এর ফতওয়া :

{وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً} [البقرة/٣٠]

[هذه الآية أصل في نصب إمام وخليفة يسمع له ويطاع، لتجتمع به الكلمة، وتنفذ به أحكام الخليفة. ولا خلاف في وجوب ذلك بين الأمة ولا بين الأئمة ... (تفسير القرطبي : ١ / ٢٦٤).

'এমন একজন ইমাম ও খলীফা নিযুক্ত করা জরুরী যার আদেশ শুনা হবে ও যাকে মান্য করা হবে- এ ব্যাপারে এই আয়াতই মূল ভিত্তি, যাতে তার দ্বারা মুসলিমদের ঐক্য বহাল থাকে। খেলাফতের বিধি বিধান প্রতিষ্ঠিত হয়। এ ব্যাপারে উম্মাহ্ ও আইম্মাহ্দের মাঝে কোন দ্বিমত নেই ... (তাফসীরে কুরতুবী)

১৪. ইমাম মাযিরি মালেকী রহ. (মৃত্যু ৫৩৬ হি.) এর ফতওয়া:

"والإمام إذا فسق وجارَ، **فإن كان فسقُه كفرا وجب خَلعُه**، وإن كان ما سواه من المعاصي فمذهبُ أهل السنةِ أنه لا يُخْلَعُ، واحتجُّوْا بظاهر الأحاديث وهي كثيرةٌ". (المعلم شرح صحيح مسلم: ٥٣/٣ تحقيق الشاذلي النيفر).

"ইমাম যখন ফাসেকি ও জুলুম করে, তখন তার ফিসকটা যদি কুফর হয়, তাহলে তাকে অপসারণ করা ফরজ। পক্ষান্তরে সেটা যদি শুধুই গুনাহ হয়, তাহলে আহলে সুন্নাতের মাযহাব হলো তাকে অপসারণ করা হবে না।..." (উমদাতুল ক্বারী শরহু সহীহিল বুখারী, কিতাবুল ফিতান: ৩০/১১০)

১৫. কাযী আবূ ই'য়ালা হাম্বলী রহ. (মৃত্যু ৪৫৮ হি.) এর ফতওয়া:

"إن حدث منه ما يَقْدَحُ في دينه نُظِرَتْ، فإن كَفَرَ بعد إيمانه فقدخَرَجَ عن الإمامة، وهذا لاإشكال فيه، لأنه خَرَجَ عن الملة ووجب قتلُه".

"যদি শাসক থেকে এমন কোনো কাজ সংঘটিত হয়, যা তার দ্বীনকে প্রশ্নবিদ্ধ করে, তাহলে লক্ষ্য করতে হবে; সে যদি ঈমানের পর কুফরী করে,তাহলে ইমামতের দায়িত্ব থেকে সে অপসারিত হয়ে যাবে। এ ব্যাপারে প্রশ্ন উত্থাপনের কোনো সুযোগ নেই। কারণ সে দ্বীন থেকে বের হয়ে গেছে, এবং তাকে হত্যা করা ফরজ সাব্যস্ত হয়ে গেছে।" (আলমুতামাদ ফী-উসূলিদ্দীন, পৃষ্ঠা:২৪৩)

১৬. শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যু ৭২৮ হি.) এর ফতওয়া:

তিনি বলেন–

"فأيما طائفةٍ امتنعت من بعض الصلوات المفروضات، أو الصيام، أو الحج، أو عن التزامِ تحريم الدِّماء، والأموال، والخمر، والزنا، والميسِرِ، أو عن نكاحِ ذوات المحارِمِ، أو عن التزام جهاد الكفار، أو ضربِ الجزية على أهل الكتاب، وغيرِ ذلك من واجبات الدين ومُحرَّماتِه التي لا عُذرَ لأحد في جحودِها وتركِها التي يُكَفَّرُ الجاحدُ لوجوبها، فإن الطائفةَ الممتنِعَةَ تُقَاتَلُ عليها وإن كانت مُقِرَّةً بها، وهذا مما لا أعلمُ فيه خِلافا بين العلماءِ".

"মুসলমানদের কোনো দল যদি কোন ফরজ নামাজ, রোযা, হজ্জ 'আদায় করতে' অস্বীকৃতি জানায়, বা অন্যায় রক্তপাত, অন্যের মাল ভক্ষণ, মদ,জিনা, জুয়া, মাহরামকে বিয়ে করা– ইত্যাদিকে নিজেদের উপর হারাম সাব্যস্ত করতে সম্মত না হয়, বা কাফেরদের বিরুদ্ধে জিহাদকে নিজেদের উপর আবশ্যক করে না নেয়, আহলে কিতাবদের উপর জিযিয়া ধার্যকরা না মানে অথবা এ ধরনের দ্বীনেরএমন আবশ্যকীয় ফরজ বা হারাম বিষয়াবলী মেনে নেয়া থেকে বিরত থাকে, যেগুলোকে অস্বীকার করা বা ছাড়ার ব্যাপারে কোনো ওজর গ্রহণযোগ্য হয় না এবং যার অস্বীকারকারী কাফের বলে বিবেচিত হয়, তবে এইসব আমল পালনে অসম্মত দলের বিরুদ্ধে কিতাল করতে হবে। যদিও তারা এ ইবাদাতগুলোকে স্বীকার করে। এ ব্যাপারে আমার জানামতে উলামায়ে কেরামের মাঝে কোনো দ্বিমত নেই।" (মাজমুউল ফাতাওয়া: ২৮/৫০২)

তিনি আরো বলেন–

"كُلُّ طَائِفَةٍ خَرَجَتْ عَنْ شَرِيعَةٍ مِنْ شَرَائِعِ الْإِسْلَامِ الظَّاهِرَةِ الْمُتَوَاتِرَةِ فَإِنَّهُ يَجِبُ قِتَالُهَا بِاتِّفَاقِ أَئِمَّةِ الْمُسْلِمِينَ؛وَإِنْ تَكَلَّمَتْ بِالشَّهَادَتَيْنِ. فَإِذَا أَقَرُّوا بِالشَّهَادَتَيْنِ وَامْتَنَعُوا عَنْ الصَّلَوَاتِ الْخَمْسِ وَجَبَ قِتَالُهُمْ حَتَّى يُصَلُّوا. وَإِنْ امْتَنَعُوا عَنْ الزَّكَاةِ وَجَبَ قِتَالُهُمْ حَتَّى يُؤَدُّوا الزَّكَاةَ. وَكَذَلِكَ إنْ امْتَنَعُوا عَنْ صِيَامِ شَهْرِ رَمَضَانَ أَوْ حَجِّ الْبَيْتِ الْعَتِيقِ. وَكَذَلِكَ إنْ امْتَنَعُوا عَنْ تَحْرِيمِ الْفَوَاحِشِ أَوْ الزِّنَا أَوْ الْمَيْسِرِ أَوْ الْخَمْرِ أَوْ غَيْرِ ذَلِكَ مِنْ مُحَرَّمَاتِ الشَّرِيعَةِ. وَكَذَلِكَ إنْ امْتَنَعُوا عَنْ الْحُكْمِ فِي الدِّمَاءِ وَالْأَمْوَالِ وَالْأَعْرَاضِ وَالْأَبْضَاعِ وَنَحْوِهَا بِحُكْمِ الْكِتَابِ وَالسُّنَّةِ".

"মুসলমানদের কোনো দল যদি ইসলামী শরীয়তের কোনো একটি স্পষ্ট মোতাওয়াতির বিধান থেকে বের হয়ে যায়, মুসলিম জাতির সকল ইমামের মতে তাদের বিরুদ্ধে কিতাল ফরজ হয়ে যায়; যদিও তারা কালিমায়ে শাহাদাত পাঠ করে। যদি তারা কালিমায়ে শাহাদাত স্বীকার করে, কিন্তু পাঁচ ওয়াক্ত নামাজ আদায় থেকে বিরত থাকে, তাহলে নামাজ আদায়ের পূর্ব পর্যন্ত তাদের বিরুদ্ধে কিতাল করতে হবে। যদি যাকাত প্রদান থেকে বিরত থাকে, তাহলে যাকাত প্রদানের পূর্ব পর্যন্ত তাদের সাথে কিতাল করা ওয়াজিব। একই হুকুম রমজানের রোজা ও হজ্জ্ব আদায় না করলেও প্রযোজ্য। একইভাবে যদি অশ্লীলতা, যিনা, জুয়া, মদ ইত্যাদির মতো হারাম বিষয়গুলোকে হারাম মনে করা থেকে বিরত থাকে। একইভাবে যদি জান, মাল, সম্মান, ইজ্জত-আব্রু ইত্যাদি ক্ষেত্রে কুরআন সুন্নাহ্ দ্বারা বিচার করা থেকে বিরত থাকে তাহলেও তাদের বিরুদ্ধে কিতাল করতে হবে।" (মাজমুউল ফাতাওয়া: ২৮/৫১০)

১৭. আল্লামা শাওকানী রহ.(মৃত্যু ১২৫০ হি.) এর ফতওয়া:

আল্লামা শাওকানী রহ. এ বিষয়ে ইবনুত তীনসহ আরো অনেক উলামায়ে কেরামের বক্তব্য উল্লেখ করার পর হাফেয ইবনে হাজার রহ.-এর বক্তব্য নিয়ে এসেছেন–

"قال في الفتح: وقد أجمع الفقهاءُ على وجوب طاعة السلطان المتغلِّبِ والجهادِ معه، وأن طاعتَه خيرٌ من الخروج عليه لما في ذلك من حَقْنِ الدماء وتسكين الدَّهْماء ولَمَ يستَثْنَوْا

من ذلك إلا إذا وقع من السلطان الكفرُ الصَّريحُ فلا تجوز طاعتُه بل تجبُ مجاهدتُه لمن قَدَرَ عليها."

"ফাতহুল বারীতে এসেছে, জোরপূর্বক ক্ষমতা দখলকারী শাসকের আনুগত্য ও তার সাথে মিলে জিহাদ আবশ্যক হওয়া এবং তার বিরুদ্ধে বিদ্রোহ করার চেয়ে তার আনুগত্য উত্তম হওয়ার ব্যাপারে ফকীহগণ একমত পোষণ করেছেন। কেননা এতে রক্তপাত ও বিশৃঙখলা থেকে বাঁচা যায়। এ বিধান থেকে তারা একটি বিষয়কেই শুধু পৃথক করেছেন, আর তা হলো– শাসক থেকে সুস্পষ্ট কুফর প্রকাশ পাওয়া। তখন আর আনুগত্য বৈধ নয়; বরং সক্ষম ব্যক্তির উপর ফরজ হলো তার বিরুদ্ধে জিহাদ করা।" (নাইলুল আওতার, খণ্ড: ৭, পৃষ্ঠা: ১৯৮, মাকতাবায়ে মুসতাফা হালাবী)

১৮.শায়খ হামদ বিন আতীক নাজদী রহ.(মৃত্যু ১৩০১ হি.) এর ফতওয়া:

قال تعالى: {أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ} وقلت: ومثل هؤلاء ماوقع فيه عامةُ البوادِ او من شابههم من تحكيمِ عاداتِ آبائِهم وما وَضَعَه أوائلُهُم من الموضوعات الملعونةِ التي يُسَمُّونَها "شرح الرِّفاقة" يُقَدِّمُونها على كتاب الله وسنة رسولِه، ومن فعل ذلك فإنه كافرٌ يجب قتالُه حتى يَرْجِعَ إلى حكمِ الله ورسولِه.

"আল্লাহ তাআলা বলেন– 'তারা কি তাহলে জাহিলিয়্যাতের বিধান কামনা করে?' আমি বলি, আয়াতে উল্লেখিত ব্যক্তিদের অবস্থার মতোই হলো বর্তমান অধিকাংশ বেদুঈন ও তাদের সদৃশ অন্যান্যদের অবস্থা। অর্থাৎ যারা বিচার ফায়সালা করে তাদের বাপ-দাদার রীতি-নীতি অনুযায়ী এবং তাদের পূর্ব পুরুষ কর্তৃক বানানো, অভিশপ্ত নিয়ম নীতি দিয়ে। যার নাম তারা রেখেছে 'আর-রিফাক্বাহ'। তারা সেটিকে কিতাবুল্লাহ ও সুন্নাহ্-র উপর প্রাধান্য দেয়। আর যে ব্যক্তিই এধরনের কাজ করবে নিশ্চয় সে কাফের। তার বিরুদ্ধে কিতাল ফরজ; যতক্ষণ না সে আল্লাহ তাআলা ও তাঁর রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিধানের দিকে ফিরে আসে।" (মাজমুয়াতুত তাওহীদ, পৃষ্ঠা: ৩০৬)

কিয়াস থেকে দলীল

এক. সাহাবায়ে কেরামের ইজমা থেকে কিয়াস

সাহাবায়ে কেরামের ইজমা

আবূ বকর সিদ্দীক (রাদি:) এর সীরাতের উপর দৃষ্টি দিন। ঐাকাত আদায়ে অস্বীকৃতি প্রদান কারীদের বিরুদ্ধে তার আচারণ কিরূপ ছিল। যারা ইসলামকে পরিপূর্ণ রূপে স্বীকার করে নিয়েছিল। বাহ্যিক ও আত্মিক উভয় দিক থেকে তা পালন করছিল। তারা আল্লাহ তাআলার বিধানসমূহ থেকে শুধু একটি বিধান আদায়ে অস্বীকৃতি জানিয়ে ছিল। আর তারা এটি করেছিল একটি দলীল, একটি সংশয়ের উপর ভিত্তি করে। এর স্বপক্ষে তারা কুরআন থেকে দলীল পেশ করছিল। তথাপি আবূ বকর রাযি. তাদেরকে তাদের অবস্থার উপর ছড়ে দেননি, বলেননি, আমরা তাদেরকে অবকাশ দেই যাতে এক দিন তারা ইসলামী বিধানের দিকে ফিরে আসে। বরং তিনি তাদের বিরুদ্ধে তরবারী কোষমুক্ত করে ছিলেন, তাদের গর্দানে আঘাত করে ছিলেন। তাদের উপর আক্রমণ করে ছিলেন, তাদেরকে হত্য করেছিলেন, তাদের স্ত্রী সন্তানদেরকে বন্দি করে ছিলেন। যতক্ষণন না তারা পূর্ণরূপে ইসলামকে মেনে নেয়। আল্লাহ তাআলার সকল বিধানের সামনে আত্মসমার্পণ করে।

فعن أبي هريرة قال: لما توفي النبي ﷺ واستخلف أبو بكر وكفر من كفر من العرب قال عمر: يا أبا بكر كيف تقاتل الناس وقد قال رسول الله ﷺ : [أمرت أن أقاتل الناس حتى يقولوا لا إله إلا الله، فمن قال لا إله إلا الله عصم مني ماله ونفسه إلا بحقه وحسابه على الله] قال أبو بكر: والله لأقاتلن من فرق بين الصلاة والزكاة، فإن الزكاة حق المال، والله لو منعوني عناقا كانوا يؤدونها إلى رسول الله ﷺ لقاتلتهم على منعه، قال عمر : فوالله ما هو إلا أن رأيت أن قد شرح الله صدر أبي بكر للقتال فعرفت أنه الحق. متفق عليه.

‘আবূ হুরায়রা (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইন্তেকাল করলেন, আবূ বাকর (রাযি.) খেলাফতের দায়িত্ব গ্রহণ করলেন এ সময় আরবের আনেক ব্যক্তি কুফরী করলো। তখন উমর (রাযি.) বললেন, হে আবূ বকর আপনি মানুষদের সাথে কিভাবে কিতাল করবেন? অথচ রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: আমাকে আদেশ দেয়া হয়েছে, যাতে আমি মানুষদের সাথে ততক্ষণ পর্যন্ত কিতাল করি যতক্ষণ না তারা বলে লা-ইলাহা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই)। আর যে ব্যক্তি লা- ইলাহা ইল্লাল্লাহ বলবে সে তার মাল ও জানকে আমার কাছ থেকে নিরাপদ করে নেবে তবে তার হকের কারণে, আর তার হিসাব আল্লাহ তাআলার কাছে ন্যাস্ত। আবূ বাকর (রাযি.)

বললেন:আল্লাহর শপথ অবশ্যই আমি এমন ব্যক্তির বিরুদ্ধে কিতাল করবো যে নামায ও যাকাতের মাঝে পার্থক্য করবে। কেননা যাকাত হল মালের হক্ব। আল্লাহর শপথ তারা যদি এমন একটি ছাগল ছানা দেয়া পর্যন্ত বিরত থাকে যা তারা রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রদান করতো, তাহলে এই বিরত থাকার কারনে অবশ্যই আমি তাদের বিরুদ্ধে কিতাল করব। উমর (রাযি.) বললেন, আল্লাহর শপথ আমি প্রত্যক্ষ করেছি এটি একারণে হয়েছে যে আল্লাহ তাআলা কিতালের ব্যাপারে আবূ বকর (রাযি.) এর বক্ষকে উন্মোচন করে দিয়েছিলেন। আর আমিও বুঝতে পেরেছি যে এ সিদ্ধান্তই হক্ব।" বুখারী ও মুসলিম।

ইমাম নববী (রহ:) উক্ত হাদীসের আলোকে বলেন:

[وفيه وجوب قتال ما نعى الزكاة أو الصلاة أو غيرهما من واجبات الاسلام قليلا كان أو كثيرا لقوله رضى الله عنه لو منعونى عقالا أو عناقا](شرح النووي على مسلم : ١ / ٢١٢).

"এহাদীস দ্বারা একথা প্রমাণিত হয় যে, মুসলিমদাবীদার কোনো দল যদি যাকাত, নামায অথবা অন্য কোন ওয়াজিব আদায় করা থেকে বিরত থাকে চাই কম হোক কিনবা বেশি, তাদের বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব।" শরহে নববী:১/২১২)

আল্লাহ তাআলার বাণী:

{خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ إِنَّ صَلَاتَكَ سَكَنٌ لَهُمْ}

"আপনি তাদের মালামাল থেকে যাকাত গ্রহণ করুন যাতে আপনি এর দ্বারা তাদেরকে পবিত্র ও পরিশুদ্ধ করতে পারেন। আপনি তাদের মাগফিরাতের দুআ করুন, নিশ্চয়ই আপনার দুআ তাদের জন্য প্রশান্তি দায়ক" (সূরা:তাওবা, আয়াত:১০৩)

এই আয়াতের ব্যখ্যায় আল্লামা ইবনে কাছীর (রহ:) বলেন:

ولهذا اعتقد بعض مانعي الزكاة من أحياء العرب أن دفع الزكاة إلى الإمام لا يكون، وإنما كان هذا خاصًا برسول الله ﷺ؛ ولهذا احتجوا بقوله تعالى: {خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ إِنَّ صَلَاتَكَ سَكَنٌ لَهُمْ} وقد رَدَّ عليهم هذا التأويل والفهم الفاسد الصديق أبو بكر وسائر الصحابة، وقاتلوهم حتى أدوا الزكاة إلى الخليفة، كما كانوا يُؤدونها إلى رسول الله ﷺ، حتى قال الصديق: والله لو منعوني عِقالا -وفي رواية: عَنَاقًا -يُؤدُّونه إلى رسول الله ﷺ لأقاتلنهم على منعه.](تفسير ابن كثير : ٤ / ٢٠٧)

“আয়াতের মধ্যে যেহেতু নবীজীকে সা. যাকাত গ্রহণের হুকুম দেয়া হয়েছে, তাই একারণে আরব কবীলাগুলোর মধ্য থেকে যাকাত প্রদানে অসম্মতি জ্ঞাপনকারী কিছু ব্যক্তির অভিমত ছিল “খলীফাকে যাকাত প্রদান করতে হবে না। বরং এটি রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এর জন্য খাস ছিল”। আর এর স্বপক্ষে তারা আল্লাহ তাআলার বাণী দিয়ে দলীল পেশ করেছিল: **আপনি তাদের মালামাল থেকে যাকাত গ্রহণ করুন যাতে আপনি এর দ্বারা তাদেরকে পবিত্র ও পরিশুদ্ধ করতে পারেন।। আর আপনি তাদের জন্য দোয়া করুন, নিঃসন্দেহ আপনার দোয়া তাদের জন্য সান্ত্বনা স্বরূপ।** আবূ বাকর (রাদি:) ও সকল সাহাবায়ে কেরাম তাদের এই ব্যাখ্যা ও ভ্রান্ত চিন্তা-ধারা খণ্ডন করেন। তাদের বিরুদ্ধে কিতাল করেন যতক্ষণ না তারা খলীফাকে যাকাত প্রদান করে যেমন তারা রাসূল সল্লাল্লাহু আরাইহি ওয়া সল্লামকে প্রদান করতো। এমনকি আবূ বকর (রাযি.) ঘোষণা প্রদান করেন: যদি তারা আমাকে লাগামটি পর্যন্ত প্রদান করা থেকে বিরত থাকে (অপর রেওয়াতে এসেছে একটি ছাগল ছানা) যা তারা রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রদান করতো সেটি প্রদানে বিরত থাকার কারণে অবশ্য অবশ্যই আমি তাদের বিরুদ্ধে কিতাল করবো। (তাফসীরে ইবনে কাছীর, খণ্ড:৪, পৃষ্টা:২৭০)

কিয়াস: সাহাবায়ে কেরাম ইজমার ভিত্তিতে এমন ব্যক্তিদের বিরুদ্ধে কিতাল করে ছিলেন যারা ইসলামের সকল বিধান মেনে নিয়েছিল, সকল বিধান পালন করছিল শুধুমাত্র একটি বিধান তথা যাকাত আদায় করতে অস্বিকৃতী জানিয়ে ছিল, রাষ্ট্রীয় কোষাগারে যাকাত প্রদান করতে অস্বীকার করেছিল। এমন ব্যক্তিদের বিরুদ্ধে যদি কিতাল করা ওয়াজিব হয়, তাহলে যারা ইসলামের পরিবর্তে কুফরকে গ্রহণ করবে, ইসলামী বিধি-বিধান শুধু নিজেরাই আদায় করা থেকে বিরত থাকে এমনটি নয় বরং এর বিরুদ্ধে আইন পাশ করে রাষ্ট্রীয়ভাবে সে গুলোকে অকার্যকর করে রাখে। মুসলিমদেরকে আল্লাহর বিধান আদায়ে বাধাঁ প্রদান করে। তাদের বিরুদ্ধে কিতাল করা সামর্থবান মুসলিমদের উপর যে ওয়াজিব সে ব্যপারে বিন্দুমাত্র সংশয় থাকতে পারে না।

দুই. ফুকাহায়ে কেরামের ইজমা থেকে কিয়াস।

ফুকাহায়ে কেরামের ইজমা

মুসলিমদের কোন দল ইসলামের আকাট্য ও গুরুত্বপূর্ণ বিধানাবলীর কোন একটি যদি প্রকাশ্যভাবে ছেড়ে দেয়, তাহলে তাদের বিরুদ্ধে কিতালের ব্যাপারে ফকীহগণ একমত পোষণ করেছেন।

সুদ গ্রহণকারীদের বিরুদ্ধে কিতালের ব্যাপারে ফুকাহাগণের অভিমত:

মহান আল্লাহ তাআলা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ . فَإِنْ لَمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَإِنْ تُبْتُمْ فَلَكُمْ رُءُوسُ أَمْوَالِكُمْ لَا تَظْلِمُونَ وَلَا تُظْلَمُونَ [البقرة/٢٧٨- ٢٧٩]

“হে ঈমানদারগণ, তোমরা আল্লাহকে ভয় কর এবং সুদের যে সমস্ত বকেয়া আছে, তা পরিত্যাগ কর, যদি তোমরা ঈমানদার হয়ে থাক। আর যদি তোমরা পরিত্যাগ না কর, তাহলে আল্লাহ ও তার রাসূলের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা কর। কিন্তু যদি তোমরা তওবা কর, তাহলে নিজেদের মূলধন পেয়ে যাবে। তোমরা কারও প্রতি অত্যাচার করো না এবং তোমাদের প্রতিও কেউ অত্যাচার করবে না। (সূরা- বাকারা, আয়াত:২৭৮/২৭৯)

আল্লামা খাযেন (রহ:) উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন:

[قال أهل المعاني : حرب الله النار وحرب رسوله السيف واختلفوا في معنى هذه المحاربة فقيل المراد بها المبالغة في الوعيد والتهديد دون نفس الحرب ، وقيل : بل المراد منه نفس الحرب وذلك أن من أصر على أكل الربا وعلم به الإمام قبض عليه وأجرى فيه حكم الله من التعزير والحبس إلى أن تظهر منه التوبة، وإن كان آكل الربا ذا شوكة وصاحب عسكر حاربه الإمام كما يحارب الفئة الباغية، قال ابن عباس : من كان مقيماً على أكل الربا لا ينزع عنه فحق على إمام المسلمين أن يستتيبه فإن نزع أي تاب وإلاّ ضرب عنقه](تفسير الخازن : ١ / ٣١٦]

“মুফাসসিরগণ বলেছেন, আল্লাহর সাথে যুদ্ধ দ্বারা উদ্দেশ্য হল জাহান্নাম আর রাসুলের সাথে যুদ্ধ দ্বারা উদ্দেশ্য হল তরবারী। তারা এ যুদ্ধের অর্থের ব্যপারে ভিন্ন ভিন্ন মত ব্যক্ত করেছেন, বলা হয়েছে এখানে যুদ্ধ দ্বারা লড়াই উদ্দেশ্য নেয়া হয়নি, চরমভাবে ধমক দেয়া হয়েছে ও সতর্ক করা হয়েছে। এটিও বলা হয় এখানে যুদ্ধ দ্বারা লড়াইকেই উদ্দেশ্য নেয়া হয়েছে। আর সেটি ঐ ক্ষেত্রে, যদি কেউ সুদ খেতে থাকে আর খলীফা তার ব্যাপারে জানতে পারে, তাহলে তাকে গ্রেফতার করবে অতঃপর সে তওবা করার আগ-পর্যন্ত তার উপর আল্লাহ তাআলার বিধান জারি করবে অর্থাৎ শাস্তি প্রদান করবে, আটকে রাখবে। আর যদি সুদ গ্রহণকারী শক্তি ধর হয়, সামরিক শক্তির অধিকারী হয়। তাহলে ইমাম তার বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করবে যেমনটি করে থাকে বাগীদের বিরুদ্ধে। ইবনে আব্বাস (রাযি.) বলেন: যে ব্যক্তি সুদ খেতে অভ্যস্ত, তা থেকে বিরত থাকে না। মুসলিম খলীফার দায়িত্ব হল তাকে তওবা করার আদেশ দেওয়া যাতে সে বিরত থাকে অর্থাৎ তওবা করে। আর যদি বিরত না

থাকে তাহলে দেহ থেকে তার মস্তক দ্বি-খণ্ডিত করে দেবে।" (তাফসীরুল খাযেন:১/৩১৬)

ইমাম কুরতুবী (রহ:) বলেন:

[وقال ابن خويز منداد: ولو أن أهل بلد اصطلحوا على الربا استحلالاً كانوا مرتدين، والحكم فيهم كالحكم في أهل الردة، وإن لم يكن ذلك منهم استحلالاً جاز للإمام محاربتهم، ألا ترى أن الله تعالى قد أذن في ذلك فقال: " فأذنوا بحرب من الله ورسوله".](تفسير القرطبي : ٣ / ٣٦٤).

"ইবনে খুওয়াইজ (রহ:) বলেন, কোন শহরের মানুষ যদি সুদকে হালাল মনে করে সুদি কারবার করতে থাকে, তাহলে তারা মুরতাদ হয়ে যাবে, তাদের ক্ষেত্রে মুরতাদের হুকুম প্রযোজ্য হবে। আর যদি তারা হালাল হিসাবে এমনটি না করে, তথাপি ইমামের জন্য বৈধ হল তাদের বিরুদ্ধে যুদ্ধ করা। তুমি কি লক্ষ্য কর না আল্লাহ তাআলা এ ক্ষেত্রে যুদ্ধের অনুমতি দিয়ে দিয়েছেন। তিনি বলেছেন, আর যদি তোমরা পরিত্যাগ না করো, তাহলে আল্লাহ ও তার রাসূলের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা কর। (সূরা- বাকারা, আয়াত:২৭৮/২৭৯)

আল্লামা জাস্‌সাস (রহ:) বলেন:

আল্লামা জাসসাস (রহ:) এর উপর আল্লাহ তাআলা রহমত বর্ষণ করুন। তিনি পূর্ণ স্পষ্ট রূপে আয়াতটি ব্যাখ্যা করেছেন। তিনি বলেন:

{فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ} إخبار منه بعظم معصيته وأنه يستحق بها المحاربة عليها وإن لم يكن كافرا وكان ممتنعا على الإمام، فإن لم يكن ممتنعا عاقبه الإمام بمقدار ما يستحقه من التعزير والردع، وكذلك ينبغي أن يكون حكم سائر المعاصي التي أوعد الله عليها العقاب إذا أصر الإنسان عليها وجاهر بها، وإن كان ممتنعا حورب عليها هو ومتبعوه وقوتلوا حتى ينتهوا، وإن كانوا غير ممتنعين عاقبهم الإمام بمقدار ما يرى من العقوبة.

"আল্লাহ তাআলার বাণী: আর যদি তোমরা সুদী কারবার পরিত্যাগ না কর, তবে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে যুদ্ধ ঘোষণা কর। (সূরা: বাকারা, আয়াত:২৭৯) আল্লাহ তাআলা অত্র আয়াতে সুদী কারবারীর অপরাধের গুরুতরতা সম্মর্পকে অবগত করছেন, আর একথাও বলছেন, এই অপরাধের কারণে তার বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করতে হবে যদি সে ইমামের বিরুদ্ধে সামরিক শক্তির অধিকারী হয়ে থাকে। আর যদি তার কোনো সামরিক শক্তি না থাকে, তাহলে তার অপরাধ অনুযায়ী সে যতটুকু শাস্তির উপযুক্ত ইমাম তাকে ততটুকু শাস্তিই প্রদান করবেন। একই হুকুম প্রযোজ্য হবে এমন সকল পাপের ক্ষেত্রে যার ব্যপারে আল্লাহ তাআলা শাস্তির ঘোষণা দিয়েছেন, যদি লোকেরা সেগুলো অব্যাহত ও প্রকাশ্যভাবে করতে থাকে। আর যদি কেউ একটি বিধান

মেনে নেয়া থেকে বিরত থাকে তাহলে তার বিরুদ্ধে ও তার অনুসারীদের বিরুদ্ধে যুদ্ধ করা হবে। তারা বিরত হওয়ার আগপর্যন্ত তাদের বিরুদ্ধে কিতাল পরিচালনা করা হবে। আর যদি বিধানটি মেনে নিতে অসম্মতি না জানায় তাহলে ইমাম যতটুকু ভালো মনে করে তাকে শাস্তি প্রদান করবে।

তিনি আরো বলেন:

فالمقيم على أكل الربا إن كان مستحلا له فهو كافر، وإن كان ممتنعا بجماعة تعضده سار فيهم الإمام بسيرته في أهل الردة إن كانوا قبل ذلك من جملة أهل الملة، وإن اعترفوا بتحريمه وفعلوه غير مستحلين له قاتلهم الإمام إن كانوا ممتنعين حتى يتوبوا، وإن لم يكونوا ممتنعين ردعهم عن ذلك بالضرب والحبس حتى ينتهوا.](أحكام القرآن للجصاص :١ / ٥٧٢).

"সুদ গ্রহণকারী যদি হালাল মনে করে সুদ গ্রহণ করে তাহলে সে কাফের, আর যদি সুদগ্রহিতা এমন সামরিক শক্তিধর দলের অধিকারী হয়, যারা তাকে সহযোগিতা করে, আর তারা ইতি পূর্বে মুসলিদের অন্তর্ভুক্ত থেকে থাকে, তাহলে ইমাম তাদের সাথে সে আচারণই করবে যা করা হয় মুরতাদদের ক্ষেত্রে। আর যদি তারা মুখে তা হারাম বলে স্বীকার করে এবং হালাল মনে না করেই তা সম্পদন করে, সাথে সাথে যদি তারা সামরিক শক্তিধর হয়, তাহলে ইমাম তাদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করবে যতক্ষণ না তারা তাওবা করে। আর যদি তাদের সামরিক শক্তি না থাকে, তাহলে ইমাম তাদেরকে পিটুনি, কারাদণ্ড ইত্যাদির মাধ্যমে সুদ গ্রহণ থেকে বিরত রাখার চেষ্টা করবে, তাওবা করার পূর্বপর্যন্ত।" (আহকামুল কুরআন, জাস্‌সাস:১/৫৭২)

সূদী ব্যাংকের প্রতিষ্ঠাতা, পরিচালক ও কর্মকর্তাদের হুকুম

উপরে উল্লেখিত আয়াত ও আয়াতের ব্যাখ্যা দ্বারা একথা স্পষ্টভাবে প্রমাণিত হয় যে, যারা সুদকে বৈধ মনে করবে এবং সুদী কারবারকে বৈধ মনে করেই সুদী ব্যাংক, বীমা, প্রতিষ্ঠা করবে, পরিচালনা করবে এবং এর বিভিন্ন দায়িত্ব আঞ্জাম দিবে, তারা কাফের হয়ে যাবে। এমনিভাবে সাধারণ মানুষের মধ্যেও যারা সুদী কারবারকে হালাল মনে করবে, তারাও কাফের হয়ে যাবে। তাওবা করে নতুনভাবে ঈমান আনা ব্যতীত তারা আখেরাতে মুক্তি পাবে না।

কর/ ভ্যাট গ্রহণকারী শাসকদের ব্যাপারে জাস্‌সাস (রহ:) এর অভিমত:

যে সমস্ত জালিম শাসক মুসলিমদের থেকে কর গ্রহণ করে তাদের হুকুম বর্ণনা করে আল্লামা জাস্সাস {রহ:} বলেন:

وكذلك حكم من يأخذ أموال الناس من المتسلطين الظلمة وآخذي الضرائب واجب على كل المسلمين قتالهم وقتلهم إذا كانوا ممتنعين، وهؤلاء أعظم جرما من آكلي الربا لانتهاكهم حرمة النهي وحرمة المسلمين جميعا، وآكل الربا إنما انتهك حرمة الله تعالى في أخذ الربا ولم ينتهك لمن يعطيه ذلك حرمة; لأنه أعطاه بطيبة نفسه، وآخذو الضرائب في معنى قطاع الطريق المنتهكين لحرمة نهي الله تعالى وحرمة المسلمين; إذ كانوا يأخذونه جبرا وقهرا لا على تأويل ولا شبهة، فجائز لمن علم من المسلمين إصرار هؤلاء على ما هم عليه من أخذ أموال الناس على وجه الضريبة أن يقتلهم كيف أمكنه قتلهم، وكذلك أتباعهم وأعوانهم الذين بهم يقومون على أخذ الأموال...

"একই ভাবে অন্যায় ক্ষমতার অধিকারী যে সমস্ত জালিমরা নিরীহ জনতার সম্পদ দখল করে, তাদের থেকে কর/ভ্যাট গ্রহণ করে তাদের ক্ষেত্রেও একই হুকুম প্রযোজ্য হবে। যদি তারা সামরিক শক্তির অধিকারী হয়, তাহলে প্রতিটি মুসলিমের উপর ওয়াজিব হয়ে যাবে তাদের বিরুদ্ধে কিতাল করা ও তাদেরকে হত্যা করা। এরা সুদ গ্রহণকারীদের চেয়েও জঘণ্য অপরাধী। কেননা এরা আল্লাহ তাআলার বিধান লংঘন করেছে এবং মুসলিমদের অধিকারও নষ্ট করেছে। আর সুদ গ্রহণকারী সুদ গ্রহণ করে আল্লাহর আদেশের অসম্মান করেছে, তবে যার থেকে সে গ্রহণ করেছে তার হক নষ্ট করেনি, কেননা সেতো তা স্ব-ইচ্ছায় প্রদান করেছে। কর গ্রহণকারী এ ক্ষেত্রে ডাকাতদের ন্যায়, সে এক দিকে আল্লাহ তাআলার বিধান লংঘন করছে, অপর দিকে কোনো ব্যাখ্যা বা সংশয় ছাড়াই অন্যায়ভাবে শক্তি খাটিয়ে কর গ্রহণ করছে। অতএব, যে মুসলিমই জানতে পারবে যে, কিছুলোক অন্যায়ভাবে অনবরত মানুষের সম্পদ কর হিসাবে গ্রহণ করছে তার জন্যই জায়েয হবে, যেভাবেই হত্যা করা সম্ভব তাকে হত্যা করে ফেলা। একইভাবে তার অনুসারী ও যাদের মাধ্যমে তারা কর গ্রহণের কাজ সম্পাদন করে থাকে তাদেরকেও সুযোগ বুঝে হত্যা করা জায়েয।" (আহকামুল কুরআন, জাস্সাস:১/৫৭৩)

নামায রোযাসহ আন্যান্য ফরয হুকুম পরিত্যাগকারীদের ব্যাপারে ফুকাহায়ে কেরামের অভিমত:

মহান আল্লাহ তাআলা বলেন:

....

وقال تعالى:{فَإِذَا انْسَلَخَ الْأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ} [التوبة/٥]،

"অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানেই তাদেরকে পাও, আর তাদেরকে বন্দী কর ও অবরোধ কর এবং প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক। কিন্তু যদি তারা তওবা করে, নামায কায়েম করে, যাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয়ই আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।" (সূরা:তাওবা, আয়াত:৫)

আল্লাহ তাআলা উক্ত আয়াতে তার মুমিন বান্দাদেরকে আদেশ দিয়েছেন তারা যাতে মুশরিকদেরকে যেখান পায় হত্যা করে তবে তিনটি শর্তে তাদেরকে নিস্তার দেয়া হবে, এক.যদি তারা তাওবা করে তথা ইসলাম গ্রহণ করে, দুই. নামায কায়েম করে, তিন.যাকাত আদায় করে।

আল্লামা ইবনে কাছীর (রহ:) বলেন:

ولهذا اعتمد الصديق، رضي الله عنه، في قتال مانعي الزكاة على هذه الآية الكريمة وأمثالها، حيث حرمت قتالهم بشرط هذه الأفعال، وهي الدخول في الإسلام، والقيام بأداء واجباته. ونبه بأعلاها على أدناها، فإن أشرف الأركان بعد الشهادة الصلاة، التي هي حق الله، عز وجل،

وبعدها أداء الزكاة التي هي نفع متعد إلى الفقراء والمحاويج، وهي أشرف الأفعال المتعلقة بالمخلوقين؛ ولهذا كثيرا ما يقرن الله بين الصلاة والزكاة، وقد جاء في الصحيحين عن ابن عمر، رضي الله عنهما، عن رسول الله ﷺ أنه قال: "أمرت أن أقاتل الناس حتى يشهدوا أن لا إله إلا الله وأن محمدًا رسول الله، ويقيموا الصلاة، ويؤتوا الزكاة" الحديث.](تفسير ابن كثير : ٤ / ١١١).

"এ কারণেই আবূ বকর সিদ্দীক [রাযি.] যাকাত দানে অস্বীকারকারীদের বিরুদ্ধে কিতালের আনুমতি প্রদান করেছিলেন। এ আয়াত ও এ ধরনের অন্যান্য আয়াতের উপর ভিত্তি করেই তিনি এমনটি বলেছিলেন। আয়াতে উল্লেখিত আমলগুলো কারো থেকে পাওয়া যাওয়ার শর্তেই তার বিরুদ্ধে কিতাল নিষিদ্ধ হবে। অর্থাৎ ইসলামে প্রবেশ করা ও ইসলামের জরুরী বিষয়গুলো আদায় করার শর্তে কিতাল নিষিদ্ধ হবে। আল্লাহ তাআলা এই আয়াতের মধ্যে সর্বোচ্চ ওয়াজিবগুলোর মাধ্যমে অন্যান্য ওয়াজিবগুলোর ব্যাপারে সর্তক করেছেন। কেননা কালিমায়ে শাহাদাতের পর সর্বোত্তম ইবাদাত হল নামায। আর এটি আল্লাহ তাআলার হক্ব। আর এর পরে হল যাকাত, যার দ্বারা দরিদ্র ও

অভাবীরা উপকৃত হয়। আর এটি মাখলুকের সাথে সম্পির্কত সর্বোত্তম ইবাদাত। আর এ কারণেই অনেক স্থানেই নামায ও যাকাতকে এক সাথে উল্লেখ করা হয়েছে। সহীহাইনে এসেছে ইবনে উমর (রাদি:) রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন: আমি আদিষ্ট হয়েছি, ততক্ষণ যাতে আমি মানুষদের সাথে কিতাল চালিয়ে যাই যতক্ষণ না তারা সাক্ষ্য দেয়, আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই আর মুহাম্মাদ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ তাআলার রাসূল। এবং তারা নামায কায়েম করে ও যাকাত আদায় করে।" (ইবনে কাসীর:৪/১১১)

আল্লামা সা'দী (রহ:) বলেন:

[وفي هذه الآية، دليل على أن من امتنع من أداء الصلاة أو الزكاة، فإنه يقاتل حتى يؤديهما، كما استدل بذلك أبو بكر الصديق رضي الله عنه] (تفسير السعدي : ١ / ٣٢٩]

"আর এ আয়াতই প্রমাণ করে, যে ব্যক্তি নামায বা যাকাত আদায় থেকে বিরত থাকবে তার বিরুদ্ধে কিতাল করা হবে যতক্ষণ না সে তা আদায় করে। যেমনটি আবূ বাকর (রাযি.) এর দ্বারা দলীল পেশ করেছিলেন। " (তাফসীরে সাদী:১/৩২৯)

আল্লামা ইবনুল আরাবী {রহ:} বলেন:

[فَقَدْ اتَّفَقَتْ الْأُمَّةُ عَلَى أَنْ مَنْ يَفْعَلُ الْمَعْصِيَةَ يُحَارَبُ ، كَمَا لَوْ اتَّفَقَ أَهْلُ بَلَدٍ عَلَى الْعَمَلِ بِالرِّبَا ، وَعَلَى تَرْكِ الْجُمُعَةِ وَالْجَمَاعَةِ.](أحكام القرآن : ٢ / ١٣٤).

"উম্মাহ এ ব্যাপারে একমত পোষণ করেছে যে, যারা পাপ করবে তাদের বিরুদ্ধে যুদ্ধ করা হবে। যেমন কোন শহরবাসী যদি সুদী লেনদেনের ব্যাপারে একমত পোষণ করে অথবা জুম'আ ও জামাত তরকের ব্যাপারে একমত পোষণ করে। তাহলে তাদের বিরুদ্ধে যুদ্ধ করা হবে।" (আহকামুল কুরআন জাসসাস:২/১৩৪)

ইমাম মালেক (রহ:) বলেন:

[الأمر عندنا أن كل من منع فريضة من فرائض الله عز وجل فلم يستطع المسلمون أخذها كان حقا عليهم جهاده حتى يأخذوها منه](الموطأ : ٣٨٠٩/٢).

"আমাদের সিদ্ধান্ত হল, যে ব্যক্তি আল্লাহ তাআলার ফরীজাহ সমূহের মধ্য থেকে কোন একটি ফরীজার ব্যাপারে অসম্মতি জ্ঞাপন করে, ফলে মুসলিমরা তার থেকে তা গ্রহণ করতে সক্ষম হয় না, তাহলে মুসলিমদের দায়িত্ব হয়ে

যায় তার বিরুদ্ধে জিহাদ করা, যতক্ষণ না তার থেকে তা আদায় করা সম্ভব হয়।" (মুআত্তা:২/৩৮০৯)

ইমাম ইবনে তাইমিয়া {রহ:} বলেন:

كل طائفة خرجت عن شريعة من شرائع الإسلام الظاهرة المتواترة فإنه يجب قتالها باتفاق أئمة المسلمين ، وإن تكلمت بالشهادتين. فإذا أقروا بالشهادتين وامتنعوا عن الصلوات الخمس وجب قتالهم حتى يصلوا .

"মুসলিমদের কোন দল যদি ইসলামী শরীয়তের কোন একটি স্পষ্ট মোতাওয়াতির বিধান পালন থেকে বিরত থাকে মুসলিম জাতির সকল ইমামের মতানুসারে তাদের বিরুদ্ধে কিতাল ওয়াজিব যদিও তারা কালিমায়ে শাহাদাত পাঠ করে। যদি তারা কালিমায়ে শাহাদাত পাঠ করে কিন্তু পাঁচ ওয়াক্ত নামায আদায় না করে তাহলে নামায আদায়ের পূর্বপর্যন্ত তাদের বিরুদ্ধে কিতাল করতে হবে। "(মাজমূআতুল ফাতাওয়া:২৮/৫০২)

ইমাম আবূ ইউসুফ (রহ:) বলেন:

إذا امتنعوا عن إقامة الفرض، نحو صلاة الجمعة وسائر الفرائض وأداء الزكاة يقاتلون، ولو امتنع واحد ضربته، وأما السنن نحو صلاة العيد، وصلاة الجماعة والأذان فإني آمرهم وأضربهم ولا أقاتلهم لتقع التفرقة بين الفرائض والسنن.

"যদি কোন সম্প্রদায় ফরয আদায় ছেড়ে দেয়, যেমন জুমআ ও অন্যান্য সকল ফরয নামায অথবা যাকাত আদায় ছেড়ে দেয়, তাহলে তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে হবে। আর যদি কোন একজন ছেড়ে দেয় তাহলে আমি তাকে প্রহার করবো। আর সুন্নতসমূহ যেমন, ঈদের নামায ও নামাযের জামাআত, আযান, {যদি ছেড়ে দেয়} তাহলে আমি তাদেরকে এসব আদায়ের আদেশ দেবো ও প্রহার করবো, তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো না, যাতে ফরয ও সুন্নতসমূহের মাঝে পার্থক্য বিদ্যমান থাকে। " (আল মুহীতুল বুরহানী:১/৬০)

ইমাম মুহাম্মাদ (রহ:) বলেন:

إذا اجتمع أهل بلدة على ترك الأذان قاتلناهم، ولو ترك واحد ضربته وحبسته، وكذلك سائر السنن .

"যদি কোন শহরের অধিবাসীরা আযান ছেড়ে দেয়ার ব্যাপারে একমত পোষণ করে তাহলে আমরা তাদের বিরুদ্ধে কিতাল করবো। আর যদি কোন একজন ছেড়ে দেয় আমি তাকে প্রহার করবো ও গ্রেফতার করে রাখবো। একই হুকুম অন্যান্য সকল সুন্নতের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।" (আল মুহীতুল বুরহানী:১/৫৩)

আল্লামা জাস্‌সাস (রহঃ) বলেন:

وقد كان أبو بكر رضي الله عنه قاتل مانعي الزكاة لموافقة من الصحابة إياه على شيئين أحدهما الكفر والآخر منع الزكاة وذلك لأنهم امتنعوا من قبول فرض الزكاة ومن أدائها فانتظموا به معنيين أحدهما الامتناع من قبول أمر الله تعالى وذلك كفر والآخر الامتناع من أداء الصدقات المفروضة في أموالهم إلى الإمام فكان قتاله إياهم للأمرين جميعا ولذلك قال لو منعوني عقالا وفي بعض الأخبار عناقا مما كانوا يؤدونه إلى رسول الله ص - لقاتلتهم عليه فإنما قلنا أنهم كانوا كفارا ممتنعين من قبول فرض الزكاة لأن الصحابة سموهم أهل الردة وهذه السمة لازمة لهم إلى يومنا هذا وكانوا سبوا نساءهم وذراريهم ولو لم يكونوا مرتدين لما سار فيهم هذه السيرة وذلك شيء لم يختلف فيه الصدر الأول ولا من بعدهم من المسلمين أعني في أن القوم الذين قاتلهم أبو بكر كانوا أهل الردة.(أحكام القرآن للجصاص :١ / ٥٧٢).

“আবূ বকর (রাযি.) সাহাবায়ে কেরামের ঐক্যমতে যাকাত প্রদানে অস্বিকৃতী জ্ঞাপন কারীদের বিরুদ্ধে দু‘টি বিষয়ের উপর ভিত্তি করে কিতাল করে ছিলেন এক.কুফর দুই.যাকাত প্রদানে অস্বিকৃতী। কেননা তারা যাকাতের ফরজিয়্যাতকে কবূল করতে ও তা আদায় করতে অস্বিকৃতী জানিয়ে ছিল। সুতরাং তাদের মধ্যে দুটি কারণ একত্রিত হয়েছে। এক.আল্লাহ তাআলার আদেশ গ্রহন করতে অস্বিকৃতী। আর এটি কুফর। দুই. তাদের সম্পদের মধ্যে যে ফরয সদকা রয়েছে তা ইমামকে প্রদান করতে অস্বিকৃতী।

সুতরাং তাদের বিরুদ্ধে তার জিহাদ উভয় কারণেই সংঘটিত হয়েছিল। আর এ কারণেই তিনি বলেছিলেন: যদি তারা আমাকে একটি লাগাম দেয়া থেকে বিরত থাকে অপর রেওয়ায়েতে এসেছে একটি ছাগল ছানা দেয়া থেকে বিরত থাকে যা তারা রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আদায় করতো, এই করণেও অবশ্যই আমি তাদের বিরুদ্ধে কিতাল করব।

আমরা তাদেরকে কাফের বলে আখ্যায়িত করেছি, কারণ তারা যাকাতের ফরজিয়্যাত গ্রহণ করা থেকে বিরত ছিল। তাছাড়া সাহাবায়ে কেরাম রাযি. তাদেরকে মুরতাদ হিসাবে আখ্যায়িত করেছেন। আর এই সম্বোধন আজ পর্যন্ত তাদের ব্যাপারে বলবৎ আছে। আর সাহাবায়ে কেরাম তাদের স্ত্রী ও সন্তাদেরকে বন্দি করেছিলেন যদি তারা মুরতাদ না হত তাহলে তাদের সাথে এই আচারণ করা হত না। আর এটি এমন একটি বিষয় যার ব্যাপারে প্রথম যুগ ও তার পরবর্তী যুগের মুসলিমগণ দ্বিমত পোষণ করেননি। অর্থাৎ এ বিষয়ে যে, আবূ বকর (রাযি.) যে সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করে ছিলেন তারা মুরতাদ

ছিল। এই ব্যাপারে কেউ দ্বিমত পোষণ করেনি।” (আহকামুল কুরআন, জাসসাস:১/৫৭২)

আল্লামা ইবনে নুজাইম {রহ:} বলেন:

[وفي الظهيرية، والولوالجية، والتجنيس وغيرها: أهل قرية اجتمعوا على ترك الوتر أدبهم الإمام وحبسهم، فإن لم يمتنعوا قاتلهم، وإن امتنعوا عن أداء السنن فجواب أئمة بخارى: بأن الإمام يقاتلهم كما يقاتلهم على ترك الفرائض؛ لما روي عن عبد الله بن المبارك أنه قال لو أن أهل بلدة أنكروا سنة السواك لقاتلتهم كما نقاتل المرتدين وَفِي الْعُمْدَةِ اجْتَمَعَ قَوْمٌ عَلَى تَرْكِ الْأَذَانِ يُؤَدِّبُهُمْ الْإِمَامُ وَعَلَى تَرْكِ السُّنَنِ يُقَاتِلُهُمْ زَادَ فِي الْخُلَاصَةِ بِأَنَّ هَذَا إذَا تَرَكَهَا جَفَاءً لَكِنْ رَآهَا حَقًّا فَإِنْ لَمْ يَرَهَا حَقًّا يُكَفَّرُ](البحر الرائق : ٤ / ١٩٢).

“জহিরিয়্যাহ, ওলওয়ালিজিয়্যাহ, তাজনিস ইত্যাদি ফতওয়ার কিতাবে উল্লেখ আছে, কোন এলাকার অধিবাসীরা যদি বিতেরের নামায ছেড়ে দেবার ব্যাপারে একমত পোষণ করে, ইমাম তাদেরকে শাস্তি দেবে এবং বন্দি করবে। যদি তারা উক্ত কর্ম থেকে বিরত না থাকে তাদের বিরুদ্ধে কিতাল করবে। আর যদি তারা সুনান ছেড়ে দেয় তাহলে আয়িম্মায়ে বোখারার মত হল, তাদের বিরুদ্ধেও কিতাল করবে যেমন কিতাল করবে তারা যদি ফরয ছেড়ে দেয়। যেমনটি আব্দুল্লাহ ইবনে মোবারক (রহ:) থেকে বর্ণিত আছে তিনি বলেন, যদি কোন শহরবাসী মিসওয়াকের সুন্নাতকে অস্বীকার করে তাহলে আমি তাদের বিরুদ্ধে কিতাল করবো যেমন আমরা কিতাল করে থাকি মুরতাদদের বিরুদ্ধে। ‘উমদার’ মধ্যে এসেছে যদি কোন সম্প্রদায় আযান ছেড়ে দেবার ব্যাপারে একমত পোষণ করে, ইমাম তাদেরকে শাস্তি দেবে আর যদি সুন্নাত ছেড়ে দেবার ব্যাপারে একমত পোষণ করে, তাহলে তাদের বিরুদ্ধে কিতাল করবে। ‘খোলাসার’ মধ্যে আরো বৃদ্ধি করেছে, এই হুকুম তখন প্রযোজ্য হবে যখন কেউ শরীয়তের ছোট থেকে ছোট কোনো হুকুমও বিরূপভাব নিয়ে ত্যাগ করবে হুকুমটিকে সত্য জ্ঞান করা সত্ত্বেও। আর যদি কেউ হুকুমটিকে হক্বই মনে না করে, তাহলে তাকে তাকফীর করা হবে। ” (আল বাহরুর রায়েক:১/২৩০)

ফুকাহায়ে কেরামের উপরিউক্ত ফতওয়ার সারমর্ম:

এক.যদি কোন ব্যক্তি বা সম্প্রদায় সুদ গ্রহণ করে তাহলে ইমাম (মুসলিম সরকার প্রধান) তাদেরকে গ্রেফতার করে শস্তি প্রদান করবেন। আর যদি তারা শক্তি ধর হয় এবং আল্লাহর বিধান মেনে নিতে অস্বীকৃতি জানায়, তাহলে

মুসলিমদের উপর ওয়াজিব হল তাদের বিরুদ্ধে ততক্ষণ পর্যন্ত জিহাদ চালিয়ে যাওয়া যতক্ষণ না তারা আল্লাহর বিধানের দিকে ফিরে আসে।

দুই. যদি কোন ব্যক্তি ব্যক্তিগতভাবে কোন অকাট্য ফরয ছেড়ে দেয়, তাহলে তাকে বন্দি করে শাস্তি প্রদান করা হবে যাতে সে তওবা করে ফিরে আসে। আর যদি কোন দল বা সম্প্রদায় সংঘবদ্ধ ভাবে এমনটি করে, তাহলে তাদের বিরুদ্ধে কিতাল পরিচালনা উম্মাহর উপর ফরয হবে যতক্ষণ না তারা আল্লাহর বিধানের দিকে ফিরে আসে, যদিও তারা মুখে উক্ত বিধান কে স্বীকার করে।

তিনি. কোন সম্প্রদায় যদি গুরুত্বপূর্ণ কোন সুন্নাহ ঐক্যবদ্ধভাবে ছেড়ে দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করে যদিও উক্ত সুন্নাহকে সুন্নাহ হিসাবে স্বীকার করে, তথাপি ইমাম মুহাম্মাদ [রহ:] সহ অন্যান্য অনেক ফকীহর মতে তাদের বিরুদ্ধেও কিতাল করা হবে।

চার.কোন শাসক যদি জোরপূর্বক অন্যায়ভাবে মুসলিমদের থেকে ‘কর’ ভ্যাট/ট্রাক্স গ্রহণ করে তাহলে ইমাম জাস্‌সাস (রহ:) এর মতে প্রত্যেক মুসলিমের জন্য তাকে ও তার অনুসারী এবং টেক্স গ্রহণে সাহায্যকারীদেরকে যেখানে যেভাবে পাবে হত্যা করার অনুমতি রয়েছে।

পাঁচ. কোনো মুসলিম শাসক যদি ইসলামের সমস্ত বিধান ঠিক রাখে কিন্তু শুধু মাত্র কাফেরদের বিরুদ্ধে জিহাদী অভিযান করা ছেড়ে দেয়, তাহলেও তার বিরুদ্ধে অস্ত্র ধারণ করা মুসলিমদের উপর ফরয হয়ে যায়।

কিয়াস: ইমামগণের মত হল, কোন সম্প্রদায় যদি নামায আদায় না করে, ঐাকাত প্রদান না করে অথবা সুদি লেনদেন করে, মুসলিমদের থেকে ‘কর’ গ্রহণ করে, আর এ ক্ষেত্রে তারা নিজেদের শক্তি পর্যন্ত প্রয়গ করে, তাহলে উম্মাহর উপর ওয়াজিব হয়ে যায় তাদের বিরুদ্ধে কিতাল পরিচালনা করা।

আর কেউ যদি ইসলামের পরিবর্তে কুফরকে গ্রহণ করে, ঐাকাত দেয়া থেকে শুধু নিজেরাই বিরত থাকে তা নয়, এমনিভাবে সুদ শুধু নিজেরাই খায় এমনটি নয় বরং রাষ্ট্রীয় ভাবে জাকাতের বিধানকে অকার্যকর করে, সুদ ভিত্তিক পুজিবাঁদী অর্থ-ব্যবস্থা কায়েম করে এবং এ ব্যবস্থাকে সর্বোত্তম জীবনব্যবস্থা বলে দাবি করে জনগণের উপর তা চাপিয়ে দেয়, কাফেরদের বিরুদ্ধে জিহাদ পরিচালনা কী জিনিস তাই জানে না, তাহলে সে কিভাবে মুসলিম থাকে?! আর তার বিরুদ্ধে অস্ত্র ধারন যে উম্মাহর উপর ওয়াজিব সেটি তো দিবালাকের ন্যায় স্পষ্ট।

আর এটা কি শুধু এক-দুটি বিধানের ক্ষেত্রে?! শত-শত বিধানের ক্ষেত্রে তারা একই পন্থা গ্রহণ করেছে। তারা পুরো ইসলামী জীবন ব্যবস্থাকে অকার্যকর করে ইহুদী-খ্রিষ্টান ও মুশরিকদের দ্বারা রচিত তাগুতী জীবন ব্যবস্থাকে মুসলিমদের উপর চাপিয়ে দিয়েছে। এ সমস্ত তাগুত ও মুরতাদ শাসকদের বিরুদ্ধে কিতালের ব্যাপারে শুধু তাদেরই সংশয় থাকতে পারে আল্লাহ তাআলা যাদেরকে ইলমে ওহীর নূর থেকে বঞ্চিত করে রেখেছেন, ফলে তাদের চিন্তা শক্তি লোপ পেয়েছে। আল্লাহ তাআলা আমাদেরকে সঠিক বুঝ দান করেন।

ইতিহাস কী বলে?

সাহাবী যুগ

এক.

জান্নাতী যুবকদের সরদার রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদরের নাতী হুসাইন (রাযি.) দউলাতে ইয়াজিদিয়্যার বিরুদ্ধে অস্ত্র ধারণ করে ছিলেন এবং এতে তিনি শাহাদত বরণ করেন। অথচ ইয়াজিদ কাফের ছিল না। কিন্তু দ্বীনের কিছু বিষয়ে কম বেশি করে ছিল। জান্নাতের যুবকদের সরদার তা সহ্য করতে পারেননি। নিজের জীবন বিলিয়ে দিয়ে তার বিরুদ্ধে রুখে দাঁড়ান।

যারা হযরত হুসাইন রাযি. এর এই কর্মপন্থাকে শরয়ী দৃষ্টিকোণে সঠিক বলে এবং হযরত হুসাইন রাযি.কে শহীদ হিসাবে গণ্য করে, তাদের কীভাবে বর্তমান মুরতাদ শাসকবর্গের বিরুদ্ধে অস্ত্র ধরার ব্যাপারে সংশয় থাকতে পারে?! তারা কীভাবে নিজেদেরকে হযরত হুসাইন রাযি. এর রুহানী সন্তান বলে দাবি করতে পারে?!!

দুই.

সাহাবী আব্দুল্লাহ বিন জুবাইর রাযি. তৎকালিন মুসলিম বিশ্বের খলীফা আব্দুল মালেক বিন মারওয়ানের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেন। অথচ আব্দুল মালেককে কেউ কাফের বা মুরতাদ বলে আখ্যায়িত করেনি। তথাপি আব্দুল্লাহ বিন জুবাইর {রাযি.} তার মত ব্যক্তিকে খলীফা হিসাবে গ্রহণ করতে পারেননি। তিনি তার বিরুদ্ধে জিহাদ পরিচালনা করেছেন।

তাবেয়ী যুগ

তিন.

“আমাদের ফুকাহাদের মাঝে এ ব্যাপারে কোন দ্বিমত নেই যে, দারুল কুফর শুধুমাত্র ইসলামের আহকাম বাস্তবায়নের মাধ্যমেই দারুল ইসলামে পরিণত হয়। তবে তাদের দ্বিমত হচ্ছে- দারুল ইসলাম কীভাবে দারুল কুফর হয় সে ক্ষেত্রে। (বাদাইউস সানায়ে’। পরিচ্ছেদঃ কিতাবুস সিয়ার। অধ্যায়ঃ মা’নাদ দারাইন দারিল ইসলাম ওয়া দারিল কুফর)

ফাতওয়ায়ে হিন্দিয়াতে একই মত উল্লেখ করা হয়েছেঃ-

اعْلَمْ أَنَّ دَارَ الْحَرْبِ تَصِيرُ دَارُ الْإِسْلَامِ بِشَرْطٍ وَاحِدٍ ، وَهُوَ إظْهَارُ حُكْمِ الْإِسْلَامِ فِيهَا

“মনে রাখবে, দারুল হরব শুধুমাত্র একটি শর্তে দারুল ইসলামে পরিণত হবে, আর তা হচ্ছে, সেখানে ইসলামের আইন বাস্তবায়িত হওয়া। (ফাতাওয়ায়ে আলমগিরী, খণ্ড-২, পৃষ্ঠা-২২৩)

আলাউদ্দীন হাসকাফী রহ. আদ-দুররুল মুখতারে বলেছেনঃ-

ودار الحرب تصير دار الإسلام بإجراء أحكام أهل الإسلام فيها

“দারুল হারব দারুল ইসলামে পরিণত হয়, সেখানে ইসলামের আইন জারি করার মাধ্যমে।” (দেখুনঃ- ফাতাওয়ায়ে শামী, কিতাবুল জিহাদ, বাবুল মুসতামিন)

এ ব্যাপারে পুরো উম্মতের ইজমা বিদ্যমান যে, দারুল কুফর শুধুমাত্র ইসলামী আইন বাস্তবায়নের মাধ্যমেই দারুল ইসলামে পরিণত হয়। ভারত উপমহাদেশ (যার মধ্যে বাংলাদেশ ও পাকিস্তানও শামিল) যখন ইংরেজদের দ্বারা আক্রান্ত হয় এবং ইংরেজরা তাদের রচিত সংবিধান মুসলিমদের উপর চাপিয়ে দেয়, তখন হিন্দুস্তানের তৎকালিন নেককার আলেমগণ (যাদের মধ্যে শাহ আব্দুল আযীয মুহাদ্দিসে দেহলবীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য) উপমহাদেশকে দারুল হরব বলে ফতওয়া দেন। যা সকলেই জানি। কেউ যদি সেই ফাতওয়াকে সঠিক বলে মেনে নেয়। তাহলে তাকে আবশ্যকীয়ভাবে এটাও মানতে হবে যে- “পূর্ণাঙ্গরূপে ইসলামী আইন বাস্তবায়নের পূর্বপর্যন্ত উপমহাদেশের কোন রাষ্ট্র দারুল ইসলাম হিসাবে পরিগণিত হবে না।”

আর বাস্তবতা স্বাক্ষী যে, সেই ফতওয়ার পরে আজ পর্যন্ত উপমহাদেশের বড় তিনটি রাষ্ট্রে (ভারত, পাকিস্তান, বাংলাদেশে) এমন কিছু ঘটেনি যার কারণে এ দেশগুলোকে দরুল ইসলাম বলা যায়। অতএব, সেই ফতওয়ার পর থেকে এ পর্যন্ত এ দেশগুলো দারুল হরব হিসাবেই বহাল রয়েছে।

নাগরিকদের ধর্মের প্রতি লক্ষ্য করে ‘দারুল ইসলাম/হরব’ বলা হয় না

উল্লেখ্য, কোনো দেশ দারুল ইসলাম বা দারুল হরব হওয়ার ক্ষেত্রে সে দেশের অধিবাসীদের ধর্মের প্রতি লক্ষ্য করা হয় না। অর্থাৎ বিষয়টি এমন নয় যে, বাংলাদেশের অধিকাংশ লোক যেহেতু ইসলাম ধর্মের অনুসারী তাই বাংলাদেশ দারুল ইসলাম হবে, আর ভারতের অধিকাংশ লোক যেহেতু কাফের তাই ভারত দারুল হরব বা দারুল কুফর হবে। বরং দারুল ইসলাম বা দারুল হরব হওয়ার ভিত্তি হল, দেশ পরিচালনার বিধি-বিধান ও সংবিধান। যদি কোনো দেশের ৯৫% অধিবাসী অমুসলি হয়, কিন্তু মুসলিম শাসকবর্গ কুরআন-সুন্নাহ দ্বারা দেশটি পরিচালনা করে, তাহলে ঐ দেশটি দারুল ইসলাম বলে গণ্য হবে। ঠিক এর বিপরীত আরেকটি দেশের ৯৮% অধিবাসী মুসলিম। কিন্তু শাসকবর্গ কুফুরী আইন-কানূন দ্বারা দেশটি পরিচালনা করে, তাহলে ৯৮%

অধিবাসী মুসলিম হওয়া সত্ত্বেও দেশটি দারুল কুফর বলে বিবেচিত হবে। এবিষয়ে মুসলিম উম্মাহর নিরর্ভযোগ্য কোনো আলেমের দ্বিমত নেই।

দারুল ইসলাম যেভাবে দারুল কুফর হয়

ইমাম আবূ হানীফা রহ. এর মত:

দারুল ইসলাম কখন দারুল কুফর বলে গণ্য হবে, এ ব্যাপারে আমাদের ইমামদের মাঝে দ্বিমত আছে। এ ব্যাপারে ইমাম আবূ হানীফা রহ. বলেনঃ-

إِنَّهَا لَا تَصِيرُ دَارَ الْكُفْرِ إِلَّا بِثَلَاثِ شَرَائِطَ ، أَحَدُهَا : ظُهُورُ أَحْكَامِ الْكُفْرِ فِيهَا وَالثَّانِي : أَنْ تَكُونَ مُتَاخِمَةً لِدَارِ الْكُفْرِ وَالثَّالِثُ : أَنْ لَا يَبْقَى فِيهَا مُسْلِمٌ وَلَا ذِمِّيٌّ آمِنًا بِالْأَمَانِ الْأَوَّلِ.

"তিনটি শর্তে দারুল ইসলাম দারুল কুফরে পরিণত হবে।

এক. তাতে কুফরী বিধান নাফেয থাকা। দুই. দারুল কুফরের পার্শ্ববর্তী হওয়া। (অর্থাৎ পাশে কোন দারুল ইসলাম না থাকা) তিন. মুসলিম ও জিম্মিরা পূর্বে প্রদান কৃত নিরাপত্তার দ্বারা নিরাপদ না থাকা (অর্থাৎ ইসলামী শাসন থাকা অবস্থায় যেমন নিরাপদ ছিল তেমন নিরাপদ না হওয়া)। (বাদাইউস সানায়ে', পরিচ্ছেদঃ কিতাবুস সিয়ার অধ্যায়, মা'নাদ দারাইন দারিল ইসলাম ওয়া দারিল কুফর)

ইমাম আবূ হানীফা রহ. দারুল ইসলাম দারুল কুফরে পরিণত হবার যে তিনটি শর্ত বর্ণনা করেছেন তার প্রতিটি শর্ত বাংলাদেশসহ প্রায় সকল মুসলিম অধ্যুষিত রাষ্ট্রে পাওয়া যায়। কেননা এসমস্ত রাষ্ট্র কুফফারদের বিধান দ্বারা পরিচালিত। আর ইসলামী খিলাফাত বা শাসন থাকা অবস্থায় মুসলিমরা যে নিরাপত্তার মধ্যে ছিল তার শত ভাগের এক ভাগ নিরাপত্তার মধ্যেও মুসলিমগণ নেই। যা দিবালোকের উজ্জ্বল সূর্যের ন্যায় স্পষ্ট, তবে দিনের বেলা কেউ চক্ষু বন্ধ করে থাকলে তা ভিন্ন কথা। আর আমাদের পার্শ্ববর্তী এমন কোন রাষ্ট্রও নেই যা ইসলামী আইন দ্বারা পরিচালিত। তাই কেউ যদি ইমাম আবূ হানীফা রহ. এর মতকেও গ্রহণ করে তথাপি বাংলাদেশ ও এ ধরণের অন্যান্য রাষ্ট্রকে দারুল ইসলাম বা দারুল আমান বলার সুযোগ নেই।

আমাদের হানাফী ফুকাহায়ে কেরামের মত হচ্ছে, মুসলিম মুজাহিদীন যদি কোন দারুল কুফরে আক্রমণ চালায়। অতঃপর কাফেরদের পরাজয় ঘটে, মুজাহিদীন বিজয় লাভ করে। তথাপি ইসলামী আইন বাস্তবায়নের আগ পর্যন্ত তা দারুল ইসলামে পরিণত হবে না। কারণ, দারুল ইসলাম হবার এক মাত্র

শর্ত হচ্ছে, সর্বক্ষেত্রে ইসলামের হুকুম-আহকাম কায়েম করা; কুরআনী হুকুম বাস্তবায়ন করা। আহকামুল ইসলাম কায়েমের আগে তা দারুল ইসলাম হবে না।

ইমাম আবূ হানীফা ও আবূ ইউসুফ রহ. এর মতে দারুল কুফরে গনিমত বণ্টন জায়েজ নেই। কিন্তু দেখা যায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খায়বার বিজয়ের পর সেখানেই গণিমত বণ্টন করেছেন। এই মাসআলা আলোচনা করতে গিয়ে শামসুল আয়িম্মাহ ইমাম সারাখসী রহ. বলেনঃ-

وأما خيبر فإنه افتتح الأرض وجرى فيها حكمه فكانت القسمة فيها بمنزلة القسمة في المدينة وقسم الغنائم فيها قبل أن يخرج منها ففي هذا دليل أن الإمام إذا افتتح بلدة وصيرها دار إسلام بأجراء أحكام الإسلام فيها فإنه يجوز له أن يقسم الغنائم فيها وقد طال مقام رسول الله ﷺ بخيبر بعد الفتح وأجرى أحكام الإسلام فيها فكانت من دار الإسلام.

“আর খায়বারের ব্যাপারটি হচ্ছে- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খায়বার বিজয় করেছেন। সেখানে তাঁর বিধান (ইসলামী বিধান) জারি করেছেন। তাই সেখানে গণিমত বণ্টন মদিনায় বণ্টনের অনুরূপ। খায়বারে গণিমত বণ্টন থেকে প্রমাণিত হয়, যখন ইমাম কোন অঞ্চল বিজয় করবেন এবং ইসলামী শাসন জারি করার মাধ্যমে তাকে দারুল ইসলামে পরিণত করবেন, তখন ইমামের জন্য সেখানে গণিমত বণ্টন করা জায়েজ। খায়বার বিজয়ের পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেথায় দীর্ঘ সময় অবস্থান করেছেন এবং সেখানে ইসলামী বিধান জারি করেছেন। ফলে তা দারুল ইসলামে পরিণত হয়ে ছিল। (আল-মাবসূত, খণ্ড-১০, অধ্যায়ঃ কিতাবুস সিয়ার-গণিমতের বণ্টন)

ইয়ামানের নুজাইর অঞ্চল বিজয়ের ব্যাপারে শামসুল আয়িম্মাহ ইমাম সারাখসী রহ. বলেনঃ-

إنهم فتحوا ولم تجر احكام الاسلام فيها بعد وبمجرد الفتح قبل اجراء احكام الاسلام لا تصير دار اسلام .

“সাহাবায়ে কেরাম নুজাইর বিজয় করেছেন। কিন্তু বিজয়ের পর পরেই (সাহায্যকারী অপর বাহিনী যুক্ত হবার আগে) সেখানে ইসলামী বিধান বাস্তবায়ন করেননি। আর শুধুমাত্র বিজয়ের মাধ্যমে, ইসলামী শাসন জারি করার পূর্বে কোন রাষ্ট্র দারুল ইসলাম হয় না।” (আল-মাবসূত, খণ্ড-১০, অধ্যায়ঃ কিতাবুস সিয়ার-গণিমতের বণ্টন)

নোটঃ উলামায়ে হিন্দ উপমাহাদেশকে দারুল হারব ঘোষণা করে ছিলেন। সুতরাং দারুল হারব তখন পর্যন্ত দারুল ইসলাম হবে না যতক্ষণ না সেখানে ইসলামী শাসন বাস্তবায়িত হয়। যদি মুসলিমগণ যুদ্ধ করে অথবা অন্য কোন ভাবে কোন অঞ্চল নিজেদের অধীনে নেয় তা দারুল ইসলামে পরিণত হবে না যতক্ষণ না সেখানে ইসলামী বিধান বাস্তবায়ন করা হয়। এটাই ফিকহে হানাফীর গ্রহণযোগ্য মত।

জুমহুরের অভিমত:

জুমহুর ফুকাহা রহ. এর অভিমত হচ্ছে, দারুল কুফর যেভাবে ইসলামী আইন প্রতিষ্ঠার মাধ্যমে দারুল ইসলাম হয়, একইভাবে দারুল ইসলাম কুফরী আইন বাস্তবায়নের মাধ্যমে দারুল কুফরে পরিণত হয়। শাফেয়ী মাযহাবের কেউ কেউ ভিন্নমত পোষণ করেন, তাদের মত হচ্ছে কোন রাষ্ট্র একবার দারুল ইসলাম হলে আর কখনো দারুল কুফর হবে না। সেটা দারুল ইসলাম হিসাবেই গণ্য হবে। ফিকহে শাফেয়ীর অনুসারী অন্য অনেক ফকীহ আবার তাদের এই মতের বিপরীত মতও প্রকাশ করেছেন।

জুমহুর আয়িম্মায়ে কেরামের নিকট, যে রাষ্ট্র যে আইন দ্বারা পরিচালিত হবে সেটা সেই রাষ্ট্র হিসাবেই গণ্য হবে, ইসলামী আইন দ্বারা পরিচালিত হলে দারুল ইসলাম। কুফরী আইন দ্বারা পরিচালিত হলে দারুল কুফর।

হানাফী ফুকাহায়ে কেরামের অভিমত:

ইমাম আবূ ইউসুফ ও মুহাম্মাদ রহ. এর অভিমত-

ইমাম কাসানী রহ. বলেনঃ

وَقَالَ أَبُو يُوسُفَ وَمُحَمَّدٌ - رَحِمَهُمَا اللَّهُ : إِنَّهَا تَصِيرُ دَارَ الْكُفْرِ بِظُهُورِ أَحْكَامِ الْكُفْرِ فِيهَا.

"আর ইমাম আবূ ইউসুফ ও মুহাম্মাদ রহ. এর মত হচ্ছে, কুফরি বিধান নাফেযের মাধ্যমে দারুল ইসলাম দারুল কুফরে পরিণত হবে।" (বাদাইউস সানায়ে'- কিতাবুস সিয়ার। অধ্যায়ঃ মা'নাদ দারাইন দারিল ইসলাম ওয়া দারিল কুফর)

ফাতাওয়ায়ে আলমগিরীতে সাহেবাইনের এই মতকেই অগ্রাধিকার দেয়া হয়েছেঃ

وَقَالَ أَبُو يُوسُفَ وَمُحَمَّدٌ - رَحِمَهُمَا اللَّهُ تَعَالَى - بِشَرْطٍ وَاحِدٍ لَا غَيْرَ ، وَهُوَ إظْهَارُ أَحْكَامِ الْكُفْرِ ، وَهُوَ الْقِيَاسُ

"আর আবূ ইউসুফ ও মুহাম্মাদ রহ. বলেন- "শুধুমাত্র একটা শর্তই প্রযোজ্য অন্য কোন শর্তের প্রয়োজন নেই। আর তা হচ্ছে কুফরী আইন কার্যকর করা।" আর এই মতটাই যুক্তিযুক্ত।" (ফাতওয়ায়ে শামী, কিতাবুল জিহাদ, অধ্যায়ঃ ফী-মা তাসীরু বিহী দারুল ইসলাম ওয়া দারুল হারব)

ইমাম সারাখসী রহ. সহেবাইনের মতের ব্যাখ্যা এভাবে দিয়েছেনঃ

لان البقعة انما تنسب الينا أو إليهم باعتبار القوة والغلبة فكل موضع ظهر فيه حكم الشرك فالقوة في ذلك الموضع للمشركين فكانت دار حرب وكل موضع كان الظاهر فيه حكم الاسلام فالقوة فيه للمسلمين.

"কোন অঞ্চল আমাদের সাথে সম্পৃক্ত ধরা হবে নাকি কাফেরদের সাথে সম্পৃক্ত ধরা হবে তা নির্ধারিত হবে শক্তি ও কর্তৃত্বের প্রতি লক্ষ্য করে। কোন রাষ্ট্রে যদি শিরকের বিধান কার্যকর থাকে সেখানে মুশরিকরা শক্তিশালী বলে বিবেচিত হবে, ফলে তা দারুল হারব হবে। এমনিভাবে কোন রাষ্ট্রে যদি ইসলামী বিধান কার্যকর থাকে সেখানে মুসলিমরা শক্তিশালী বলে বিবেচিত হবে। ফলে রাষ্ট্রটিও দারুল ইসলাম হবে।" (আল-মাবসূত, কিতাবুল জিহাদ, অধ্যায়ঃ মুয়ামালাতু জাইশিল কুফফার)

ইমাম সারাখসী রহ. এর মতের বাস্তব অভিজ্ঞতার মধ্যে আমরা দিন পার করছি। এ দেশের সংখ্যাগরি'জনগণ মুসলিম কিন্তু বিধান চলছে শিরক ও কুফরের। যার ফলে আমাদের হৃদয়ের স্পন্দন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইজ্জত রক্ষার্থে রাজপথে নামলে আমাদের বুকে ধেয়ে আসছে তাগুতের বুলেট। আমাদের উপর বিস্ফোরিত হয় গ্রেনেড। ১৩ দফা ইসলামী আইনের দাবি জানালে গভীর রাতে নেমে আসে গণহত্যা। ইতিহাসের সবচেয়ে জঘন্য ও নগ্ন ভাষায় মুহাম্মাদে আরাবী সা. এর ইজ্জতের উপর হামলাকারীকে যখন কিছু সিংহশাবক তার যথোচিত পাওনা বুঝিয়ে দিল, তখন তাদেরকে ফাঁসির রশি উপহার দেয়া হল। আর জঘন্য সেই শাতিম, জাহান্নামের কুকুরকে "দ্বিতীয় মুক্তিযুদ্ধের প্রথম শহীদ" খেতাবে ভূষিত করা হল। তাই বিধান চলে যাদের শক্তি ও কর্তৃত্ব বাস্তবেই তাদের।

ইমাম মালিক রহ. এর মতঃ

ইমাম মালিক রহ. মক্কা বিজয় হওয়ার পূর্বের হুকুম বর্ণনা করতে গিয়ে বলেন-

وكانت الدار يومئذ دار حرب لأن أحكام الجاهلية كانت ظاهرة يومئذ.

"তখন ঐ অঞ্চল (মক্কা) দারুল হারব ছিল। কেননা তখন (মক্কায়) জাহিলিয়্যাতের বিধিবিধানই বিজয়ী ছিল।" (আল-মুদাউওনাতুল কুবরা, অধ্যায়ঃ ফী আবীদি দারিল হারব ইউসলিমুনা ফী-দারিল হারব)

মক্কা বিজয়ের পূর্বে ইমাম মালিক রহ. মক্কাকে দারুল হারব আখ্যায়িত করছেন। আর এর কারণ হিসাবে উল্লেখ করছেন 'মক্কা জাহিলিয়্যাতের বিধানের অধীনে থাকা'। ফিকহে মালেকীর অনুসারী অন্যান্য ফুকাহা রহ. একই মত ব্যক্ত করেছেন।

ফুকাহায়ে হানাবেলা রহ.

কাজী আবূ ইয়া'লা রহ. বলেনঃ-

كل دار كانت الغلبة فيها لأحكام الكفر دون أحكام الإسلام فهي دار الكفرة

"যে দেশের মধ্যে ইসলামী আইনের তুলনায় কুফরি আইন প্রাধান্য পাবে সেদেশ দারুল কুফর হিসাবে বিবেচ্য হবে।" (আল-মুতামাদ ফী উসুলিদ দ্বীন-২৭৬)

ইমাম ইবনুল কাইয়্যিম রহ. বলেনঃ

قال الجمهور: دار الإسلام هي التي نزلها المسلمون وجرت عليها أحكام الإسلام، وما لم تجر عليه أحكام الإسلام لم يكن دار إسلام وإن لاصقها، فهذه الطائف قريبة إلى مكة جدا ولم تصر دار إسلام بفتح مكة وكذلك الساحل.

"জুমহুরের অভিমত হচ্ছে- দারুল ইসলাম হচ্ছে ঐ রাষ্ট্র যাতে মুসলিমগণ অবস্থান গ্রহণ করেছে এবং তাতে ইসলামী বিধান বাস্তবায়িত হচ্ছে। যে রাষ্ট্রে ইসলামী বিধান বাস্তবায়িত নেই তা দারুল ইসলাম নয় যদিও বা তা দারুল ইসলামের পার্শ্ববর্তী রাষ্ট্র হয় না কেন। তায়েফ মক্কার অতি নিকটের একটি অঞ্চল হওয়া সত্ত্বেও শুধু মক্কা বিজয়ের দ্বারা তা দারুল ইসলামে পরিণত হয়নি। সাহেল-এরও একই অবস্থা ছিল।" (আহকামু আহলিয যিম্মাহ, খণ্ড-১, পৃষ্ঠা-১৬৬)

শায়েখ মানসূর আল-বুহূতী রহ. বলেনঃ

وتجب الهجرة على من يعجز عن إظهار دينه بدار الحرب وهى ما يغلب فيها حكم الكفر.

"দারুল হারবে যে নিজের দ্বীনকে প্রকাশ করতে অক্ষম তার উপর হিজরত ওয়াজিব। আর দারুল হারব হচ্ছে যেখানে কুফরী বিধান প্রবল।" (কাশশাফুল কেনা', কিতাবুল জিহাদ-প্রথম অধ্যায়)

আল্লামা ইবনে মুফলিহ রহ. আল-হাম্বলী বলেনঃ-

فكل دار غلب عليها أحكام المسلمين فدار الإسلام، وإن غلب عليها أحكام الكفار فدار الكفر، ولا دار غيرهما.

"যে রাষ্ট্রের মধ্যে মুসলিমদের বিধান বাস্তবায়িত তা দারুল ইসলাম আর যে রাষ্ট্রের মধ্যে কুফরী বিধান বাস্তবায়িত তা দারুল কুফর। এই দুইয়ের বাইরে কোন দার (রাষ্ট্র) নেই।" (আল-আদাবুশ শরই্য়্যা, অধ্যায়ঃ ফী-তাহকীকি দারিল ইসলাম ওয়া দারিল কুফর)

আল্লামা আলাউদ্দীন আল-মারদাবি রহ. বলেনঃ

ودار الحرب ما يغلب فيها حكم الكفر

"দারুল হারব হচ্ছে ঐ রাষ্ট্র যা কুফরী আইন দ্বারা শাসিত।" (আল-ইনসাফ, কিতাবুল জিহাদ-প্রথম অধ্যায়)

সমকালীন/ নিকট অতীতের ইসলামিক চিন্তাবিদদের অভিমত:

সাইয়্যেদ কুতুব শহীদ রহ. বলেনঃ

ينقسم العالم في نظر الإسلام وفي اعتبار المسلم إلى قسمين لا ثالث لهما: الأول دار إسلام، وتشمل كل بلد تطبق فيه أحكام الإسلام، وتحكمه شريعة الإسلام سواء كان أهله كلهم مسلمين، أو كان أهله مسلمين وذميين، أو كان أهله كلهم ذميين ولكن حكامه مسلمون يطبقون فيه أحكام الإسلام، ويحكمون بشريعة الإسلام .. فالمدار كله في اعتبار بلد ما دار إسلام هو تطبيقه لأحكام الإسلام، وحكمه بشريعة الإسلام.

الثاني: دار حرب، وتشمل كل بلد لا تطبق فيه أحكام الإسلام، ولا يحكم بشريعة الإسلام، كائناً أهله ما كانوا، سواء قالوا: إنهم مسلمون، أو أنهم أهل كتاب أو أنهم كفار، فالمدار كله في اعتبار بلد ما دار حرب هو عدم تطبيقه لأحكام الإسلام، وعدم حكمه بشريعة الإسلام،

"ইসলামের দৃষ্টিতে ও মুসলিমের বিবেচনায় বিশ্ব দুভাগে বিভক্ত; তৃতীয় কোন ভাগ নেই:

এক. দারুল ইসলাম। আর তা হচ্ছে ঐ রাষ্ট্র- যেথায় ইসলামী আইন বাস্তবায়িত। ইসলামী শরীয়ত দ্বারা পরিচালিত। চাই তার সকল জনগণ মুসলিম হোক। বা মুসলিম ও যিম্মি উভয় মিলিত হোক। অথবা সকল জনগণ যিম্মি হোক কিন্তু শাসক মুসলিমরা। যারা সেথায় ইসলামী আইন বাস্তবায়ন করে। ইসলামী শরীয়ত দ্বারা ফায়সালা করে। দারুল ইসলাম নির্ধারণের ক্ষেত্রে

মূল বিবেচ্য বিষয় হচ্ছে, ইসলামী আইন বাস্তবায়িত হওয়া, ইসলামী শরীয়ত দ্বারা বিচার ফায়সালা করা।

দুই. দারুল হারব। আর তা হচ্ছে প্রত্যেক এমন ভূখণ্ড যেথায় ইসলামী আইন বাস্তবায়িত নয়। যা ইসলামী শরীয়ত দ্বারা পরিচালিত হয় না। চাই তার জনগণ যে ধর্মের অনুসারীই হোক না কেন। অধিবাসীরা মুসলিম, ইয়াহুদী-খ্রিষ্টান বা অন্যকোনো কাফের হোক না কেন। কোন রাষ্ট্রকে দারুল হারব নির্ধারণের ক্ষেত্রে মূল বিবেচ্য বিষয় হচ্ছে, ইসলামী আইন বাস্তবায়িত না থাকা। ইসলামী শরীয়ত দ্বারা বিচার ফায়সালা না করা। (তাফসীর ফী-যিলালিল কুরআন, সূরা মায়েদা-২৭-৪০ আয়াতের তাফসীর দেখুন)

মুহাম্মাদ কুতুব রহ. বলেনঃ (সাইয়্যেদ কুতুব রহ. এর ভাই)

والذي عليه جمهور العلماء أن الدار تأخذ وصفها من غلبة الأحكام عليها ـ أي بصرف النظر عن عقائد أهلها ـ فالأرض التي تحكمها شريعة الله فهي دار إسلام، ولو كان أغلب سكانها غير مسلمين، كما كانت الهند خلال ثمانية قرون من الحكم الإسلامي، وأغلب سكانها المجوس عباد البقر. كذلك الأرض التي لا تحكمها شريعة الله فهي دار حرب ولو كان أغلب سكانها مسلمين،

"জুমহুর উলামার মত হচ্ছে, রাষ্ট্র নির্ধারিত হবে তা কোন বিধান দ্বারা শাসিত তার প্রতি লক্ষ্য করে। অর্থাৎ ঐ ভূখণ্ডের মানুষ কোন বিশ্বাসের তা বিবেচ্য হবে না। যে রাষ্ট্র আল্লাহ তায়ালার শরীয়তশাসিত হবে তা দারুল ইসলাম যদিও বা তার অধিকাংশ অধিবাসী অমুসলিম হয়। যেমন অষ্টম শতাব্দীতে ইসলামী শাসনকালে হিন্দুস্তানের অবস্থা ছিল। অধিকাংশ জনগণ ছিল গো-পূজারী মাজুসী। অনুরূপ যে রাষ্ট্র আল্লাহ তায়ালার শরীয়ত দ্বারা শাসিত নয় তা দারুল হারব। যদিও তার অধিকাংশ জনগণ মুসলিম হয়। (ওয়া'কেউনাল মুয়াসের পৃ.৪২৭)

উস্তায আব্দুল কাদের আউদাহ রহ. এর অভিমত:

دار الكفر تشمل كل البلاد غير الإسلامية التي لا تدخل تحت سلطان المسلمين، أولا تظهر فيها أحكام الإسلام، سواء أكانت هذه البلاد تحكمها دولة واحدة، أو تحكمها دول متعددة، ويستوي أن يكون بين سكانها المقيمين إقامة دائمة مسلمون أولا يكون، مادام المسلمون عاجزين عن إظهار أحكام الإسلام.

"দারুল কুফর হচ্ছে এমন সকল অইসলামিক অঞ্চল যা মুসলিমদের অধীনে নেই। অথবা যেথায় ইসলামী বিধান কার্যকর নয়। চাই উক্ত অঞ্চল সমূহ কোন এক রাষ্ট্র দ্বারা শাসিত হোক অথবা একাধিক রাষ্ট্র দ্বারা। চাই সেখানের স্থায়ী

অধিবাসী মুসলিম হোক বা অমুসলিম। যতক্ষণ পর্যন্ত মুসলিমগণ ইসলামী বিধান কার্যকর করা থেকে অপারগ হয়।”

(আত-তাশরি'উল জিনায়ী আল-ইসলামী-, খণ্ড-১, পৃষ্ঠা-২৭৫)

মুফতী মাহমূদ হাসান গাঙ্গুহী রহ. কে প্রশ্ন করা হয়েছিল, হযরত! ইংরেজদের যামানায় হিন্দুস্তান আপনাদের মতে দারুল হরব ছিল কি ? ইংরেজদের পর বর্তমান সময়ে আগের হুকুমে কোন পার্থক্য এসেছে কি ?

হযরত জবাবে বললেন,“হ্যাঁ! আমাদের মতে হিন্দুস্তান দারুল হরব ছিল ঐ সকল দলীলের ভিত্তিতে যা হযরত রশীদ আহমদ গাঙ্গুহী রঃ ও শাহ আব্দুল আযীয রহ. লিখে গেছেন। বর্তমান যমানায়ও হিন্দুস্তান দারুল হরব। গণতান্ত্রিক শাসন ব্যবস্থার কারণে তা দারুল ইসলামে পরিণত হয়নি।” (ফাতাওয়ায়ে মাহমূদীয়া খ:২০ পৃ:৩৬০)

দারুল মুআহাদাহ/ দারুল আ'হাদ ও দারুল আমান

দারুল কুফর যদি মুসলিমদের সাথে চুক্তিবদ্ধ না হয় তাহলে তা হারবী রাষ্ট্র বা দারুল হারব হিসাবেই গণ্য হবে। আর চুক্তি বা সন্ধি থাকলে তা 'দারুল আহাদ' (চুক্তিবদ্ধ রাষ্ট্র) বলে গণ্য হবে। ফুকাহায়ে আহনাফ মুসলিমদের সাথে চুক্তিবদ্ধ দারুল কুফর এর ক্ষেত্রে ‘দারুল মুআহাদাহ’ (সন্ধির আওতাধীন রাষ্ট্র) পরিভাষা ব্যাবহার করেছেন। (দেখুনঃ শারহু সিয়ারীল কাবীর, খণ্ড-৫, অধ্যায়ঃ বাবুল মুআহাদাহ। বাদায়েউস সানায়ে', কিতাবুস সিয়ার, অধ্যায়ঃ মা ইয়া'তারিদু মিনাল আসবাবিল মুহাররমাহ লিল-কিতাল)

“দারুল আমান” শব্দটি পরিভাষা হিসাবে মুতাকাদ্দিমীন ও মুতাআখখিরীন মুজতাহিদ ফকীহগণ ব্যবহার করেননি। তবে বর্তমান অনেককে এই পরিভাষা ব্যাবহার করতে দেখা যায়। যদি “দারুল আমান” পরিভাষাটি দ্বারা উদ্দেশ্য হয় ‘দারুল মুআহাদাহ’ বা ঐ দারুল কুফর যার সাথে মুসলিমদের সন্ধি বা চুক্তি আছে তাহলে তো তা ঠিক আছে। কিন্তু যদি তা দ্বারা উদ্দেশ্য হয় ভিন্ন কিছু তাহলে তাদের জন্য জরুরী হবে এর পক্ষে শরয়ী নির্ভরযোগ্য দলীল পেশ করা।

মুরতাদ শাসনাধীন রাষ্ট্রও দারুল হারব

উপরের আলোচনা দ্বারা একথা স্পষ্টরূপে প্রমাণিত হয় যে, আমাদের বাংলাদেশ যেহেতু শরয়ী আইন দ্বারা পরিচালিত নয়, তাই বাংলাদেশ দারুল হরব। তাছাড়া বাংলাদেশের শাসক সম্প্রদায় মুরতাদ হওয়ার কারণেও

বাংলাদেশ দারুল হরব। কারণ, মুরতাদদের শাসনাধীন রাষ্ট্র দারুল হরব বলে বিবেচিত হয়।

ইমাম সারাখসী রহ. বলেনঃ

وبعد ما غلبوا على دارهم فقد صارت دارهم دار الحرب حتى إذا وقع الظهور عليهم يكون مالهم غنيمة للمسلمين .

"মুরতাদরা যখন নিজ এলাকায় আধিপত্য বিস্তার করে তখন তাদের অঞ্চল দারুল হারবে পরিণত হয়। আর যখন আবার তাদের বিরুদ্ধে বিজয় অর্জন হবে তখন তাদের মাল গণিমতে পরিণত হবে।" (শারহু সিয়ারীল কাবীর, বাবুল মুআদাআহ, খণ্ড-৫, পৃষ্ঠা-৪)

নোটঃ উপরের আলোচনা দ্বারা এ কথা স্পষ্টরূপে প্রতিয়মান হল, যেকোনো ভূখণ্ড হয়তো দারুল ইসলাম হবে কিংবা দারুল কুফর হবে। দারুল আমান বলতে কিছু নাই। ফুকাহায়ে মুতাকাদ্দেমীন এবং মুতাআখ্খেরীন কেউই 'দারুল আমান' নামে কোনো দারের কথা উল্লেখ করেননি।

১৯৪৭ সালের পর দারুল ইসলাম হওয়ার মত কি কিছু ঘটেছে?

১৯৪৭ সাল পর্যন্ত এই উপমহাদেশকে সকলে দারুল হরব বলে স্বীকার করে। কারণ তখন ইংরেজরা তাদের কুফুরী সংবিধান দ্বারা এ দেশ পরিচালনা করত। এখন প্রশ্ন হল, ১৯৪৭ সালে দেশ ভাগ হওয়ার পর, কিংবা ৭১ সালে বাংলাদেশ পাকিস্তান থেকে স্বাধীন হওয়ার পর এদেশে এমন কী ঘটেছে যে, আমরা ইতিপূর্বের স্বীকৃত এক দারুল হরবকে দারুল হরব বলতে দ্বিধা করছি?! বাংলাদেশ কিংবা পাকিস্তান কোনোটাই কি নির্ভেজাল আহকামুল ইসলাম দ্বারা পরিচালিত? এই প্রশ্নের উত্তর যদি না বাচক হয়ে থাকে, তাহলে কেন বাংলাদেশ ও পাকিস্তান দারুল হারব হবে না?

'দারুল ইসলাম' ও দারুল হরব প্রসঙ্গে মুফতী তাকি উসমানী সাহেব দা.বা.এর দাবির খণ্ডন।

উপরের দালীলিক আলোচনার দ্বারা একথা সুপ্রমাণিত হয়েছে যে, যে ব্যক্তি শাসন ক্ষমতা পাওয়ার পর আল্লাহর আইন দ্বারা রাষ্ট্র পরিচালনা করবে না সে মুরতাদে পরিণত হবে। আর মুরতাদের শাসনাধীন রাষ্ট্রও দারুল কুফর/ দারুল হারব। কিন্তু শ্রদ্ধেয় শাইখুল ইসলাম তাকী উসমানী দা. বা. এ ক্ষেত্রে সম্পূর্ণ

ভিন্ন মত পোষণ করেন। তিনি উম্মাহর ইজমার বিপরীতে গিয়ে সম্পূর্ণ নতুন এক মত আবিষ্কার করেছেন। তাঁর মতটি নিম্নে উল্লেখ করা হল:

ক. তিনি কুফরী সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনাকারী মুসলিমদাবীদারদেরকে মুরতাদ মনে করেন না।

খ. তাদের পরিচালিত রাষ্ট্রকে তিনি দারুল ইসলাম মনে করেন। তাই তিনি পাস্তিান ও পাকিস্তানের মত অন্যান্য রাষ্ট্রগুলোকে দারুল ইসলাম মনে করেন।

তাঁর এই দুই দাবির কারণে উপমহাদেশে (বিশেষত বাংলাদেশে যেখানে ওলামায়ে কেরামের বড় অংশ দলীলের আলোকে কথা বলার পরিবর্তে তাকি উসমানী সাহেব দা.বা. এর মতো ব্যক্তিদের অন্ধ অনুসরণ করে থাকেন) কী পরিমাণ বিভ্রান্তি যে ছড়াচ্ছে তা দ্বীনী বুঝ সম্পন্ন ব্যক্তিদের নিকট অস্পষ্ট নয়।

আপনি আজ ওলামায়ে কেরামের কাছে এই দুই মাসআলা আলোচনা করতে গেলে তাদের অনেকে শুধু এ কথাটাই বলবেন, "তাকি উসমানী সাহেব তো এর বিপরীত বলেন!" ভাবখানা এমন যেন তারা তাদের দ্বীনের সমস্ত দায়ভার তাকি উসমানী সাহেব দা.বা. এর মতো ব্যক্তিদেরকে ন্যস্ত করেছেন। সুতরাং তারা যা বলবেন তাই দ্বীন যদিও এর পক্ষে দলীল না থাকে। আর এর বিপরীতটা অবশ্যই গোমরাহী! যদিও সেটা দলীলভিত্তিক হয়।

এমতাবস্থায় তাকি উসমানী সাহেব দা.বা. এর উক্ত দাবিদ্বয়ের বিভ্রান্তি সচেতন সমাজের কাছে তুলে না ধরাটা উম্মাহর প্রতি খিয়ানত বলে মনে হচ্ছে। এ কারণেই এ ব্যাপারে কলম ধরা। নতুবা তাকি উসমানী সাহেব দা.বা. এর ব্যক্তিগত সমালোচনা করা আমাদের উদ্দেশ্য নয়। আমরা তার যোগ্যও নই। আর এতে কোন ফায়েদাও নেই। তবে আরবীতে একটি প্রবাদ আছে:

لكل جواد كبوة، ولكل صارم نبوة

[দ্রুতগামী অশ্ব কখনো মুখ থুবড়ে পড়ে এবং ধারালো তরবারী কখনো ভোঁতা হয়ে যায়।]

অতএব, বড়দের ভুল হয়ে যাওয়া স্বাভাবিক; অস্বাভাবিক কিংবা অসম্ভব নয়। আজকাল আমরা "বড়দের ভুল হওয়া সম্ভব নয়" মর্মে একটি অঘোষিত আকীদা পোষণ করতে শুরু করেছি। এই ধ্বংসাত্মক আকীদা অনেক ক্ষেত্রে আমাদেরকে খুব সহজে বিভ্রান্তির দিকে নিয়ে যাচ্ছে। আম্বিয়া আ. ব্যতীত অন্য সবার থেকেই ভুল হওয়া সম্ভব। মুজতাহিদেরও ভুল হতে পারে আবার অমুজতাহিদেরও ভুল হতে পারে। তবে মুজতাহিদের ভুল হলেও তিনি একটি সাওয়াব পাবেন। আর অমুজতাহিদের ভুল হলে ভুল শুধরে নেয়া তার দায়িত্ব।

ভুলকে ভুল হিসেবে ধরিয়ে দিয়ে উম্মাহকে তা থেকে রক্ষা করার পথ বাতলে দেয়াই প্রকৃত খায়েরখাহী। উম্মাহকে বিভ্রান্তির সম্মুখীন দেখেও চুপ থাকা খায়েরখাহী নয়।

তাকি উসমানী সাহেব দা.বা. তার “ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত” নামক কিতাবে মুসলিমদাবীদার মুরতাদ শাসনাধীন রাষ্ট্রকে দারুল ইসলাম বলে দাবি করেছেন। তাঁর এদাবির পক্ষে তিনি হানাফী মাযহাবের বিশিষ্ট তিন জন ইমামের তিনটি উদ্ধৃতি নিয়ে এসেছেন।

১ম জনঃ শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০ হি.)। যিনি ‘আল-মাবসূত’ এবং ‘শরহুস সিয়ারীল কাবীর’ এর প্রণেতা।

২য় জনঃ ‘জামিউর রুমুজ’ এর প্রণেতা আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০হি.)।

৩য় জনঃ ‘ফাতাওয়া শামী’র প্রণেতা আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.)।

তিনি এই তিন ইমামের উদ্ধৃতিত্রয় এনে বুঝাতে চাচ্ছেন-

[বর্তমান মুসলিম রাষ্ট্র যেগুলোতে আল্লাহ তাআলার শরীয়ত কায়েম নেই, বরং সেসবের শাসকরা আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে দিয়ে শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করছে সেগুলো সব ‘দারুল ইসলাম’ তথা ‘ইসলামী রাষ্ট্র’। আইন কি চলছে সেটা দেখার বিষয় নয়। আইন ইসলামী হোক কুফরী হোক সর্বাবস্থায়ই সেগুলো ‘দারুল ইসলাম’ তথা ইসলামী রাষ্ট্র।]

এই তিন ইমামের উদ্ধৃতিত্রয় এনে তিনি একথাও বুঝাতে চাচ্ছেন-

[এসব রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র বলা নিজস্ব মনগড়া কোন কথা নয়; বরং পূর্বসূরি ইমামগণের মতানুসারেই সেগুলো দারুল ইসলাম। তাঁদের কারো বক্তব্য থেকে তা অস্পষ্টভাবে বুঝা যায়, আর কারো বক্তব্য থেকে তা সুস্পষ্টই বুঝা যায়।]

অর্থাৎ প্রথম দুইজন ইমাম শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০) এবং আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য থেকে তা অস্পষ্টভাবে বুঝা যায়। আর আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.) এর বক্তব্য থেকে তা সুস্পষ্ট বুঝা যায়।

অথচ বাস্তবে এই তিন ইমামের কারো বক্তব্য থেকেই সুস্পষ্ট বা অস্পষ্ট কোনভাবেই এসব রাষ্ট্র 'দারুল ইসলাম' তথা ইসলামী রাষ্ট্র হওয়া বুঝা যায় না। বরং ইমামগণের বক্তব্যগুলোর পর্যালোচনা এবং সেগুলোর সঠিক প্রয়োগক্ষেত্র দেখার পর এ দাবি দলীল-প্রমাণ বিহীন একটা নিজস্ব মনগড়া দাবি হিসেবেই প্রমাণিত হয়। আইম্মায়ে কেরাম এ ধরণের ভিত্তিহীন দাবি থেকে সম্পূর্ণ মুক্ত ও পবিত্র। তাদের বক্তব্য এনে এ ধরণের দাবি প্রমাণ করে তা তাদের নামে চালিয়ে দেয়া যেন তাঁদের নামে অপবাদ দেয়ার নামান্তর।

আইম্মায়ে কেরমের বক্তব্যের পর্যালোচনায় যাওয়ার আগে "ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত" থেকে তাকি উসমানী সাহেব দা.বা. এর বক্তব্যটি তুলে ধরছি। তিনি বলেন :

"পঞ্চম অধ্যায়ঃ প্রতিরক্ষা এবং পররাষ্ট্র নীতি

এই অধ্যায়ের আলোচ্য বিষয় হলো ইসলামী রাষ্ট্র অন্যান্য রাষ্ট্রের সাথে কী ধরণের সম্পর্ক রাখতে পারবে?

এই মাসআলা বুঝার জন্য ইসলামী ফিকহ শাস্ত্রে পৃথিবীর রাষ্ট্রগুলোর ক্ষেত্রে 'দারুল ইসলাম' ও 'দারুল হরব' বা 'দারুল কুফর' নামে যে দুটি পরিভাষা ব্যবহৃত হয় তার দ্বারা কী উদ্দেশ্য প্রথমে তা আলোচনা করে নেয়া মুনাসিব মনে হচ্ছে।

'দারুল ইসলাম' ও 'দারুল হরব'

দারুল ইসলাম দ্বারা উদ্দেশ্য ঐ রাষ্ট্র যা মুসলানদের কব্জায় রয়েছে এবং তাতে তাদের এমন পরিপূর্ণ দখলদারিত্ব কায়েম রয়েছে যে, তাতে তাদের আহকাম কার্যকরীভাবে চলে।

যেমন আল্লামা সারাখসী রাহমাতুল্লাহি আলাইহি দারুল ইসলামের সংজ্ঞা এভাবে দিয়েছেন,

فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين

"'দারুল ইসলাম' ঐ ভূখন্ডের নাম যা মুসলমানদের কব্জায় রয়েছে।"

(শরহুস সিয়ারীল কাবীর: পরিচ্ছেদ-১২৭, খণ্ড-৪, পৃষ্ঠা-৮৬)

'জামিউর-রুমুজ' এ 'আল-কাফি' এর বরাত দিয়ে এর সংজ্ঞা এভাবে দেয়া হয়েছে,

دار الإسلام ما يجري فيه حكم إمام المسلمين و كانوا فيه آمنين

"'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর হুকুম চলে এবং মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে।"

(জামিউর-রুমুজঃখণ্ড-৪, পৃষ্ঠা-৫৫৬)

যদিও মুসলমানদের হাতে থাকার ফল এই হওয়ার কথা ছিল যে, উক্ত রাষ্ট্রে সকল আইন ইসলামী শরীয়ত মোতাবেক চলবে, কিন্তু মুসলমান শাসকদের গাফলতির কারণে যদি পরিপূর্ণ শরীয়ত জারি নাও থাকে, তবুও যদি ক্ষমতা মুসলমানদের হাতে থাকে তাহলে তাকে দারুল ইসলামই বলা হবে।

জামিউর-রুমুজের উপরোক্ত বক্তব্যে যা বলা হয়েছে, "ঐ ভূখন্ডে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর হুকুম চলে" এ থেকে কারো কারো এই সন্দেহ হয়ে গেছে,

'এখানে হুকুম দ্বারা ইসলামী শরীয়তের সকল বিধান উদ্দেশ্য। কাজেই যদি মুসলমানদের আয়ত্বাধীন কোন রাষ্ট্রে শরীয়তের সকল বিধান জারি না থাকে তাহলে তাকে দারুল ইসলাম বলা হবে না।'

কিন্তু এ কথা দুরস্ত নয়। প্রকৃতপক্ষে কোন রাষ্ট্র দারুল ইসলাম বলে প্রতীয়মান হওয়ার জন্য মূল বিষয় হচ্ছে তাতে মুসলমানদের পরিপূর্ণ ক্ষমতা থাকা এবং তাতে তাদের আহকাম জারি করার পূর্ণ সামর্থ্য থাকা। এরপর যদি তারা তাদের গাফলতি এবং ত্রুটির কারণে সকল আহকাম জারি না করে তাহলে এটা তাদের জন্য মারাত্মক গুনাহ। শরীয়তের সকল আহকাম জারি করা তাদের অবশ্যকর্তব্য। কিন্তু তাদের এই আমার্জনীয় গাফলতির কারণে উক্ত রাষ্ট্র দারুল ইসলামের সংজ্ঞা থেকে বের হয়ে যাবে না।

উপরে তুমি দেখেছ আল্লামা সারাখসী রাহমাতুল্লাহি আলাইহি দারুল ইসলামের সংজ্ঞায় শুধু এতটুকু বলেছেন যে, তা মুসলমানদের কব্জায় রয়েছে। আর এ বিষয়টাকেই জামিউর-রুমুজের বক্তব্যে এভাবে বলা হয়েছে, "তাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর হুকুম চলে"। অর্থাৎ তার আইন কার্যকর হয়। ঐ আইন শরীয়তসম্মত কি'না তার প্রতি ভ্রুক্ষেপ করা হয়নি।

যেহেতু ঐ যামানায় 'কোন রাষ্ট্র মুসলমানদের হাতে থাকা সত্ত্বেও তার অধিবাসীরা তাতে ইসলামী আহকাম জারি করবে না' তা কল্পনা করাও মুশকিল ছিল , ফলে ঐ যামনায় সুস্পষ্ট করে বর্ণিত হয়নি যে, মুসলমানদের অধীনস্ত কোন রাষ্ট্রে পরিপূর্ণ শরীয়ত জারি না থাকলে তাকে দারুল ইসলাম বলা হবে কি'না। বরং শুধু এতটুকু বলার উপর ক্ষ্যান্ত করা হয়েছে, "'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যা মুসলমানদের কব্জায় রয়েছে এবং তাতে তাদেরই হুকুম চলে"।

কিন্তু পরবর্তী যামানায় মুসলমান শাসকদের গাফলতির কারণে যখন এমন সূরত সামনে আসলো যে, 'কোন রাষ্ট্র মুসলমানদের ক্ষমতাধীন কিন্তু তাতে ইসলামী শরীয়ত পরিপূর্ণ জারি নেই' তখন পরবর্তী যামানার ফুকাহাগণ তা স্পষ্টভাবে বলে দিয়েছেন {যে, এসব রাষ্ট্র দারুল ইসলাম}।

যেমন- আল্লামা ইবনে আবেদীন শামী রাহমাতুল্লাহি আলাইহি বলেন,

"وبهذا ظهر أن ما في الشام من جبل تيم الله المسمى بجبل الدروز وبعض البلاد التابعة كلُّها دار إسلام، لأنها وإن كانت لها حكام دروز أو نصارى، ولهم قضاة على دينهم و بعضهم يعلنون بشتم الإسلام والمسلمين، و لكنهم تحت حكم ولاة أمورنا، وبلاد الإسلام محيطة ببلادهم من كل جانب، وإذا أراد ولي الأمر تنفيذ أحكامنا فيهم نفذها ".

"এ থেকে বুঝে আসে যে, শামের 'তাইমুল্লাহ্' পাহাড় যাকে 'দারুয পাহাড়'ও বলা হয় এবং এর অন্তর্গত আরো কতক শহর সবগুলোই দারুল ইসলাম। কেননা সেগুলোর শাসক যদিও দারুয বা নাসারা এবং তাদের নিজেদের ধর্মীয় বিচারকও রয়েছে যারা তাদের ধর্মের বিধান অনুযায়ী বিচার ফায়সালা করে, তাদের মধ্যে কিছু লোক এমনও রয়েছে যারা প্রকাশ্যে ইসলাম ও মুসলমানদের ব্যাপারে কটূক্তি করে থাকে; কিন্তু তারা সকলেই আমাদের মুসলমান শাসকদের অধীনস্ত। দারুল ইসলাম চতুর্দিক থেকে তাদের এলাকাকে বেষ্টন করে রেখেছে। মুসলমান শাসকগণ যখনই চাইবেন তাদের উপর আমাদের আহকাম জারি করে দিতে পারবেন।"

('রদ্দুল মুহতার', কিতাবুল জিহাদ, 'বাবুল উশরি ওয়াল খারাজ' এর একটু আগে 'ইসতি'মানুল কাফের' সংক্রান্ত পরিচ্ছেদ। খণ্ড-১২, পৃষ্ঠা-৬৬০, নতুন সংস্করণ।)

এ থেকে এ বিষয়টি আরোও স্পষ্ট হয়ে যায় যে, কোন রাষ্ট্র দারুল ইসলাম হওয়ার জন্য মূল গুরুত্ব হলো তাতে মুসলমানদের পরিপূর্ণ কব্জা ও ক্ষমতা আছে কিনা তা দেখা। যদি পরিপূর্ণ ক্ষমতা থেকে থাকে তাহলে ঐ রাষ্ট্রকে দারুল ইসলাম বলা হবে এবং তার উপর দারুল ইসলামেরই আহকাম জারি হবে। যদিও মুসলমান শাসকদের গাফলতির কারণে তাতে পরিপূর্ণরূপে শরীয়ত জারি হতে না পারে। [ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাতঃ ৩২৪-৩২৭]" এ পর্যন্ত তাকী উসমানী দা.বা. এর কথা শেষ।

সামনে গিয়ে বর্তমান মুসলিম নামধারী মুরতাদ শাসকগোষ্ঠীর দখলে থাকা কুফরী আইন দ্বারা শাসিত মুসলিম রাষ্ট্রগুলোকে দারুল ইসলাম দাবি করে তিনি বলেন-

“যেহেতু এ সব রাষ্ট্রের প্রত্যেকটার ক্ষমতা মুসলমানদেরই হাতে, এ কারণে এদের প্রত্যেকটার উপর দারুল ইসলামের সংজ্ঞা প্রযোজ্য।” [ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাতঃ ৩৩১]

তাঁর এ দুই বক্তব্যে তিনি অত্যন্ত পরিষ্কার ভাষায় ব্যক্ত করেছেন, বর্তমান মুসলিম নামধারী শাসকগোষ্ঠী যদিও কুফরী আইন দ্বারা রাষ্ট্র শাসন করছে তবুও তারা মুসলমান। তাদের ক্ষমতাধীন রাষ্ট্রগুলো ‘দারুল ইসলাম’ তথা ইসলামী রাষ্ট্র। শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০) এবং আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্য থেকে তা অস্পষ্টভাবে বুঝা যায়। আর আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (মৃত্যুঃ ১২৫২ হি.) এর বক্তব্য থেকে তা সুস্পষ্ট বুঝা যায়।

আইম্মায়ে কেরামের বক্তব্য থেকে যে তাঁর এ দাবির কোনই সমর্থন পাওয়া যায় না, বরং তা দলীল-প্রমাণ বিহীন একটা মনগড়া দাবি সাব্যস্ত হয়, ইনশাআল্লাহ আইম্মায়ে কেরামের প্রত্যেকটা বক্তব্য পর্যালোচনা করে তা প্রমাণ করা হবে। সাথে সাথে তাঁদের এ বক্তব্যগুলোর প্রকৃত প্রয়োগ ক্ষেত্র কী হবে তাও স্পষ্ট করা হবে ইনশাআল্লাহ।

আইম্মায়ে কেরামের বক্তব্যের পর্যালোচনার পূর্বে কয়েকটা বিষয় আত্মস্থ করে নেয়া চাই।

১. রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র মুসলানদের হাতে থাকা অসম্ভবঃ

তাকি উসমানী সাহেব দা.বা. অত্যন্ত জোর দিয়ে যে বিষয়টি বুঝাতে চাচ্ছেন তা হলো- কোন রাষ্ট্রে রাষ্ট্রীয় এবং সাংবিধানিকভাবে কুফরী বিধান জারি থাকলেও এবং মুসলমান জনসাধারণ ইসলামী শাসন জারি করতে না পারলেও রাষ্ট্র মুসলমানদের হাতে থাকা সম্ভব।

কিন্তু এই ধারণা সঠিক নয়। কেননা কোন রাষ্ট্র ইসলামী রাষ্ট্র না কুফরী রাষ্ট্র এবং তা মুসলমানদের হাতে না কাফেরদের হাতে তা বুঝা যাবে তাতে প্রচলিত রাষ্ট্রীয় বিধান থেকে। রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র কখনো ইসলামী রাষ্ট্র হতে পারে না এবং তা মুসলমানদের হাতে থাকতে পারে না।

কেননা কোন মুসলমান শাসক রাষ্ট্রীয়ভাবে কুফরী আইন জারি করে দিলে সে আর মুসলমান থাকে না। মুরতাদ হয়ে যায়। তাকে হটিয়ে ন্যায়পরায়ণ মুসলিম শাসক নির্বাচন করা ওয়াজিব। যদি উক্ত মুরতাদ শাসক রাষ্ট্রে কুফরী বিধান জারি করে দেয় এবং মুসলমানরা তাকে হটিয়ে ইসলামী শাসন জারি

করতে না পারে তাহলে রাষ্ট্র আর দারুল ইসলাম থাকে না, দারুল কুফর হয়ে যায়। যেমনটা পূর্বে আলোচিত হয়েছে। অতএব, বিধান কুফরী হওয়াটা রাষ্ট্র কাফেরদের হাতে থাকার নিদর্শন। যেমন শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০ হি.) বলেন,

فكل موضع ظهر فيه حكم الشرك فالقوة في ذلك الموضع للمشركين، فكانت دار حرب. وكل موضع كان الظاهر فيه حكم الإسلام فالقوى فيه للمسلمين .

"প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে শিরকী বিধান বিজয়ী রয়েছে, তার ক্ষমতা মুশরিকদের হাতে। কাজেই তা দারুল হরব। আর প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে ইসলামী বিধান বিজয়ী রয়েছে, তার ক্ষমতা মুসলমানদের হাতে।" (আল-মাবসূতঃ ১০/১১৪)

আল্লামা কাসানী রহ.(মৃত্যুঃ ৫৮৭ হি.) বলেন,

أَنَّ قَوْلَنَا دَارُ الْإِسْلَامِ وَدَارُ الْكُفْرِ إضَافَةُ دَارٍ إلَى الْإِسْلَامِ وَإِلَى الْكُفْرِ، وَإِنَّمَا تُضَافُ الدَّارُ إلَى الْإِسْلَامِ أَوْ إلَى الْكُفْرِ لِظُهُورِ الْإِسْلَامِ أَوْ الْكُفْرِ فِيهَا... فَإِذَا ظَهَرَ أَحْكَامُ الْكُفْرِ فِي دَارٍ فَقَدْ صَارَتْ دَارَ كُفْرٍ.

"আমরা যে বলি, 'দারুল ইসলাম' 'দারুল কুফর' এর অর্থ রাষ্ট্রকে ইসলাম ও কুফরের দিকে সম্বন্ধিত করা। রাষ্ট্রকে তখনই ইসলামের দিকে বা কুফরের দিকে সম্বন্ধিত করা হবে যখন তাতে ইসলাম বা কুফর বিজয়ী থাকবে। কাজেই যখন কোন রাষ্ট্রে কুফরী বিধান বিজয়ী হয়ে যাবে, তখন তা দারুল কুফর হয়ে যাবে।" (বাদাইউস সানায়ে': ৬/১১২)

যেহেতু বিধান কুফরী হওয়াটা রাষ্ট্র কাফেরদের হাতে থাকার নিদর্শন এ কারণে অনেক ইমাম দারুল কুফরের সংজ্ঞায় শুধু এতটুকু বলেছেন, "দারুল কুফর ঐ রাষ্ট্র যাতে কুফরী বিধান চলে।"

কাজী আবূ ইয়ালা হাম্বলী রহ. (মৃত্যুঃ ৪৫৮ হি.) বলেন,

كل دار كانت الغبلة فيها لأحكام الكفر فهي دار الكفر.

"প্রত্যেক ঐ রাষ্ট্র যেখানে কুফরী বিধান বিজয়ী তা দারুল কুফর।"

(আল-মু'তামাদ ফিল উসূলঃ ২৭৬)

পৃথিবীর অনেক বিষয় এমন আছে যা কল্পনায় আসা সম্ভব, কিন্তু বাস্তবে অসম্ভব। যেমন, সূর্য উঠবে কিন্তু দিন হবে না, কিংবা রাত হবে কিন্তু সূর্য ডুববে না- এটা কল্পনায় সম্ভব হলেও বাস্তবে সম্ভব নয়।

তদ্রুপ রাষ্ট্রীয় আইন কুফরী হবে কিন্তু রাষ্ট্র হবে ইসলামী- এটা কল্পনা করা সম্ভব হলেও বাস্তবে সম্ভব নয়। রাষ্ট্রীয় বিধান কুফরী হলে রাষ্ট্র অবশ্যই দারুল কুফর এবং তা কাফেরদের হাতে। চাই আসলী কাফের হোক, বা মুরতাদ কাফের হোক।

২. ইসলামী আইন চালু না থাকা আর কুফরী আইন চালু থাকা এক নয়ঃ

একটি বিষয় খুব ভালভাবে খেয়াল রাখা চাই যে, ইসলামী শাসন পরিপূর্ণ জারি না থাকা আর কুফরী শাসন জারি থাকা এক নয়। বরং এ দু'টি সম্পূর্ণ ভিন্ন দু'টো বিষয়। দ্বিতীয়টি কুফর, কিন্তু প্রথমটি সর্বাবস্থায় কুফর নয়।

রাষ্ট্র পরিচালনার ভিত্তি ইসলামী শরীয়তের উপর হওয়ার পর এবং রাষ্ট্রীয় সংবিধানের সকল আইন ইসলামী হওয়ার পর যদি শাসকের গাফলতির কারণে , কিংবা শাসক জালেম বা ফাসেক হওয়ার কারণে রাষ্ট্রে পরিপূর্ণ ইসলামী পরিবেশ বজায় না থাকে; বিচারকরা কখনোও কখনোও শরীয়ত পরিপন্থী ফায়সালা দিয়ে ফেলে- তাহলে শাসক বা বিচারক কেউই কাফের হয়ে যায় না, যদি না তাদের মাঝে অন্য কোন কুফরী পাওয়া যায়।

পক্ষান্তরে রাষ্ট্রীয় শাসন ব্যবস্থাই যদি কুফরী হয়, আল্লাহ তাআলার শরীয়ত অনুযায়ী বিচার না করে মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে বিচার-ফায়সালা করা হয়- তাহলে কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী এসব শাসক কাফের ও মুরতাদ। যদিও তারা নিজেদেরকে মুসলমান দাবি করে, নামায-রোযা ও অন্যান্য হুকুম আহকাম পালন করে। এ ব্যাপারে আইম্মায়ে কেরাম সকলে একমত।

যেমন, নামায না পড়া, আর গাইরুল্লার জন্য নামায পড়া এক নয়। নামায না পড়া সর্বাবস্থায় কুফর নয়। বেনামাযী সর্বাবস্থায় কাফের নয়। কিন্তু গাইরুল্লার জন্য নামায পড়া সর্বাবস্থায় কুফর এবং এ ধরণের ব্যক্তি সর্বাবস্থায় কাফের। যদিও সে নিজেকে মুসলমান দাবি করে।

কিন্তু অনেকে এ দুটো বিষয়কে এক করে ফেলেন। ফলে নিজেও মারাত্মক বিভ্রান্তির শিকার হয়, অন্যকেও বিভ্রান্ত করে।

৩. খেলাফত যামানা আর বর্তমান যামানা এক নয়ঃ

ইসলামী খেলাফত যত দিন কায়েম ছিল ততদিন শাসন ব্যবস্থা ইসলামী ছিল। তবে কোনো কোনো শাসক কমবেশ জুলম করতেন। বিচারকরা কখনোও কখনোও শরীয়ত পরিপন্থি ফায়সালা দিয়ে দিতেন। কিন্তু এটা কুফর নয়। আইম্মায়ে কেরাম জালেম শাসকদের বিরুদ্ধে জিহাদ তো করেছেন, কিন্তু তাদেরকে কাফের ফতোয়া দেননি।

পক্ষান্তরে বর্তমানে মুসলিম রাষ্ট্রগুলোতে রাষ্ট্রীয় শাসন ব্যবস্থাই কুফরী। সেখানে আল্লাহ তাআলার শরীয়ত অনুযায়ী বিচার না করে, মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে বিচার করা হয়। আর কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনাকারী শাসকরা কাফের ও মুরতাদ। যদিও তারা নিজেদেরকে মুসলমান দাবি করে, নামায-রোযাসহ অন্যান্য হুকুম আহকাম পালন করে।

কিন্তু অনেকে এ দুই যামানাকে এক করে ফেলেন। বর্তমান শাসকগোষ্ঠীকে খেলাফত যামানার শাসকদের মতো জালেম মুসলমান মনে করেন। ফলে নিজেও মারাত্মক বিভ্রান্তির শিকার হয়, অন্যকেও বিভ্রান্ত করে।

তাকি উসমানী সাহেব দা.বা. এবং বাংলাদেশের তাঁর ছাত্র সম্প্রদায় ও ভাবশিষ্যগণ (বা বড় বড় মুফতীগণ) এই ধরণের বিভ্রান্তিতেই পড়েছেন।

আইম্মায়ে কেরামের বক্তব্যসমূহের পর্যালোচনাঃ

সারগর্ভ পর্যালোচনাঃ

শামসুল আইম্মা সারাখসী রহ. (মৃত্যুঃ ৪৯০হি.) এর যামানায় কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনার কথা কল্পনা করাও কঠিন ছিল। যেমনটা তাকি উসমানী সাহেব দা.বা. নিজেও স্বীকার করেছেন।

কাজেই তাঁর বক্তব্যঃ " 'দারুল ইসলাম' ঐ ভূখন্ডের নাম যা মুসলমানদের কব্জায় রয়েছে" দ্বারা এ কথা কীভাবে বোঝা যাবে যে, কুফরী আইন দিয়ে পরিচালিত রাষ্ট্র দারুল ইসলাম ?! কুফরী আইন তো তাঁর যামানায় ছিলই না। বরং তাঁর যামানায় যেহেতু পরিপূর্ণ ইসলাম কায়েম ছিল কাজেই 'মুসলমানদের হাতে থাকা'র দ্বারা এটাই উদ্দেশ্য যে, মুসলমানরা তাতে নিরাপত্তার সাথে শরীয়ত বাস্তবায়ন করতে পারে।

অতএব, তাঁর বক্তব্য থেকে যেসব রাষ্ট্রে পরিপূর্ণ ইসলাম কায়েম রয়েছে সেগুলো দারুল ইসলাম বোঝা যায়। কুফরী আইন দ্বারা শাসিত রাষ্ট্র দারুল ইসলাম হওয়া তাঁর বক্তব্য থেকে বোঝা যায় না।

আল্লামা কুহুসতানী রহ. (মৃত্যুঃ ৯৫০ হি.) এর বক্তব্যঃ " 'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যাতে মুসলমানদের ইমাম (রাষ্ট্র প্রধান) এর হুকুম চলে এবং মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে।"

এখানে 'ইমামুল মুসলিমীনের হুকুম' একটা পরিভাষা। আর পরিভাষার একটা সুনির্দিষ্ট অর্থ থাকে। সম্ভাব্য সকল অর্থই উদ্দেশ্য হয় না।

যেমন, 'সালাত' একটা পরিভাষা। যা একটা নির্দিষ্ট ইবাদাত বোঝায়। সালাতের আভিধানিক অর্থ দোয়া। কিন্তু পরিভাষায় সকল দোয়াকেই সালাত বলে না। তদ্রুপ এখানে 'ইমামুল মুসলিমীনের হুকুম' দ্বারা সকল হুকুম উদ্দেশ্য নয়। জায়েয-নাজায়েয, হালাল-হারাম, ঈমানী-কুফরী সব ধরণের হুকুম উদ্দেশ্য নয়।

বরং এখানে 'ইমামুল মুসলিমীনের হুকুম' দ্বারা ইসলামী শরীয়ত উদ্দেশ্য। কেননা ইমাম নিযুক্ত করাই হয় ইসলামী শরীয়ত বাস্তবায়নের জন্য; শরীয়তের বিরুদ্ধাচরণের জন্য নয়। যে ইমাম শরীয়তের বিরুদ্ধাচরণ করে সে আর ইমাম হওয়ার যোগ্য থাকে না। তাকে সরিয়ে ফেলা উম্মতের উপর ওয়াজিব।

তদ্রুপ তাঁর বক্তব্যঃ 'মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে বসবাস করে' এর দ্বারা হুদুদ কিসাসসহ দ্বীনের যাবতীয় হুকুম পালন সহ নিরাপত্তা উদ্দেশ্য। যে নিরাপত্তা লাভের জন্য দ্বীন বিসর্জন দেয়া ছাড়া গত্যন্তর নেই তা উদ্দেশ্য নয়।

অতএব, তাঁর বক্তব্যের অর্থ দাঁড়ালঃ

" 'দারুল ইসলাম' ঐ ভূখণ্ড যাতে ইসলামী আহকাম চলে এবং মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে তাদের দ্বীনের যাবতীয় বিধি-বিধান পালন করতে পারে।" যে রাষ্ট্রে ইসলামী আহকাম চলে না বরং কুফরী বিধান চলে এবং যেখানে হদ, কেসাস, জিহাদসহ দ্বীনের অন্যান্য বিধান বাস্তবায়ন জঘন্য অপরাধ বলে বিবেচিত হয়, সেসব রাষ্ট্রকে এই বক্তব্যে 'দারুল ইসলাম' বা ইসলামী রাষ্ট্র বলা হয়নি।

আল্লামা শামী রহ. এর বক্তব্যের সার কথা-

ইসলামী রাষ্ট্রের একটা অংশে (যেমন, একটা বিভাগ, বা প্রদেশে) যিম্মি কাফেররা প্রভাবশালী হয়ে উঠেছে। তারা সেখানে কুফুরী করে বেড়াচ্ছে। নিজেদের ধর্মমতে বিচার ফায়সালা করছে। এমতাবস্থায় মুসলমান শাসকদের উচিৎ ছিল তাদেরকে দমন করা। শিথিলতা প্রদর্শন না করে কঠরোতা প্রদর্শন করা। কিন্তু তারা সামর্থ্য থাকা সত্তেও তাদেরকে দমন করেননি। এই দমন না করা তাদের অপরাধ।

এ থেকে বোঝা যায়, কোন ইসলামী রাষ্ট্রের শাসকের শিথিলতার কারণে যদি রাষ্ট্রের কোনো এক অংশে অন্যায় অপরাধ এমনকি কুফরীও চলতে থাকে তথাপি তা দারুল ইসলামরূপে বহাল থাকবে। দারুল কুফরে রূপান্তিত হবে না। কেননা সেখানে মুসলিমদের কর্তৃত্ব বহাল আছে এবং মুসলিম শাসক চাইলেই চলমান কুফুরী দমন করতে পারেন। আর সেখানকার রাষ্ট্রীয় সংবিধানও কুরআন-সুন্নাহ। কিন্তু এ থেকে কিছুতেই এ কথা বোঝা যায় না, যেসব রাষ্ট্রের শাসকরা আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে মানব রচিত শরীয়ত বিরোধী কুফরী আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করছে এবং সেগুলোর উপর এমন ক্ষমতাবান কোনো ইসলামী রাষ্ট্রও নেই যে রাষ্ট্রটি চাইলেই সেখানে ইসলামী আইন জারী করতে পারে সেগুলোও 'দারুল ইসলাম' তথা 'ইসলামী রাষ্ট্র'। নাউযুবিল্লাহ।

সংক্ষিপ্ত পর্যালোচনার পর এবার ইমাম সারাখসী রহ. এর বক্তব্যের নাতিদীর্ঘ পর্যালোচনা করা হল,

তাকি উসমানী সাহেব দা.বা. ইমাম সারাখসী রহ. এর বক্তব্যের একটা অংশ উল্লেখ করেছেন। পূর্ণ বক্তব্য উল্লেখ করেননি। ইমাম সারাখসী রহ. এর পূর্ণ বক্তব্যটি নিম্নরূপ-

باب : ما يقطع من الخشب ، وما يصاب من الملح وغيره
وإذا خرجت سرية بإذن الإمام لقطع الشجر فوصلوا إلى مكان يخاف فيه المسلمون ، ثم قطعوا الخشب وجاءوا به فهو غنيمة يخمس.
لأن الموضع الذي لا يأمن فيه المسلمون من جملة دار الحرب ، فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين ، وعلامة ذلك أن يأمن فيه المسلمون.
فإن قيل : كما أن المسلمين لا يأمنون في هذا المكان ، فكذلك أهل الحرب لا يأمنون فيه.
قلنا : نعم ، ولكن هذه البقاع كانت في يد أهل الحرب ، فلا تصير دار الإسلام إلا بانقطاع يد أهل الحرب عنها من كل وجه . وهذا ؛ لأن ما كان ثابتا فإنه يبقى ببقاء بعض آثاره ، ولا يرتفع إلا باعتراض معنى هو مثله أو فوقه ، وإذا ثبت أنه من أرض أهل الحرب فما يكون فيه من الخشب يكون في يد أهل الحرب . فهذا مال أصابه المسلمون من أهل الحرب بطريق القهر ، وهو الغنيمة بعينه .اهـ

বক্তব্যের তরজমায় যাওয়ার পূর্বে ইমাম সারাখসী রহ. কোন প্রেক্ষিতে কথাটি বলেছেন তা জেনে নেয়া যাক।

ইমাম সারাখসী রহ. এর বক্তব্যের প্রেক্ষাপট বিশ্লেষণঃ

সারাখসী রহ. গনীমতের আলোচনায় কথাটি বলেছেন। মুসলমানদের কোন শক্তিশালী দল দারুল হরব থেকে শক্তি প্রয়োগ করে যে মাল নিয়ে আসে তাকে গনীমত বলে। গনীমতের বিধান হচ্ছে- তার খুমুস (এক পঞ্চমাংশ) বাইতুল মালে জমা দিতে হবে। কোন মাল গনীমত হওয়ার জন্য তা দারুল হরব থেকে লাভ করা শর্ত। দারুল হরব থেকে লব্ধ না হলে তা গনীমত হবে না।এখন প্রশ্ন হলো, দারুল হরব বলতে কী বুঝায় ?

যেসব রাষ্ট্র সরাসরি কাফেরদের দখলে আছে সেগুলো তো দারুল হরব হওয়া স্পষ্ট। তদ্রুপ যে সব রাষ্ট্র সরাসরি মুসলমানদের হাতে আছে, মুসলমানরা সেখানে নিরাপত্তার সাথে ইসলামী শরীয়ত রাষ্ট্রীয় ও ব্যক্তিগতভাবে পালন করতে পারছে, কাফেররা সেখানে মুসলমানদের থেকে আমান (নিরাপত্তা) নেয়া ব্যতীত বসবাস করতে পারে না, সেগুলো দারুল ইসলাম হওয়াও স্পষ্ট। কিন্তু যেসব ভূখণ্ড মুসলমানদের হাতেও নেই, কাফেরদের হাতেও নেই সেগুলোর কী বিধান ? সেগুলো কি দারুল ইসলাম না দারুল হরব ? না কি এ দুটোর কোনটিই নয়; বরং তৃতীয় নতুন আরেকটি প্রকার ?

যদি এসব ভূখণ্ড দারুল হরব হয় তাহলে সেখান থেকে লব্ধ মাল গনীমত বলে গণ্য হবে এবং তা থেকে খুমুস নেয়া হবে। আর যদি দারুল হরব না হয়, তাহলে তা থেকে লব্ধ মাল গনীমত ধরা হবে না এবং তা থেকে গনীমতের খুমুসও নেয়া হবে না।

সারাখসী রহ. বলেন, এসব ভূখণ্ড দারুল হরব। কাজেই সেখান থেকে লব্ধ মাল গনীমত বলে গণ্য হবে এবং তা থেকে খুমুসও নেয়া হবে। এখন এখানে আপত্তি হতে পারে, এসব ভূখণ্ড তো কাফেরদের দখলে নেই, যেমন তা মুসলমানদের দখলেও নেই। মুসলমানরা যেমন সেখানে নিরাপদ নয়, কাফেররাও তো সেখানে নিরাপদ নয়। কাফেরদের দখলে যেহেতু নেই কাজেই তা দারুল হরব হয় কীভাবে ?

সারাখসী রহ. জওয়াব দেন, এসব ভূখণ্ড কাফেরদের দখলে না থাকলেও তা দারুল হরব। কেননা, দারুল হরব হওয়ার জন্য কাফেরদের হাতে থাকা জরুরী নয়। মুসলমানদের হাতে না থাকলেই তা দারুল হরব। চাই তা কাফেরদের দখলে থাকুক বা না থাকুক। কেননা এসব ভূখণ্ড এক সময় কাফেরদের হাতে ছিল। তখন সেগুলো দারুল কুফর ছিল। মুসলমানদের হাতে না আসলে সেগুলো তার পুরাতন হুকুম দারুল কুফর হিসেবেই বহাল থাকবে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নবী হয়ে আসলেন তখন সারা দুনিয়া কাফেরদের হাতে ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দাওয়াতের দ্বারা মানব জাতি ঈমানদার ও কাফের এ দুই দলে ভাগ হয়ে পড়ে। তিনি আল্লাহ তাআলার আদেশে মুমিনদেরকে নিয়ে মদীনায় হিজরত করে সেখানে ইসলামী রাষ্ট্র কায়েম করেন। মদীনা দুনিয়ার বুকে সর্বপ্রথম দারুল ইসলাম। আর বাকি সারা দুনিয়া দারুল কুফর হিসেবেই রয়ে যায়।

এরপর সাহাবায়ে কেরাম ও তাঁদের পরবর্তী যামানার মুসলমানগণ তরবারী হাতে বিশ্বের সকল প্রান্তে ছুটে যান। তাঁরা যেসব এলাকা বিজয় করে সেখানে ইসলামী শাসন কায়েম করতে পেরেছেন সেগুলো দারুল ইসলাম হয়েছে। আর যেগুলোতে ইসলামী শাসন কায়েম করতে পারেননি সেগুলো আগের মতো দারুল কুফরই রয়ে গেছে। সেগুলো বর্তমানে কাফেরদের হাতে থাকলেও যেমন দারুল হরব, কাফেরদের হাতে না থাকলেও আগে থেকে দারুল হরব ছিল সে হিসেবে এখনো তা দারুল হরব।

মোট কথা- ইসলামী শরীয়তের শাসনাধীন নয় এমন সকল ভূখণ্ডই দারুল হরব। চাই তা বর্তমানে কাফেরদের হাতে থাক বা না থাক।

অর্থাৎ ঐ তৃতীয় প্রকার ভূখণ্ড যা মুসলমানদের হাতেও নেই, কাফেরদের হাতেও নেই সেগুলোও যে দারুল হরব একথা বুঝানোর জন্যই তিনি বলেছেন,

فإن دار الإسلام اسم للموضع الذي يكون تحت يد المسلمين

"'দারুল ইসলাম' ঐ ভূখন্ডের নাম যা মুসলমানদের কব্জায় রয়েছে।"

অর্থাৎ দারুল ইসলাম হতে গেলে মুসলমানদের দখলে আসা আবশ্যক। যা মুসলমানদের দখলে নেই তা দারুল হরব। চাই তা কাফেরদর হাতে থাকুক বা না থাকুক।

যখন সাব্যস্ত হলো, যে জায়গা থেকে কাঠ আনা হয়েছে তা দারুল হরব, কাজেই উক্ত কাঠ গনীমত বিবেচিত হবে এবং তা থেকে খুমুস নেয়া হবে।

এবার উপরে উল্লেখিত সারাখসী রহ. এর পূর্ণ বক্তব্যটির প্রতি লক্ষ্য করুন। তাহলেই বিষয়টি বুঝে এসে যাবে ইনশাআল্লাহ। এখন আমরা উল্লেখিত বক্তব্যের তরজমা তুলে ধরছি:

"[পরিচ্ছেদঃ যে কাঠ কাটা হয় এবং লবণ বা অন্য যা কিছু লাভ হয় (তার বিধান)

ইমামের অনুমতিক্রমে কোন সারিয়্যা (দল) গাছ কাটতে বের হয়ে যদি এমন স্থানে পৌঁছে যেখানে মুসলমানরা ভয়ে থাকতে হয়, তারপর সেখান থেকে কাট কেটে নিয়ে আসে তাহলে তা গনীমত। তা থেকে (বাইতুল মালের জন্য) খুমুস (এক পঞ্চমাংম) নেয়া হবে।]

{কেননা যেখানে মুসলমানরা নিরাপদ নয় তা দারুল হরবের অন্তর্ভুক্ত। কারণ দারুল ইসলাম হচ্ছে ঐ ভূখন্ডের নাম যা মুসলমানদের হাতে রয়েছে। আর তার (অর্থাৎ মুসলমানদের হাতে থাকার) আলামত হচ্ছে- সেখানে মুসলমানরা নিরাপদ।

যদি বলা হয় - ঐ ভূখন্ডে মুসলমানরা যেমন নিরাপদ নয়, তেমনি দারুল হরবের অধিবাসীরাও সেখানে নিরাপদ নয় (তাহলে তা দারুল হরব হয় কীভাবে?)।

(উত্তরে) বলবো হ্যাঁ, (কথা ঠিক যে, দারুল হরবের অধিবাসীরা সেখানে নিরাপদ নয়।) কিন্তু (এর পরও তা দারুল হরবের অন্তর্ভুক্ত। কেননা,) এসব ভূখণ্ড এক সময় হরবী কাফেরদের হাতে ছিল। কাজেই হরবীদের কর্তৃত্ব সর্ব দিক থেকে নি:শেষ হওয়ার আগ পর্যন্ত তা দারুল ইসলাম হবে না। এর কারণ, যা এক সময় বিদ্যমান ছিল, তার কোন নিদর্শন বাকি থাকলেও তা বিদ্যমান রয়েছে বলেই ধরা হবে। তার সমপর্যায়ের বা তার চেয়েও শক্তিশালী কোন কিছু তার স্থান দখল না করে নেয়ার আগ পর্যন্ত তা দূরীভূত হবে না।

অতএব, যখন তা হরবী কাফেরদের ভূখণ্ড প্রমাণিত হলো, তখন তাতে যে কাঠ রয়েছে তা হরবীদের দখলে রয়েছে। অতএব, ইহা (অর্থাৎ কেটে আনা কাঠ) এমন মাল যা মুসলমানরা দারুল হরবের অধিবাসীদের থেকে শক্তি প্রয়োগের মাধ্যমে লাভ করেছে। আর এটাই তো গনীমত।}”

(শরহুস সিয়ারিল কাবীরঃ ৪/২৫২)

বি.দ্র. থার্ড ব্র্যাকেট [ ] যুক্ত অংশটুকু ইমাম মুহাম্মদ রহ. এর বক্তব্য। সেকেন্ড ব্র্যাকেট { } যুক্ত অংশটুকু ইমাম সারাখসী রহ. এর ব্যাখ্যা। আর ফার্স্ট ব্র্যাকেট ( ) যুক্ত অংশটুকু বুঝানোর সুবিধার্থে আমরা যুক্ত করেছি।

এবার প্রত্যেক বিবেকবানের নিকট আমাদের প্রশ্ন:

ইনসাফের সাথে বলুন, ইমাম সারাখসী রহ. কি এখানে বুঝাতে চাচ্ছেন যে,

[যেসব রাষ্ট্র নামধারী মুসলমান শাসকদের দখলে আছে; যারা সেগুলোতে আল্লাহ তাআলার শরীয়তকে প্রত্যাখ্যান করে দিয়ে মানব রচিত কুফরী আইন

দিয়ে রাষ্ট্র পরিচালনা করছে; মুসলমান জনসাধারণ যুগ যুগ ধরে তাদের সর্বচেষ্টা ব্যয় করেও শাসকদের দিয়ে আল্লাহ তাআলার শরীয়ত বাস্তবায়ন করাতে পারছে না; বরং যারা সহীহ তরীকায় শরীয়ত কায়েম করতে চাচ্ছে জঙ্গী, সন্ত্রাসী ইত্যাদী উপাধিতে ভূষিত করে তাদেরকে দমন করার জন্য সর্ব শক্তি ব্যয় করছে; তারা একা তাদেরকে দমন করতে না পেরে আন্তর্জাতিক কুফরী শক্তির সাথে জোট গঠন করেছে; নিজ দেশে ইসলামকে মিটিয়ে দেয়ার জন্য যেমন তারা তাদের যাবতীয় সামর্থ্য ব্যয় করছে, বিশ্বের যে কোন প্রান্তের সম্ভাব্য যে কোন ইসলামী শক্তিকে দমন করতেও তারা তেমনই তাদের সর্বসাধ্য ব্যয় করছে; মোট কথা কুফরকে টিকিয়ে রাখতে এবং ইসলামকে মিটিয়ে দিতে যা তাদের সামর্থ্যে আছে তাই তারা ব্যয় করছে’

আল্লাহর কসম দিয়ে আপনাদেরকে জিজ্ঞেস করি : ইমাম সারাখসী রহ. কি তাঁর এ বক্তব্যে এই ধরণের রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র বুঝাতে চাচ্ছেন ?!

কোন বিবেকবান ব্যক্তি দাবি করতে পারবে ইমাম সারাখসী রহ. এই ধরণের কুফরী রাষ্ট্রকে ইসলামী রাষ্ট্র বলতে চাচ্ছেন ??

তিনি তো শুধু তাঁর এ বক্তব্যে দারুল হরব সংক্রান্ত একটা আপত্তির জওয়াব দিয়েছেন মাত্র। এসব কুফরী রাষ্ট্রকে ইসলামী রাষ্ট্র বলার কোন ইশারা ঈঙ্গিতও তো এতে নেই।

আর কীভাবেই বা তা সম্ভব অথচ তাঁর যামানায় কুফরী আইন দিয়ে কোনো ইসলামী রাষ্ট্র পরিচালনার কথা কল্পনা করাও কঠিন ছিল। যেমনটা তাকি উসমানী সাহেব দা.বা. নিজেও স্বীকার করেছেন। কাজেই তাঁর এ বক্তব্য থেকে কীভাবে বোঝা যাবে যে, কুফরী আইন দিয়ে পরিচালিত এসব রাষ্ট্র দারুল ইসলাম ?! তাঁর যামানায় তো ইসলামে রাষ্ট্রে কুফরী আইন ছিলই না।

বরং তাঁর যামানায় যেহেতু ইসলামী রাষ্ট্রে পরিপূর্ণ ইসলাম কায়েম ছিল কাজেই ‘মুসলমানদের হাতে থাকা’র দ্বারা এটাই উদ্দেশ্য, মুসলমানরা তাতে নিরাপত্তার সাথে শরীয়ত বাস্তবায়ন করতে পারে।

অতএব, তাঁর বক্তব্য থেকে যেসব রাষ্ট্রে পরিপূর্ণ ইসলাম কায়েম রয়েছে সেগুলো দারুল ইসলাম বোঝা যায়। কুফর শাসিত রাষ্ট্র দারুল ইসলাম হওয়া তাঁর বক্তব্য থেকে বোঝা যায় না।

বরং মাবসূতে তো তিনি পরিষ্কার বলেছেন, যে সব রাষ্ট্রে কুফরী বিধান জারি আছে সেগুলো দারুল হরব। তাঁর বক্তব্যটি লক্ষ্য করুন-

....

فكل موضع ظهر فيه حكم الشرك فالقوة في ذلك الموضع للمشركين، فكانت دار حرب .

“প্রত্যেক ঐ ভূখণ্ড যেখানে কুফরী বিধান বিজয়ী রয়েছে, তার ক্ষমতা কাফেরদের হাতে। কাজেই তা দারুল হরব।” (আল-মাবসূতঃ ১০/১১৪)

কাজেই সারাখসী রহ. এর বক্তব্য থেকে এসব কুফর শাসিত রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র দাবি করা তাঁর নামে অপবাদ দেয়ার নামান্তর। তাছাড়া দারুল ইসলাম ও দারুল কুফরের ক্ষেত্রে ইমামগণের স্পষ্ট বক্তব্য বাদ দিয়ে, অস্পষ্ট বক্তব্যকে সম্বল করে নতুন কোনো মতের অবতারণা ঘটানো কোনো ভাল কাজ নয়। আল্লাহ তাআলা আমাদেরকে ক্ষমা করুন।

‘দারুল আমানে’র ভ্রান্তি নিরসন

মুফতী তাকি উসমানী সাহেব দা.বা. এর মূল উর্দু কিতাব ‘ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাত’ পড়লে সেখানকার বক্তব্য থেকে মনে হয় যেন ‘দারুল আমান’ নামে আলাদা এক প্রকার রাষ্ট্র আছে যা দারুল হরব থেকে ভিন্ন। দারুল আমান এবং দারুল হরব যেন একটি আরেকটির বিপরীত। অর্থাৎ দারুল হরব দারুল আমান হতে পারে না, দারুল আমান দারুল হরব হতে পারে না।

মুফতী তাকি উসমানী সাহেব দা.বা. যদিও তা স্পষ্ট করে বলেননি তবে একজন সাধারণ পাঠক সেখান থেকে এমনটাই বুঝবেন। অর্থাৎ দারুল আমান নামে আলাদা এক প্রকার রাষ্ট্র আছে যা দারুল হরব থেকে ভিন্ন। দারুল আমান এবং দারুল হরব একটি আরেকটির বিপরীত। দারুল হরব দারুল আমান হতে পারে না, দারুল আমান দারুল হরব হতে পারে না।

যেহেতু এখানে ভুল বুঝাবুঝির প্রবল আশংকা রয়েছে কাজেই এ ব্যাপারটি খোলাসা করার প্রয়োজন রয়েছে।

কেননা কিছু জাহেল লোক রয়েছে যারা কোন প্রকার দলীল প্রমাণ ছাড়াই দারুল আমান নামে তৃতীয় একটা নতুন প্রকার সৃষ্টি করে সেটাকে দারুল হরবের বিপরীতে দাঁড় করিয়েছে। শুধু তাই নয়, তারা দারুল আমান নামের সেসব কুফরী রাষ্ট্রে জিহাদ ও জিহাদী কার্যক্রম পরিচালনা করাকে হারাম ফতোয়া দিয়েছে। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন! আল্লাহ তাআলা এদের কবল থেকে উম্মাহকে হেফাজত করুন।

মূলত ইসলামী ফিকহ তথা আইন শাস্ত্রের পরিভাষায় দারুল আমান নামে কোন রাষ্ট্র নেই। রাষ্ট্র হয়তো দারুল ইসলাম হবে, নতুবা দারুল হরব হবে। মাঝামাঝি কোন প্রকার নেই।

এর সবচেয়ে বড় প্রমাণ - এখন পর্যন্ত যারা দারুল আমান নামে একটা আলাদা রাষ্ট্র আছে বলে দাবি করেছে তারা ফিকহের কোন কিতাবের রেফারেন্স দিতে পারেনি। স্বয়ং মুফতী তাকি উসমানী সাহেব দা.বা. ও ফিকহের কোন কিতাবের রেফারেন্স দিতে পারেননি। বরং শাহ আব্দুল হক্ব মুহাদ্দিসে দেহলবী রহ.(জন্ম-৯৫৮হি., মৃত্যু-১০৫২হি.) এর একটা বক্তব্য উল্লেখ করেছেন মাত্র। তাও আবার ইসলামী ফিকহ তথা আইন শাস্ত্রের কোন কিতাব থেকে নয়; দেহলবী রহ. এর লিখিত মিশকাত শরীফের ব্যাখ্যাগ্রন্থ "আশি'য়াতুল লামাআত" থেকে নিয়েছেন।

শাহ সাহেব রহ. সেখানে দারুল আমান নামে তৃতীয় একটা নতুন প্রকার সৃষ্টি করে সেটাকে দারুল হরবের বিপরীতে দাঁড় করাননি। সামনে তা স্পষ্ট করবো ইনশাআল্লাহ!

কুরআন, হাদীস, ইজমা, কিয়াস বাদ দিয়ে; সকল মাযহাবের সকল ফিকহের কিতাব বাদ দিয়ে এক হাজার বছর পরে আগত শাহ আব্দুল হক্ব মুহাদ্দিসে দেহলবী রহ. এর একটা অপ্রাসঙ্গিক বক্তব্য যে তাকি উসমানী দা.বা. কেন আনলেন তা আশা করি আপনাদের নিকট অস্পষ্ট নয়। অতএব, এটা যে একান্তই তাদের নিজস্ব আবিষ্কার তা আর বলার অপেক্ষা রাখে না।

দারুল আমানের হাকীকত

প্রথমত ইসলামী ফিকহ তথা আইন শাস্ত্রের পরিভাষায় দারুল আমান নামে কোন রাষ্ট্র নেই।

দ্বিতীয়ত শাহ আব্দুল হক্ব মুহাদ্দিসে দেহলবী রহ. এর বক্তব্য থেকে দারুল আমান দারুল হরবের বিপরীত কোন প্রকার দাঁড়ায় না। বরং তা দারুল হরবেরই একটা প্রকার সাব্যস্ত হয়।

শাহ সাহেব রহ. হিজরতের আলোচনা প্রসঙ্গে বলেন-

"ইসলামে দুই ধরণের হিজরত পাওয়া গেছে।

এক. দারুল খওফ থেকে দারুল আমানে প্রত্যাবর্তন।

যেমন, ইসলামের সূচনালগ্নে কতক সাহাবা (রা.) মক্কার মুশরেকদের অনিষ্ট ও ফাসাদ থেকে নিরাপত্তা লাভের জন্য হাবশায় হিজরত করেন।

কিংবা যেমন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনায় হিজরত করার এবং সেখানে ইসলাম প্রতিষ্ঠিত হওয়ার পূর্বে কতক সাহাবা (রা.) মক্কা থেকে মদীনায় হিজরত করেছিলেন।

দুই. দারুল কুফর থেকে দারুল ইসলামে প্রত্যাবর্তন। আর তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মদীনায় ক্ষমতা ও প্রতিষ্ঠা লাভের পর হয়েছে।”

(আশি'য়াতুল লামাআতঃ ১/৩৫, 'ইন্নামাল আ'মালু বিন্ নিয়্যাত' হাদীসের আলোচন। ইসলাম আওর সিয়াসী নজরিয়্যাতঃ ৩২৯ থেকে সংগৃহীত)

দেহলবী রহ. এর বক্তব্যের পর্যালোচনাঃ

১. তাঁর এ বক্তব্যটি ফিকহ তথা আইন শাস্ত্রের কিতাবে নেই। হাদীসের ব্যাখ্যাগ্রন্থে উল্লেখ করা হয়েছে। অথচ ইসলামী বিধান ফিকহ তথা আইন শাস্ত্রের কিতাব থেকে নিতে হয়। ফিকহের কিতাবে না থাকলে (আর এমনটা খুব কমই হয়ে থাকে) তখন অন্য কোন কিতাবে যাওয়া যায়।

আমরা দেখি , ফিকহের কিতাবে এ মাসআলার সুস্পষ্ট আলোচনা আছে। সেখানে দারুল ইসলাম, দারুল কুফর বা দারুল হরব ভিন্ন তৃতীয় কোন প্রকার পাওয়া যায় না।

২. এ বক্তব্য রাষ্ট্রের প্রকারভেদের আলোচনায় আনা হয়নি। হিজরতের আলোচনায় প্রসঙ্গক্রমে এসেছে। অথচ ইসলামী বিধান যেখানে তার সম্পর্কে স্বয়ংসম্পূর্ণভাবে আলোচনা করা হয়েছে সেখান থেকে নিতে হয়। প্রাসঙ্গিক আলোচনা থেকে নেয়া যায় না। তবে হ্যাঁ, স্বয়ংসম্পূর্ণ আলোচনা না থাকলে তখন প্রাসঙ্গিক আলোচনা থেকে নেয়া যায়।

আমরা দেখি দারের আলোচনা স্বয়ংসম্পূর্ণভাবে ফিকহের কিতাবে রয়েছে।

৩. শাহ আব্দুল হক্ব মুহাদ্দিসে দেহলবী রহ.(জন্ম-৯৫৮হি., মৃত্যু-১০৫২হি.) এক হাজার বছর পরের মানুষ। অথচ ইসলামী বিধান আইম্মায়ে সালাফ তথা পূর্বসূরি ইমামগণ থেকে নিতে হয়। হ্যাঁ, যদি এমন কোন নতুন বিষয় হয় যা আইম্মায়ে সালাফ তথা পূর্বসূরি ইমামগণের যামানায় ছিল না, বরং পরে দেখা দিয়েছে- তাহলে তা পরবর্তী ইমামগণ থেকে নিতে হবে।

আমরা দেখি দার বিভক্তি নতুন কোন বিষয় নয়, বরং ইসলমের সূচনালগ্ন থেকেই ছিল। আইম্মায়ে সালাফ তার সুস্পষ্ট আলোচনাও করেছেন। কাজেই তাঁদেরকে বাদ দিয়ে এক হাজার বছর পরের কারো কথা ধর্তব্য নয়।

৪. সবকিছু যদি বাদও দেই তবুও শাহ আব্দুল হক্ব মুহাদ্দিসে দেহলবী রহ. এর বক্তব্য থেকে দারুল আমান দারুল হরবের বিপরীত কোন প্রকার দাঁড়ায় না। বরং তা দারুল হরবেরই একটা প্রকার সাব্যস্ত হয়।

কেননা দারুল হরবকে দুই ভাগে ভাগ করা যায়।

এক. ঐ দারুল হরব যেখানে মুসলমানদের নিরাপত্তা নেই। একে দারুল খওফ বা দারুল ফিতনা বলা যায়। উল্লেখ্য যে, খওফ অর্থ - ভীতি উদাহরণত, তখনকার মক্কা।

দুই. ঐ দারুল হরব যেখানে মুসলমানদের নিরাপত্তা রয়েছে এবং তা মুসলমানদের সাথে যুদ্ধে জড়িত নয়। একে দারুল আমান বলা যায়।

যেমন, তখনকার হাবশা।

